ভণহি বিদ্যাপতি শুন বর যৌবতি
তাহে কহব কিয় বাসে।
যে কিছু পহু দেল আঁচল ঝাঁপি লেল
সখী সব কর উপহাসে ॥ ৪ ॥

৫২

প্রথম সমাগম কে নহি জান।
সম করি তৌলল প্রেম পরাণ ॥ ১ ॥
কষল কষউটা ন ভেল মলান।
বিনু হুতবহে ভেল বারহ বাণ ॥ ২ ॥
বিকলএ গেলিহু রতন অমোল।
চিহ্নকহু বণিকে ঘটাওল মোল ॥ ৩ ॥

১। অনমন—অন্যমনস্ক। সন—যেন, সম। কহল অছি—কহিয়াছে।
২। বিতল অছি—কাটিয়াছে। রভস—কেলি। মন্দা—পীড়াদায়ক। অবগুণ—অপগুণ, অগুণ। গরাসল—গ্রাস করিল।
৩। শুখায়ল—শুষ্ক হইল। ওরঝায়ল—জড়াইয়া গেল। বারি—বালিকা। জানথি—জানে। অরুণ—সিন্দুরবিন্দু। উড়ি—উড়িয়া।
৪। পহু—প্রভু অর্থাৎ মাধব।
১। তৌলল—ওজন করিল।
২। কষল—কষিলে। কষউটা—কষ্টি-পাথর। হুতবহ—অগ্নি। বারহ বাণ—বারোগুণ মূল্য অর্থাৎ মহামূল্য।
৩। বিকলএ—বিক্রয় করিবার জন্য। অমোল—অমূল্য। চিহ্নিকহু—চিহ্ন করিয়া। ঘটাওল—কমাইল, হ্রাস করিল। মোল—মূল্য।

সুলভ ভেল সখি ন রহএ ভার।
কাচ কনক লএ গাঁথ গমার ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি অসময় বাণী।
লাভ লাই গেলাহু মূলহু ভেল হানি ॥ ৫ ॥

৫৩

কি কহব হে সখি আজুক বাত।
মাণিক পড়ল কুবণিক হাত ॥ ১ ॥
কাচ কাঞ্চন ন জানয় মূল।
গুঞ্জা রতন করয় সমতুল ॥ ২ ॥
যে কিছু কভু নহি কলারস জান।
নীর ক্ষীর দুহুঁ করয় সমান ॥ ৩ ॥
তহি সোঁ কঁহা পিরিতি রসাল।
বানর কণ্ঠে কি মোতিম মাল ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি ইহ রস জান।
বানর মুহ কি শোভয় পান ॥ ৫ ॥

৫৪

কি কহব হে সখি আজুক বিচার।
সে সুপুরুখ মোহে কয়ল শিঙ্গার ॥ ১ ॥
হসি হসি পহু আলিঙ্গন দেল।
মনমথ অঙ্কুর কুসুমিত ভেল ॥ ২ ॥
আচর পরশি পয়োধর হেরু।
জনম পঙ্গু জনি ভেটল সুমেরু ॥ ৩ ॥
যব নীবিবন্ধ খসাওল কান।
তোহর শপথ হম কিছু যদি জান ॥ ৪ ॥
রতি চিনে জানল কঠিন মুরারি।
তোহর পুণে জীয়ল হম নারী ॥ ৫ ॥

৪। ভার—অধিক মূল্য। গমার—মূর্খ।
৫। লাই—লাগিয়া।
৪। রসাল—রসযুক্ত। মাল—মালা।
৫। চিনে—চিহ্নে। জীয়ল—বাঁচিলাম।

সখি, আজকের বিষয় আর তোকে কি বলিব? সেই সুপুরুষ মাধব আমাকে শৃঙ্গার করিল। প্রভু হাসিয়া হাসিয়া আলিঙ্গন দিল, মন্মথের অঙ্কুর কুসুমিত হইল। অঞ্চল স্পর্শ করিয়া পয়োধর দেখিল, যেন জন্মপঙ্গু সুমেরুর সাক্ষাৎ পাইল। যখন কানাই নীতিবন্ধ খসাইল, তোর শপথ আমি যদি কিছু জানিতে পারিয়া থাকি। রতিচিহ্নে জানিলাম, মুরারি অতি কঠিন, তোর পুণ্যে আমি নারী বাঁচিয়া গেলাম। কবিরঞ্জন (বিদ্যাপতি) বলিতেছে, রাই স্বভাবতঃ মধু। সুধামুখি, তোমার চাতুর্য্য নষ্ট হইয়াছে, ইহা প্রকাশ করিও না।

কহ কবিরঞ্জন সহজ মধু রাই।
ন কহ সুধামুখি গেল চতুরাই ॥ ৬ ॥

৫৫

কি করতি অবলা হট কয় নাহ।
নিরদএ ভই উপভোগএ চাহ ॥ ১ ॥
পরম প্রবল পহু কোমল নারী।
হাথি হাথ জনি পড়লি পঙ্কোনারি ॥ ২ ॥
কি কহব হে সখি নাহ বিবেক।
একহি বেরি রস মাগ অনেক ॥ ৩ ॥
করল কাকু কত করযুগ লাএ।
তইঅও মুগুধ রতি রচএ উপাএ ॥ ৪ ॥
বিনু অবসর হঠ রস নহি আব।
ফুললা ফুল মধুকর মধু পাব ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি গুণক নিধান।
ষে বুঝ তাহি লাগ পঞ্চবাণ ॥ ৬ ॥

৫৬

রামা তোরি বঢ়াউলি কেলি
কতয় দেখলি নবি নলিনী
মত্ত মতঙ্গজ মেলি ॥ ১ ॥
গোর শরীর পয়োধর কোরী
পরশে অরুণ ভেল।
কনকবল্লরী জনি রতোপলে
মুকুলে উদয় দেল ॥ ২ ॥
ছৈল জন যদি দৈনে ন পাইঅ
তাহেরি হৃদয় মন্দ।
খণে খণে রতি রভসে আগর
দিনে দিনে নব চন্দ ॥ ৩ ॥

১। কয়—করিলে। ভই—হইয়া।
২। পঙ্কোনারি—পদ্মনাল, মৃণাল।
৪। কাকু—কাকুতি। লাএ—দিয়া।
৫। ফুললা—প্রস্ফুটিত।

১। বঢ়াউলি—বাড়ান, বৰ্দ্ধিত। কতয়—কোথায়। নবি নলিনী—নূতন পদ্ম। মেলি—মিলন।

২। কোরী—কোরা, নূতন। রতোপলে—রক্তোৎপলে।

৩। ছৈল—রসিক। দৈন—দৈন্য। পাইঅ—পায়। তাহেরি—তাহার। মন্দ—ক্ষুব্ধ।

মঞে নবীনা পিয়া সয়ানা
কুপুত কুসুমবাণ।
কেশরিকর করিণী পড়লি
তাসু মহতে ছোড়ান ॥ ৪ ॥
সে যে অবসর মন ন বিসর
নয়নে চলয়ে নীর।
শিরীষ কুসুম খগে খেলৌলহি
ভরম ভরে যে ভীর ॥ ৫ ॥
ভণে বিদ্যাপতি শুনহ যৌবতি
পেমক গাহক কন্ত।
রাজা শিবসিংহ রূপনরায়ণ
সুরস বিন্দ সুতন্ত ॥ ৬ ॥

৫৭

পহিলুকি পরিচয় পেমক সঞ্চয়
রজনী আধ সমাজে।
সকল কলারস সভরি ন ভেলে
বৈরিণী ভেলি মোরি লাজে ॥ ১ ॥
সাএ সাএ অনুসএ রহলি বহুতে।
তহ্নিহি সুবন্ধুকে কহিএ পঠাইঅ
যদি ভমরা হোয় দূতে ॥ ২ ॥
খণহি চীর ধর খণহি চিকুর গহ
করয় চাহ কুচ ভঙ্গে।
একলি নারী হমে কত অনুরঞ্জব
একহি বেরি সবে রঙ্গে ॥ ৩ ॥
তখনে বিনয় যত সে সবে কহব কত
কহএ চাহল করে জোলী।
নবএ রস রঙ্গ ভইএ গেল ভঙ্গ
ওড় ধরি ন ভেলে বোলী ॥ ৪ ॥

ভণই বিদ্যাপতি শুন বর যৌবতি
পহু অভিমত অভিমানে।
রাজা শিবসিংহ রূপনরায়ণ
লখিমা দেবী বিরমানে ॥ ৫ ॥

৫৮

পিয় রস পেসল প্রথম সমাজে।
কত খণ রাখব অখণ্ডিত লাজে ॥ ১ ॥
কত গজগামিনি যত মনে জাগে।
অপন নাগরীপণ পিয় অনুরাগে ॥ ২ ॥
আচর চীর ধরই হসি হেরি।
নহি নহি বচন ভণব কতি বেরি। ৩ ॥
দুহু মন পূরল উভয় রতিরঙ্গে।
তইঅও সে ধনুগুণ ন ছাড় অনঙ্গে ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি এহু রস জানে।
নৃপ শিবসিংহ লখিমা দেবী রমাণে ॥ ৫ ॥

৫৯

সুবল মিতা হে কি কহব সে সব রঙ্গ।
সে যে মুগুধিনী হেরি মুখানি
বাঢ়ল রস তরঙ্গ ॥ ১ ॥
কত ন যতনে বচন বোলল
হসি মিটাওল আধ।
সে যে কুলবহু কহ লহু লহু
শুনইতে ভই গেল সাধ ॥ ২ ॥
গাঢ় আলিঙ্গনে চমকি উঠএ
অলসে শুতল কোর।
পবনে আকুল নবীন কমল
ভমর রহল অগোর ॥ ৩ ॥

৬০

বেলজ সঞো যব বসন উতারল
লাজে লজাওলি গোরী।
করে কুচ ঝাঁপইতে বিহসি বয়নি ধনী
অঙ্গ কয়ল কত মোরি ॥ ১ ॥

৪। মঞে—আমি। তাসু—তাহার, তাহাকে। মহতে—কঠিন।

৫। বিসর—বিস্মরণ হয়। খগে—পক্ষী। ভীর—ভীত।

৬। পেমক গাহক—প্রেমের গ্রাহক। বিন্দ—জানেন। সুতন্ত—সুতত্ত্ব।

১। পহিলুকি—প্রথম। সমাজে—নিকট। সভরি—সামলান।

২। সাএ—সই। অনুসএ—অনুতাপ। তহ্নিহি—তাঁহাকে। পাঠাইঅ—পাঠাইব।

৩। গহ—গ্রহণ করে। অনুরঞ্জব—অনুরঞ্জন করিব। বেরি—বার, সময়।

৪। চাহল—চাহিল। করে জোলী—কর জুড়িয়া। বোলী—কথা।

৫। বিরমানে—রমণ, বল্লভ।

১। পেসল—কোমল। সমাজে—মিলনে।

১। বেলজ—নির্লজ্জ। উতারল—নামাইলাম, খুলিয়া লইলাম। লজাওলি—লজ্জায় নীরব হইয়া রহিল। বিহসি বয়নি—স্মিতমুখী। মোরি—মোড়ি, ফিরাইয়া।

নীবিবন্ধ খসইতে করে কর ধরু ধনী
পুন বেকতে কুচ জোর।
দুহু সমধানে বিকল ভেল শশিমুখী
তব হম কোরে অগোর ॥ ২ ॥
এত কহি বিষাদ ভাবি রহু মাধব
রাহিক প্রেমে ভেল ভোর।
ভণই বিদ্যাপতি গোবিন্দদাস তথি
পূরল ইহ রস ওর ॥ ৩ ॥

৬১

দেখলি কমলমুখী কোমল দেহ।
তিল এক লাগি কত উপজল নেহ ॥ ১ ॥
নূতন মনসিজ গুরুতর লাজ।
বেকত পেম কত করয় বেয়াজ ॥ ২ ॥
খণ পরিতেজ খণ আবয় পাশ।
ন মিলয় মন ভরি ন হোয় উদাস ॥ ৩ ॥
নয়নক গোচর থির নহি হোয়।
কর ধরইতে ধনী মুখ ধরু গোয় ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি এহো রস গাব।
অভিনব কামিনী উকুতি জনাব ॥ ৫ ॥

২। জোর—জোড়া। সমধানে—সমাধান করিতে। অগোর—আগুলাইলাম।

মাধব সুবল মিতাকে বলিতেছেন, আমি যখন নির্লজ্জের ন্যায় রাধার বসন খুলিয়া লইলাম, তখন গৌরী (রাধা) লজ্জা পাইয়া নীরব হইয়া রহিল। যখন হাত কুচের নিকট লইয়া গেলাম, তখন ধনী ঈষৎ হাস্য করিয়া কতবার অঙ্গ মুড়িল অর্থাৎ ফিরিয়া ঘুরিয়া বাধা দিবার চেষ্টা করিল। নীবিবন্ধ খুলিবার সময় ধনী হাত দিয়া আমার হাত ধরিল ; তাহাতে পুনরায় কুচযুগল ব্যক্ত হইয়া পড়িল। দুই সমাপন অর্থাৎ নীবিবন্ধ রক্ষা ও কুচযুগল আচ্ছাদন করিতে যাইয়া শশিমুখী বিকল হইল ; আমি তখন তাহাকে ক্রোড়ে লইলাম। মাধব এই অবধি বলিয়া রাইয়ের প্রেমে বিভোর হইয়া বিষাদিত মনে নীরব হইলেন।

৩। এই গোবিন্দদাস মিথিলার গোবিন্দদাস ঝা। বিদ্যাপতি এবং গোবিন্দদাসের যুগল নাম-সংযুক্ত পদ আরও পাওয়া যায়।

১। নেহ—স্নেহ।
২। বেয়াজ—ব্যাজ, ছলনা।
৪। ধরু—ধরে, রাখে।
৫। উকুতি—উক্তি।

৬২

করে কর ধরি যে কিছু কহল
বদন বিহসি থোর।
যইসে হিমকর মৃগ পরিহরি
কুমুদ কয়ল কোর ॥ ১ ॥
রামা হে শপথ করহু তোর।
সোই গুণবতী গুণ গণি গণি
ন জানিয় কিয় গতি মোর ॥ ২ ॥
গলিত বসন লুলিত ভূষণ
ফুয়ল কবরী ভার।
আহা উহু করি যে কিছু কহল
সে কিয় বিসরি পার ॥ ৩ ॥
নিভৃত কেতন হরল চেতন
হৃদয়ে বহঙ্গ বাধা।
ভণে বিদ্যাপতি ভল সে উমতি
বিপতি পড়ল রাধা ॥ ৪ ॥

বসন্ত-বিহার

১

আওল ঋতুপতিরাজ বসন্ত।
ধাওল অলিকুল মাধবী পন্থ ॥ ১ ॥
দিনকর কিরণ ভেল পয়গণ্ড।
কেশরকুসুম ধরল হেমদণ্ড ॥ ২ ॥
নৃপ আসন নব পীঠল পাত।
কাঞ্চনকুসুম ছত্র ধরু মাথ ॥ ৩ ॥
মৌলি রসাল মুকুল ভেল তায়।
সমুখহি কোকিল পঞ্চম গায় ॥ ৪ ॥
শিখিকুল নাচত অলিকুল যন্ত্র।
আন দ্বিজকুল পড়ু আসিস মন্ত্র ॥ ৫ ॥

৩। বিসরি পার—বিস্মৃত হইতে পারি।
৪। কেতন—কুঞ্জগৃহ। বাধা—ব্যথা।
১। অলিকুল মাধবীলতার পথে ধাবিত হইল।
২। পয়—হইতে। গণ্ড—অশ্বভূষণ। সূর্য্য-কিরণ বসন্তরাজের অশ্বের ভূষণ স্বরূপ হইল।
৩। কাঞ্চনকুসুম—চম্পক।
৪। মৌলি—মুকুট। রসাল—আম্র। তায়—তাহাতে।
৫। দ্বিজকুল—পক্ষিগণ।

চন্দ্রাতপ উড়ে কুসুমপরাগ।
মলয় পবন সহ ভেল অনুরাগ ॥ ৬ ॥
কুন্দ বল্লী তরু ধয়ল নিশান।
পাটল তূণ অশোক দলবান॥ ৭ ॥
কিংশুক লবঙ্গলতা এক সঙ্গ।
হেরি শিশির ঋতু আগে দেল ভঙ্গ॥ ৮ ॥
সৈন্ত সাজল মধুমক্ষিককুল।
শিশিরক সবহু করল নিরমুল ॥ ৯ ॥
উধারল সরসিজ পাওল প্রাণ।
নিজ নবদলে করু আসন দান ॥ ১০ ॥
নব বৃন্দাবন রাজ্যে বিহার।
বিদ্যাপতি কহ সময়ক সার ॥ ১১ ॥

২

নব বৃন্দাবন নব নব তরুগণ
নব নব বিকসিত ফুল।
নবল বসন্ত নবল মলয়ানিল
মাতল নব অলিকুল ॥ ১ ॥
বিহরই নবল কিশোর।
কালিন্দী পুলিন কুঞ্জ বন শোভন
নব নব প্রেম বিভোর॥ ২ ॥
নবল রসাল মুকুল মধুমাতি
নব কোকিলকুল গায়।
নব যুবতীগণ চিত উমতায়ই
নবরসে কাননে ধায় ॥ ৩ ॥
নব যুবরাজ নবল নবনাগরী
মিলয়ে নব নব ভাঁতি।
নিতি নিতি ঐসন নব নব খেলন
বিদ্যাপতি মতি মাতি ॥ ৪ ॥

মাঘ মাস শিরি পঞ্চমী গঞ্জাইলি
নবএ মাস পঞ্চমহু রুআই।
অতি ঘন পীড়া দুখ বড় পাওল
বনস্পতী ভেলি ধাই হে ॥ ১ ॥
শুভখণ বেরা শুকল পক্ষ হে
দিনকর উদিত সমাই।
ষোড়শ সপূণে বতিশ লক্ষণে
জনম লেল রিতুরাই হে ॥ ২ ॥
নাচত যুবতীগণ হরষিত
জনম লেল বাল মধাই হে।
মধুর মহারস মঙ্গল গাবয়
মানিনী মান উড়ায় হে ॥ ৩ ॥
বহ মলয়ানিল ওত উচিত হে
নব ঘন ভউ উজিয়ারা।
মাধবীফুল ভল গজমুকুতা তুল
তেঁ দেল মন্দ নেবারা ॥ ৪ ॥
পীয়রি পাটলী মধুকরী গাবয়
কাহরকার ধুতুরা।
নাগেশ্বর কলি শঙ্খধুনি পুর
তকর তাল সম তূলা ॥ ৫ ॥
মধু লয়ে মধুকরে বালকে দয় হলু
কমল পখুরিয়া ঝুলাই।
পৌঅনাল তোড়ি করি সুত বাঁধল
কেশর কইলি বঘনাহী ॥ ৬ ॥
নব নব পল্লব শেজ বিছায়ল
শিরে দহ কদম্বেরি মালা।
বৈসলি ভমরী হর উদগারএ
চক্কা চন্দ নিহারা ॥ ৭ ॥

৬—৮। কুসুমরেণু চন্দ্রাতপস্বরূপ হইল। কুন্দ ও তাহার লতা নিশান ধরিল; পাটল (পারুল) পুষ্প তূণ এবং অশোক পুষ্প বাণ। কিংশুক—পলাশ কুসুম, ইহার আকার ধনুকের ন্যায়, লবঙ্গলতা ধনুকের জ্যা—ছিলা, সুতরাং কিংশুক ও লবঙ্গলতা জ্যাযুক্ত ধনুঃস্বরূপ। এই সব একত্র দেখিয়া শিশির ঋতু আগেই ভঙ্গ দিল।

৯। মধুমক্ষিকাকুল সৈন্ত সাজিয়া শিশির ঋতুর সমস্তই নির্মূল করিল।

১০। উধারল—উদ্ধার করিল। সরসিজ—পদ্ম। পদ্ম প্রাণ পাইয়া নিজ নবদলে আসন দান করিল।

২। নবল কিশোর—নবীন যুবক, নব নাগর।

৩। উমতায়ই—উন্মত্ত করে।

৪। মাতি—মত্ত হইল।

১। গঞ্জাইলি—অঙ্কুরিত হইল, প্রসব করিল। রুআই—রোদন করিয়া। নবম মাস পূর্ণ হইলে মাঘ মাসে শ্রীপঞ্চমী পঞ্চমস্বরে রোদন করিয়া প্রসব করিলেন।

২। শুভখণ—শুভক্ষণ। সমাই—সময়। সপূণে—সম্পূর্ণ।

৩। বাল—শিশু। মধাই—মাধব, বসন্তকাল। উড়ায়—উড়িয়া গেল, ভঙ্গ হইল।

৪। ওত—অন্তর্ব্যাপী।

৫। কাহরকার—তূর্য্যবাহক। তকর—তাহার।

৬। পখুরিয়া—ঝারি, শিশুর খেলনা। বঘনাহী—ব্যাঘ্রনখ।

৭। ভ্রমরী বসিয়া মঙ্গল (হর-শিব) উচ্চারণ করিতেছে, গোলাকার চক্র দেখিতেছে।

কনয় কেশুঅ স্মৃতি পত্র লিখিএ হলু
রাশি নক্ষত্র কএ লোলা।
কোকিল গণিত গুণিত ভল জানএ
রিতু বসন্ত নাম থোলা ॥ ৮ ॥
বাল বসন্ত তরুণ ভই ধাওল
বঢ়এ সকল সংসারা ॥ ৯ ॥
দখিণ পবন ঘন আঙ্গ উগারএ
কিসলয় কুসুম পরাগে।
সুললিত হার মঞ্জরী ঘন কজ্জল
আঁখিতেঁ অঞ্জন লাগে ॥ ১০ ॥
নব বসন্ত রিতু অনুসর যৌবতি
বিদ্যাপতি কবি গায়া।
রাজা শিবসিংহ রূপনরায়ণ
সকল কলা মন ভায়া ॥ ১১ ॥

৪

নাচহু রে তরুণি তেজহু লাজ।
আওল বসন্ত রিতু বণিকরাজ ॥ ১ ॥
হস্তিনী চিত্রিনী পদুমিনী নারী।
গোরী শামরী এক বুড়ী বারি ॥ ২ ॥
বিবিধ ভাঁতি করলহি শিঙ্গার।
পরিধান পটোর গীম ঝুল হার ॥ ৩ ॥
কেউ অগুরু চন্দন ঘসি ভর কটোর।
ককরহু যোঞীছা কপুরু তবোঁর ॥ ৪ ॥
কেও কুঙ্কুম মরদাব আঁগ।
ককরহু মোতিআ ভল সাজ মাগ ॥ ৫ ॥

৫

মলয়ানিলে সাহর ডার ডোল।
কল কোকিলরবে মদন বোল ॥ ১ ॥
হেমন্ত হরন্তা দুহুক মান।
ভমি ভমর করয় মকরন্দ পান ॥ ২ ॥
রঙ্গ লাগএ ঋতু বসন্ত।
সানন্দিত তরুণী অবরু কন্ত ॥ ৩ ॥

সারঙ্গিনী কৌতুকে কাম কেলি।
মাধব নাগরী জন মেলি মেলি ॥ ৪ ॥

৬

চল দেখনে যাই ঋতু বসন্ত।
জহাঁ কুন্দ কুসুম কেতকী হসন্ত ॥ ১ ॥
জহাঁ চন্দা নিরমল ভমর কার।
রজনী উজাগরী দিন অন্ধার ॥ ২ ॥
মুগুধলি মানিনী করয় মান।
পরিপন্তিহি পেখএ পঞ্চবাণ ॥ ৩ ॥
ভণই সরস কবি কণ্ঠহার।
মধুসূদন রাধা বনবিহার ॥ ৪ ॥

৭

মধুঋতু মধুকর পাঁতি
মধুর কুসুম মধুমাতি ॥ ১ ॥
মধুর বৃন্দাবন মাঝ।
মধুর মধুর রসরাজ ॥ ২ ॥
মধুর যুবতীগণ সঙ্গ।
মধুর মধুর রসরঙ্গ ॥ ৩ ॥
মধুর যন্ত্র রসাল।
মধুর মধুর করতাল ॥ ৪ ॥
মধুর নটন গতি ভঙ্গ।
মধুর নটনী নটরঙ্গ ॥ ৫ ॥
মধুর মধুর রসগান।
মধুর বিদ্যাপতি ভাণ ॥ ৬ ॥

৮

আওল বসন্ত সকল রসমণ্ডল
কুসুম ভেল সানন্দ।
ফুললি মল্লী ভুখল ভ্রমরা
পীবি গেল মকরন্দ ॥ ১ ॥
ভাবিনি আবে কি করহ সমধানে।
নহি নহি করি পরিজন পরবোধহ।
লখণ দেখিয় আবে আনে ॥ ২ ॥

২। বারি—বালা। শামরী—শ্যামাঙ্গিনী।
৩। পটোর—পট্টবস্ত্র। গীম—গ্রীবা।
৪। ককরহু—কাহারও। যোঞিছা—কোঁচড়। কপুরু—কর্পূর। তবোঁর—তাম্বুল।
৫। মরদাব—মর্দ্দন করিতেছে। আঁগ—অঙ্গে।
১। সাহর—সহকার। ডার—শাখা।
২। হরন্তা—হরণ করিয়াছে।
৩। অবরু—আর।

১। জহাঁ—যেখানে। হসন্ত—হাসিতেছে।
২। কার—কালো। উজাগরী—উজ্জ্বল।
৩। মুগুধলি—মুগ্ধা। পরিপন্তিহি—শত্রু।
১। মধুঋতু—বসন্তকাল।
৫। নটন—নৃত্য।
১। ফুললি—প্রস্ফুটিত। ভুখল—ক্ষুধিত।
২। লখণ—লক্ষণ।

নখ পদ কেসু পয়োধর পূজল
পরতখ ভয়ে গেল লোতে।
সুমেরুশিখর চঢ়ি উগল শশধর
দশ দিক ভেল উজোতে ॥ ৩ ॥
বিহু কারণে কুন্তল কৈসে আকুল
এহও যুকতি নহি ওছী।
কুমকুমকের চোরি ভলি ফাউলি
কাঁধ ন ভেলিএ পোছী ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি অরে বর যৌবতি
এহু পরতখ পঁচবাণে।
রাজা শিবসিংহ রূপনরায়ণ
লখিমা দেবী রমাণে ॥ ৫ ॥

৯

অভিনব কোমল সুন্দর পাত।
সকল বন জনি পরিহল রাত ॥ ১ ॥
মলয় পবন ডোলয় বহু ভাতি।
অপনে কুসুমে রসে অপন মাতি ॥ ২ ॥
দেখি দেখি মাধব মন উলসন্ত।
বৃন্দাবন ভেল বেকত বসন্ত ॥ ৩ ॥
কোকিল বোলএ সাহর ডার।
মদনে পাওল জগ নব অধিকার ॥ ৪ ॥

উগল—উদিত হইল। উজোতে—উজ্জল। ওছী—ভাল। ভলি ফাউলি—প্রকাশিত হইয়াছে।

সকল রসের আধার বসন্ত ঋতু আগমন করিয়াছে। ক্ষুধিত ভ্রমর প্রস্ফুটিত মল্লিকার মধু পান করিয়া গেল। ভাবিনি, তুমি এখন কি সমাধান করিতেছ? পরিজনগণকে না না বলিয়া প্রবোধ দিতেছিলে, কিন্তু এখন অন্তরূপ লক্ষণ দেখিতেছি। রক্তবর্ণ নখক্ষত দ্বারা পয়োধরের পূজা হইয়া গিয়াছে, যাহা গুপ্ত ছিল তাহা প্রত্যক্ষ হইয়া গিয়াছে। শশধর সুমেরু শিখরে উদিত হওয়ায় দশ দিক্ উজ্জল হইয়াছে। অকারণে কুন্তল কিরূপে এলায়িত হইল, এ যুক্তি ত ভাল নয়। কুঙ্কুম চুরি ভালরূপে প্রকাশিত হইয়া গিয়াছে; কারণ, স্কন্ধ হইতে তাহা মোছা হয় নাই। বিদ্যাপতি বলিতেছে, হে বর-যুবতি, ইহাই প্রত্যক্ষ পঞ্চবাণ।

১। পাত—পত্র।
৩। উলসন্ত—উল্লাসিত। বেকত—ব্যক্ত, প্রকাশিত।
৪। সাহর—সহকার। ডার—শাখা।

পাইক মধুকর কর মধু পান।
ভমি ভমি জোহএ মানিনী জন মান ॥ ৫ ॥
দিশি দিশি সে ভমি বিপিন নিহারি।
রাস বুঝায়ে মুদিত মুরারি ॥ ৬ ॥
ভণই বিদ্যাপতি ই রস গাব।
রাধা মাধব অভিনব ভাব ॥ ৭ ॥

১০

লতা তরুবর মণ্ডপ জিতি।
নিরমল শশধর ধবলিয় ভীতি ॥ ১ ॥
পঁউঅনাল অইপন ভল ভেল।
রাত পরিধান পল্লব দেল ॥ ২ ॥
দেখহ মাইহে মনচিত লায়।
বসন্ত বিবাহ কাননেথলি আয় ॥ ৩ ॥
মধুকর রমণী মঙ্গল গাব।
দ্বিজবর কোকিল মন্ত্র পঢ়াব ॥ ৪ ॥
করু মকরন্দ হথোদক নীর।
বিধু বরিয়াতী ধীর সমীর ॥ ৫ ॥
কনয় কেসুয়া সুতি তোরণ তুল।
লাজ বিথরল বেলিক ফুল ॥ ৬ ॥
কেশু কুসুম করু সিন্দুর দান।
যৌতুক পাওল মানিনীমান ॥ ৭ ॥
খেলএ কৌতুকে নব পঁচবাণ।
বিদ্যাপতি কবি দৃঢ় কয় ভাণ ॥ ৮ ॥
অভিনব নাগর বুঝয় বসন্ত।
মতি মহেশ রেণুক দেবীকন্ত ॥ ৯ ॥

১১

বাজত দ্রিগি দ্রিগি ধোদ্রিমী দ্রিমিয়া।
নটতী কলাবতী শ্যাম সঙ্গে মাতি
করে করু তাল প্রবন্ধক ধ্বনিয়া ॥ ১ ॥

৫। পাইক—পাইয়া। জোহএ—খুঁজিতেছে।
১। জিতি—জয় করিল। ধবলিয়—ধবল করিল। ভীতি—ভিত্তি, দেয়াল।
২। অইপন—আলিপন।
৩। মাইহে—সখী। লায়—দিয়া। কাননেথলি—বনস্থলী। আয়—আজ।
৪ মধুকর রমণী—ভ্রমরী।
৫ হথোদক—হস্তোদক। বরিয়াতী—বরযাত্রী।
৬ কেসুয়া—কিংশুক। সুতি—সূতি। বিথরল—বিস্তার করিল। বেলিক—বেলফুলের।
৮ কয়—করিয়া। ৯। মতি—মন্ত্রী।
১ নটতী—নৃত্য করিতেছে। কলাবতী—নৃত্যগীতাদি বিদ্যায় বিভূষিতা রমণী।

ভম মগ ডম্ফ ডিমিক ডিমি মাদল
ঝুনু ঝুনু মঞ্জীর বোল ।
কিঙ্কিণী রণরণি বলয়া কনকণি
নিধুবনে রাস তুমুল উতরোল ॥ ২ ॥
বীণ রবাব মুরজ স্বরমণ্ডল
সা রি গ ম প ধ নি সা বহুবিধ ভাব ।
খেটিতা ঘেটিতা ঘেনি মৃদঙ্গ গরজনি
চঞ্চল স্বরমণ্ডল করু রাব ॥ ৩ ॥
শ্রমভরে গলিত লোলিত কবরী যুত
মালতীমাল বিথারল মোতি ।
সময় বসন্ত রাস রস বর্ণনে
বিদ্যাপতিমতি ক্ষোভিত হোতি ॥ ৪ ॥

১২

ঋতুপতি রাতি রসিকবর রাজ ।
রসময় রাস রভসরস মাঝ ॥ ১ ॥
রসবতী রমণীরতন ধনী রাহি ।
রাস রসিক সহ রস অবগাহি ॥ ২ ॥
রঙ্গিনীগণ সব রঙ্গহি নটই ।
রণরণি কঙ্কণ কিঙ্কিণি রটই ॥ ৩ ॥
রহি রহি রাগ রচয় রসবন্ত ।
রতিরত রাগিণী রমণ বসন্ত ॥ ৪ ॥
রটতি রবাব মহতীক পিনাশ ।
রাধারমণ করু মুরলী বিলাস ॥ ৫ ॥
রসময় বিদ্যাপতি কবি ভাণ ।
রূপনরায়ণ ভূপতি জান ॥ ৬ ॥

১৩

মলয় পবন বহ ।
বসন্ত বিজয় কহ ॥ ১ ॥
ভ্রমর করই রোল ।
পরিমল নহি ওল ॥ ২ ॥
ঋতুপতি-রঙ্গ হেলা ।
হৃদয়ে রভস ভেলা ॥ ৩ ॥
অনঙ্গ মঙ্গল মেলি ।
কামিনী করথু কেলি ॥ ৪ ॥
তরুণ তরুণী সঙ্গে ।
রজনী খেপবি রঙ্গে ॥ ৫ ॥
বিরহী বিপদ লাগি ।
কেসু উথজল আগি ॥ ৬ ॥
কবি বিদ্যাপতি ভাণ ।
মানিনী জীবন জান ॥ ৭ ॥
নৃপ রুদ্রসিংহ বরু ।
মেদিনী কলপতরু ॥ ৮ ॥

১৪

অভিনব পল্লব বইসক দেল ।
ধবল কমল ফুল পুরহর ভেল ॥ ১ ॥
করু মকরন্দ মন্দাকিনী পানি ।
অরুণ অশোক দীপ দিহু আনি ॥ ২ ॥
মাই হে আছ দিবস পুণমন্ত ।
করিয় চুমাওন রায় বসন্ত ॥ ৩ ॥
সপুণ সুধানিধি দধি ভল ভেল ।
ভমি ভমি ভমরই হকারই দেল ॥ ৪ ॥
কেশু কুসুম সিঁদুর সম ভাস ।
কেতকী ধুলি বিথুরলহু পরবাস ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি কবিকণ্ঠহার ।
রস বুঝ শিবসিংহ শিব অবতার ॥ ৬ ॥

১৫

দখিণ পবন বহ দশ দিশ রোল ।
সে জনি বাদী ভাসা বোল ॥ ১ ॥
মনমথ কাঁ সাধন নহি আন ।
নিরসাবল সে মানিনী মান ॥ ২ ॥

২। মঞ্জীর—নূপুর। উতরোল—উচ্চশব্দ।
৩। স্বরমণ্ডল—এক প্রকার তারের যন্ত্র।
১। রাজ—শোভা পাইতেছে। রভসরস—আনন্দরস।
২। অবগাহি—অবগাহন করিতেছে।
৩। নটই—নৃত্য করিতেছে। রটই—বাজিতেছে।
৫। রবাব—বাদ্যযন্ত্রবিশেষ। মহতীক—বীণাবিশেষ। পিনাশ—পিনাকযন্ত্র, কোদণ্ডাকৃতি বাদ্যযন্ত্র।
২। ওল—ওর, সীমা।
৫। খেপবি—ক্ষেপণ করিবে, কাটাইবে।
৬। কেসু—কুসুমফুল। আগি—অগ্নি।
৮। বরু—বর, শ্রেষ্ঠ।
১। বইসক—বসিবার জন্য। পুরহর—মাঙ্গলিক পাত্র।
৩। মাই হে—সখী। পুণমন্ত—পুণ্যবান্। করিয় চুমাওন—বরণ করে। রায়—রাজা।
৪। সপুণ—সম্পূর্ণ। হকারই—আহ্বান।
৫। কেশু—কিংশুক। ভাস—দীপ্তি। বিথুরলহু—বিস্তার করিল।
২। নিরসাবল—নীরস করিল।

মাই হে শীত বসন্ত বিবাদ।
কওন বিচারব জয় অবসাদ ॥ ৩ ॥
দুহু দিশ মধথ দিবাকর ভেল।
দ্বিজবর কোকিল সাখিতা দেল ॥ ৪ ॥
নবপল্লব জয়পত্রস ভাতি।
মধুকর মালা আখর পাতি ॥ ৫ ॥
বাদী তহ প্রতিবাদী ভীত।
শিশিরবিন্দু হো অন্তর শীত ॥ ৬ ॥
কুন্দ কুসুম অনুপম বিকসন্ত।
সতত জিতি বেকতাউ বসন্ত ॥ ৭ ॥
বিদ্যাপতি কবি এহো রস ভাণ।
রাজা শিবসিংহ এঁহো রস জান ॥ ৮ ॥

১৬

চৌদিগে চারু অঙ্গনা বেঢ়ি
রঙ্গিণী কত গাউনী।
কৃতা তা থৈয়া থৈয়া
থৈয়া বোলনী ॥ ১ ॥
মাঝে বিরাজে শ্যাম
সুঘড়শিরোমণি।
কিঙ্কিণী কিনি কিনি রোলনী ॥ ২ ॥
ঘেটিতা ঘেনে নাঙ
তিস্ত ঘভিস্ত ঘনাঙ
গরন ঘেনা তিনিতা খিটিতৃঘং
তীগর ঝাঙ ॥ ৩ ॥
বর্ণিত রাস বিদ্যাপতি শূর।
রাধামোহন দাস রসপুর ॥ ৪ ॥

———

৩। কওন—কে।
৪। মধথ—মধ্যস্থ। সাখিতা—সাক্ষ্য।
৫। জয়পত্রস—ডিক্রী। ভাতি—তুল্য। পাতি—পংক্তি।
৬। তহ—হইতে।
৭। বিকসন্ত—ফুটন্ত। বেকতাউ—ব্যক্ত করে।
১। গাউনী—গায়িকা।
২। সুঘড়—চতুর, রসিক।
৪। শূর—শূর, জ্ঞানী।

রসালাপ

১

পিয়া পরদেশ আশ তুয় পাশহি
তেঁ বোলহ সখি আন।
যে পতিপালক সে ভেল পাবক
ইথি কি বোলত আন॥ ১ ॥
সজনি অঘটন ঘটাবহ মোহি।
পহিলহি আনি পানি পিয়তমে গহি
করে ধরি সোপলিহু তোহি ॥ ২ ॥
কুলটা ভই যদি পেম বঢ়ায়ব
তেঁ জীবনে কি কাজ।
তিল এক রঙ্গ রভস সুখ পাওব
রহত জনম ভরি লাজ ॥ ৩ ॥
কুলকামিনী ভই নিজ পিয় বিলসে
অপথে কতহু নহি যাই।
কি মালতী মধুকর উপভোগয়
কিম্বা লতাহি সুখাই ॥ ৪ ॥
বিদ্যাপতি কহ কুল রখলে রহ
দূতী বচনে নহি কাজ।
রাজা শিবসিংহ রূপনরায়ণ
লখিমা দেবী সমাজ ॥ ৫ ॥

২

নিধনকা জঞো ধন কিছু হো
করএ চাহ উছাহ।
শিয়ার কা জঞো সীঁগ জনমএ
গিরি উপারএ চাহ ॥ ১ ॥
দূতি বুঝলি তোহরি মতি।
ছাড়য়ে চন্দা ভরইতে বুলহ
কি হরহ তাহে বিপতি ॥ ২ ॥

———

১। আশ—আশা। পতিপালক—প্রতিপালক। পাবক—অগ্নি। ইথি—ইহাতে। আন—অপর লোক।
২। ঘটাবহ—ঘটিবে। মোহি—আমার।
৪। বিলসে—বিলাস করে। কতহু—কখনও।
৫। রখলে রহ—লইয়া থাক।
১। নিধনকা—নির্ধনের। জঞো—যদি। উছাহ—উৎসাহ। শিয়ার—শৃগাল। সীঁগ—শৃঙ্গ। উপারএ—উপাড়িতে।
২। ভরইতে—নিয়মিত ভ্রমণ। হরহ—হরণ করে।

পপড়ীকা জঞো পাখা জনমএ
অনল করএ ঝপান।
ছোটা পানি চহ চহ কর পোঠী
কে নহি জান ॥ ৩ ॥
যইও যকর মূহ পেচ সম
দূষএ চাহএ আন।
হম তহ কে বিষহু আগর
ঢোঁঢ়হু কা থিক ভান ॥ ৪ ॥
ঝরক পানি ডোভক কোঁঈ
গরব উপজু যাহি।
ভণে বিদ্যাপতি দহক কমল
হৃদয় চাহএ তাহি ॥ ৫ ॥

৩

কৌড়ি পঠওলে পাব নহি ঘোর।
ঘীব উধার মাগ মতিভোর ॥ ১ ॥
বাস ন পাবএ মাগ উপাতি।
লোভক রাশি পুরুষ থিক জাতি ॥ ২ ॥
কি কহব আজ কি কৌতুক ভেল।
অপদহি কান্থক গৌরব গেল ॥ ৩ ॥
অওলে বইসএ পাব পোয়ার।
শেজক কহিনী পুছএ বিচার ॥ ৪ ॥
ওছাওন খণ্ডতরি পলিয়া চাহ।
অওর কহব কত অহিরিণীনাহ ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি পহু গুণমন্ত।
শিরি শিবসিংহ লখিমা দেবী কন্ত ॥ ৬ ॥

৪

গাব চরাবএ গোকুল বাস।
গোপক সঙ্গম কর পরিহাস ॥ ১ ॥
অপনহি গোল গরুঅ কি কাজ।
গুপুতহি বোলসি মোহি বড়ি লাজ ॥ ২ ॥
সজনি বোলহ কান্থ সঞো মেলি।
গোপবধূ সঞো যহিকা কেলি ॥ ৩ ॥
গ্রামক বসলে বোলিয় গমার।
নগরহু নাগর বোলিয় সংসার ॥ ৪ ॥
বস বথানশালি দুহ গাএ।
তহি কি বিলসব নাগরী পাএ ॥ ৫ ॥

৫

রাহু তরাসে চাঁদ হম মানি।
অধরসুধা মনমথে ধরু আনি ॥ ১ ॥
জীবজঞো জোগাএব ধরব অগোরি।
পিবি ন যাইয় লগতি হমে চোরি ॥ ২ ॥
সহজহি কামিনী কুটিল সিনেহ।
আস পসাহ বাঁক শশিরেহ ॥ ৩ ॥
কী কহু নিরখহ ভৌঁহক ভঙ্গ।
ধনু হমে সোপি গেল অপন অনঙ্গ ॥ ৪ ॥
কঞ্চনে কাম গঢ়ল কুচকুম্ভ।
ভঙ্গইতে মনব দেইতে পরিরম্ভ ॥ ৫ ॥
কৈতব করথি কলামতী নারী।
গুণগাহক পহু বুঝথি বিচারি ॥ ৬ ॥
ভণই বিদ্যাপতি ন করহি বাধ।
আশা বচনে পূরহি ধনি সাধ ॥ ৭ ॥

৩। ছোটা পানি—অল্প জল। চহ চহ কর—ফর্‌ ফর্‌ করে। পোঠী—পুঁটিমাছ।
৪। হম তহ—আমার অপেক্ষা। কে—কাহার। ঢোঁঢ়হু—ঢোঁড়া সাপ।
৫। ঝরন—ঝরণার। ডোভক—ডোবার। কোঁঈ—কুমুদিনী। দহক—হ্রদের।
১। কৌড়ি—কড়ি। ঘোর—ঘোল। উধার—ধার। মাগ—চায়। মতিভোর—মতিচ্ছন্ন ব্যক্তি।
২। বাস—বাসস্থান। উপাতি—অত্যন্ত সম্মান। থিক—হয়।
৩। অপদহি—অযোগ্য স্থানে। কান্থক—কানাইয়ের।
৪। পোয়ার—খড়, বিচালি। শেজক—শয্যার।
৫। ওছাওন—বিছানা। খণ্ডতরি—ছেঁড়া মাদুর। পলিয়া—পালঙ্ক। অহিরিণীনাহ—গোয়ালিনীর স্বামী অথবা জার।

১। গাব—গরু।
৩। যহিকা—যাঁহার।
৪। সংসার—সংসারে, লোকসমাজে।
৫। বথানশালি—গোয়ালঘর। দুহ—দোহন করে। তহি—তিনি।
১। মানি—মানিয়া।
২। জীবজঞো—প্রাণের মত। জোগাএব—যোগাইব। অগোরি—আগলাইয়া। লগতি—লাগিবে।
৩। সিনেহ—স্নেহ। আস—আস্য, মুখ। পসাহ—সাজ।
৪। ভৌঁহক ভঙ্গ—ভ্রূভঙ্গ।
৫। মনব—মনে হইবে। দেইতে—দিতে। পরিরম্ভ—আলিঙ্গন।
৬। পহু—প্রভু।

গরুড়নরায়ন নন্দন জান।
রাজা শিবসিংহ লখিমা দেবী রমাণ ॥ ৮ ॥

৬

হঠে ন হলব মোর ভুজযুগ জাঁতি।
ভাঙ্গি জাএত বিস কিসলয় কাঁতি ॥ ১ ॥
হঠ ন করিয় হরি ন করিয় লোভ।
আরতি অধিক ন রহ সুখ শোভ ॥ ২ ॥
হটিএ হলিয় নিজ নয়ন চকোর।
পীবি হলত ধসি শশিমুখ মোর ॥ ৩ ॥
পরশি ন হলবে পয়োধর মোর।
ভাঙ্গি জাএত গিরি কনক কটোর ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি ই রস ভান।
লখিমাপতি শিবসিংহ নৃপ জান ॥ ৫ ॥

৭

পহিল পসার সংসার সার রস
পরহোঁক পহিল তোহার হে।
হঠে আঁচর মোর ফেরি ন হলবে রবেঁ
রস ভএ যায়েত উঘার হে ॥ ১ ॥
এ হরি এ হরি আরতি পরিহরি
হঠ ন করিয় পহু বাট হে।
যেহে বেসাহল মে কি বেসাহব
উচিত মনোভব হাট হে ॥ ২ ॥
কঞ্চনে গঢ়ল পয়োধর সুন্দর
নাগর জীবন অধার হে।
ছুয়ইতে রতন তুল ন রহ অধিক মূল
কিনহি ন পরে গমার হে ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি শুন হে সুচেতনি
হরি সঞো কইসন সমান হে।
কপট তেজিকহু ভজহ যে হরি সঞো
অন্তকাল হোয় ঠাম হে ॥ ৪ ॥

৮

সকল সংসারক সারে।
অছয় সুরতরস হমর পসারে ॥ ১ ॥
ছুই জনু হলহ কনাই।
আরতি মান না হলিঅ নড়াই ॥ ২ ॥
দূরহি রহও মোরি সেবা।
পহিল পঢ়ঞোক উধারি ন দেবা ॥ ৩ ॥
হৃদয় হার মোর দেখি।
লোভে নিকট নহি হোয়ব বিশেখি ॥ ৪ ॥
মিলত উচিত পরিপাটী।
মধথ মনোজ ঘরহি ঘর সাটী ॥ ৫ ॥
বিদ্যাপতি কহ নারি।
হরি সঞো কৈসন রোক উধারি ॥ ৬ ॥

৯

গুণ অগুণ সম কয় মানএ
ভেদ ন জানএ পহু।
নিজ চতুরিম কত শিখাউবি
হমহু ভেলিহু লহু ॥ ৪ ॥
সাজনি হৃদয় কহঞো তোহি।
জগত ভরল নাগর অছএ
বিহি ছললিহ মোহি ॥ ২ ॥
কাম কলারস কত শিখাউবি
পূব পছিম ন জান।
রভস বেরা নিন্দে বেয়াকুল
কিছু ন তাহি গেয়ান ॥ ৩ ॥

৮। গরুড়নারায়ণ রাজা শিবসিংহের পিতৃব্যের উপাধি।

১। হঠে—বলপূর্ব্বক। জাঁতি—চাপিয়া। বিস—মৃণাল। কাঁতি—কান্তি।

২। আরতি—অনুরাগ।

৩। হলত—যাইবে। ধসি—বেগে আসিয়া।

১। পসার—দোকান। পরহোঁক—প্রথম বিক্রয়, বউনী। ফেরি—ফিরাইয়া। হলবে—যাইবে। রবেঁ—আপনি (ভোজপুরী ভাষা), বিদ্রূপাত্মক। উঘার—উদ্ঘাটিত।

২। আরতি—অনুরাগ। বেসাহল—বিক্রয় হইল। বেসাহব—বিক্রয় হইবে। যাহা মন্মথের হাটে উচিত মূল্যে বিক্রয় হইয়াছে, তাহা কি আবার বিক্রয় হইবে?

৩। কিনহি—কিনিতে। গমার—গোঁয়ার, গ্রামবাসী।

৪। তেজিকহু—ত্যাগ করিয়া।

১। সংসারক—সংসারের। পসারে—দোকানে।

২। আরতি—আর্ত্তি। নড়াই—নড়া, সরাইয়া।

৩। সেবা—নমস্কার। পঢ়ঞোক—বউনী। উধারি—ধার। দেবা—দিব।

৫। মধথ—মধ্যস্থ। সাটী—শাস্তি।

৬। রোক—নগদ। হরির সঙ্গে নগদ কি ধার কেমন?

১। চতুরিম—চাতুরী।

২। ভরল—ভরিয়া। ছললিহু—ছলনা করিল।

১০

কুটিল বিলোক তন্ত নহি জান।
মধুরহ বচনে দেই নহি কান ॥ ১ ॥
মনসিজ ভঙ্গে বচন মঞে যেও।
হৃদয় বুঝাএ বুঝএ নহি সেও ॥ ২ ॥
কি সখি করব কঞোন পরকার।
মিলল কন্ত মোহি গোপ গমার ॥ ৩ ॥
কপট গমন হমে লাউলি বেরি।
বাহমুল দরশন হসি হেরি ॥ ৪ ॥
কুচযুগ বসন সন্তরিকহু দেল।
তইঅও ন মন তহ্নিক বহরি ভেল ॥ ৫ ॥
বিমুখ হোইতে আবে পর উপহাস।
তহ্নিকে সঙ্গে কলা সহবাস ॥ ৬ ॥
কি কএ কি করব হমে ঝখইতে জাএ।
কহদহু অরে সখি জীবন উপাএ ॥ ৭ ॥

১১

বড় কৌশল তুয় রাধে।
কিনল কনাই লোচন আধে ॥ ১ ॥
ঋতুপতি হটবএ নহি পরমাদী।
মনমথ মধথ উচিত মুলবাদী ॥ ২ ॥
দ্বিজ পিক লেখক মসি মকরন্দা।
কাঁপ ভমরপদ সাখী চন্দা ॥ ৩ ॥
বহি রতিরঙ্গ লিখাপন মানে।
শ্রীশিবসিংহ সরস কবি ভাণে ॥ ৪ ॥*

১২

সাঁঝক বেরি উগল নব শশধর
ভরমে বিদিত সবতহু।
কুণ্ডল চক্র তরাসে নুকায়ল
দূর ভেল হেরথি রাহু ॥ ১ ॥
জনু বৈসসি রে বদন হাথ বলাই।
তুয় মুখচঙ্গিম অধিক চপল ভেল
কতি খণ ধরব নুকাই ॥ ২ ॥
রতোপল জনি কমল বৈসাওল
নীল নলিন দল তহু।
তিলক কুসুম তহু মাঝ দেখিকহু
তমর আবথি লহু লহু ॥ ৩ ॥
পানি পলব গত অধর বিম্ব রত
দশন দালিম বীজ তোরে।
কীর দূর ভেল পাশ ন আবয়
ভৌঁহ ধনুহি কে ভোরে ॥ ৪ ॥

১৩

কুন্তল তিলক বিরাজ মুখ
শোভিত সিন্দূরবিন্দু।
হেমলতামে সমারু বিধি
কবি রবি তারা ইন্দু ॥ ১ ॥
ইন্দুবদনী ধনী নয়ন বিশালা।
কমলকলিত জনি মধুকর মালা ॥ ২ ॥
দেখলি কলাবতী অপরুব রমণী।
জনি আইলি সুরপুর গজগমনী ॥ ৩ ॥
বেণী বিমল বিরাজ
তসু বস কুসুমাবলি হার।
শ্যাম ভুজঙ্গম দেখিকহু
কিয়ো কাম পরহার ॥ ৪ ॥
কক্ক পরহার মদন শর বালা।
কুটিল কটাখ বাণ কনিয়ালা ॥ ৫ ॥
কম্বু কণ্ঠ মৃণাল ভুজ
বলিত পয়োধর হার।
কনক কলস রসে পূরি রহু
সঞ্চিত মদনভণ্ডার ॥ ৬ ॥
মদন ভণ্ডার পয়োধর গোরা।
জনি উলটাওল কনক কটোরা ॥ ৭ ॥

১। তন্ত—তত্ত্ব।
৪। লাউলি—আনিলাম।
৫। সন্তরিকহু—সামলাইয়া। বিহরি—বাহির।
৭। ঝখইতে—শোকাকুল হইয়া ভাবিতে। কহদহু—বলিয়া দাও।
১। লোচন আধে—অর্দ্ধলোচনে অর্থাৎ অপাঙ্গদৃষ্টিতে।
২। হটবএ—দোকানী।
৩। কাঁপ—কলম। সাখী—সাক্ষী।
* এই পদ বিদ্যাপতি সংস্কৃত ভাষাতেও রচনা করিয়াছেন।
১। সাঁঝক বেরি—সন্ধ্যার সময়।
২। বৈসসি—বসিও। বলাই—বেষ্টন করিয়া।
৩। রতোপল—রক্তোৎপল। আবথি—আসিবে।
১। সমারু—সাজাইল। কবি—ব্রহ্মা।
৪। দেখিকহু—দেখিয়া। পরহার—প্রহার।
৫। কনিয়ালা—তীক্ষ্ণ।
৭। উলটাওল কনক-কটোরা—যেন উপুড় করা সোনার বাটী।

শ্যামা সুলোচনী সুরতি রতি
অপরূপ ভূষণসার।
বিদ্যাপতি কবিরাজ কহ
সুফলে করথু অভিসার ॥ ৮ ॥

১৪

কুন্দ কুমুদ গজমোতিম হার।
পহিরল হৃদয় ঝাঁপি কুচভার ॥ ১ ॥
থোরহি শশধর কিরণ বিথার।
ঐসন সময় কয়ল অভিসার ॥ ২ ॥
চহুদিশ সচকিত নয়ন নিহার।
মদন মদালসে চলই ন পার ॥ ৩ ॥
মিললি নিকুঞ্জে কুঞ্জ নৃপ পাশ।
কহ কবিশেখর কেলিবিলাস ॥ ৪ ॥

১৫

কাজর রুচিহর রয়নী বিশালা।
তছু পর অভিসার করু ব্রজবালা ॥ ১ ॥
ঘর সঞে নিকসয় যইসন চোর।
নিশবদ পদগতি চললিহু থোর ॥ ২ ॥
উনমত চিত অতি আরতি বিথার।
গরুয় নিতম্ব নব যৌবন ভার ॥ ৩ ॥
কমলিনী মাঝ খীণি উচ কুচ জোর।
ধাধসে চলু কত ভাবে বিভোর ॥ ৪ ॥
রঙ্গিণী সঙ্গিনী নব নব জোরা।
নব অনুরাগিণী নব রসে ভোরা ॥ ৫ ॥
অঙ্গক অভরণ বাসয় ভার।
নূপুর কিঙ্কিণী তেজল হার ॥ ৬ ॥
লীলাকমল উপেখলি রামা।
মন্থর গতি চলু ধরি সখি শ্যামা ॥ ৭ ॥
যতনহি নিসরু নগর তুরন্তা।
শেখর অভরণ ভেল বহন্তা ॥ ৮ ॥

১৬

লহু কয় কহলহু গুরুতর ভার।
তুতর রজনী দূর অভিসার ॥ ১ ॥
বাট ভুজঙ্গম উপর পানি।
দুহু কুল অপযশ অঙ্গিরল জানি ॥ ২ ॥
পরনিধি হরি লয় সাহস তোর।
কে জান কওন গতি করবএ মোর ॥ ৩ ॥
তোরে বোলে দূতী তেজল নিজ গেহ।
জীব সঞো তৌলল গরুয় সিনেহ ॥ ৪ ॥
দশমী দশাহে বোলব কি তোহি।
অমিঞ বোলি বিশ দেলহে মোহি ॥ ৫ ॥

১৭

কুসুমিত কুঞ্জহি কাতর কান।
কামিনী লাগি কত করু অনুমান ॥ ১ ॥
কি করব কহ মোরে সুবল সজ্ঘাতি।
কলাবতী কাঁঞি অবধি করু আতি ॥ ২ ॥
দারুণ গুরুজন কিয় করু বাধা।
কিয় লাগি মানিনী ভৈ গেল রাধা ॥ ৩ ॥
তপনক তাপে কিয় চলএ ন পার।
গরুয় নিতম্ব পীন কুচভার ॥ ৪ ॥
স্বজন সহিত কিয় বাঢ়ল নেহ।
ইথে কিয় ধনী নহি তেজল গেহ ॥ ৫ ॥
বিপদ সম্পদ কিয় বুঝই ন পারি।
কৈসনে বঞ্চয় সে সুকুমারী ॥ ৬ ॥
বোধি সুবল কহ শুন গুণমন্ত।
শেখর কহ ধনী মিলব নিতন্ত ॥ ৭ ॥

৮। করথু—করুক। এই চরণে বিদ্যাপতি নিজেকে কবিরাজ কহিতেছেন। গোবিন্দদাস ঝাও এইরূপ কবিরাজ, জাতির সহিত কোন সম্বন্ধ নাই।
১। ঝাঁপি—ঢাকিয়া।
৩। চহুদিশ—চারিদিক্।
৫। জোরা—জোড়া।
৮। নিসরু—নিঃসৃত হইল। বহন্তা—বাহক।
১। কহলহু—কহিলে। তুতর—দুস্তর।
২। অঙ্গিরল—অঙ্গীকার করিলাম।
৪। তৌলল—তৌল করিয়া। গরুয়—ভারী।
২ ॥ সজ্ঘাতি—সুহৃৎ। কাঁঞি—কেন। আতি—আসিতে।

কানাই কুসুমিত কুঞ্জে কাতর-হৃদয়ে কামিনী অর্থাৎ রাধার না আসার জন্য কত কি অনুমান করিতেছেন, হে সুহৃৎ সুবল, আমি কি করি, তা বল। সময় উত্তীর্ণ হইয়া গিয়াছে, তথাপি কেন কলাবতী রাধা এখনও আসিল না! দারুণ গুরুজন কি বাধা দিতেছে, কিংবা রাধা কিসের জন্য মানিনী হইয়া গেল? গুরু নিতম্ব ও পীন-পয়োধরভারের জন্য সূর্য্যতাপে কি চলিতে পারিতেছে না? স্বজনের সহিত তাহার স্নেহ বাড়িয়াছে, সেই জন্যই কি সেই ধনী গৃহ ত্যাগ করিতেছে না? বিপদ বা সম্পদ কি যে হইল, কিছুই বুঝিতে পারিতেছি না—সে সুকুমারী, কেমন করিয়া কালক্ষেপ করিতেছে?

১৮

আজু সাজলি ধনী অভিসার।
চকিত চকিত কত বেরি বিলোকই
গুরুজন ভবন দুয়ার ॥ ১ ॥
অতি ভয় লাজে সঘন তনু কাঁপই
ঝাঁপই নীল নিচোল।
কত কত মনহি মনোরথ উপজত
মনসিন্ধু মনহি হিলোল ॥ ২ ॥
মন্থরগমনী পন্থ দরশাওলি
চতুর সখী চলু সাথ।
পরিমলে দশদিশ করি বাসিত
ভাবিনী অবনত মাথ ॥ ৩ ॥
তরুণ তমাল সঙ্গ সুখ কারণ
জঙ্গম কাঞ্চন বেলি।
কেলি বিপিন নিপুণ রস অনুসরি
বল্লভ লোচন মেলি ॥ ৪ ॥

১৯

সহচরী বাত ধয়ল ধনী শ্রবণে।
হৃদয়ে হুলাস কহত নহি বচনে ॥ ১ ॥
সহচরী সমুঝল মরমক বাত।
সজাওল যইসে কিছু লখই ন যাত ॥ ২ ॥
শ্বেতাম্বরে তনু আবরি দেলি।
বাহু পবনগতি সঙ্গে করি লেলি ॥ ৩ ॥
যইসন চাঁদ পবনে চলি যাই।
ঐসন কুঞ্জে উদয় ভেলি রাই ॥ ৪ ॥
কানু ধরল যব রাহিক হাত।
বৈসল সুবদনী কহ লহু বাত ॥ ৫ ॥
কুচযুগ পরশে তরসি মুখ মোর।
ভণই বিদ্যাপতি আনন্দ ওর ॥ ৬ ॥

২০

অরুণ কিরণ কিছু অম্বর দেল।
দীপক শিখা মলিন ভই গেল ॥ ১ ॥
হঠ তেজ মাধব যায়ত দেহ।
রাখএ চাহিয় গুপত সিনেহ ॥ ২ ॥
দুরজনে যায়ত পরিজন কান।
সকল চতুরপণ হোয়ত মলান ॥ ৩ ॥
ভমর কুসুম রমি ন রহু অগোরি।
কেও নহি বেকত করয় নিজ চোরি ॥ ৪ ॥
অপনেও্রো ধন হে ধনিক ধর গোএ।
পরক রতন পরকট কর কোএ ॥ ৫ ॥
ফাব চোরি জোঁ চেতন চতুর চোর।
জাগি যায়ত পুর পরিজন মোর ॥ ৬ ॥
ভণই বিদ্যাপতি সখি কহ সার।
সে জীবন যে পর উপকার ॥ ৭ ॥

২১

পূরল পুর পুরজন পিসুনে
যামিনী আধ অঁধার।
বাহু তরি হরি পলটি যাএব
পুনু যমুনা পার ॥ ১ ॥
এ কুলে কুলকলঙ্ক ডরাইঅ
ও কুলে আরতি তোরি।
পিরিতি লাগি পরাভব সহব
ইথি অনুমতি মোরি ॥ ২ ॥
কানু তেজ ভুজ গিম পাস।
পহু জনলে দুরন্ত বাঢ়ত
হোয়ত রে উপহাস ॥ ৩ ॥
জগতে কত ন যুব যুবতী
কত ন লাবএ পেম।
বাপু পুরুষ বিচখণ চাহিয়
যে কর আগিল খেম ॥ ৪ ॥
গোচর এক মোর পএ রাখব
রাখবি দুঅও লাজ।
কবহু মুখ মলান ন করব
হোয়ত পুনু সমাজ ॥ ৫ ॥
বল্লভ সমদি চললি বালা
কবি বিদ্যাপতি ভাণ।
ই রস রাণী লখিমাবল্লভ
রাজা শিবসিংহ জান ॥ ৬ ॥

৪। বেলি—বল্লী।

১। ধয়ল ধনী শ্রবণে—ধনী শুনিল।

৫। কহ লহু বাত—মৃদুস্বরে কথা কহিতে লাগিল।

২। হঠ—জিদ। তেজ—ত্যাগ কর।

৩। দুরজনে—দুর্জ্জন কর্ত্তৃক।

৪। ভ্রমর কুসুমকে রমণ করিয়া আগলাইয়া থাকে না।

১। পূরল—পূর্ণ। পুর—গ্রাম। তরি—সন্তরণ করিয়া। ২। ডরাইঅ—ভয় পাই। ইথি—ইহা।

৩। পাস—পাশ, বেষ্টন। পহু—প্রভু, স্বামী। দুরন্ত—উৎপাত।

৪। বাপু—শ্রেষ্ঠ। আগিল—পূর্ব্ব ঘটনা।

৫। গোচর—অনুরোধ। সমাজ—সম্মিধি, মিলন।

৬। সমদি—সম্বাদ দিয়া।

গ্রাম, পুরবাসী ও খল লোকে পরিপূর্ণ, অন্ধকার

২২

রজনী সমাপলি ফুলল সরোজ।
ভমি ভমি ভমরী ভমরা খোজ ॥ ১ ॥
দীপ মন্দ রুচি অম্বর রাত।
জুগুতিহি জানল ভএ গেল প্রভাত ॥ ২ ॥
অবহু তেজহ পহু মোহি ন শোহাএ।
পুনু দরশন হোত মোহি মদন দোহাএ ॥ ৩ ॥
নাগর রাখ নারী মান রঙ্গ।
হঠ কয়লে পহু হো রসভঙ্গ ॥ ৪ ॥
তন্ত করিঅএ যত ফাবএ চোরি।
পরশন রস লএ ন রহিয় অগোরি ॥ ৫ ॥

২৩

পরক বিলাসিনী তুয় অনুবন্ধ।
আনসি কত ন বচন কয় ধন্ধ ॥ ১ ॥
কোনে পরি যাইতি নিজ মন্দির রামা।
অতিশয় চিন্তা ভেলি এহি ঠামা ॥ ২ ॥
নিকটহু বাহির ডরে ন নিহার।
যতনে আনলি এত দূর অভিসার ॥ ৩ ॥
তিল এক যা সঞো মহঘ সমাজ।
বহলি বিভাবরী মনে নহি লাজ ॥ ৪ ॥
তোহর মনোরথ তহ্নিকি পরাণ।
নাগর সে যে হিতাহিত জান ॥ ৫ ॥
নখত মলিন বেকতায়ত বিহান।
পথ সঞ্চরইতে লখতই কে আন ॥ ৬ ॥
পাশ পিশুন বস কি করতি লাথ।
কোনে পরি সন্তরতি গুরুজন হাথ ॥ ৭ ॥
ভণই বিদ্যাপতি তখনুক ভাণ।
আদরি আনি ন খণ্ডিয় মান ॥ ৮ ॥

২৪

রজনী শেষ বর নাগরী নাগর
বইসল শেজক মাহি।
হেরি সখি তোরিত মন্দির ভিতর
হসি হসি বইসল তাহি ॥ ১ ॥
সহচরী মেলি কেলি কলপতরু
কর কত রস পরকাশে।
রজনিক রঙ্গ কহইতে নব নাগরী
পিয়ামুখ ঝাঁপল বাসে ॥ ২ ॥

রাত্রি অর্দ্ধেক অতীত হইয়াছে, হে হরি, আবার বাহু দ্বারা সাঁতরাইয়া যমুনাপারে ফিরিয়া যাইব। এ কূলে কলঙ্কের ভয় এবং ও কূলে তোমার কাতরতা, আমার অনুমান হইতেছে, প্রীতির জন্য আমাকে পরাভব সহ্য করিতে হইবে। হে কানাই, গ্রীবার বাহুবেষ্টন ত্যাগ কর, স্বামী জানিতে পারিলে উৎপাত করিবে এবং উপহাসভাজন হইব। জগতে কত যুবক-যুবতী পরস্পরে প্রেম করিয়া থাকে, যে বিচক্ষণ শ্রেষ্ঠ পুরুষ, সে অতীতকে ক্ষমা করিয়া থাকে। এখন আমার একটি অনুরোধ রাখ, যেন উভয় কূলের লজ্জা আমার থাকে। আবার মিলন হইলে কখন মুখ ম্লান করিবে না।

২। জুগুতিহি—যুক্তিতে।

৩। শোহাএ—শোভা পায়। দোহাএ—দোহাই।

৫। অগোরি—আগলাইয়া।

রজনী শেষ হইয়াছে, পদ্মসকল প্রস্ফুটিত হইল। ভ্রমরী ঘুরিয়া ফিরিয়া চারিদিকে ভ্রমরকে খুঁজিয়া বেড়াইতেছে। দীপের দীপ্তি এবং রাত্রির আকাশ ম্লান হইয়া গিয়াছে। যুক্তিতে বুঝা যাইতেছে, প্রভাত হইয়াছে। প্রভু, এখন আমাকে ছাড়িয়া দাও, আর আমার পক্ষে শোভা পায় না। মদনের দোহাই, আবার আমাদের মিলন হইবে। রঙ্গের সময় নাগর নাগরীর মান রক্ষা করিয়া থাকে। প্রভু, বল প্রকাশ করিলে রসভঙ্গ হইয়া থাকে, ইহা সকলেই জানে। সেইরূপ করিবে, যাহাতে চুরি সাজে। যদি প্রসন্ন হইয়াছ, তবে রস আগলাইয়া থাকিও না।

১। পরের বিলাসিনীকে তোমার আগ্রহে কত কৌশলবাক্য বলিয়া আনিয়াছি।

২। এহি ঠামা—এই স্থানে।

রামা কেমন করিয়া এই স্থান হইতে নিজ গৃহে যাইবে, সে জন্য আমার অতিশয় চিন্তা হইতেছে।

৩। যে ঘরের নিকটেই ভয়ে বাহিরে দেখে না, তাহাকে যত্নে এত দূর অভিসারে আনিয়াছি।

২। মহঘ—দুর্ল্লভ। সমাজ—সন্নিধি, মিলন। বহলি—অবসান।

যাহার সন্নিধানে এক তিল অবস্থানও দুর্ল্লভ, তাহাকে রাত্রি অবসান হইলেও কাছে রাখিতেছ, মনে লজ্জা হইতেছে না?

৫। তহ্নিকি—তাঁহার।

৬। নখত—নক্ষত্র। বেকতায়ত বিহান—প্রভাত ব্যক্ত করিতেছে। লখতই—লক্ষ্য করিবে।

৭। লাথ—ছলনা। কোনে পরি—কেমন করিয়া। সন্তরতি—সন্তরণ করিবে।

১। মাহি—মধ্যে। তাহি—তথায়।

দুহু মুখ নিরখি হরখি সব সহচরী
পুলকিনী রহল নিহারী।
পীত বসন লই নিজ তনু ঝাঁপল
লাজে লজাওলি গোরি ॥ ৩ ॥
তব হরি নাগরী কোরে অগোরল
ডুবল সুখসিন্ধুমাঝ।
ললিতা ললিত কহি দুহু বেশ খণ্ডিত
সজাওত অনুপম সাজ ॥ ৪ ॥
দুহুরূপে মগন ভেল সব সখীগণ
দিন রজনী নহি জান।
অরুণ উদয় ভেল জটিলা শবদ পাওল
কবিশেখর ইহ ভাণ ॥ ৫ ॥

২৫

বিচ্ছেদ বিকল ভেল দুহুক পরাণ।
গর গর অন্তর ঝরয় নয়ান ॥ ১ ॥
দুহু মনে মনসিজ জাগি রহু।
তিল বিসরণ নহে কেহু কাহু ॥ ২ ॥
নিশবদে শুতল নিন্দ নহি ভায়।
বিয়োগ বিয়াধি বিথারল গায় ॥ ৩ ॥
দুহুক দুলহ নেহ দুহু ভল জান।
দুহু জন মিলনে মধথ পঁচবাণ ॥ ৪ ॥
কবিশেখর জান ইহ রসরঙ্গ।
পরবশ পেম সতত নহ ভঙ্গ ॥ ৫ ॥

২৬

দুহু রূপ লাবনি মনমথ মোহিনী
নিরখি নয়ন ভুলি যায়।
রজনী জনিত রতি বিশেষ অলাপনে
আলস রহল দুহু গায় ॥ ১ ॥
চাঁচর কুন্তল তাহে কুসুমদল
লোলত আনহি ভাঁতি।
দুহু দোহা হেরি মুখ হৃদয় বাঢ়য় সুখ
বোলত ভুলত পাঁতি ॥ ২ ॥
নিজ নিজ মন্দির নাগরী নাগর
চলইতে করু অনুবন্ধ।
বিরহ বিষানলে দুহু তনু জারল
লোচনে লাগল ধন্ধ ॥ ৩ ॥
ভিতক চিত পুতলি সম দুহু জন
রহল বিদায়ক বেলা।
প্রেম পয়োনিধি উছলি উছলি পড়ু
চেতন অচেতন ভেলা ॥ ৪ ॥
দুহু জন চিত রীত হেরী সহচরী
ঘন ঘন গগনহি চায়।
রজনী পোহাওল সব জন জাগল
সে ডরহি অধিক-ডরায় ॥ ৫ ॥
শেখর বুঝি তব করি কত অনুভব
দুহু সঙ্গ ভঙ্গ করাব।
নিজ নিজ মন্দিরে গমন করল দুহু
গুরুজন ভেদ নহি পাব ॥ ৬ ॥

২৭

অরুণ লোচন ঘুমি ঘুমায়ল।
জনি রতোপল পবনে পাওল ॥ ১ ॥
আকুল চিকুরে বদন ঝাঁপল।
জনি তমচয়ে চাঁদ চাপল ॥ ২ ॥
মাধব কেহন যাইতি বাসা।
দেখি সখীজন হো উপহাসা ॥ ৩ ॥
ফুজলি নীবি আনি মিলায়লি।
জনি সুরসরি উতরে ধাউলি ॥ ৪ ॥
নখখত দেল কুচ শিরীফল।
কমলে ঝাঁপি কি হো কনকাচল ॥ ৫ ॥
ভণে বিদ্যাপতি কৌতুকে গাওল।
ই রস রাজা শিবসিংহ পাওল ॥ ৬ ॥

২৮

অলসে পূরল লোচন তোর।
অমিয়ে মাতল চাঁদ চকোর ॥ ১ ॥
নিচল ভঁউহ জে লে বিশরাম।
রণ জিনি ধনু তেজল কাম ॥ ২ ॥

৩। গোরি—রাধা।
৪। অগোরল—আগুলাইল।
২। বিসরণ—বিস্মরণ।
৩। ভায়—ভাল লাগে। বিয়াধি—ব্যাধি। বিথারল—বিস্তার করিল।
৪। মধথ—মধ্যস্থ।
২। পাঁতি—পংক্তি।
৩। জারল—জর্জ্জরিত।
৪। ভিতক—ভিত্তি। চিত—চিত্র।
১। রতোপল—রক্তোৎপল।
৪। ফুজলি—মুক্ত। নীবি—নীবিবন্ধন। সুরসরি—সুরসরিৎ, গঙ্গা। উতরে—উত্তরমুখে।
২। ভঁউহ—ভ্রূ। লে—লইতেছে। বিশরাম—বিশ্রাম।

অরে রে সুন্দরি ন কর লথা।
উকুতি বেকত গুপুত কথা ॥ ৩ ॥
কুচ শিরীফল করজ শিরী।
কেসু বিকসিত কনক গিরি ॥ ৪ ॥
বহল তিলক উধসু কেশ।
হসি পরিছল কামে সন্দেশ ॥ ৫ ॥

২৯

উধসল কেশ কুসুম ছিরিয়াএল
খণ্ডিত দশন অধরে।
নয়ন দেখিয় জনি অরুণ কমলদল
মধুলোভে বইসল ভমরে ॥ ১ ॥
কলাবতি কৈতব ন করহ আজ।
কওন নাগর সঙ্গে রয়নী গমওলহ
কহ মোহি পরিহরি লাজ ॥ ২ ॥
পীন পয়োধর নখরেখ সুন্দর
করে রাখহু কাঁ গোরি।
মেরুশিখর নব উগি গেল শশধর
গুপুতি ন রহলিয় চোরি ॥ ৩ ॥
বেকতেও চোরি গুপুত কর কতিখণ
বিদ্যাপতি কবি ভাণ।
মহলম যুগপতি চিরেজীব জীবথু
গ্যাসদেব সুলতান ॥ ৪ ॥

৩০

উধসল কেশপাশ লাজে গুপুত হাস
রজনী উজাগরে মুখ ন উজলা।
নখপদ সুন্দরী পীন পয়োধর
কনক শম্ভু জনি কেসু পূজলা ॥ ১ ॥
ন ন ন ন কর সখি পরিণত শশিমুখি
সকল চরিত তোর বুঝল বিশেখী ॥ ২ ॥
অলস গমন তোর বচন বোলসি ভোর
মদন মনোরথ মোহগতা।
জৃম্ভসি পুনু পুনু ষাসি অরস তনু
আতপে ছুঁইলি মৃণাললতা ॥ ৩ ॥
বাস পিন্ধ বিপরীত তিলক তিরোহিত
নয়ন কজর জলে অধর ভঙ্গ।
এত সবে লছন সঙ্গ বিচচ্ছন
কপট রহত কতিখণ যে ধরু ॥ ৪ ॥
ভণে কবি বিদ্যাপতি অরে বর যৌবতি
মধুকরে পাউলি মালতী ফুললী।
হাসিনী দেবী পতি দেবসিংহ নরপতি
গরুড়নরায়ণ রঙ্গে ভুললী ॥ ৫ ॥

৩১

সুন্দরি বেকত গুপুত নেহা।
বঞ্চিত আজু করয় নহি পারব
সাখী দেল তুয় দেহা ॥ ১ ॥
সঘনে আলস সখী তুয় মুখমণ্ডল
গণ্ড অধর ছবি মন্দা।
কত রস পানে কয়ল সব নীরস
রাহু উগিলল চন্দা ॥ ২ ॥
জাগি রজনী তুহুঁ লোহিত লোচন
অলস নিমীলিত ভাঁতি।
মধুকর লোহিত কমল কোরে জনি
শুতি রহল মদে মাতি ॥ ৩ ॥
বেকত পয়োধরে নখরেখ ভুখল
তাহে পরল কচ ভারা।
নিজ রিপু চাঁদ কলানিধি হেরইতে
মেরু পড়ল আঁধিয়ারা ॥ ৪ ॥
নব কবিশেখর কহয় নহি পারত
দোখ সপতি করি জানি।
কত শত বেরি চোরি করু গোপন
বেরি এক বেকত বাণী ॥ ৫ ॥

৩। লথা—লাথ, ছলনা। উকুতি—উক্তি।
৪। করজ—নখ, তাহার আঘাত দ্বারা। শিরি—শ্রী।
৫। উধসু—উস্কো-খুস্কো। পরিছল—পরীক্ষা করিল।
১। উধসল—আলুথালু।
২। গমওলহ—কাটাইয়াছ।
৩। কাঁ—কেন। রাখহু—রাখিতেছ। গোরি—সুন্দরি।
৪। বেকতেও—ব্যক্ত হইতেছে। মহলম—মালুম, অবগত। জীবথু—জীবিত থাকুন। গ্যাসদেব—গিয়াস-উদ্দিন, ইলিয়াস শাহী বংশের পাঠান সুলতান।
১। উজাগরে—জাগরণে। উজলা—উজ্জ্বল।
৩। ভোর—বিহ্বল। জৃম্ভসি—হাই তুলিতেছিস।
৪। পিন্ধ—পরিয়াছিস। বিচচ্ছন—বিচক্ষণ।
৫। পাউলি—পাইল। ফুললী—প্রস্ফুটিত।
১। বেকত—ব্যক্ত। গুপুত—গুপ্ত। নেহা—স্নেহ।
২। উগিলল—উদ্গীর্ণ করিল।
৪। ভুখল—ক্ষুধিত। কচ—কেশ।

৩২

ছল মনোরথ যৌবন ভেল
কত ন করব রঙ্গ।
সে সব পেম ওর ধরি ন রহল
ভেল হৃদয় ভঙ্গ ॥ ১ ॥
তথুহ উপর ছল মনোরথ
আবে কি করব সাধ।
অইসনি ভএ অপরাধিনী ভেলাহু
যে ছল তথিহু বাধ ॥ ২ ॥
মাধব আবে তঞো ই বড় দোষ।
যতএ যে কিছু বোলিয় চালিয়
তথি গুরুজন রোষ ॥ ৩ ॥
অবশ নিকট আএব যাএব
বিনয় কর সে নারী।
দিনে সাতে পাঁচে বাটহু ঘাটহু
দিঠিহু হলু নিহারি ॥ ৪ ॥

৩৩

আরে বিধিবশ নয়ন পসারল
পসরল হরিক সিনেহ।
গুরুজন গুরুতরে ডরে সখি
উপজল জীবহু সন্দেহ ॥ ১ ॥
দুরজন ভীম ভুজঙ্গম
বম কুবচন বিষসার।
তেঁহ তীখে বিষে জনি মাখল
লাগ মরম কনিয়ার ॥ ২ ॥
পরিজন পরিচয় পরিহরি
হরি হরি পরিহর পাশ।
সকল নগর বড় পুরীজন
ঘরে ঘরে কর উপহাস ॥ ৩ ॥
পহিলুক প্রেমক পরিভব
দুসহ সকল জন জান।
ধৈরয ধনি ধর মনে গুণি
কবি বিদ্যাপতি ভাণ ॥ ৪ ॥

৩৪

দূর সিনেহা বচনে বাঢ়ল
মনক পিরিতি জানি।
অলপে কাজে বড় দূর আঁতর
করমে পাওল আনি ॥ ১ ॥
চরণ নূপুর ঘন শবদএ
চান্দহু রাতি উজোরি।
ননন্দী বৈরিণী নিন্দে ন শোয়এ
আবে অনাইতি মোরি ॥ ২ ॥
দূতি বোলে বুঝাবহ কানু।
আজুক রঅনী আএ ন হোয়তে
হৃদয়ে কোপথি জনু ॥ ৩ ॥
চরণ নূপুর করে উতারব
শামর বসন তনু।
খেলহু কৌতুকে ননন্দ বোধবি
বিলঁব লাগএ জনু ॥ ৪ ॥
ও দিকে লাগল নব সিনেহা
এঁ ভরে কুলক গারি।
সকল পেম সম্ভারি ন হোয়েত
হঠে বিনাশতি নারি ॥ ৫ ॥
ভণ বিদ্যাপতি উগন্ত সেবিয়
মদন চিন্তথু আউ।
পিরিতি কারণে জীব উপেখব
এ বেরি হোউ কি জাউ ॥ ৬ ॥

১। ছল—ছিল। ওর—সীমা।

২। তথুহ—তাহার। আবে—এখন। তথিহ—তাহাতেও।

৩। তঞো—তবে। যতএ—যেখানে। বোলিয় চালিয়—বল অথবা কর।

৪। অবশ—অবশ্য। বাটহু ঘাটহু—পথে ঘাটে।

১। পসারল—প্রসারিত হইল। সিনেহ—স্নেহ। জীবহু—জীবনের।

২। বম—উদ্গীর্ণ করে। তীখে—তীক্ষ্ণ। মাখল—মাখান। কনিয়ার—তীক্ষ্ণ।

৩। হরি হরি—খেদোক্তি। পুরীজন—পুরবাসী।

৪। পহিলুক—প্রথমের। প্রেমক—প্রেমের। গুণি—গণনা করিয়া।

১। আঁতর—অন্তর।

২। শবদএ—শব্দ করিতেছে। চান্দহ—চন্দ্র। উজোরি—উজ্জ্বল। শোয়এ—শয়ন করে। আবে—এখন। অনাইতি—অনায়ত্ত।

৩। আএ—আসা। কোপথি—কোপ করে।

৪। উতারব—খুলিব। খেলহু—খেলায়। বোধবি—ভুলাইব। বিলঁব—বিলম্ব।

৫। সম্ভারি—সামলান। হঠে—বলপূর্ব্বক।

৬। উগন্ত—উদয়মান। সেবিয়—সেবা কর। চিন্তথু—চিন্তা কর। আউ—আগু। উপেখল—উপেক্ষা করিল। হোউ—হৌক। জাউ—যাউক।

৩৫

দূতী :—যদি তোয়া নহি ক্ষণ নহি অবকাশ।
পরকে যতনে কতে দেল বিশবাস ॥ ১ ॥
বিশবাস কই ককে শুতহ নিচিত।
চারি পহর রাতি ভমত সুচিত ॥ ২ ॥
রাধা :—করজোরি পইয়া পরি কহবি বিনতি।
বিসরি ন হলবিএ পুরুব পিরিতি ॥ ৩ ॥
প্রথম পহর রাতি রভসে বহলা।
দোসর পহর পরিজন নিন্দে গেলা ॥ ৪ ॥
নিন্দ নিরূপইত ভেল অধরাতি।
তাবত উগল চন্দা পরম কুজাতি ॥ ৫ ॥
ভণহি বিভাপতি তথহুক ভাব।
যেহ পুণমত সেহ জন পর পাব ॥ ৬ ॥

৩৬

কাননে কাতর কুলবতী রাহী।
চকিত নয়ন ঘন দশ দিশ চাহি ॥ ১ ॥
কোকিলকলরবে বিকল পরাণ।
শুণি শুণি ভাবিনী ভেলি নিদান ॥ ২ ॥
উষসি উষসি খসি খসি পড়ু লোর।
গদ গদ কণ্ঠ শবদ ঘন ঘোর ॥ ৩ ॥
ঐসন আয়লি তপনক গেহ।
পুজা উপহার তঁহি রাখলি সেহ ॥ ৪ ॥
তঁহি পরণাম করি বৈঠলি ধন্দ।
সখীগণ কৌতুক করু নানা ছন্দ ॥ ৫ ॥
উতপত তেজত দীঘ নিশাস।
খণে রোদন করু খণ করু হাস ॥ ৬ ॥
কহ কবিশেখর শুনু সুকুমারি।
ধৈরয ধরি রহ মিলত মুরারি ॥ ৭ ॥

৩৭

হরিণনয়নী ধনী চকিত নিহারনি
অতি উতকন্ঠিত ভেলা।
স্বজন সব জন তনু মন জীবন
সৌতিনী করি বিহি দেলা ॥ ১ ॥
খণে খণ উঠত খণে খণ বৈসত
উতপত তেজত শাসা।
খণে খণ চমকই খণে খণ কম্পই
গদ গদ কহতহিঁ ভাষা ॥ ২ ॥
কুলগুণ গৌরব অতিশয় সৌরভ
বাম পায় ঠেলল তায়।
দারুণ প্রেম থেহ নহি মানত
পলকে পলকে তলপায় ॥ ৩ ॥
অরুণিত আনন লোরে ভরু লোচন
পিয়া পথ হেরত রাহি।
শিশু পশু সঙ্গত করি হরি আওত
গোখুর ধুলি উছলাহি ॥ ৪ ॥
কহ কবিশেখর ধনি পুন হেরহ
আওত নাগররাজ।
তুয় মন মানস অতি খণে পুরব
হেরব পঙ্কক মাঝ ॥ ৫ ॥

১। বিশবাস—বিশ্বাস।
২। কই—করাইয়া। শুতহ—শয়ন কর। নিচিত—নিশ্চিন্ত। সুচিত—সুচিত্ত, সহৃদয়।
৩। বিনতি—মিনতি। বিসরি—ভুলিয়া।
৪। রভসে—কৌতুকে। বহল—কাটিয়া গেল।
৫। নিরূপইত—নিরূপণ করিতে। অধ—অর্দ্ধ।

পূর্ব্বরাত্রে রাধা কুঞ্জগৃহে যাইতে পারেন নাই, তজ্জন্য শ্রীকৃষ্ণের দূতী রাধাকে তিরস্কার করিতেছে :—তোর যদি অল্পক্ষণও অবকাশ নাই, তবে অপরকে যত্ন করিয়া বিশ্বাস করাইলি কেন? অর্থাৎ তুই যদি যাইবি না, তবে তাকে আশা দিলি কেন? এ দিকে আশা দিয়া তুই নিশ্চিন্ত হইয়া শুইয়া রহিলি। আর সেই সহৃদয় মাধব তোর আসার আশায় চারিপ্রহর রাত্রি ভ্রমণ করিয়া কাটাইল।

রাধা বলিতেছেন :—দূতি, তুমি আমার হইয়া করযোড়ে তাঁহাকে আমার নিবেদন জানাইবে, যেন তিনি পূর্ব্ব প্রেম ভুলিয়া না যান। কেন আমি যাইতে পারি নাই, তাহা শুন। রাত্রির প্রথম প্রহর কৌতুকে (কথাবার্ত্তায়) কাটিয়া গেল; দ্বিতীয় প্রহরে পরিজনবর্গ নিদ্রামগ্ন হইলেন, তাঁহাদের নিদ্রানিরূপণ করিতে করিতে অর্দ্ধ রাত্রি উত্তীর্ণ হইয়া গেল; তাহার পর কুজাতি চন্দ্র উদিত হইল।

৩। উষসি—দীর্ঘ নিশ্বাস ত্যাগ করিয়া। লোর—অশ্রু।
৪। তপনক গেহ—সূর্য্যমন্দির। তঁহি—সেখানে। ধন্দ—ধন্ধ।
৬। উতপত—উত্তপ্ত।
১। নিহারনি—দৃষ্টি।
৩। থেহ—ধৈর্য্য। তলপায়—ছটফট্ করে।
৪। ভরু—ভরিল।

৩৮

শয্যা তেজি বামা খণ বহিরায়।
খণে মুরছিত তনু কান্দে উভরায় ॥ ১ ॥
খণে বাহর আয় চল আয় পথ।
দুতীসহ কলহ করয়ে অনুরত ॥ ২ ॥
দারুণ দূতি সাধলি বাদ।
আজু হম তেজব রতিসুখ সাধ ॥ ৩ ॥

৩৯

পাশরইতে শরীর হোয় অবসান।
কহইত না লয় অব বুঝহ অবধান ॥ ১ ॥
কহএ ন পারিয় সহন ন যায়।
বচহ সজনি অব কি কর উপায় ॥ ২ ॥
কোন বিহি নিরমল ইহ পুন নেহ।
কাহে কুলবতী করি গঢ়ল মঝু দেহ ॥ ৩ ॥
কাম করে ধরিয় সে করয় বহার।
রাখয় মন্দিরে ই কুল আচার ॥ ৪ ॥
সহই ন পারিয় চলই ন পারি।
ঘন ফিরি যৈসে পিঞ্জর মাহা সারী ॥ ৫ ॥
এতহুঁ বিপদে কিয় জীবয় দেহ।
ভণই বিদ্যাপতি বিষম ই নেহ ॥ ৬ ॥

৪০

কহ কহ সুন্দরি ন কর বেয়াজ।
দেখিয় আজে অপুরব সবে সাজ ॥ ১ ॥
মৃগমদ পঙ্কে করসি অঙ্গরাগ।
কোন নাগর পরিণত হোয় ভাগ ॥ ২ ॥
পুনু পুনু উঠসি পছিম দিশ হেরি।
কখন যাএত দিন কত অছ বেরি ॥ ৩ ॥
নূপুর উপর করসি কসি থির।
দৃঢ় করি পহিরসি তম সম চীর ॥ ৪ ॥
উঠসি বিহসি হসি তেজিয় সার।
মোর মন ভাব সঘন অন্ধকার ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি শুন বরনারি।
ধৈরয কর মনে মিলত মুরারি ॥ ৬ ॥

৪১

কৌতুকে চললি ভবনকে সজনি গে
সঙ্গে দশ চৌদিশ নারী।
বিচ বিচ শোভিত সুন্দরি সজনি গে
জনি ঘর মিলত মুরারি ॥ ১ ॥
লই অভরণ করি ষোড়শ সজনি গে
পহির উতিম রঙ্গ চীর।
দেখি সকল মন উপজল সজনি গে
মুনিহুক চিত নহি থির ॥ ২ ॥
নীল বসন তন ঘেরলি সজনি গে
শির লেল ঘোঘট সারী।
লগ লগ পহুকে চলইত সজনি গে
সঙ্কুচল অঙ্কম নারী ॥ ৩ ॥
সখী সব দেল ভবনকে সজনি গে
ঘুরি আইলি সব নারী।
কর ধরি লেল পহু লগকই সজনি গে
হেরত বসন উঘারি ॥ ৪ ॥
ভয় বর সনমুখ বোলই সজনি গে
করে লাগল সবিলাসে।
নব রস রীতি পিরীতি ভেল সজনি গে
দুহু মন পরম উলাসে ॥ ৫ ॥

২। অনুরত—অনবরত।

৪। বহার—বাহির। মন্দিরে—গৃহে। বৈষ্ণব কাব্যে ও হিন্দীগানে মন্দির শব্দের অর্থ সর্ব্বত্রই বাসগৃহ, পরে দেবালয় হইয়াছে।

৩। মঝু—আমার।

৫। মাহা—মধ্য।

১। বেয়াজ—ব্যাজ, ছলনা।

২। পঙ্কে—চন্দনে।

৩। পুনু পুনু—বার বার। বেরি—বার। পহিরসি—পরিধান করিতেছ।

৫। বিহসি হসি—স্মিত হাস্য। তেজিয় সার—সার ত্যাগ করিয়া, অকারণে।

১। ভবনকে—কুঞ্জগৃহে। গে—অগে, হিন্দী ও মৈথিল স্ত্রীজাতির সম্বোধন; ওলো, লো। বিচ বিচ—মধ্যে।

২। ষোড়শ—ষোড়শ শৃঙ্গার। পহির—পরিল। উতিম—উত্তম। রঙ্গ—রঞ্জিত। উপজল—উদ্রেক। মুনিহুক—মুনিরও। চিত—চিত্ত।

৩। ঘেরলি—ঘিরিলাম। ঘোঘট—ঘোমটা। পহুকে—প্রভুর। চলইত—যাইতে। অঙ্কম—হৃদয়ে। সারী—সাটী।

৪। উঘারি—খুলিয়া।

৫। বর—নায়ক, মাধব। সনমুখ—সম্মুখ। সবিলাসে—প্রণয় প্রকাশ।

বিদ্যাপতি কবি গাওল সজনি গে
ই থিক নব রস রীতি।
বয়স যুগল সমুচিত থিক সজনি গে
দুহু মন পরম পিরীতি ॥ ৬ ॥

৪২

ঘর গুরুজন পুর পরিজন জাগ।
কাহুক লোচন নিন্দও ন লাগ ॥ ১ ॥
কোন পরিযুগুতি গমন হোএত মোর।
তম পিবি বাঢ়ল চান্দ উজোর ॥ ২ ॥
সাহসে সাহিয় প্রেম ভণ্ডার।
অবহু ন আবয় করম চন্দার ॥ ৩ ॥
দুহু অনুমান কয়ল বিহি জোর।
পাঁখি ন দেলক বিধাতা ভোর ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি যদি মন জাগ।
বড়ে পুণে পারিয় নব অনুরাগ ॥ ৫ ॥

৪৩

গুরুজন নয়ন পগার পবন জঞো
সুন্দরী সতরি চললি।
জনি অনুরাগে পাছু ধরি ঠেললি
করে ধরি কামে তিড়লী ॥ ১ ॥
কি আরে নবি অভিসারক রীতি।
কে জান কওনে বিধি কামে পঢ়াউলি
কামিনী তিভুয়ন জিতি ॥ ২ ॥
অম্বর সকল বিভূষণ সুন্দর
ঘনতর তিমির সামরী।
কেহু কতহু পথ লখহি ন পারলি
জনি মসি ডুবলি ভমরী ॥ ৩ ॥

চেতন আগু চতুরপণ কইসন
বিদ্যাপতি কবি ভাণে।
রাজা শিবসিংহ রূপনরায়ণ
লখিমা দেবী রমাণে ॥ ৪ ॥

৪৪

প্রেম রতন খনি রমণী শিরোমণি
প্রিয় বিরহানল জানি।
অন্তর জর জর নয়নে নিঝরে ঝর
বদনে ন নিকসয় বাণী ॥ ১ ॥
আজু কি কহব হরি অনুরাগ।
তৈখনে কানন চললি বিকল মন
কুল ধরম লাজ ভয় ভাগ ॥ ২ ॥
মন্থর গতি অতি চলই ন পারথি
চলতহি তবহুঁ তুরন্ত।
হিয়া অতি ধসমসি শাসহি মুখশশী
শ্রমজল কণ বরিখন্ত ॥ ৩ ॥
সঙ্গিনী সহচরী দূরহি পরিহরি
রাহি একাকিনী কুঞ্জে।
বল্লভ মুরছিত হেরি জীয়াওত
রূপ সুধারসপুঞ্জে ॥ ৪ ॥

৪৫

মাধব ধনা আয়লি কত ভাতি।
প্রেম হেম পরখায়ল কসোটিয়
ভাদব কুহু তিথি রাতি ॥ ১ ॥
গগনে গরজে ঘন তাহে ন গণ মন
কুলিস ন কর মুখ বঙ্কা।
তিমির অঞ্জন জলধারে ধোয় জনি
তে উপজাবত্তি শঙ্কা ॥ ২ ॥
ভাগে ভুজগশিরে করে অভিনয় করে
ঝাঁপল ফণিমণি দীপে।
জানি সজল ঘন সে দেই চুম্বন
তেঁ তুয় মিলন সমীপে ॥ ৩ ॥

৬। থিক—হয়।
১। নিন্দও—নিদ্রাও।
২। উজোর—উজ্জ্বল।
৩। সাহিয়—সাধনা করি। চন্দার—চন্দ্রারি অর্থাৎ রাহু।
৪। জোর—জোড়া। পাঁখি—পক্ষ। ভোর—ভোলা।
১। পগার—পার হইয়া, উত্তীর্ণ হইয়া। জঞো—তুল্য। সতরি—সত্বর। তিড়লী—টানিল।
২। নবি—নবীনা, নূতন। তিভুয়ন—ত্রিভুবন।
৩। সামরী—কৃষ্ণবর্ণ। কতহু—কোথাও। লখহি—লক্ষ্য করিতে। জনি মসি ডুবলি ভমরী—ভ্রমরী যেন মসিতে ডুবিয়া গেল, নীলাম্বরধারিণী রাধা অন্ধকার রাত্রে লীন হইল।

৪। চেতন—চতুর। আগু—আগে, সম্মুখে।
১। নিঝরে—অজস্র। নিকসয়—নিঃসরণ।
৩। পারথি—পারে। তুরন্ত—দ্রুত। ধসমসি—ধক্ ধক্। বরিখন্ত—বর্ষিত হইতেছে।
১। ভাতি—প্রকার, উপায়। পরখায়ল—পরীক্ষা করিল। কসোটিয়—কষ্টিপাথর। ভাদব—ভাদ্র। কুহু—অমাবস্যা।
২। উপজাবতি—উপজিত হইল।
৩। ভাগে—ভাগ্যে।

নারীরতন ধনী নাগর ব্রজমণি
রসগুণে পহিরল হারে।
গোবিন্দচরণে মন কহ কবিরঞ্জন
সফল ভেল অভিসারে ॥ ৪ ॥

৪৬

চন্দ জনু উগ আজু কি রাতি।
পিয়াকে লিখিএ পঠাউবি পাতি ॥ ১ ॥
শায়ন সঞো হমে করব পিরীতি।
যত অভিমত অভিসার রীতি ॥ ২ ॥
অথবা রাহু বুঝাওব হসি।
পিবি জনু উগিলহ শীতল শশী ॥ ৩ ॥
কোটি রতন জলধর তোহে লেহ।
আজুকি রজনী ঘনতম কয় দেহ ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি শুভ অভিসার।
ভল জন করথি পর উপকার ॥ ৫ ॥

৪৭

আজ মোঞে যাএব হরি সমাগমে
কত মনোরথ ভেল।
ঘর গুরুজন নিন্দ নিরূপইতে
চন্দাএ উদয় দেল ॥ ১ ॥
চন্দা ভল নহি তুয় রীতি।
এহি মতি তোহঁ কলঙ্ক লাগল
কিছু ন গুণহ ভীতি ॥ ২ ॥
জগত নাগরী মুখে জিনলা হে
গেলা হে গগন হারি।
তাহাঁহু রাহু গরাস পড়লা
দেব তোহে কি গারি ॥ ৩ ॥
একে মাস বিহি তোহ সিরজএ
দয় সকলও বল।
দোসর দিন পুর ন রহসি
এহি পাপক ফল ॥ ৪ ॥
ভণ বিদ্যাপতি শুন তোঁঞে যুবতি
চাঁদক ন কর শাতি।
দিন ষোড়শ চাঁদক আইতি
তাহিতর ভলি রাতি ॥ ৫ ॥

৪৮

অগমনে প্রেম গমনে কুল যায়ত
চিন্তা পঙ্ক লাগলি করিণী।
মঞে অবলা দশ দিশ ভমি আকুল
জনি ব্যাধডরে ভীরু হরিণী ॥ ১ ॥
চন্দা দুরজন গমনবিরোধী।
উগল গগন ভরি নখত বৈরি মোরা
কে পহু আন পরবোধী ॥ ২ ॥
কুহু ভরমে পথ পদ আরোপল
আয় তুলায়ল পঞ্চদশী।
হরি অভিসার মার উদবেজক
কঞোনে নিবারব কুগত শশী ॥ ৩ ॥

৪৯

প্রথম যৌবন নব গরুয় মনোভব
ছোটি মধুমাস রজনী।
জাগ গুরুজন গেহা রাখএ চাহ নেহা
সংশয় পড়লি সজনী ॥ ১ ॥
নলিনীদলনীর চিত ন রহয় থির
কভু ঘর কভু বহারে।
বিহি মোর বড় মন্দা উগি জনু যা চন্দা
শুতি উঠি গগন নিহারে ॥ ২ ॥
পথহু পথিক শঙ্কা পয় পয় ধয় পঙ্কা
কি করতি ও নবি তরুণী।
চলএ চাহ ধসি পুনু পড় খসি খসি
জালক ছেকলি হরিণী ॥ ৩ ॥

৪। পরিহল—পরিধান করিল। কবিরঞ্জন—বিদ্যাপতির উপাধি।
১। উগ—উদয় হইও। পঠাউবি—পাঠাইব। পাতি—পত্র।
২। শাওন—শ্রাবণ।
৩। উগিলহ—উদ্গিরণ করিও।
৪। তোহে—তুমি। লেহ—লহ।
১। নিন্দ—নিদ্রা।
২। তোহঁ—তোমার।
৩। জিনলা—জয় করিয়াছে। তাহাঁহু—তথায়।
৪। সিরজএ—সৃজন করে। দোসর—দ্বিতীয়।
৫। শাতি—শাস্তি। আইতি—আয়ত্ত। তাহিতর—তদ্ব্যতীত।
১। যায়ত—যায়। মঞে—আমি।
২। নখত—নক্ষত্র।
৩। তুলায়ল—ব্যাপ্ত হইল। পঞ্চদশী—পূর্ণিমা। মার—কন্দর্প। উদবেজক—উদ্বেজক। কঞোনে—কে। কুগত—অশুভাগত।
১। গরুয়—গুরু। মধুমাস—চৈত্র।
২। উগি—উদিত হইয়া। শুতি—শুইতে।
৩। পয় পয়—পদে পদে। জালক—জালের। ছেকলি—ঘেরা।

সাএ সাএ কমন বেদন তসু জানে।
নিকুঞ্জ বন যে হরি যাইতি কওনে পরি
অনুখণে হন পচবাণে ॥ ৪ ॥
বিদ্যাপতি ভণ কি করত গুরুজন
নীদ নিরূপণ লাগি।
বয়ন নীর ভরি হীরে ঝাপাবএ
রয়নী গমাবএ জাগি ॥ ৫ ॥

৫০

গগনে অব ঘন মেহ দারুণ
সঘন দামিনী ঝলকই।
কুলিশ পাতন শবদ ঝান ঝান
পবন খরতর বলগই ॥ ১ ॥
সজনি আজু দুরদিন ভেল।
কন্ত হমরি নিতান্ত অগুসরি
সঙ্কেত কুঞ্জহি গেল ॥ ২ ॥
তরল জলধর বরিখে ঝর ঝর
গরজে ঘন ঘন ঘোর।
শ্যাম নাগর একলে কৈসনে
পন্থ হেরই মোর ॥ ৩ ॥
সুমরি মঝু তনু অবশ ভেল জনি
অথির থর থর কাঁপ।
ই মঝু গুরুজন নয়ন দারুণ
ঘোর তিমিরহি ঝাঁপ ॥ ৪ ॥
তোরিতে চল অব কিয়ে বিচারহ
জীবন মঝু অগুসার।
কবিশেখর বচনে অভিসর
কিয়ে সে বিঘিন বিথার ॥ ৫ ॥

৫১

কাজরে রাঙ্গলি সঞে জনি রাতি।
অইসন বাহর হোইতে শাতি ॥ ১ ॥
তড়িতহু তেজলি মিত অন্ধকার।
আশা সংশয় পরু অভিসার ॥ ২ ॥
ভল ন কয়ল মঞে দেল বিশবাস।
নিকট জোএ নসত কানুক বাস ॥ ৩ ॥
জলদ ভুজঙ্গম দুহু ভেল সঙ্গ।
নিচল নিশাচর কর রসভঙ্গ ॥ ৪ ॥
মন অবগাহএ মনমথ রোষ।
জীবও দেলে নহি হোএত ভরোস ॥ ৫ ॥
অগমন গমন বুঝএ মতিমান।
বিদ্যাপতি কবি এহু রস জান ॥ ৬ ॥

৫২

ঝর ঝর বরিষ সঘন জলধার।
দশ দিশ সবহু ভেল আঁধিয়ার ॥ ১ ॥
এ সখি কিয়ে করব পরকার।
অব জনু বারএ হরি অভিসার ॥ ২ ॥
অন্তরে শ্যামচন্দ্র পরকাশ।
মনহি মনোভব লই নিজ পাশ ॥ ৩ ॥
কৈসনে সঙ্কেত বঞ্চব কান।
সুমরই জর জর অথির পরাণ ॥ ৪ ॥
ঝলকই দামিনী দহন সমান।
ঝন ঝন শবদ কুলিশ ঝন ঝান ॥ ৫ ॥
ঘর মাহ রহত রহই ন পার।
কি করব ই সব বিঘিনি বিথার ॥ ৬ ॥
চঢ়ব মনোরথ সারথি কাম।
তোরিত মিলায়ব নাগর ঠাম ॥ ৭ ॥
মন মঝু সাখী দেত পুনু বার।
কহ কবিশেখর কর অভিসার ॥ ৮ ॥

৫৩

আএল পাউস নিবিড় অন্ধকার।
সঘন নীর বরিষয় জলধার ॥ ১ ॥
ঘন হন দেখিয় বিঘটিত রঙ্গ।
পথ চলইতে পথিকহু মন ভঙ্গ ॥ ২ ॥
কওনে পরি আওত বল্লভ হমার।
আগু ন চল অভিসারিণী পার ॥ ৩ ॥
গুরুগৃহ তেজি শয়নগৃহ যাথি।
তথিহু বধুজন শঙ্কা আথি ॥ ৪ ॥

৪। সাএ—সই, সখী। কমন—কোন, কে।
১। বলগই—লম্ফ দিয়া।
২। সুমরি—স্মরণ করিয়া।
৫। বিঘিন—বিঘ্ন।
১। রাঙ্গলি—রং করিয়াছে। অইসন—এমন সময়।
২। মিত—মিত্র। পরু—পড়িল।
৩। জোএ—খুঁজিয়া। নসত—অশক্ত।
৫। অবগাহএ—ডুবিয়া যায়। ভরোস—ভরসা।
২। পরকার—প্রকার, উপায়।
২। মাহ—মধ্যে।
৪। সুমরই—স্মরণ করিতে।
৮। সাখী—সাক্ষী।
২। হন—বিদ্যুৎ। বিঘটতি—ব্যাহত।
৪। যাথি—যাইতেছে। তথিহু—তাহাতেও।
আথি—আছে।

নদীক জোরা ভউ উথাহ।
ভীম ভুজঙ্গম পথ চললাহ ॥ ৫ ॥

৫৪

রজনী কাজর বম ভীম ভুজঙ্গম
কুলিস পড়য় দুরবার।
গরজ তরজ মন রোষে বরিষ ঘন
সংশয় পড় অভিসার ॥ ১ ॥
সজনি বচন ছড়ইতে মোহি লাজ
যে হোয়ত সে হোয়ও বরু সবে হমে অঙ্গিকরু
সাহস মন দেল আজ ॥ ২ ॥
অপন অহিত লেখ কহইতে পরতেখ
হৃদয়ক ন পাইয় ওল।
চাঁদ হরিণবহ রাহু কবলসহ
পেম পরাভব থোল ॥ ৩ ॥
চরণ বেঢ়িল ফণী হিত কয় মানিল ধনী
নেপুর ন করয় রোল।
সুমুখি পুছঞো তোহি স্বরূপ কহসি মোহি
সিনেহ কত দূর ওল ॥ ৪ ॥
ঠামহি রহিয় ঘুমি পরশে চিহ্নিঅ ভূমি
ডগমগ উপজু সন্দেহ।
হরি হরি শিব শিব ভাবে যাইহ জীব
যাবে ন উপজু সিনেহ ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি শুনহ সুচেতনি
গমন ন করহ বিলম্বে।
রাজা শিবসিংহ রূপনরায়ণ
সকল কলা অবলম্বে ॥ ৬ ॥

৫৫

কাজরে সাজলি রাতি।
ঘন ভএ বরিষয় জলধর পাঁতি ॥ ১ ॥
বরিষ পয়োধর ধার।
দূর পথ গমন কঠিন অভিসার ॥ ২ ॥
যমুনা ভয়াউনি নীরে।
আরতি ধসতি পাউতি নহি তীরে ॥ ৩ ॥
বিজুরী তরঙ্গে ডরাই।
তোঁ ভল কর জোঁ পলটি ঘর যাই ॥ ৪ ॥
ঝাঁখথি দেব বনমালী।
এহি নিশি কোনে পরি আউতি গোয়ালী ॥৫॥
ভণই বিদ্যাপতি বাণী।
তোহহুঁ তেহ কানু নারী সয়ানী ॥ ৬ ॥

৫৬

পন্থ পিছর নিশি কাজর কাঁতি।
পাতরে ভৈ গেল দিগভঁরাতি ॥ ১ ॥
চরণে বেঢ়ল অহি তেঁ নহি শঙ্ক।
সুন্দরি হৃদয় নূপুর পর পঙ্ক ॥ ২ ॥
কি কহব মাধব পিরীতি তোহারি।
তুয় অভিসার ন জীয়ে বরনারী ॥ ৩ ॥
বরাহ মহিষ মৃগ পালে পলায়।
দেখি অনুরাগিণী বাঘ ডরায় ॥ ৪ ॥
ফণিমণি দীপ ভরমে দেই ফুক।
কত বেরি লাগল নগিনী মুখে মুখ ॥ ৫ ॥
কহ কবিরঞ্জন করহ সন্তোষ।
আজুক বিলম্ব গমনে নহি দোষ ॥ ৬ ॥

৫৭

বাট বিকট ফণিমালা।
চউদিশ বরিষয় জলধর জালা ॥ ১ ॥
হে মাধব বাহু তরিঅ নদী ভাগে।
কতএ ভীতি জোঁ দৃঢ় অনুরাগে ॥ ২ ॥

৫। নদীক—নদীর। জোরা—জোর। ভউ—হইল। অথাহ—অথই।

১। কাজর—কজ্জল। বম—উদ্গিরণ। পড়য়—পড়িতেছে। দুরবার—দুর্ব্বার। তরজ—তর্জ্জন। পড়—পড়িল।

২। ছড়ইতে—ত্যাগ করিতে।

৩। লেখ—গণনা। পরতেখ—প্রত্যক্ষ। ওল—ওর, সীমা। হরিণবহ—কলঙ্কবহ, চন্দ্র। থোল—থোড়া, অল্প।

৫। ঠামহি—এক স্থানেই। রহিয়—থাকি। ঘুমি—ঘুরিয়া। উপজু—উপজিল।

১। সাজলি—সাজিল। ভএ—হইয়া। পাঁতি—পংক্তি।

৩। ভয়াউনি—ভয়ানক। ধসতি—পড়িবে। পাউতি—পাইবে।

৪। তোঁ—তবে। ভল কর—ভাল করে। জোঁ—যদি।

৫। ঝাঁখথি—শোক করিতেছে।

৬। তোহহুঁ—তোর। তেহ—হইতে।

১। পিছর—পিচ্ছিল। পাতরে—প্রান্তরে। দিগভঁরাতি—দিগ্‌ভ্রান্তি।

২। তেঁ—তাহাতে।

১। পথে বিকট সর্প সকল রহিয়াছে। জলধর চারিদিকে বারি বর্ষণ করিতেছে।

২। তরিঅ—উত্তীর্ণ। ভাগে—ভাগ্যে। হে মাধব, বহু ভাগ্যে বাহু দ্বারা নদী পার

বনে ছলি একলি হরিণী।
ব্যাধ কুসুমশরে পাউলি রজনী ॥ ৩ ॥
বিদ্যাপতি কবি ভাণে।
রূপনরায়ণ নৃপ রস জানে ॥ ৪ ॥

৫৮

রাধা :—কোমল কমল কাঞি বিহি সিরজল
যো চিন্তা পিয় লাগি।
চিন্তা ভরে নীন্দে নহি শোঅঞো
রয়নী গমাবঞো জাগি ॥ ১ ॥
সখী :—বর কামিনি হে কাম পিয়ারী
নিশি অন্ধিয়ারি ডরাসি।
গুরু নিতম্বভরে চলহি ন পারসি
কামক পীড়লি যাসি ॥ ২ ॥
সাওন মেহ ঝিমি ঝিমি বরিষয়
বহল ভমএ জল পূরে।
বিজুরি লতা চক চক মক কর
দিঠি ন পসরএ দূরে ॥ ৩ ॥

৫৯

সখি হে অইসনি নিশি অভিসার।
তোহি তেজি করয় কে পার ॥ ১ ॥
ভমএ ভুজঙ্গম ভীম।
পঙ্কে পূরল চৌসীম ॥ ২ ॥
দিগমগ দেখিয় ঘোর।
পএর দিয় বিজুরি উজোর ॥ ৩ ॥
সুকবি বিদ্যাপতি গাব।
মহথ মদন পরথাব।

৬০

নিশি নিশিচর ভম ভীম ভুজঙ্গম
জলধর বিজুরি উজোর।
তরুণ তিমির নিশি তইঅও চললি যাসি
বড় সখি সাহস তোর ॥ ১ ॥
সুন্দরি কওন পুরুষ ধন যে তোর হরল মন
জসু লোভে চলু অভিসার ॥ ২ ॥
আতর দুতর নরি সে কইসে জএবহ তরি
আরতি ন করিয় ঝাঁপ।
তোরা অছ পচশর তে তোহি নহি ডর
মোর হৃদয় বরু কাঁপ ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি অরে বর যুবতি
সাহস কহহি ন যাএ।
অছয় যুবতী গতি কমলা দেবী পতি
মন বস অরজুন রাএ ॥ ৪ ॥

৬১

রিপু পচশর জানি অবসর
সব সেনা সাজে।
হেরি শূন পথ ঘটি মনোরথ
কে জান কি হোইতি আজে ॥ ১ ॥
নিফল ভেলি যুবতী।
হরি হরি হরি রাতি তেজ হরি
পলটলি নহি দূতী ॥ ২ ॥
সাজি অভিসারা পড়ি অন্ধকারা
উগি জনু যা ভোরা।
আরতি বেরা জঞো হো মেরা
লাখ গুণ সুখ থোরা ॥ ৩ ॥

৬২

হিমকর কিরণ হিম অনিবার।
দিশি দিশি হিমগিরি পবন বিথার ॥ ১ ॥
চললি রমণী ধনী আকুল চিত।
সঙ্কেত কেলি নিকুঞ্জে উপনীত ॥ ২ ॥
ন দেখি তঁহি বর নাগর কান।
কাতর অন্তর আকুল পরাণ ॥ ৩ ॥
গুরুজন নয়ন পাশগণ বারি।
আওল কুলবতী চরিত উঘারি ॥ ৪ ॥

হইয়া আসিল। দৃঢ় অনুরাগ যদি থাকে, তাহা হইলে কি ভয় থাকে।

১। শোঅঞো—শয়ন করি। গমাবঞো—যাপন করি।

২। পিয়ারী—প্রিয়া, অনুরক্তা। ডরাসি—ভয় পাও।

৩। বহল—বহিতেছে। ভমএ—ঘুরিতেছে। পূরে—প্রবাহ।

৩। পএর—পদের।

৩। আতর—অন্তর। দুতর—দুস্তর। নরি—নদী। ঝাঁপ—গোপন।

২। পলটলি—ফিরিল।

৩। সাজি—সাজিয়াছে। মেরা—মিলন।

১। বিথার—বিস্তার।

৩। তঁহি—তথায়।

৪। পাশগণ বারি—পাশ সকল নিবারণ করিয়া।

ইথে যদি ন মিলল সে বর কান।
কহ সখি কৈসনে ধরব পরাণ ॥ ৫ ॥
কহ কবিশেখর সুন্দরি রাহি।
থৈরয ধর হম আনব যাহি ॥ ৬ ॥

৬৩

নিজ মন্দির সোঁ পদ দুই চারি।
ঘন হন বরিষ মহী ভর বারি ॥ ১ ॥
পথ পিছর বড় গরুয় নিতম্ব।
খস কত বেরী নহি অবলম্ব ॥ ২ ॥
বিজুরি ছটা দরশাবএ মেঘ।
উঠএ চাহ জলধারক থেঘ ॥ ৩ ॥
এক গুণে তিমির লাখ গুণে ভেল।
উতরহু দখিণ ভান দূর গেল ॥ ৪ ॥
এ হরি জানি করিয় মোকে রোষ।
আজুক বিলম্ব দৈব দিঅ দোষ ॥ ৫ ॥

৬৪

গমনে গমাউলি গরিমা
অগমনে জীবন সন্দেহ।
দিনে দিনে তনু অবসন ভেল
হিমকমলিনী সম নেহ ॥ ১ ॥
অবহু ন মধুরিপু
কি করতি সুন্দরী নাম।
বিনু দোষে মোহি বিসরলহুঁ
কহিনী রহতি বহু ঠাম ॥ ২ ॥
একদিশ কানু অওকাদিশ
সুবিতত বংশ বিশালা।
দুই পথ চঢ়লি নিতম্বিনী
সংশয় পড়ু কুলবালা ॥ ৩ ॥

পাঁচবাণ অতি আতয়
ধৈরযে করু মন থিরে।
আঁচরে মুহ দয়ে কাঁদয়
ঝাঁখ নয়ন বহ নীরে ॥ ৪ ॥

৬৫

পইরি মোঞে অইলিহুঁ যমুনা তরঙ্গ।
পথ লাঁঘল সাএ সহস ভুজঙ্গ ॥ ১ ॥
নিশি নিশাচর সঞ্চর সাথ।
ভাগে ন মোহি কেহু ধইলিহু হাথ ॥ ২ ॥
এত করি অইলিহুঁ জীব উপেখি।
তইঅও ন ভেলে মোহি মাধব দেখি ॥ ৩ ॥
তহি নহি পঢ়লিএ মদনক রীতি।
পিশুনক বচনে কইলি পরতীতি ॥ ৪ ॥
দূতী দম্পতি দুঅও অবোধ।
কাজ আলস দুহু পরম বিরোধ ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি শুন বরনারি।
ধৈরয কএ রহ মিলত মুরারি ॥ ৬ ॥

৬৬

কুসুমে রচিত শেযা দীপ রহল তেজা
পরিমল অগর চন্দনে।
যবে যবে তুয় মেরা নিফলে বহলি বেরা
তবে তবে পীড়লি মদনে ॥ ১ ॥
মাধব তোরি রাহি বাসক সজা।
চরণ শবদ জানে চৌদিশ আপএ কানে
পিয়া লোভে পরিণতি লজা ॥ ২ ॥

১। সোঁ—হইতে।
৩। পিছর—পিচ্ছিল। খস—পড়ে।
৩। থেঘ—অবলম্বন।
৪। উত্তর-দক্ষিণ জ্ঞান দূর হইল।
১। গমাউলি—হারাইলাম। গরিমা—গৌরব। অবসন—অবসন্ন।
২। অবহুঁ—এখনও। সুমরহ—স্মরণ করে। মধুরিপু—মাধব। করতি—করিবে, করিতেছে। মোহি—আমাকে। বিসরলহুঁ—বিস্মৃত হইল। রহতি—রহিবে।
৩। দিশ—দিকে। অওকাদিশ—অপর দিকে। সুবিতত—সুবিদিত। বিশালা—মহৎ। চঢ়লি—চড়িল। পড়ু—পড়িল।

৪। ঝাঁখ—শোকাকুল। আতয়—দহন করে, সন্তপ্ত করে। থিরে—স্থির।
১। পইরি—পার হইয়া। অইলিহুঁ—আসিলাম। সাএ—সই, সখি। সহস—সহস্র। লাঁঘল—লঙ্ঘন করিলাম।
২। মোহি—আমার। ধইলিহ—ধরিল। হাথ—হাত।
৩। তইঅও—তবুও।
৪। তহি—তিনি।
৫। দম্পতি—রাধা ও মাধব।
৬। মিলত—মিলিবে।
১। শেযা—শয্যা। অগর—অগুরু। বেরা—সময়।
২। বাসক সজা—বাসকসজ্জা। আপএ—অর্পণ করে।

অনিঅ সুজন নামে, অবধি ন চুকঅ ঠামে,
জনি বন পইসল হরি।
সে তুয় গমন আশে, নিন্দ ন আবে পাশে,
লোচন লাগল দেহরী ॥ ৩ ॥

৬৭

জাগল যামিক জন, চউদিশ গরজ ঘন,
শাশু নহি তেজঅ গেহা রে।
তইও সে চললে বুধিবলে কৌশলে
এত বড় তোহর সিনেহা রে ॥ ১ ॥
এ হরি তোহর ধৈরয যত সে সবে কহব কত
ধনী গেলি শূন সঁকেতা রে।
যদি ন অএলা হে তোহে ধনী সে কহলি কোহে
থোইয়া গেলি মালতী মালা রে ॥ ২ ॥
সগরি রজনী জাগি তুয় দরশন লাগি
তরুতর তিতলি বালা রে।
ভণই বিদ্যাপতি শুন বর যৌবতি
নীন্দ জগইতে সন্দেহা রে ॥ ৩ ॥

৬৮

কহ কহ সুন্দরি ন কর বেয়াজে।
পুরুব সুকৃত কে দহু পাওল
মদন মহাসিধি কাজে ॥ ১ ॥
মৃগমদ তিলক অগুরু অনুলেপিত
শামর বসন সমারি।
হেরহ পছিম দিশ কখন হোয়ত নিশ
গুরুজন নয়ন নিহারি ॥ ২ ॥
বিনু কারণ গৃহ করহ গতাগত
মুদি নয়ন অরবিন্দা।
অতি পুলকিত তনু বিহসি অকামিক
জাগি উঠলি সানন্দা ॥ ৩ ॥

চেতন হাথ লাথ নহি সম্ভব
বিদ্যাপতি কবি ভাণে।
রাজা শিবসিংহ রূপনরায়ণ
সকল কলারস জানে ॥ ৪ ॥

৬৯

সখি হে আজ যায়ব মোহি।
ঘর গুরুজন ডর ন মানব
বচন চুকব নহি ॥ ১ ॥
চন্দন আনি আনি অঙ্গে লেপব
ভূষণ কএ গজমোতি।
অঞ্জনবিহীন লোচনযুগল
ধরত ধবল জোতি ॥ ২ ॥
ধবল বসনে তনু ঝপাওব
গমন করব মন্দা।
যইও সগর গগনে উগত
সহসে সহসে চন্দা ॥ ৩ ॥
ন হমে কাহুক দিঠি নিবারবি
ন হম করব ওতে।
অধিক চোরী পর সঁও করিয়
এহে সিনেহক লোতে ॥ ৪ ॥
ভণে বিদ্যাপতি শুনহ যুবতী
সাহস সকল কাজে।
বুঝ শিবসিংহ রস রসময়
সুরমা দেবী সমাজে ॥ ৫ ॥

৭০

আজ পূর্ণিমা তিথি জানি মোয়ে ঐলিহু
উচিত তোহর অভিসার।
দেহ জোতি শশিকিরণ সমাইতি
কে বিভিনাবয় পার ॥ ১ ॥

৩। চুকঅ—ভুলিয়া যায়। দেহরী—দেউড়ি, অঙ্গন।

১। জাগল—জাগিয়া রহিয়াছে। যামিক জন—প্রহরী। শাশু—শ্বশ্রূ।

২। ধৈরয—স্থৈর্য্য। সঁকেতা—সঙ্কেত স্থান। কোহে—কেন। থোইআ—থুইয়া।

৩। তিতলি—ভিজিল।

২। শামর—নীল। সমারি—সম্বরণ করতঃ। পছিম—পশ্চিম।

৩। অকামিক—অকারণে।

৪। চেতন—চতুর। লাথ—ছলন।

১। মোহি—আমি। বচন চুকব—বাক্যভ্রষ্ট হইব।

৩। মন্দা—ধীরে। সগর—সকল। সহসে—সহস্র।

৪। কাহুক—কাহারও। দিঠি—দৃষ্টি। ওতে—গোপন। সঁও—সঙ্গে। সিনেহক—স্নেহের। এহে—ইহাই। লোতে—অপহৃত বস্তু।

৫। সমাজে—সঙ্গে।

১। মোয়ে—আমি। ঐলিহু—আসিয়াছি। সমাইতি—প্রবেশ করিবে। বিভিনাবয়—বিভিন্ন করিতে, প্রভেদ বুঝিতে।

সুন্দরি অপনহুঁ হৃদয় বিচারি।
আঁখি পসারি জগত হম দেখল
কে জগ তুয় সনি নারী ॥ ২ ॥
তোহেঁ জনু তিমির হিত কয় মানহ
আনন তোর তিমিরারি।
সহজ বিরোধ দূরে পরিহর ধনি
চল উঠি যতয় মুরারি ॥ ৩ ॥
দূতী বচন হিত কয় মানল
চালক ভেল পচবাণ।
হরি অভিসারে চললি বর কামিনী
বিদ্যাপতি কবি ভাণ ॥ ৪ ॥

৭১

রাহু মেঘ ভএ গরসল সূর।
পথ পরিচয় দিবসহি ভেল দূর ॥ ১ ॥
নহি বরিষয় অবসর নহি কোএ।
পুর পরিজন সঞ্চর নহি কোএ ॥ ২ ॥
চল চল সুন্দরি কর গএ সাজ।
দিবস সমাগম সপজত আজ ॥ ৩ ॥
গুরুজন পরিজন ডর কর দূর।
বিনু সাহসে অভিমত নহি পুর ॥ ৪ ॥
এহি সংসার সার বতু এহ।
তিল এক সঙ্গম যাব জীব নেহ ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি কবিকণ্ঠহার।
কোটিহু ন ঘট দিবস অভিসার ॥ ৬ ॥

৭২

গুরুজন কহি দুরজন সঞো বারি।
কৌতুকে কুন্দ করসি ফুল ধারি ॥ ১ ॥
কৈতবে বারি সখীজন সঙ্গ।
অহ অভিসার পুর রতিরঙ্গ ॥ ২ ॥
এ সখি বচন করহি অবধান
রাত কি করতি আরতি সমধান ॥ ৩ ॥
অন্ধ কূপ সম রয়নী বিলাস।
চোরক মন জনি বসয় বাস ॥ ৪ ॥
হরষিত হোএ লঙ্কাকে রাএ।
নাগর কি করতি নাগরী পাএ ॥ ৫ ॥

৭৩

দৃঢ় বিশোয়াসে তুয় পন্থ নিহারি।
যামুন কুঞ্জে রহল বনমারি ॥ ১ ॥
সুন্দরি মা কুরু মনোরথ ভঙ্গ।
অহ অভিসারে দ্বিগুণ থিক রঙ্গ ॥ ২ ॥
তুহু ধনি সহজহি পদুমিনী জাতি।
তোহর বিলম্ব উচিত নহ আতি ॥ ৩ ॥
ভুখল জন যদি ন পায়ব অন্ন।
বিফল ভোজন দিন অবসন্ন ॥ ৪ ॥
আরতি রতি দুহু নহ সমতুল।
গাহক আদর সবহু তহ মূল ॥ ৫ ॥
গএ মিল নাগরি যদুমণি পাহ।
কহ কবিরঞ্জন রস নিরবাহ ॥ ৬ ॥

৭৪

জলদ বরিষ ঘন দিবস অন্ধার।
রয়নী ভরমে হমে সাজু অভিসার ॥ ১ ॥
আসুর করমে সফল ভেল কায।
জলদহি রাখল দুহু দিশ লাজ ॥ ২ ॥
মঞে কি বোলব সখি অপন গেয়ান।
হাথিক চোরি দিবস পরমাণ ॥ ৩ ॥
মঞে দূতী মতি মোর হরাস।
দিবসহু কে যা নিজ পিয় পাশ ॥ ৪ ॥

২। পসারি—প্রসারিত। সনি—সদৃশ।
৩। অনু—না। যতয়—যেখানে।
১। গরসল—গ্রাস করিল। সূর—সূর্য্য। পথ পরিচয়—পথ চিনিতে অর্থাৎ নিরূপণ করিতে। দূর—দুরূহ।
৩। সাজ—সজ্জা। সপজত—সম্পূর্ণ হইবে।
৫। এহি—এই। বতু—বস্তু।
১। বারি—নিবারণ করিয়া। ধারি—ছুটাছুটি করা।
২। অহ—দিবা। পূর—পূর্ণ কর।
৪। বসয় বাস—বাস করে।
৫। রাএ—রাজা।
১। বিশোয়াসে—বিশ্বাসে। যামুন কুঞ্জ—যমুনার তীরবর্ত্তী কুঞ্জ।
২। অহ—দিবা।
৩। আতি—আসিতে।
৪। ভুখল—ক্ষুধিত।
৫। আরতি—আর্ত্তি। গাহক—গ্রাহক।
৬। যদুমণি—মাধব।
১। অন্ধার—অন্ধকার।
২। আসুর—আসুরিক। দুহু দিশ—দুই দিকের।
৪। হরাস—ত্রাস।

আরতি তোরি কুসুমশর রঙ্গ।
অতি জীবনে দেখিয় অভিসঙ্গ ॥ ৫ ॥
দূতী বচনে সুমুখী ভেল লাজ।
দিবস অএলাহু পরপূরুষ সমাজ ॥ ৬ ॥

৭৫

তপনক তাপে তপত ভেল মহীতল
তাতল বালুকা দহন সমান।
চঢ়ল মনোরথ ভাবিনী চলু পথ
তাপ তপন নহি জান ॥ ১ ॥
পেমক গতি দুরবার।
নবীন যৌবনী ধনি চরণ কমল জিনি
তইও কয়ল অভিসার ॥ ২ ॥
কুলগুণ গৌরব সতী যশ অপযশ
তৃণ করি ন মানয় রাধে।
মন মাহা মদন মহোদধি উছলল
বুড়ল কুল মরিযাদে ॥ ৩ ॥
কতহু বিঘিনি জিতল অনুরাগিণী
সাধন মনমথ তন্ত।
গুরুজন নয়ন নিবারইত সুবদনী
পাঠ করয় মন মন্ত ॥ ৪ ॥
কেলি কলাবতী কুসুমসরসিকূলে
কৌশলে করল পয়ান।
যত ছল মনোরথ পূরল মনমথ
ইহ কবিশেখর ভাণ ॥ ৫ ॥

৭৬

সুরত সমাপি শুতল বর নাগর
পানি পয়োধর আপি।
কনক শম্ভু জনি পূজি পূজারে
ধয়ল সরোরুহে ঝাঁপি ॥ ১ ॥
সখি হে মাধব কেলি বিলাসে।
মালতী রমি অলি নাই অগোরসি
পুনু রতিরঙ্গক আশে ॥ ২ ॥
বদন মেরাএ রহল মুখমণ্ডল
কমল মিলল জনু চন্দা।
ভমর চকোর দুঅও অরসায়ল
পীবি অমিয় মকরন্দা ॥ ৩ ॥
ভণই অমিকর শুনহ মধুরপতি
রাধাচরিত অপারে।
রাজা শিবসিংহ রূপনরায়ণ
সুকবি ভণথি কণ্ঠহারে ॥ ৪ ॥

৭৭

জলধর রুচি অম্বর পহিরাউলি
শ্বেত সারঙ্গ কর বামা।
সারঙ্গ অদন দাহিন কর মণ্ডিত
সারঙ্গ গতি চলু রামা ॥ ১ ॥
মাধব তোরে বোলে আনল রাহি।
সারঙ্গ ভাস পাশ সঞো আনলি
তোরিত পঠাবহ তাহি ॥ ২ ॥
শম্ভুঘরিণী বেরি আনি মেরাউলি
হরিসুত সুতধুনি ভেলা।
অরুণক জোতি তিমির পিবি উগল
চান্দ মলিন ভই গেলা ॥ ৩ ॥

৫। আরতি—অনুরাগ। অভিসঙ্গ—মিথ্যা অপবাদ।

১। তাতল—তপ্ত। দহন—অগ্নি।

৪। তন্ত—তত্ত্ব। মন্ত—মন্ত্র।

১। আপি—অর্পণ করিয়া। ২। পূজারে—পূজারী। ২। নাই—অবনত হইয়া। অগোরসি—আগলাইতেছে।

৩। মেরাএ—মিলাইয়া। রহল—রহিল। অরসায়ল—আলস্য বোধ করিল।

নাগরশ্রেষ্ঠ মাধব সুরত সমাপনান্তে রাধার পয়োধরে হস্তার্পণ করিয়া শয়ন করিল। বোধ হইল যেন পূজারী কনকশম্ভুর পূজা শেষ করিয়া তাহা পদ্ম দ্বারা আচ্ছাদন করিয়া রাখিল। হে সখি, মাধবের কেলিবিলাস দেখ। অলি যেরূপ মালতীকে রমণ করিয়া পুনর্ব্বার রতিরঙ্গের আশায় অবনত হইয়া আগলাইয়া থাকে, তদ্রূপ মাধবও মুখমণ্ডলে মুখ মিলাইয়া রাখিয়াছে; তাহাতে মনে হইতেছে, চন্দ্রের সহিত যেন পদ্ম মিলিত হইয়াছে। অমৃত ও মধু পান করিয়া চকোর ও ভ্রমর দুইজনেরই আলস্য বোধ হইয়াছে।

১। পহিরাউলি—পরাইলাম। সারঙ্গ—পদ্ম। সারঙ্গ অদন—ছাগলের ভক্ষ্য, পাণ। সারঙ্গ—হস্তী।

২। সারঙ্গ ভাস—পশুর রব।

৩। শম্ভুঘরিণী বেরি—সন্ধ্যার সময়। হরিসুত-সুতধুনি ভেল—হরি—ইন্দ্র—ইন্দ্রসুত—জয়ন্ত—তাহার সুত কাক; কাকসকল শব্দ করিল অর্থাৎ প্রভাত হইল।

৭৮

পরক পেয়সী আনলী চোরি।
শাতি অঙ্গিরলি আরতি মোরি ॥ ১ ॥
তোহি নহি ডর ওহি ন লাজ।
চাহসি সগরি নিশি সমাজ ॥ ২ ॥
রাখ মাধব রাখহ মোহি।
তোরিত ঘর পঠাবহ ওহি ॥ ৩ ॥
তোহে ন মানহ হমর বাধ।
পুহু দরশন হোইতি সাধ ॥ ৪ ॥
ওহও মুগুধি জানি ন জান।
সংশয় পড়ল পেম পরাণ ॥ ৫ ॥
তোহহু নাগর অতি গমার।
হঠে কি হোইহ সমুদ পার ॥ ৬ ॥

৭৯

গগনে মগন হোয় তারা।
তইঅও ন কানু তেজয় অভিসারা ॥ ১ ॥
অপনা সরবস লাথে।
আনক বোলি মুড়িয় দুহু হাথে ॥ ২ ॥
টুটল গ্রীম মোতিহারা।
বেকত ভেল অছি নখক্ষত ধারা ॥ ৩ ॥

১। অঙ্গিরলি—অঙ্গীকার করিয়াছিলাম।
২। ওহি—উহার। সগরি—সমস্ত।
৪। বাধ—নিষেধ।
৫। মুগুধি—মুগ্ধ।
৬। হঠ—বল প্রকাশ। সমুদ—সমুদ্র।

দূতী বলিতেছে, অপরের প্রেয়সীকে চুরি করিয়া লইয়া আসিয়াছি, তোমার কাতরতা দর্শনে এরূপ শাস্তি অঙ্গীকার করিয়াছিলাম, কিন্তু এখন দেখিতেছি তোমার ভয় নাই—উহারও লজ্জা নাই। তুমি কি উহাকে সমস্ত রাত্রি রাখিতে চাও। মাধব, আমাকে রক্ষা কর। উহাকে সত্বর গৃহে পাঠাইয়া দাও। তুমি আমার নিষেধ শুনিতেছ না, কিন্তু মনে থাকে যেন, আবার দর্শনের সাধ হইবে! ও ত মুগ্ধা, বুঝিয়াও বুঝিতে পারিতেছে না যে, প্রেমের জন্য প্রাণ সংশয় হইয়াছে। তুমিও নাগর, অতিশয় নির্ব্বোধ, মনে করিতেছ কি বল প্রকাশ করিয়া সাগর পার হইবে?

১। তইঅ—তথাপিও।
২। সরবস—সর্ব্বস্ব। লাথ—ছলনা। মুড়িয়—মর্দ্দন করে।
৩। গ্রীমা—গ্রীবা। ভেল অছি—হইয়াছে।

নহি নহি নহি পঞ ভাখে।
তইঅও কোটি যতন কর রাখে ॥ ৪ ॥
ভণহি বিদ্যাপতি বাণী।
এহি তিনহু মহ দূতী সয়ানী ॥ ৫ ॥

৮০

হে হরি হে হরি শুনিয় শ্রবণ ভরি
অব ন বিলাসক বেরা।
গগনে নখত ছল সেহো অবেকত ভেল
কোকিল করইছ ফেরা ॥ ১ ॥
চকবা মোর শোর কয় চুপ ভেল
ওঠ মলিন ভেল চন্দা।
নগরক ধেনু ডগরকই সঞ্চর
কুমুদিনী বসু মকরন্দা ॥ ২ ॥
মুখকের পাণ সেহো রে মলিন ভেল
অবসর ভল নহি মন্দা।
বিদ্যাপতি ভণ ইহো ন নিক থিক
জগ ভরি করইছ নিন্দা ॥ ৩ ॥

৮১

কুমুদবন্ধু মলিন ভাসা
চারু চম্পক অরুণ বিকাশা
শুদ্ধ পঞ্চম গাব কলরব
কলয়কণ্ঠী কুঞ্জ রে ॥ ১ ॥
রে রে নাগর যায় দেহে নিজ ঘর
ছোড় অঞ্চল যাব পথ নহি পথিক সঞ্চর
লাজ ডর নহি তো পরাণী
দে মেরানি রে ॥ ২ ॥

৪। ভাখে—ভাসে।
৫। তিনহু—তিনই। মহ—মধ্যে। সয়ানী—সেয়ানা।
১। অবেকেত—অব্যক্ত, অপ্রকাশ। ফেরা—ডাকাডাকি।
২। চকবা—চক্রবাক। মোর—ময়ূর। শোর—শোরগোল অর্থাৎ কোলাহল। ডগরকই—মাঠস্থিত পথ। সঞ্চর—সঞ্চরিত হইল অর্থাৎ বাহির হইল। বসু—বাস করিয়া রহিল।
১। কুমুদবন্ধু—চন্দ্র। ভাসা—আভাস।
২। তো—তোর। মেরানি—বিদায়।

শুনিয় দম্পাজনক রোরা
চক্ক চক্কী বিরহ খোরা
নিশি বিরামা সঘন
হক্কইত মুছুনা রে ॥ ৩ ॥
ধোয়ে গেল জনি নয়ন কজ্জল
অমিয় লয়ে জনি কমল উজ্জল
অবহু ন বল্লভ তুয় মনোরথ
কাম পুরও রে ॥ ৪ ॥
হৃদয় উখড়ু মোত্তিমহারা
নিফুল ফুল মালতী মালা
চন্দ্রসিংহ নরেশ জীবও
তাসু জম্পএ রে ॥ ৫ ॥

৮২

ন কহ ন কহ মিথ্যা অপবাদ।
সহজে যৌবন তাহে কুল মরিযাদ ॥ ১ ॥
সখী পরসঙ্গে নিশি জাগল হাম।
বিপরীত হোয় জনু গুরুকুল ঠাম ॥ ২ ॥
ঐসন বচন পুনু ন কহবি গোয়।
রহসহি বচন সাঁচ জনি হোয় ॥ ৩ ॥

৮৩

সখি হে তোতে মহর বহু সেবা।
ঐসন বাণী কবহু জনি বোলবি
জাতি কুল কিয়ে লেবা ॥ ১ ॥
গোকুল নগরে কানু রতি লম্পট
যৌবন সহজ হযারা।
তুহু সখি রভসে মোহে জনি বোলবি
লোক করব পতিয়ারা ॥ ২ ॥
কেশর কুসুম হেরি হম কৌতুকে
ভুজযুগে মেটল তাহি।
দাড়িম ভরমে পয়োধর উপর
পড়লহু কীর লোভাহি ॥ ৩ ॥
উভয় চকিত ভুজে ইতি উতি পেখল
তৈঁ বেশ তৈ গেল আন।
ইথে পরিবাদ কহসি মোহে বৈরিণী
ইহ কবিশেখর ভাণ ॥ ৪ ॥

৮৪

খর নদীবেগে ভাসলি নাই।
ধরয়ে ন পারথি বাল কান্হাই ॥ ১ ॥
তেঁ খসি যমুনা ভেলহু পার।
ফুটল বলয়া টুটল হার ॥ ২ ॥
এ সখি এ সখি ন বোল মন্দ।
নীরস বচনে বাড়ল দন্দ ॥ ৩ ॥
কুন্তল খসল যমুনা মাঝ।
তাহি জোহইতে পড়লি সাঁঝ ॥ ৪
অলক তিলক তেঁ বহি গেল।
সুধ সুধাকর বদন ভেল ॥ ৫ ॥
তটিনী তট ন পাইয় বাট।
তেঁ কুচ গাড়ল কঠিন কাঁট ॥ ৬ ॥
ভণে বিদ্যাপতি নিজ অবসাদ।
বচন কৌশলে জিনিয় বাদ ॥ ৭ ॥

৮৫

কুসুম তোড়য় গেলাহু যাহাঁ।
ভমরে অধর খণ্ডল তাহাঁ ॥ ১ ॥
তেঁ চলি অয়লাহুঁ যমুনাতীর।
পবনে হরল হৃদয় চীর ॥ ২ ॥

৩। দম্পাজনক—দম্পতীজনের। রোরা—রোল। চক্ক—চক্রবাক। চক্কী—চক্রবাকী। হক্কইত—হাঁকিয়া। মুছুনা—মূর্চ্ছনা।
৪। ধোয়ে—ধুইয়া।
৫। উখড়—ফুটিয়া চিহ্ন হওয়া। জম্পএ—জল্পনা করে
২। পরসঙ্গে—প্রসঙ্গে। গুরুকুল ঠাম—গুরুজনের নিকটে।
৩। সাঁচ—সত্য। রহসহি—রহস্যের।
১। সেবা—প্রণাম। লেবা—লইবে।
২। পতিয়ারা—প্রতীতি।
৩। কেশর—কিংশুক। মেটল—মর্দন।
৩। কীর—শুকপক্ষী। লোভাহি—লুব্ধ হইয়া।
৪। ইতি উতি—এ দিক্ ও দিক্। তৈঁ—সে।
১। নাই—নৌকা।
২। তেঁ—সেই জন্য। খসি—পড়িয়া। ভেলহু—হইলাম। ফুটল—ভাঙ্গিল। বলয়া—বলয়। টুটল—ছিঁড়িল।
৪। তাহি—তাহাকে। জোহইতে—খুঁজিতে।
৫। সুধ—শুদ্ধ।
৬। গাড়ল—ফুটিয়া গেল।
৭। জিনিয়—জয় কর।
১। তোড়য়—তুলিতে। যাহাঁ—যেখানে। তাহাঁ—সেখানে।
২। তেঁ—সেই জন্য।

এ সখি স্বরূপ কহল তোহি।
আন কিছু জনি বোলসি মোহি ॥ ৩ ॥
হার মনোহর বেকত ভেল।
উজর উরগ সংশয় গেল ॥ ৪ ॥
তেঁ ধসি ময়ূরে জোড়ল ঝাঁপ।
নখর গাড়ল হৃদয় কাঁপ ॥ ৫ ॥
ভণে বিদ্যাপতি উচিত ভাগ।
বচন পাটবে কপট লাগ ॥ ৬ ॥

৮৬

ননদী স্বরূপ নিরূপহ দোষে।
বিনু বিচারে বেভিচার বুঝওবহ
শাশু করওহ রোষে ॥ ১ ॥
কৌতুকে কমল নাল সঞো তোড়লি
করয়ে চাহল অবতংশে।
রোখে কোখ সঞো মধুকর ধাওল
তেঁহি অধর করু দংশে ॥ ২ ॥
সরোবর ঘাট বাট কণ্টক তরু
দেখহি ন পারল আগু।
সাঁকরি বাট উবটি কহু চললাহু
তেঁ কুচ কণ্টক লাগু ॥ ৩ ॥
গরুয় কুম্ভ শির থির নহি থাকএ
তেঁ উধসল কেশপাশে।
সখীজন সঞো হমে পাছু পড়লিহু
তেঁ ভেল দীঘ নিশাসে ॥ ৪ ॥
পথ অপবাদ পিশুনে পরচারল
তথিহুঁ উত্তর হমে দেলা।
অমরখ চাহি ধৈরয নহি রহলে
তেঁ গদ গদ স্বর ভেলা ॥ ৫ ॥

৩। জনি—না। ৫। ধসি—বেগে। জোড়ল—জুড়িল, দিল। গাড়ল—ফুটাইল।

১। স্বরূপ—আকৃতি। নিরূপহ—নিরূপণ কর। শাশু—শ্বশ্রূ। করওহ—করিবে;

২। নাল—মৃণাল। তোড়লি—ভাঙ্গিলাম। চাহল—চাহিলাম। রোখে—রোষে। কোখ সঞো—কোষ হইতে। ৩। সাঁকরি বাট—সঙ্কীর্ণ পথ। উবটি কহু—ফিরিয়া। ৪। গরুয় কুম্ভ—গুরুভার কলসী। উধসল—আলুথালু।

৫। পরচারল—প্রচার করিতেছিল। তথিহুঁ—তাহাতে। অমরখ চাহি—অমর্ষবশতঃ।

এক দিন অভিসারপ্রত্যাগতা রাধাকে দেখিয়া ননন্দা তিরস্কার করিতেছে; রাধা উত্তর দিতেছেন, ননদি, আমার আকৃতি অর্থাৎ দেহ দেখিয়া আমাকে

ভণই বিদ্যাপতি শুন বর যৌবতি
ননদী সঞো রসরীতি বঢ়াওব
ই সবে রাখহ গোই।
গুপুত বেকত নহি হোই ॥ ৬ ॥

৮৭

ননন্দা:—

যাহি লাগি গেলি তাহি কহা লইলি হে
তা পতি বৈরি পিতা কাঁহা।
অছলি হে দুখ সুখে কহহ অপনে মুখে
ভূষণ গমওলহ বাঁহা ॥ ১ ॥
সুন্দরি কি কএ বুঝাওব কন্তে।
যহিকা জনম হোইতে তোঁহে গেলি হে
অইলি হে তহিকা অন্তে ॥ ২ ॥

দোষী বলিয়া নিরূপণ করিতেছ কেন? বিনা বিচারে কি আমাকে ব্যভিচারিণী প্রমাণ করাইয়া শাশুড়ীর রোষের কারণ ঘটাইবে? আমার কি হইয়াছে শুন, আমি কৌতুক করিয়া মৃণাল হইতে পদ্ম ছিঁড়িয়া লইয়া শিরোভূষণ করিয়াছিলাম, সেই রাগে মধুকর কোষ হইতে বেগে বাহির হইয়া আমার অধরে দংশন করিয়াছে। সরোবরের সঙ্কীর্ণ পথে যে কন্টকতরু আছে, তাহা আগে দেখি নাই, সেই জন্ত পয়োধরে কণ্টক ফুটিয়া গিয়াছে। গুরুভার কলসী মস্তকে স্থির থাকে না, সেই জন্ত কেশকলাপ আলুথালু হইয়া গিয়াছে। সখীদের সহিত আসিতে আসিতে আমি পশ্চাতে পড়িয়াছিলাম, তাহাদের নিকটে আসিবার জন্ত আমাকে দৌড়াইতে হইয়াছিল, তজ্জন্ত আমার দীর্ঘনিশ্বাস পড়িতেছে। খল ব্যক্তিরা পথে আমার অপবাদ প্রচার করিতেছিল, আমি রাগ করিয়া ধৈর্য্য হারাইলাম, তজ্জন্ত আমার স্বর গদ গদ হইয়াছে। বিদ্যাপতি বলিতেছে, হে যুবতী-শ্রেষ্ঠ, এ সব গোপন করিয়া রাখ। ননন্দার সহিত রসরীতি বাড়াইবে; তাহা হইলে গুপ্ত কথা কখনও ব্যক্ত হইবে না।

১। হ্যাঁলো, তুই যাহার (জলের) জন্ত গমন করিয়াছিলি, তাহা (জল) কোথায় রাখিলি? তাহার (জলের) পতির (সমুদ্রের) বৈরীর (অগস্ত্যের) পিতাই বা (কুম্ভ) কোথায়?

২। কন্ত—কান্ত, স্বামী।

২। যাহার জন্ম হইলে (সূর্য্যোদয় হইলে) তুই জল আনিতে গিয়াছিলি, তাহার শেষ হইলে (সূর্য্যাস্ত হইলে) ফিরিয়া আসিলি।

রাধা—

যাঁহি লাগি গেলাহুঁ সে চলি আওল
তেঁ মোহি ধএলাহুঁ লুকাই।
সে চলি গেল তাহি লয়ে চললাহু
তেঁ পথে ভেলি অনেয়াই ॥ ৩ ॥
শঙ্করবাহন খেলি খেলাইতে
মেদিনীবাহন আগে।
যে সবে আছলি সঙ্গে সে সবে চললি ভঙ্গে
উবরি অএলাহু অছ ভাগে ॥ ৪ ॥
যাহি তুই খোজ করইছহ শাশুহি
সে মিলু অপনা সঙ্গে।
ভণই বিদ্যাপতি শুন বর যৌবতি
গুপুত নেহ রতিরঙ্গে ॥ ৫ ॥

৮৮

খণরি খণ মহঘি হই কিছু অরুণ নয়ন কই
কপাট ধরি মান সম্মান লেহি।
কনক জঞো পেম কসি পুন্থ পলটি বঙ্ক হসি
আধি সঞো অধরমধু পান দেহি ॥ ১ ॥
অরে রে ইন্দুমুখি অরুণকর পিয় হৃদয় খেদ হর
কুসুমশর রজ সংসার সারা ॥ ২ ॥
বচনে বস হোসি জনু সসরি ভিন হোইহ তনু
সহজে বরু ছাড়ি দেব শয়নসীমা।
প্রথম রস ভঙ্গ ভেলে লোভে মুখশোভ গেলে
বাঁধি ভুজপাশে পিয় ধরব গীমা ॥ ৩ ॥

যদি নয়ন কমলবর মুকুলকের কান্তি ধর
খর নখরঘাত কই সেহে বেলা।
পরম পদ লাভ সম মোদে চিরে হৃদয় রম
নাগরী সুরত সুখ অমিয় মেলা ॥ ৪ ॥
সরস কবি সুরস ভণে চারুতর চতুরপণে
নারী আরাহিয়ই পঞ্চবাণা।
সকল জন সুজনগতি রাণী লখিমাক পতি
রূপনরায়ণ শিবসিংহ জানা ॥ ৫ ॥

৮৯

হমর বচন শুন সাজনি।
মান করবি আদর জানি ॥ ১
যব কিছু পিয়া পুছব তোয়।
অবনত মুখ রহবি গোয় ॥ ২ ॥
যব পরিহরি চলয়ে চাহি।
কুটিল নয়নে হেরবি তাহি ॥ ৩ ॥
যব কিছু আদর দেখহ থোর।
ঝাপি দেখাওবি কুচ ওর ॥ ৪ ॥
বচন কহব কাঁদন মাখি।
মান করবি আদর রাখি ॥ ৫ ॥
যব করে ধরি নিকট আনি।
উহু উহু কএ কহবি বাণী ॥ ৬ ॥
ভণই বিদ্যাপতি সোই সে নারী।
মানক পিরীতি রাখয় পারি ॥ ৭ ॥

৯০

সখী অবলম্বনে চলবি নিতম্বিনি
থম্ভবি থম্ভ সমীপে।
যব হরি করে ধরি কোর বইসাওব
আঁচরে চোরায়বি দীপে ॥ ১ ॥
সখি মান ন রহত উদাসে।
শত সম্ভাষণে বচন ন পরকাশব
যেহন কৃপণ অশোয়াসে ॥ ২ ॥
লহু লহু হসি হসি মুখ মোড়বি
দশন দেখাওব হাসে।
বদন আধ বিনু সাধ ন পূরব
কুচ দরশাওব পাশে ॥ ৩ ॥

৩। ধএলাহুঁ—রাখিলাম। তেঁ—তাই। অনেয়াই—অন্যায়, অযথা।

৩। যাহার (জলের) জন্য গিয়াছিলাম, সে (বৃষ্টি) চলিয়া আসিল! সে (বৃষ্টি) চলিয়া গেলে তবে তাহা (জল) লইয়া আসিলাম।

৪। শঙ্করবাহন (বৃষ) পথে খেলা করিতেছিল। আর একটা মেদিনীবাহন (সর্প) সম্মুখে আসিল। উবরি—রক্ষা পাইয়া। ভাগে—ভাগ্যে।

৫। শাশুহি—শাশুড়ী।

১। খণরি খণ—ক্ষণকালের জন্য। কই—করিয়া। মহঘি—মহার্ঘ্য। কসি—কষিয়া, কষিত। আধি—অর্দ্ধ।

৩। হোসি—হোস, হইবি। সসরি—সরিয়া। বরু—বরং।

৪। মুকুলকের—মুকুলের। সেহে—সেই। মোদ—আনন্দ। মেলা—মিলন।

২। গোয়—গোপনে।

৪। ওর—সীমা, প্রান্ত।

১। চোরায়বি—ঢাকিবি।

২। রহত—থাকে। উদাস—অপেক্ষা। পরকাশব—প্রকাশ করিবি। অশোয়াসে—আশ্বাসে।

বহুবিধ আদরে পহুকে কাতর লখি
বিমুখী বইসব বামে।
করে কর ঠেলব আলিঙ্গন বারব
শেষ তেজি বইসব ঠামে ॥ ৪ ॥
করে কর জোরি মোরি তনু উঠব
অম্বর সম্বরি পীঠে।
ভণই বিদ্যাপতি উতকট সঙ্কট
উপজায়ব দীঠে ॥ ৫ ॥

৯১

কোপ করয়ে চাহ নয়নে নিহারি রহ
ধরিবা ন পারয় হাসে।
ন বোল পরুষ বাক ন মুখ অরুণ থাক
চাঁদ কি জলই হুতাসে ॥ ১ ॥
এ সখি মান করিবা ন জানে।
কত খণ শিখাউবি আনে ॥ ২ ॥
ন ন ন—ন ন ন ভন পিয়রে নখরে হন
যেও জান তথিহু লজাই।
ন কর ভৌহভঙ্গ ন ধরি মোলই অঙ্গ
খণহি সুলভ ভই যাই ॥ ৩ ॥
অপনে অথিক সুধি ন ধর পরের বুধি
বিষম কুসুমশর মায়া।
বিরহ শোষ ভেলে ভল হো অধর দেলে
রৌদ শোহাউনি ছায়া ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি হোইহ দূন রতি
পূজবতে পঞ্চবাণে।
রূপিণী দেবীপতি মতি শিরী রতিধর
সকল কলারস জানে ॥ ৫ ॥

৯২

দুরহি রহিয় করিয় মন আন।
নয়ন পিয়াসল হটল ন মান ॥ ১ ॥
হাস সুধারস তনু মুখ হেরি।
বাঁধলিএ বাঁধ নীবী কতি বেরি ॥ ২ ॥
কি সখি করব ধরব কি গোয়।
করিয় মান যদি আইতি হোয় ॥ ৩ ॥
ধসমস করয় রহও হিয় জাঁতি।
সগর শরীর ধরয় কত ভাঁতি ॥ ৪ ॥
গোপহি ন পারিয় হৃদয় উলাস।
মুনলাহু বদন বেকত হো হাস ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি তোর ন দোষ।
ভুখল মদন বঢ়াবয় রোষ ॥ ৬ ॥

৯৩

যতনে যাইয় পিয়া শয়নক পাশ।
মনে রহ মান করব কত রাশ ॥ ১ ॥
তনু কর পরশে ন রহয় গেয়ান।
নীবি কখন খুলয় কে জান ॥ ২ ॥
কোনে পরি পিয়া সঞো করব সখি গান।
মন মোর হরএ মধথ পচবাণ ॥ ৩ ॥
কি করব মান মো ন মন থির।
কামক আয়ত তরুণী শরীর ॥ ৪ ॥

৪। বামে—বিরূপ, অপ্রসন্ন। ঠামে—স্থানে।

১। পারয়—পারে।

২। শিখাউবি—শিখাইবে। আনে—অন্য ব্যক্তি।

৩। পিয়রে—প্রিয়কে। তথিহু—তথাপি। মোলই—মোড়ই, ফিরায়।

৪। অথিক—আছে। সুধি—বিবেচনা। বুধি—বুদ্ধি, জ্ঞান। শোষ—শুষ্ক। শোহাউনি—শোভন।

৫। হোইহ—হইবে। দূন—দ্বিগুণ। পূজবতে—পূজা করিতে। মতি—মন্ত্রী। শিরী—শ্রী।

১। রহিয়—থাকিয়া। আন—অন্য। পিয়াসল—পিপাসিত। হটল—নিষেধ।

২। তনু—তাহার। বাঁধলিএ—বাঁধা। বেরি—বার।

৩। ধরব—রাখিব। গোয়—গোপন করিয়া। আইতি—আয়ত্ত।

৪। ধসমস—ধড়ফড়, দুরু দুরু। রহও—রহি। হিয়—হৃদয়। জাঁতি—চাপিয়া। সগর—সমস্ত। ধরয়—ধরে। ভাঁতি—শোভা।

৫। গোপহি—গোপন করিতে। মুনলাহু—মুদিত করিলেও। বেকত—ব্যক্ত।

৬। ভুখল—ক্ষুধিত। বঢ়াবয়—বাড়ায়।

১। যাইয়—যাই। রাশ—রাশি।

৩। মধথ—মধ্যস্থ।

৪। মো—আমি। আয়ত—আয়ত্ত।

সখি, আমি যখন প্রিয় অর্থাৎ মাধবের শয্যার পার্শ্বে শয়ন করি, তখন মনে হয়, কত রাশি মান করিব, কিন্তু তাঁহার করস্পর্শে জ্ঞান থাকে না। নীবিবন্ধ কখন খুলিয়া যায়, তাহা জানিতেও পারি না। সখি, মাধবের উপর কি করিয়া মান করিব! মদন মধ্যস্থ হইয়া আমার মন হরণ করিয়া লয়। তরুণীর শরীর কামের বশীভূত, তজ্জন্য আমার মন অস্থির, সুতরাং কি করিয়া আমি মান করিব!

মান

১

লোচন অরুণ বুঝল বড় ভেদ।
রজনী উজাগর গরুয় নিবেদ ॥ ১ ॥
ততহি যাহ হরি ন করহ লাথ।
রজনী গমওলহ জহ্নিকে সাথ ॥ ২ ॥
কুচ কুঙ্কুম মাখল হিয়ে তোর।
জনি অনুরাগে রাঁগি করু গোর ॥ ৩ ॥
অনকে ভূষণে তোর কলঙ্ক।
বড়েও ভেদ মন্দেও পরসঙ্গ ॥ ৪ ॥
চিট গুড়ে চুপড়লি রাড়ক পোরি।
লওলে লোথে বেকত ভেল চোরি ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি বজবাহু বাধ।
বড়াক অন্যায় মৌন পয় সাধ ॥ ৬ ॥

২

কুঙ্কুম লওলহু নখখত গোই।
অধরে বিকাজর অয়লাহে ধোই ॥ ১ ॥
তইও ন রহল কপট বুধি তোরি।
লোচন অরুণে বেকত ভেলি চোরি ॥ ২ ॥
চল চল কহ্নাই বোল জনু আন।
পরতখ চাহি অধিক অনুমান ॥ ৩ ॥
জানহু প্রকৃতি বুঝহু গুণশীলা।
যত তোর মনোরথ মনসিজ লীলা ॥ ৪ ॥
ধন সোঁ যৌবন চতুরও জাতি।
কামিনী বিনু কইসে গেলি মধুরাতি ॥ ৫ ॥
বচনে নুকাবহ বেকতেও কাজে।
তোহে হসি হেরহ হম বড়ি লাজে ॥ ৬ ॥
অপথহু শপথ বুঝাবহ রাধে।
কোনে পরি খেওম শঠ অপরাধে ॥ ৭ ॥
ভণই বিদ্যাপতি পিয় অপরাধে।
উদঘট ন কর মনোরথ বাধে ॥ ৮ ॥
দেবসিংহ সুত এহো রস জানে।
রাজা শিবসিংহ লখিমা দেবী রমাণে ॥ ৯ ॥

৩

চল চল মাধব মঝু পরণাম।
চাতুরী ন রহ চতুরক ঠাম ॥ ১ ॥
অধরক জোতি মিলন ভই গেল।
তুয় অনুরূপ রমণী হরি লেল ॥ ২ ॥
সিন্দুরক বিন্দু ললাটহি লাগি।
গোপলি সুন্দরী নিজ অনুরাগি ॥ ৩ ॥
প্রতি অঙ্গে রতি চিন বেকত হোয়।
করতল চাঁদ ঝপাবয় কোয় ॥ ৪ ॥

৪

আধ মুদিত ভেল দুহু লোচন
বচন বোলত আধ আধে।
রতিক আলসে শ্যামতনু ঝামর
হেরি পুছল মোর সাধে ॥ ১ ॥
মাধব চল চল চল তহি ঠামে।
জসু পদযাবক হৃদয়ভূখণ
অবহুঁ জপত তসু নামে ॥ ২ ॥
কত চন্দন কত মৃগমদ কুঙ্কুম
তুয় কপোল রহ লাগি।
দেখি অনুরূপ শাতি কয়ল বিধি
অতএ মানিয় বহ ভাগি ॥ ৩ ॥

১। ভেদ—রহস্য। উজাগর—উজ্জ্বল। নিবেদ—জানাইতেছে।
২। লাথ—ছলনা। গমওলহ—যাপন করিয়াছ।
৩। হিয়ে—হৃদয়ে, বক্ষে। রাঁগি—রং দিয়া। গোর—গৌর—গৌরবর্ণ।
৪। অনকে—অন্যের।
৫। চিট—পিপীলিকা। চুপড়লি—চুপাইয়া। রাড়ক—রাড় দেশের লোক। পোরি—পুর। লওলে—আনীত। লোথে—অপহৃত বস্তু।
৬। বড়াক—গুরু। সাধ—সাধনা।
১। গোই—গোপনে। বিকাজর—কজ্জল। ধোই—ধুইয়া।
৩। চল চল—যাও যাও। আন—অন্য। পরতখ—প্রত্যক্ষ। চাহি—চেয়ে।
৬। নুকাবহ—লুকাইতেছ। বেকতেও—ব্যক্ত হইতেছে।
৭। অপথহু—অপথেও অর্থাৎ মন্দ কাজ করিয়াও। রাধে—রাধাকে।
৮। উদঘট—উদ্ঘাটন।
১। চল চল—যাও যাও। মঝু—আমার। পরণাম—প্রণাম।
৪। চিন—চিহ্ন। বেকত—ব্যক্ত।
১। ঝামর—মলিন।
২। পদযাবক—পদের অলক্তক চিহ্ন।
৩। শাতি—শাস্তি। ভাগি—ভাগ্য।

৫

সহস্র রমণী সোঁ ভরল তোহর হিয়
কবু তনি পরসি ন ত্যাগে।
সকল গোকুল জনি সে পুণমতি ধনী
কি কহব তাহেরি ভাগে ॥ ১ ॥
পদযাবক হৃদয়ে ভিন অছ
আওর করজ ক্ষত তাহে।
যাহি যুবতী সঙ্গে রয়নী গমওলহ
ততহি পলটি বরু যাহে ॥ ২ ॥
নয়নক কাজর অধরে চোরাওল
নয়ন অধরকহ রাগে।
বদলল বসন লুকাওব কত খণ
তিল এক কৈতব লাগে ॥ ৩ ॥
বড় অপরাধ উতর নহি সম্ভব
বিদ্যাপতি কবি ভাণে।
রাজা শিবসিংহ রূপনরায়ণ
সকল কলারস জানে ॥ ৪ ॥

৬

যাবে রহিয় তুয় লোচন আগে।
তাবে বুঝাবহ দৃঢ় অনুরাগে ॥ ১ ॥
নয়ন ওত ভেলে সবে কিছু আনে।
কপট হে মাধব কতি ক্ষণ বানে ॥ ২ ॥
বুঝল মধুরপতি ভল তুয় রীতি।
হৃদয়ে কপট মুখে করহ পিরীতি ॥ ৩ ॥
বিনয় বচন যত রস পরিহাস।
অনুভবে বুঝল হমে সেও পরিহাস ॥ ৪ ॥
হসি হসি করহ কি সব পরিহার।
মধু বিখে মাখল শর পরহার ॥ ৫ ॥

৭

এ ধনি মানিনি করহ সঞ্জাত।
তুয় কুচ হেম ঘট হার ভুজঙ্গিনী
তাক উপর ধর হাত ॥ ১ ॥
তোঁহে ছাড়ি হম যদি পরশ কর কোয়।
তুয় হার নাগিনী কাটব মোয় ॥ ২ ॥
হমরি বচনে যদি নহ পরতীত।
বুঝি করহ শাস্তি যে হোয় উচিত ॥ ৩ ॥
ভুজপাশে বান্ধি জঘন পর তাড়ি।
পয়োধর পাথর হিয় দেহ ভারি ॥ ৪ ॥
উর কারাগারে বান্ধি রাখ দিন রাতি।
বিদ্যাপতি কহ উচিত ইহ শাস্তি ॥ ৫ ॥

৮

ছোড়ল অভরণ মুরলী বিলাস।
পদতলে লুঠয়ে সে পীতবাস ॥ ১ ॥
যাক দরশ বিনু ঝরয় নয়ান।
অব নহি হেরসি তকর বয়ান ॥ ২ ॥
সুন্দরি তেজহ দারুণ মান।
সাধয় চরণে রসিক বরকান ॥ ৩ ॥
ভাগে মিলয় ইহ শ্যাম রসবন্ত।
ভাগে মিলয় ইহ সময় বসন্ত ॥ ৪ ॥
ভাগে মিলয় ইহ প্রেম সঙ্ঘাতি।
ভাগে মিলয় ইহ সুখময় রাতি ॥ ৫ ॥
আজু যদি মানিনি তেজবি কন্ত।
জনম গমাওবি রোই একন্ত ॥ ৬ ॥
বিদ্যাপতি কহ প্রেমক রীত।
যাচিত তেজি ন হোয় সমুচিত ॥ ৭ ॥

৯

তোহর বিরহ বেদন বাউর
সুন্দর মাধব মোর।
খন সচেতন খন অচেতন
খন নাম ধরু তোর ॥ ১ ॥
রামা হে তো বড় কঠিন দেহ।
গুণ অপগুণ ন বুঝি তেজলি
জগত দুলহ নেহ ॥ ২ ॥
তোহর কহিনী কহইতে জাগয়
শুতই দেখয় তোয়।
এ ঘর বাহির ধৈরয ন ধর
পথ নিরখিহি রোয় ॥ ৩ ॥

১। সোঁ—সহিত, দ্বারা। তনি—তাহাদিগকে।
২। করজ—নখ। গমওলহ—যাপন করিয়াছ। বরু—বরং।
৩। কৈতব—ছলবাক্য।
১। যাবে—যাবৎ।
২। ওত—অন্তরাল। বানে—মূল্য থাকে।
১। সঞ্জাত—সংযত, কৃতসংযম।
৩। নহ পরতীত—প্রতীতি না হয়, প্রত্যয় না কর।
৫। উর কারাগারে—হৃদয় কারাগারে।
২। ঝরয়—অশ্রুবর্ষণ করে। ৫। সঙ্ঘাতি—সংহতি।
১। বাউর—পাগল।
২। দুলহ—দুর্লভ।

কত পরবোধি ন মানের হসি
 ন কর ভোজন পান।
কাঠ মুরতি ঐসন অছয়
 কবি বিদ্যাপতি ভান॥ ৪॥

১০

দিবস তিল আধ রাখবি যৌবন
 বইহ দিবস সব যাব।
ভল মন্দ দুই সঙ্গ চলি যায়ব
 পর উপকার সে লাভ॥ ১॥
সুন্দরি হরিবধে তুহুঁ ভেলি ভাগী।
রাতি দিবস সোই আন নহি ভাবয়
 কাল বিরহ তুর লাগি॥ ২॥
বিরহ সিন্ধু মাহা ডুবইতে অছয়
 তুয় কুচ কুম্ভে নখ দেই।
তুহুঁ ধনী গুণবতী উধার গোকুলপতি
 ত্রিভুবন ভরি যশ লেই॥ ৩॥
লাখ লাখ নাগরী যে কানু হেরই
 সে শুভ দিন কয় মান।
তুর অভিমান লাগি সোই আকুল
 কবি বিদ্যাপতি ভাণ॥ ৪॥

১১

সখি হে ন বোল বচন আন।
ভল ভল হম অলপে চিহ্নল
 যৈসন কুটিল কান॥ ১॥
কাঠ কঠিন কয়ল মোদক
 উপরে মাখল গুড়।
কনয় কলস বিখে পূরল
 উপর দুধক পুর॥ ২॥
কানু সে সুজন হম দুরজন
 তকর বচনে যাব।
হৃদয় মুখে এক সমতুল
 কোটিকে গোটেক পাব॥ ৩॥
যে ফুলে তেজসি সে ফুলে পূজসি
 সে ফুলে ধরসি বাণ।
কামুক বচন ঐসন চরিত
 কবি বিদ্যাপতি ভাণ॥ ৪॥

১২

হরি বড় গরবী গোপ মাঝে বসই।
ঐসে করবি যৈসে বৈরী ন হসই॥ ১॥
পরিচয় করব সময় ভল চাই।
আজু বুঝব সখি তুয় চতুরাই॥ ২॥
পহিলহি বৈঠবি শ্যাম করি বাম।
সঙ্কেতে জনাওব মঝু পরণাম॥ ৩॥
পুছইতে কুশল উলটায়ব পাণি।
বচন ন বান্ধব শুনহ সয়ানি॥ ৪॥
হরি যদি ফেরি পুছয় ধনি তোয়।
ইঙ্গিতে বেদন ন জনায়ব মোয়॥ ৫॥
যব চিতে দেখব বড় অনুরাগ।
তৈখনে জনায়ব হৃদয়ে জনি লাগ॥ ৬॥
সখীগণ গণইতে তুহু সে সয়ানি।
তোহে কি শিখায়ব চতুরিম বাণী॥ ৭॥
বিদ্যাপতি কবি ইহ রস ভাণ।
মান রহুক পুনু যাউ পরাণ॥ ৮॥

১৩

শুনইত ঐসন রাহিক বাণী।
নাগর নিকট সখী কয়লি পয়াণি॥ ১॥
দূর সঞো সে সখি নাগর হেরি।
তোরই কুসুম নিহারই ফিরি॥ ২॥
হেরইতে নাগর আওল তাহি।
কি করহ এ সখি আওল কাহি॥ ৩॥
হমর বচন কিছু কর অবধান।
তুহু যদি কহসি সে মানিনী ঠাম॥ ৪॥
শুনি কহে সে সখী নাগর পাশ।
বিদ্যাপতি কহ পূরল আশ॥ ৫॥

১৪

এ ধনি মানিনি কঠিন পরাণী।
এতহু বিপদে তুহু ন কহসি বাণী॥ ১॥
ঐসন নহ হোয় প্রেমক রীত।
অবকে মিলন হোয় সমুচিত॥ ২॥
তোহর বিরহে যব তেজব পরাণ।
তব তুহুঁ কা সঞে সাধবি মান॥ ৩॥
কে কহে কোমল অন্তর তোয়।
তুয় সম কঠিন হৃদয় নহি হোয়॥ ৪॥

২। সোই—সে। আন নহি ভাবয়—অন্য কিছু ভাবে না।
৩। মাহা—মাহ, মধ্যে। যশ লেই—যশ গ্রহণ কর।
২। বিখে—বিষে। ৩। কোটিকে গোটেক—এক কোটির মধ্যে এক জন।

১। নাগর—নাথ, প্রেমিক পুরুষ। কয়লি পয়াণি—প্রয়াণ করিল, গমন করিল।
২। অবকে—এখন, এইক্ষণে।
৩। কা সঞে—কাহার সহিত।

অব যদি ন মিলহ মাধব সাথ।
বিদ্যাপতি তব ন কহব বাত ॥ ৫ ॥

১৫

হরি পরসঙ্গ ন কর মঝু আগে।
হম নহি নায়রী ভয়া মাধব লাগে ॥ ১ ॥
যকর মরমে বৈসয় বরনারী।
তা সঞে পিরীতি দিবস দুই চারি ॥ ২ ॥
পহিলহি ন বুঝল এত সব বোল।
রূপ নিহারি পড়ি গেল ভোল ॥ ৩ ॥
আন ভাবইতে বিহি আন ফল দেল।
হার ভরমে ভুজঙ্গম ভেল ॥ ৪ ॥
এ সখি এ সখি যব রহুঁ জীব।
হরি দিকে চাহি পানি নহি পিব ॥ ৫ ॥
হম জঞো জানিতঞো কানুক রীত।
তব কিয় তা সঞো বাঁধয় চিত ॥ ৬ ॥
হরিণী জানয় ভল কুটুম্ব বিবাধ।
তবহু ব্যাধক গীত শুনইতে করু সাধ ॥ ৭ ॥
ভণই বিদ্যাপতি শুন বরনারি।
পানি পিয়ে কিয় জাতি বিচারি ॥ ৮ ॥

১৬

অবনত বয়নী ধরণী নখে লেখি।
যে কহ শ্যাম নাম তাহি নহি পেখি ॥ ১ ॥
অরুণ বসন পরি বিগলিত কেশ।
অভরণ তেজল ঝাঁপল বেশ ॥ ২ ॥
নীরস অরুণ কমলবর বয়নী।
নয়ন নোরে বহি যাওত ধরণী ॥ ৩ ॥
ঐসন সময় আওল বনদেবী।
কহয় চলহ ধনী ভানুক সেবি ॥ ৪ ॥
অবনত বয়নী উতর নহি দেল।
বিদ্যাপতি কহ সে চলি গেল ॥ ৫ ॥

১৭

কাঁ লাগি বদন ঝাঁপসি সুন্দরি
হরল চেতন মোর।
পুরুখ বধক ভয় ন করহ
ই বড় সাহস তোর ॥ ১ ॥
মানিনি আকুল হৃদয় মোর।
মদন বেদন সহইত ন পারিয়
শরণ লেল তোর ॥ ২ ॥
কিয় গিরিবর কনয় কটোর
তা দেখি লাগয় ধন্দ।
হিয়াক উপর শম্ভু পূজিত
বেঢ়ি বালক চন্দ ॥ ৩ ॥
কর কমলে পরশইত চাহিয়
বিহি নহ যদি বামা।
তোহর চরণে শরণ লেল
সদয় হোয়ব রামা ॥ ৪ ॥
চঞ্চল দেখিয় আকুল ভেল
ব্যাকুল ভেল চিত।
কহ বিদ্যাপতি শুনহ যুবতি
কানুকে করহ হিত ॥ ৫ ॥

১৮

কত কত অনুনয় করু বর নাহ।
ও ধনী মানিনী পলটি ন চাহ ॥ ১ ॥
বহুবিধ বাণী বিলপয় কান।
শুনইতে শত গুণ বাঢ়য় মান ॥ ২ ॥
গদগদ নাগর হেরি ভেল ভীত।
বচন ন নিকসয় চমকিত চিত ॥ ৩ ॥
পরশইত চরণ সাহস ন হোয়।
করজোরি ঠাঢ়ি বদন পুন জোয় ॥ ৪ ॥
বিদ্যাপতি কহ শুন বরকান।
কি করবি তুহুঁ অব দুর্জ্জয় মান ॥ ৫ ॥

১৯

পীন কনয়া কুচ কঠিন কঠোর।
বঙ্কিম নয়নে চিত হরি লেল মোর ॥ ১ ॥
পরিহর সুন্দরি দারুণ মান।
আকুল ভ্রমর করউ মধুপান ॥ ২ ॥
এ ধনি সুন্দরি করে ধরি তোর।
হঠ ন করহ মহত রাখ মোর ॥ ৩ ॥
পুনু পুনু কত যে বুঝায়ব বার বার।
মদন বেদন হম সহই ন পার ॥ ৪ ॥

১। মঝু—আমার।
৩। পহিলহি—প্রথমে। বোল—কথা। পড়ি গেল ভোল—বিহ্বল হইলাম। ৪। আন—অন্য, আর। ভরমে—ভ্রমে।
৭। বিবাধ—বন্ধন, অবরোধ, নিগ্রহ।
৮। বরনারী—শ্রেষ্ঠ রমণী।
১। ঝাঁপসি—ঢাকিতেছ।

১। করু—করে। বর—সুন্দর। নাহ—নাথ।
৩। নিকসয়—বাহির হয়। ৪। ঠাঢ়ি—দণ্ডায়মান থাকিয়া। জোয়—জোহে, অনুসন্ধান করে।
১। পীন—স্থূল। ৩। হঠ—বল প্রকাশ।

ভণই বিদ্যাপতি তুহুঁ সব জান।
আশা ভঙ্গ দুখ মরণ সমান॥ ৫

২০

শুন মাধব রাধা গোয়ালিনী ভেল।
যতনহি কত পরকার বুঝাওল
তইও সমতি নহি দেল॥ ১॥
তোহর নাম শুনয় যব সুন্দরী
শ্রবণ মুদই দুই পাণি।
তোহর পিরীতি যে নব নব মানয়
সে পুছয় অব ন বাণী॥ ২॥
তোহর কেশ কুসুম তৃণ তাম্বুল
ধয়লহু রাহিক আগে।
কোপে কমলমুখী পলটি ন হেরল
বৈসলি বিমুখ বিরাগে॥ ৩॥
এহন বুঝি কুলিশ সার তসু অন্তর
কৈসে মিটায়ব মান।
বিদ্যাপতি কহ বচন অব সমুচিত
আপে সিধারহ কান॥ ৪॥

২১

সখি হে বুঝল কাহ্নু গোঁয়ারে।
পিতড়ক টার কাজ দহ কওন লহ
উপর চকমক সারে॥ ১॥
হম তোঁ কএল মন গেলহি হোয়ত ভল
হম ছল সুপুরুখ ভানে।
তোহরে বচন সখি কএল আঁখি দেখি
অমিয় ভরমে বিষ পানে॥ ২॥
পশুক সঙ্গে হুনি জনম গমাওল
সে কি বুঝথি রতিরঙ্গে।
মধু যামিনী মোরি আজে নিফলে গেলি
গোপ গমারক সঙ্গে॥ ৩॥

৩। কেশ কুসুম তৃণ তাম্বুল প্রেরণে কৃষ্ণ সঙ্কেতে এই কহিয়াছেন যে, "অপরাধ করিয়াছিলাম, তজ্জন্য কেশমুণ্ডনে প্রস্তুত আছি, ক্ষমা করিয়া অনুরাগ-প্রেরিত কুসুম গ্রহণ কর। দন্তে তৃণ করিয়া বলিতেছি, এরূপ অপরাধ আর কখনও করিব না। আমার প্রণয়ের ও তোমার ক্ষমার নিদর্শনস্বরূপ এই তাম্বুল গ্রহণ কর।

১। গোয়ার—গোঁয়ার, গ্রামবাসী মূঢ় ব্যক্তি। পিতড়ক টার—পিতলের তাড় (এক প্রকার অলঙ্কার) কি কাজে আসিবে?

৩। হুনি—উনি, ঐ ব্যক্তি। বুঝথি—বুঝিবে। নিফল—নিষ্ফল।

তোহর বচনে কূপ খস জোরল
তেঁ হমে গেলিহু অবাটে।
চন্দন ভরমে সিমর আলিঙ্গল
সালি রহল হিয় কাঁটে॥ ৪॥
ভণই বিদ্যাপতি হরি বহুবল্লভ
কয়ল বহুত অপমানে।
রাজা শিবসিংহ রূপ নরায়ণ
লখিমাপতি রস জানে॥ ৫॥

২২

কাঞ্চন জ্যোতি কুসুম পরকাশ।
রতন ফলব বোলি বঢ়াএল আশ॥ ১॥
তরুর মূলে দেল দুধক ধার।
ফলে কিছু ন হেরিয় ঝনঝনি সার॥ ২॥
জাতি গোয়ালিনী হম মতিহীন।
কুজনক পিরীতি মরণ অধীন॥ ৩॥
হা হা বিধি মোর এত দুখ দেল।
লাভকলাগি মূল ডুবি গেল॥ ৪॥
কবি বিদ্যাপতি ইহ অনুমান।
কুকুরক লাঙ্গুল ন হোয় সমান॥ ৫॥

২৩

মানিনি অরুণ পুরবদিশা বহলি সগরি নিশা
গগন মগন ভেল চন্দা।
মুদি গেল কুমুদিনী তইঅও তোহর ধনি
মুদল মুখ অরবিন্দা॥ ১॥
চান্দ বদন কুবলয় দুহু লোচন
অধর মধুরী নিরমাণে।
সকল শরীর কুসুমে তুয় সিরজল
কিয়ে দহ হৃদয় পখাণে॥ ২॥
অশকতি কয়হ কঙ্কণ নহি পরিহহ
হার হৃদয় ভেল ভারে।
গিরি সম গরুয় মান নহি মুঞ্চসি
অপুরুব তুয় বেবহারে॥ ৩॥

৪। কূপ খস জোরল—কূপে পতিত হইলাম। সিমর—শিমূল। সালি—শাল, শেল।

৫। বহুবল্লভ—বহু নারীর পতি।

১। তইঅও—তথাপি। তোহর—তোর।

২। মধুরী—বান্ধুলী পুষ্প। তুয়—তোর।

৩। অশকতি—অশক্তি। পরিহহ—পর, পরিধান কর। গরুয়—গুরু, ভারি। মুঞ্চসি—মোচন করিতেছ। অপুরুব—অপূর্ব্ব।

অবগুণ পরিহরি হেরহ হরখি ধনি
মানক অবধি বিহানে।
রাজা শিবসিংহ রূপনরায়ণ
কবি বিদ্যাপতি ভাণে ॥ ৪ ॥

২৪

সুন্দর কুলশীল ধনী বর যুবক
কি করব লোচনহীনে।
কি করব তপ জপ দান ব্রত আদিক
যদি করুণা নহি দীনে ॥ ১ ॥
এ সখি বুঝি কহসি কটু বাণী।
ঐসন এক গুণ বহু দোষ নাশই
এক দোষে বহু গুণ হানি ॥ ২ ॥
গরল সহোদর গুরুপত্নী হর
রাহু বদন উগারা।
বিরহ হুতাশন বারিজ নাশন
শীল গুণে শশী উজিয়ারা ॥ ৩ ॥
পরসুতে অংকিত যতন নহি নিজ সুতে
কাক উচ্ছিষ্ট রস পানি।
সে সব অবগুণ ঢাকল একল পিক
বোলত মধুরিম বাণী ॥ ৪ ॥
কামুক পিরীতি কি কহব এ সখি
সব গুণ মূল অমূলে।
বংশী পরশি শপতি শত শত
তবহি প্রতীত নহি বোলে ॥ ৫ ॥
পুন পরিরম্ভণ চুম্বন কোরে করি
সঙ্কেত কর বিশোয়াসে।
আন রমণী সঞে সে নিশি বঞ্চল
মোহে করল নিরাশে ॥ ৬ ॥
অনলহু অধিক মঝু তনু দহই
রতি চিন দেখি এত অঙ্গে।
বিদ্যাপতি কহ জীউ নিকসব
তবহু ন মিলব হরিসঙ্গে ॥ ৭ ॥

২৫

শুন শুন মাধব নিরদয় দেহ।
ধিক রহু ঐসন তেহর সিনেহ ॥ ১ ॥
কাহে কহলি তুহু সঙ্কেত বাত।
যামিনী বঞ্চলি আনহি সাথ ॥ ২ ॥
কপট নেহ করি রাহিক পাশ।
আন রমণী সঞো করহ বিলাস ॥ ৩ ॥
কে কহ রসিকশেখর বরকান।
তুহুঁ সম মুরুখ জগতে নহি আন ॥ ৪ ॥
মাণিক তেজি কাচে অভিলাষ।
সুধাসিন্ধু তেজি খারে পিয়াস ॥ ৫ ॥
ক্ষীরসিন্ধু তেজি কূপে বিলাস।
ছিয় ছিয় তোহর রভসময় ভাষ ॥ ৬ ॥
বিদ্যাপতি কবি চম্পতি ভাণ।
রাহি ন হেরব তোহর বয়ান ॥ ৭ ॥

২৬

মনসিজ বাণে মোর হরল গেয়ানে।
বোললহু তোহে মোরি দোসরি পরাণে ॥ ১ ॥
বচনহু চুকলসি আবে কি ছড়া।
সমুখ নিহারসি সাহস বড়া ॥ ২ ॥
কি তোহি বোলিবো কান কি বোলিবঞো তোহি।
বেরি বেরি কত পরিপঞ্চসি মোহি ॥ ৩ ॥
ভাঙ্গিলে ভাষা তোড়িলে আশা।
আবে কাহে করসি তোঞে মুখ পরকাশা ॥ ৪ ॥
লাজক অপগমে চিহ্নলি জাতি।
পেম করহ অনতএ গেলি রাতি ॥ ৫ ॥
খণ্ডিত যুবতী কবি বিদ্যাপতি ভাণে।
পেয়সী বচনে লজাওল কানে ॥ ৬ ॥

৪। অবধি—সীমা। বিহানে—প্রাতঃকালে।

৩। গরল-সহোদর—ক্ষীরোদমন্থনকালে চন্দ্র ও গরল একই সমুদ্র হইতে উঠিয়াছিল, সুতরাং শশীকে গরল সহোদর বলা হইয়াছে। গুরুপত্নী—বৃহস্পতির পত্নী তারাকে চন্দ্র হরণ করিয়াছিলেন। রাহুর মুখ হইতে উদ্গারিত। বারিজ—পদ্ম। উজিয়ারা—উজ্জ্বল।

৪। পানি—পান। অবগুণ—দোষ।

৬। বিশোয়াসে—বিশ্বাসে। মোহে—আমাকে।

৭। অনলহু—অনলেরও। চিন—চিহ্ন।

১। সিনেহ—স্নেহ।

২। আনহি—অন্যের।

৩। নেহ—স্নেহ, প্রেম।

৪। মুরুখ—মূর্খ।

১। গেয়ান—জ্ঞান।

২। চুকলসি—ভুল করিলে। ছড়া—ছাড়া, বাকি। সমুখ—সম্মুখ। বড়া—বড়, অধিক।

৩। পরিপঞ্চসি—বঞ্চনা করিতেছ।

৪। পরকাশা—প্রকাশ।

৫। চিহ্নলি—চিনিয়াছি। অনতএ—অন্যত্র। গেলি—গত।

৬। খণ্ডিতা—স্বামীর পরবনিতাসঙ্গ-চিহ্ন দর্শনে ঈর্ষাতুরা স্ত্রী। পেয়সী—প্রেয়সী।

রূপনরায়ণ এহু রস জানে।
রাজা শিবসিংহ লখিমা দেবী রমাণে ॥ ৭ ॥

২৭

পরিজন পুরজন বচনক রীতি।
পেম লুবুধ মন ভেলি পরতীতি ॥ ১ ॥
নিজ অপরাধ বোলত কি আনে।
কুমুদহি ভেল কমলকে ভানে ॥ ২ ॥
এহি অনুভবি বুঝল স্বরূপে।
নয়ন অছইতে নিমজলিহু কূপে ॥ ৩ ॥
যদি তোহে মাধব সহজ বিরাগী।
লোচন গীম কয়ল কথি লাগি ॥ ৪ ॥
পুনু জনু বোলহু অইসনি ভাষা।
কাহুক কৌতুকে কাহু নিরাশা ॥ ৫ ॥
নহি নহি বোলহ দরশহ কোপে।
যতনে জনাএ করইছহ গোপে ॥ ৬ ॥
পরতখ গোপব কে পতিআউ।
বরু মনমথশরে জীবন যাউ ॥ ৭ ॥
ভনই বিদ্যাপতি এহু রস ভাণে।
পুহবিহি অবতরু নব পচবাণে ॥ ৮ ॥
রূপনরায়ণ এহু রসমন্তা।
গুণনিবাস লখিমা দেবী কন্তা ॥ ৯ ॥

২৮

আদরে অধিক কাজ নহি বন্ধ।
মাধব বুঝল তোহর অনুবন্ধ ॥ ১ ॥
আশা রাখহ নয়ন পঠাএ।
কত খণ কৌশলে কপট নুকাএ ॥ ২ ॥
চল চল মাধব তোহ যে সয়ান।
তাকে বোলিঅ যে উচিত ন জান ॥ ৩ ॥
কষিয় কষৌটী চিহ্নিঅ হেম।
প্রকৃতি পরেখিয় সুপুরুখ পেম ॥ ৪ ॥
পরিমলে জানিয় কমল পরাগ।
নয়নে নিবেদিয় নব অনুরাগ ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি নয়নক লাজ।
আদরে জানিয় আগিল কাজ ॥ ৬ ॥

২৯

মাধব বুঝল তোহর নেহ।
ওর ধরইত হম রাখি ন পারিয়
আশা কি জই দেহ ॥ ১ ॥
তো সন মাধব অতি গুণাকর
দেখইত অতি অমোল।
যেহন মধুক মাখল পাথর
তেহন তোহর বোল ॥ ২ ॥
ই রীতি দএ হম পিরিতি লাওল
যোগ পরিণত ভেল।
অমৃত বথি হম লতা লাওল
বিষে ফলি ফলি গেল ॥ ৩ ॥
ভণ বিদ্যাপতি শুন রমাপতি
সকল গুণনিধান।
অপন বেদন তাহি নিবেদিয়
যে পরবেদন জান ॥ ৪ ॥

৩০

প্রথমহি গিরি সম গৌরব ভেল।
হৃদয়হু হার আঁতর নহি দেল ॥ ১ ॥
সুপুরুষ বচন কয়ল অবধান।
ভল মন্দ দুঅও বুঝব অবসান ॥ ২ ॥
চল চল মাধব ভলি তুয় রীতি।
পিশুন বচনে পরিহরলি পিরীতি ॥ ৩ ॥
পরক বচনে আপল কান।
তহি খণে জানল সময় সমান ॥ ৪ ॥

১। ভেলি—হইল। পরতীতি—প্রতীতি।
২। কমলকে ভানে—কমল-ভ্রমে।
৩। নিমজলিহু—নিমজ্জিত হইলাম।
৪। তোহে—তুমি। কথি লাগি—কিসের জন্য।
৭। পতিআউ—প্রত্যয় করিবে। বরু—বরং, ভাল।
১। বন্ধ—বাঁধা, রক্ষা। অনুবন্ধ—অনুরোধ।
৩। সয়ান—সেয়ানা, চতুর।
৪। কষিয়—কষিয়া। কষৌটী—কষ্টিপাথর। চিহ্নিঅ—চিনি। পরেখিয়—পরীক্ষা করে।
৫। নিবেদিয়—নিবেদন করে।
১। ওর—শেষ। ধরইত—ধরিয়া। পারিয়—পারি। জই—যাইতে। দেহ—দিলাম।
২। সন—তুল্য। দেখইত—দেখিতে। অমোল—অমূল্য। মাখল—মাখাল।
৩। লাওল—লাগাইলাম। বথি—বোধ করিয়া। ফলি—ফলিয়া।
১। আঁতর—অন্তরাল।
২। অবসান—শেষে।
৩। চল চল—যাও যাও।
৪। আপল—অর্পণ করিলে।

আবে অপদহু হরি তেজ অনুরোধ।
কাহু কা জনু হো বিহিক বিরোধ ॥ ৫ ॥
ন ভেলে রঙ্গ রভস দূর গেল।
ইথি হম খেদ একও নহি ভেল ॥ ৬ ॥
এক পএ খেদ যে মন্দা সমাজ।
ভলেহু তেজল আবে আঁখিক লাজ ॥ ৭ ॥
ভণই বিদ্যাপতি হরি মনে লাজ।
কাহু কা জনু হো মন্দা সমাজ ॥ ৮ ॥

৩১

অহনিশি বচনে জুড়ওলহু কান।
সুচিরে রহত সুখ ই ভেল ভান ॥ ১ ॥
আব দিনে দিনে হে বুঝল বিপরীত।
লাজ গমাএ বিকল ভেল চিত ॥ ২ ॥
বিহিক বিরোধে মন্দ সঞো ভেট।
ভাঁড় ছুইল নহি ভরলে পেট ॥ ৩ ॥
লোভে করিঅ হে মন্দ যত কাম।
সে ন সফল হোয় জঞো বিহি বাম ॥ ৪ ॥

৩২

বোললি বোল উত্তিম পএ রাখ।
নীচ সবদ জন কি নহি ভাখ ॥ ১ ॥
হমে যে উত্তিম কুল গুণমতী নারী।
এত বা নিজ মনে করহ বিচারি ॥ ২ ॥
সিনেহ বঢ়াওল সুপুরুষ জানি।
দিনে দিনে কএলহ আশা হানি ॥ ৩ ॥
কত ন জগত অছ রসমতী ফুল।
মালতী মধু মধুকর পএ ভুল ॥ ৪ ॥
গেল দিন পুনু পলটি ন আব।
অবসর বহলা রহ পচতাব ॥ ৫ ॥

৩৩

ঝটক ঝাটল ছোড়ল ঠাম।
কয়ল মহাতরু তর বিশরাম ॥ ১ ॥
তে জানল জীব রহত হমার।
শেষ ডার টুটি পড়ল কপার ॥ ২ ॥
চল চল মাধব কি কহব জানি।
সাগর অছল থাহ ভেল পানি ॥ ৩ ॥
হম যে অনওলে কি ভেল কাজ।
গুরুজনে পরিজনে হোয়ত লাজ ॥ ৪ ॥
হমরে বচনে যে তোহহি বিরাম।
ফেকলেও ঢেব পাব পুনু ঠাম ॥ ৫ ॥

৩৪

সুপুরুষ ভাষা চৌমুখ বেদ।
এত দিন বুঝল অছল নহি ভেদ ॥ ১ ॥
নিতহি অছ সব মন জাগ।
তোহি বোলি বিসরল হমর ভাগ ॥ ২ ॥
চল চল মাধব কি কহব জানি।
সময়ক দোষে আগি বম পানি ॥ ৩ ॥
রয়নিক বন্ধব জানি চন্দ।
ভল জন হৃদয় তেজএ নহি মন্দ ॥ ৪ ॥
কলিযুগ গতিকে সাধু মন-ভঙ্গ।
সবে বিপরীত করব অনঙ্গ ॥ ৫ ॥

৩৫

শুন শুন সুন্দরি কর অবধান।
বিনু অপরাধে কহসি কাহে আন ॥ ১ ॥
পূজল পশুপতি যামিনী জাগি।
গমন বিলম্বন ভেল তহি লাগি ॥ ২ ॥

৫। অপদহু—অস্থানে।
৬। রভস—আনন্দ।
৭। এক পএ—একমাত্র। ভলেহু—ভাল হইল।
১। ভান—জ্ঞান।
২। গমাএ—কাটাইয়া।
৩। ভাঁড়—ভাণ্ড, হীনপাত্র। ছুইল—ছুইলাম।
১। নীচ সবদ—নীচ সম্বন্ধ অর্থাৎ নীচকুলোদ্ভব। ভাখ—ভাষা, বলে।
৩। সিনেহ—স্নেহ, প্রেম।
৪। ভুল—ভুলে।
৫। আব—আসে। পচতাপ—পশ্চাত্তাপ।

১। ঝটক—ঝটিকা। ঝাটল—আহত। ঠাম—স্থান। বিশরাম—বিশ্রাম।
২। ডার—ডাল। কপার—কপাল।
৩। থাহ—থই, অল্প গভীর।
৪। অনওলে—আনাইলে।
৫। বিরাম—নিবৃত্তি। ফেকলেও—ফেলিয়া দিলেও। ঢেব—ঢেলা।
১। ভাষা—বাক্য। চৌমুখ বেদ—চতুর্মুখ বেদ।
২। নিতহি—নিত্যই। ভাগ—ভাগ্য।
৩। আগি—অগ্নি। বম—বমন করে।
৪। রয়নিক—রজনীর।

লাগল মৃগমদ কুঙ্কুম দাগ।
উচারইত মন্ত্র অধরে নহি রাগ ॥ ৩ ॥
রজনী উজাগরি লোচন ঘোর।
তাহি লাগি তুহু মোহে বোলসি চোর ॥ ৪ ॥
নব কবিশেখর কি কহব তোয়।
শপথ করহ তব পরতীত হোয় ॥ ৫ ॥

৩৬

মান পরিহর হে করু বচন মোরা।
মার মনোভব হে ধরু শরণ তোরা ॥ ১ ॥
ন কর ন কর হে মোহি বিমুখ আজে।
অপরূব পেমে হে পুন ভেল সমাজে ॥২॥
কমলবদনি হে করু আঁকম দান।
বিনয়ে কে নহি হে জগতে জয় মান ॥ ৩ ॥
বিদ্যাপতি কবি হে ভণ কবি ধীরে।
রাজা শিবসিংহ হে নরপতি বীরে ॥ ৪ ॥

৩৭

শরদক শশধর সম মুখমণ্ডল
কাই ঝপাবসি বাসে।
অলপেও হাস সুধারস বরিষও
ছাড়ও নয়ন পিয়াসে ॥ ১ ॥
মানিনি অপনেহু মনে অনুমান।
রুষইতে আনহু বোল অগেয়ান ॥ ২ ॥
হাটক গঠন শিরীফল সুন্দর
কুচযুগ কুটি করু আধে।
পানি পরশ রস অনুভব সুন্দরি
ন করু মনোরথ বাধে ॥ ৩ ॥

ভণই বিদ্যাপতি শুন বর যৌবতি
বিভব দয়া থিক সারা।
মাহ ছাহ ককরো নহি ভাবয়
গ্রীষম প্রাণ পিয়ারা ॥ ৪ ॥

৩৮

বদন চাঁদ তোর নয়ন চকোর মোর
রূপ অমিয় রস পীবে।
অধর মধুরি ফুল পিয়া মধুকর তুল
বিনু মধু কত খণ জীবে ॥ ১ ॥
মানিনি মন তোর গঢ়ল পষাণে।
কাহে ন রভসে হসি কিছু ন উতর দেসি
সুখে যাও নিশি অবসানে ॥ ২ ॥
পর মুখে ন শুনসি নিজ মনে ন গুণসি
ন বুঝসি ছইলরি বাণী।
অপন অপন কাজ কহইতে অধিক লাজ
অরথিত আদর হানি ॥ ৩ ॥
কবি ভণে বিদ্যাপতি অরে রে শুন যুবতি
নেহ নূতন ভেল মানে।
লখিমা দেবীপতি শিবসিংহ নরপতি
রূপনরায়ণ জানে ॥ ৪ ॥

৩৯

বদন সরোরুহ হাসে নুকওলহ
তেঁ আকুল মন মোরা।
উদিতেও চন্দা অমিয় ন মুঞ্চয়
কি পিবি জীউত চকোরা ॥ ১ ॥
মানিনি দেহ পলটি দিঠি মেলা।
সকল রজনী যদি কোপহি গমওবহ
কেলি রভস কোন বেলা ॥ ২ ॥
তোর নয়ন এ পথহু ন সঞ্চর
অযুকতি কহ ন যাই।

৩। উচারইত—উচ্চারণ করিতে।
৪। উজাগরি—জাগরণ করিয়া।
১। করু—কর। মোরা—আমাকে, আমার সহিত। মার—পরাভব কর। মনোভব—কন্দর্প। ধরু—ধরিতেছি। তোরা—তোর।
২। পেম—প্রেম। সমাজে—মিলন।
৩। আঁকম—আলিঙ্গন।
১। শরদক—শরতের। ঝপাবসি—ঢাকিতেছ। বাসে—বস্ত্রে। অলপেও—অল্পেও। বরিষও—বর্ষণ করে। ছাড়ও—ছাড়ে।
২। অপনেহু—আপনারই। অনুমান—বিবেচনা কর। রুষইতে—রোষ করিলে। আনহু—অপর লোক। বোল—বলিবে। অগেয়ান—অজ্ঞান, নির্ব্বোধ।
৩। হাটক—স্বর্ণ। কুটি—কাটিয়া। আধে—অর্দ্ধ। বাধে—বাধা।

৪। বিভব—সম্পত্তি। থিক—হয়। সারা—সার। ভাবয়—ভাল লাগে। পিয়ারা—প্রিয়।
১। পীবে—পান করিবে। মধুরি ফুল—বান্ধুলী পুষ্প।
৩। ছইলরি—রসিকের। অরথিত—উপযাচিত।
১। নুকওলহ—লুকাইলে।
২। পলটি—ফিরিয়া। দিঠি—দৃষ্টি। গমওবহ—কাটাইবে।
৩। অযুকতি—অযুক্তি।

অরুণ কমলকে কান্তি চোরওলহ
তে মনে রহলি লজাই ॥ ৩ ॥
কামিনী কোপে মনোরথ জাগল
বিদ্যাপতি কবি গাবে।
জয়বতী দেবী বর সন গহি শঙ্কর
বুঝএ সকল রস ভাবে ॥ ৪ ॥

৪০

চৌদিশ জলদে যামিনী ভরি গেলি।
ধারাএে ধরণী বেয়াপিত ভেলি ॥ ১ ॥
গগন গরজে জাগল পঞ্চবাণ।
এহনা সুমুখি উচিত নহি মান ॥ ২ ॥
নাগরি পিশুন বচনে করু রোষ।
পয় পরলহু নহি কর পরিতোষ ॥ ৩ ॥
বিহি সমুচিত ধরু বামা না'ম।
হমে অনুমাপি হলল ফল ঠাম ॥ ৪ ॥
নাগরী বচন অমিয় পরতীতি।
হৃদয় গঢ়ল হে পখাণহু জিতি ॥ ৫ ॥

৪১

উপমিয় আনন নীরজ পঙ্কজ
শশধর দিবস মিলনে।
ভৌঁহ অপুপম অধর শোহাওন
নব পল্লব রুচি জিনে ॥ ১ ॥
শুন পেয়সি কি মোর পরল
গরুয় অপরাধে।
বহ মলয়ানিল জার কলেবর
ন কর মনোরথ বাধে ॥ ২ ॥

৪২

শাকর সুধ দুধে পরিপূরল
মাখল অমিয়ক সারে।
সেহে বদন তোর অইসন করম মোর
খরে পএ বরিষয়ে ধারে ॥ ১ ॥
সাওনি পিশুন বচন দেহে কানে।
দেহ বিভিন বিধাতা আইতি
তোরা মোরা একে পরাণে ॥ ২ ॥
কোপহু সঞো যদি সমদি পঠাবহু
বচনে ন বোলহু মন্দা।
তোর বদন সন তোরে বদন পএ
ক্ষার ন বরিষয় চন্দা ॥ ৩ ॥
চৌদিশ লোচন চমকি চলাবসি
ন মানসি কাহুক শঙ্কা।
তোর মুহ সঞো কিছু ভেদ করাওব
দেল চান্দ কলঙ্কা ॥ ৪ ॥

৪৩

মালতি মন জনু মানহু আনে।
তেহরা সৌ হম যে কিছু ভাখল
সেহ বচন পরমাণে ॥ ১ ॥
সব পরিতেজি তোহি হম ভজলহুঁ
তাহি করত কে ভঙ্গে।
জৌঁ দুর্জ্জন জন কোটি যতন কর
তৈও জনম ভরি সঙ্গে ॥ ২ ॥
অনুখণ মন ধনি খিন্ন করহু জনি
দেব শপথ থিক লাখে।
হমরা তোঁহহি দোসরি নহি তেহনি
মন অছি দৃঢ় অভিলাখে ॥ ৩ ॥
বিধিক দোখ যত রোখ কয়ল মনে
বচন কহল এক আধে।
নাগরি সেহ জগত গুণ আগরি
যে খেম পতি অপরাধে ॥ ৪ ॥
বিদ্যাপতি কহ ধৈরয সব তঁহ
মন জনু করহ মলানে।
তুয় গুণ মনে গুণি পহু রহু অনুগত
করত অধরমধু পানে ॥ ৫ ॥

৩। রহলি লজাই—লজ্জিত হইয়া রহিল।
৪। গহি—গ্রহণ করিয়া।
১। চৌদিশ—চারিদিক্। ধারাএে—ধারায়। বেয়াপিত—ব্যাপ্ত। ৩। পরলহু—পড়িলেও।
৪। অনুমাপি—অনুমান করিয়া। হলল—পাইলাম। ৫। পখাণহু—পাষাণও।
১। উপমিয়—উপমিত হয়। শোহাওন—শোভন। জিনে—জয় করে।
২। গরুয়—গুরু। জার—দগ্ধ করে।
১। শাকর—শর্করা। সুধ—সুদ্ধ। মাখল—মাখিল। খার—লবণ।

২। বিভিন—বিভিন্ন। আইতি—আয়ত্ত।
৩। সমদি—সম্বাদ।
৪। চলাবসি—চালাইতেছিস্। করাওব—করিবার জন্য।
১। মালতি—রাধার সম্বোধন। মানহু—মানিও। ভাখল—কহিলাম। পরিমাণে—প্রামাণ্য, সত্য।
৩। খিন্ন—ক্ষুন্ন। তেহনি—তেমনি।
৪। দোখ—দোষ। রোখ—রোষ।
৫। মলানে—ম্লান।

৪৪

তনিহি লাগি ফুলল অরবিন্দ।
ভুখল ভমরা পিব মকরন্দ ॥ ১ ॥
বিরল নখত নভমণ্ডল ভাস।
সে শুনি কোকিল মনে উঠ হাস ॥ ২ ॥
এ রে মানিনি পলটি নিহার।
অরুণ পিবয় লাগল অন্ধকার ॥ ৩ ॥
মানিনি মান মহঘ ধন তোর।
চোরাবএ অএলাহু অনুচিত মোর ॥ ৪ ॥
তে অপরাধে মার পচবাণ।
ধনি ধর হরিকএ রাখ পরাণ ॥ ৫ ॥

৪৫

মানিনি মান আবহু কর ওড়।
রজনী বহলি হে রহলি অছ থোড় ॥ ১ ॥
গুণবতী ভই ন ধরিঅ গোএ।
সুপুরুষদানে অধিক ফল হোএ ॥ ২ ॥
বেরা এক হেরহ মনতাপ।
প্রেমলতা তোড়লে বড় পাপ ॥ ৩ ॥
লোচন ভমর হমরে করু আশ।
তুয় মুখপঙ্কজ করও বিলাস ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি মনে গুণি ভান।
শিবসিংহ রায় রসিক রস জান ॥ ৫ ॥

৪৬

মানিনি কুসুমে রচলি শেষা মান মহঘ তেজ
জীবন যৌবন ধনে।
আজু কি রজনী যদি বিফলে যাইতি
পুনু কালি ভেলে কে জান জীবনে ॥ ১ ॥
মানিনি মন্দ পবন বহ ন দীপ থির রহ
নখতর মলিন গগন ভরে।
তোর বদন দেখি ভান উপজু মোহি
কেশু ফুল উপর ভমরে ॥ ২ ॥

৪৭

আজ পরসন মুখ ন দেখএ তোরা।
চিন্তায় সহজ বিকল মন মোরা ॥ ১ ॥
আওল নয়ন হটিএ কাঁ লেসি।
পুরব মত হসি উতরো ন দেসি ॥ ২ ॥
এ বর কামিনি যামিনী গেলি।
অরথিতে আরতি চৌগুণ ভেলি ॥ ৩ ॥
চন্দা পছিম গেল পরকাশা।
অরুণ অলঙ্কৃত পুরন্দর আসা ॥ ৪ ॥
মানিনি মান কঞোন এহু বেরি।
তিল এক আড়েহু দিঠি হল হেরি ॥ ৫ ॥
শয়নক সীম তেজি দূর যাসি।
একহু শেষ ভেলাহু পরবাসী ॥ ৬ ॥

৪৮

মুখ তোর পুণিমক চন্দা।
অধর মধুরি ফুল গল মকরন্দা ॥ ১ ॥
অগে ধনি সুন্দরি রামা।
রভসক অবসর ভেলি হে বামা ॥ ২ ॥
কোপে ন দেহ মধুপানে।
জীবন যৌবন স্বপন সমানে ॥ ৩ ॥

৪৯

পূরবক প্রেম অইলহু তুয় হেরি।
হমরা অবইত বইসলি মুখ ফেরি ॥ ১ ॥

১। ফুলল—প্রস্ফুটিত। ভুখল—ক্ষুদিত।
৩। পলটি—ফিরিয়া।
৪। মহঘ—মহার্ঘ। চোরাবএ—চুরী করিতে। অএলাহু—আসিলাম।
৫। হরিকএ—হরণ করিয়া, গোপন করিয়া।
১। ওড়—ওর, সীমা। বহলি—অতিবাহিত হইল। রহলি অছ—রহিয়াছে। থোড়—অল্প।
২। ধরিঅ—রাখিও। গোএ—গোপন করিয়া।
৩। বেরা এক—একবার।
১। রচলি—রচিত। শেষ—শয্যা। তেজ—ত্যাগ করা। ভেলে—হইবে।
২। নখতর—নক্ষত্র। উপজু—উৎপন্ন হয়। কেশু—কিংশুক।
১। পরসন—প্রসন্ন। ২। হটিএ—সরাইয়া, নিষেধ করিয়া। কাঁ—কেন। লেসি—লইতেছ।
৩। অরথিতে—প্রার্থনা করিতে।
৪। পরকাশা—প্রকাশ। পুরন্দর আসা—পূর্ব্ব দিক্। ৫। কঞোন—কিসের।
৬। শেষ—শয্যা। ভেলাহু—হইলাম।
১। গল—গলিতেছে, ক্ষরিত হইতেছে।
২। অগে—ওলো।
১। পুরবক—পূর্ব্বের। অইলহু—আইলাম। অবইত—আসিলে।

পহিল বচনে উতর নহি দেলি।
নয়নে কটাখ সঞো জীব হরি লেলি ॥ ২ ॥
তোঁহ শশিমুখি ধনি ন করিয় মান।
হমহুঁ ভমর অতি বিকল পরাণ ॥ ৩ ॥
আশা দয় পুন ন করিয় নিরাশ।
হোউ পরসন মোর পূরহ আশ ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি শুন পরমাণ।
তুহ মন উপজল বিরহক বাণ ॥ ৫ ॥

৫০

অরে অরে ভমরা তোঞে হিত হমরা
বঁউসি আনহ গজগামিনীরে।
আজু কি রুষলি কালি জঞো ভাঙ্গবি
তীত হোইতি মধু যামিনী রে ॥ ১ ॥
তীতি রজনীয়াঁ তিন যুগে জনিয়াঁ
দিঠিহুক ওত দেশান্তর রে।
সরোবর শোষে কমল অসিলাএল
নগর উজলি ভেল পাঁতর রে ॥ ২ ॥
একশর মনমথ দুই জীব মারয়
অপন অপন ভিন বেদন রে।
দুই মন মেলি কমনে বেকতাওব
দারুণ প্রথম নিবেদন রে ॥ ৩ ॥
মানক ভঞ্জন জনু গুণ রঞ্জন
বিদ্যাপতি কবি গাওল রে।
লখিমা দেবীপতি শিবসিংহ নরপতি
পূরুব জনম তপে পাওল রে ॥ ৪ ॥

৫১

কতএ অরুণ উদয়াচল উগল
কতএ পছিম গেল চন্দা।
কতয় ভমর কোলাহলে জাগল
সুখে শুতথু অরবিন্দা ॥ ১ ॥
কামিনী যামিনী কাঁহা গেলি।
চির-সময় আগত হরি ভেল পাহুন
আধও কেলি ন ভেলি ॥ ২ ॥
পদ্মক পাত আতপে ন পওলে
ঝামর ন ভেলে দেহা।
কৃপণ সঞ্চিত ধন রহল অখণ্ডিত
কাজর সিন্দুর রেহা ॥ ৩ ॥
অরুণক জ্যোতি অধরে নহি ছড়লে
পলটি ন গঁথলে হারা।
আনহু বোলব সখি তোঁঞে অচেতনী
কি তোর নাহ গমারা ॥ ৪ ॥
বিদ্যাপতি ভণ মন নহি পরসন
হিয় চিন্তা বিস্তারা।
পলটি রচব কেলি পিয় সঙ্গ হিল মেলি
দম্পতি উচিত বিহারা ॥ ৫ ॥

৫২

মাধব নিপট কঠিন তনু তোর।
হাথ হাথ হম বাত শিখাওল
বাত ন রাখলি মোর ॥ ১ ॥
সে বর নাগরী সহজহি সুন্দরী
কোমল অন্তর বামা।
বহুত যতন করি তোহে মিলাওল
কাহে উপেখলি রামা ॥ ২ ॥
তুহ অতি লম্পট কয়লহ বিপরীত
প্রেমক রীত ন জানি।
হাথক লছমী চরণ পর ডারসি
কইসে মিলায়ব আনি ॥ ৩ ॥
বাসর জাগি আগি সম উপজল
রজনী গমাওল জাগি।
তোহর বচনে হম এক বেরি যায়ব
মিলব তুয়া গতি ভাগি ॥ ৪ ॥

২। লেলি—লইলে।
৩। তোঁহ—তুমি।
১। রুষলি—কুপিতা।
১। বঁউসি—মান ভাঙ্গিয়া। তীত—তিক্ত।
২। তীতি—অতীত হইল। দিঠিহুক—দৃষ্টির। ওত—অন্তরাল। শোষে—শুষ্ক হইল। অসিলাএল—ম্রিয়মাণ হইল। পাঁতর—প্রান্তর।
৩। একশর—একেশ্বর, একা। কমনে—কে। বেকতাওব—ব্যক্ত করিবে।
১। কতএ—কেথোয়। উগল—উদিত হইল। শুতথু—শয়ন করিতেছিল।
২। চির সময়—দীর্ঘকাল। পাহুন—অতিথি। আধও—অর্দ্ধও।
৪। ছাড়লে—ছাড়িল। গঁথলে—গাঁথিল। আনহু—অপরে। অচেতনী—অচতুরা।
৫। হিল মেলি—মিলিয়া।
১। হাথ হাথ—হাতে হাতে অর্থাৎ বহুবার। বাত—কথা।
৩। ডারসি—ফেলিয়া দাও।
৪। ভাগি—ভাগ্য।

মোহন মানস বুঝি দূতী আওল
মিলল রাহিক পাশ।
ভূপতিনাথ দেখ অতি কৌতুক
অন্তরে উপজল হাস ॥ ৫ ॥

৫৩

আরতি আপু পবার ন চিহ্নহ
ধরহ কত কুবাণী।
অপনি রমণী রাগে সন্তাবহ
পরক পেয়সী আনি ॥ ১ ॥
কান্নু তোঁঞে বড় লোক নিশঙ্ক।
হসি হসি সেহে করম করসি
জে হো কুলকলঙ্ক ॥ ২ ॥
যাহি যাহি তোহি গুরু নিবারএ
তাহি তোরা নিরবন্ধ।
আঁখি দেখি যে কাজ ন করয়
তাহি পারে কোন অন্ধ ॥ ৩ ॥
তথিহু চির সমাগম মাগহ
এত বড় তোর লোভ।
পরক ভূষণে পরকে বৈভবে
কত খণ দহু শোভ ॥ ৪ ॥
দূতিক বচনে কান্নু লজায়ল
কবি বিদ্যাপতি ভাণে।
যে ভেল সে ভেল যেহি তেহি গেল
আবে করু অবধানে ॥ ৫ ॥

৫৪

মাধব ই নহি উচিত বিচারে।
জনিক এহন ধনী কামকলা সনি
সে কিয় করু ব্যভিচারে ॥ ১ ॥
প্রাণহু তাহি অধিক করি মানব
হৃদয়ক হার সমানে।
কোন পরিযুকুতি আনকে তাকব
কি থিক হুনক গেয়ানে ॥ ২ ॥
কৃপণ পুরুষকে কেও নহি ভল কহ
জগ ভরি কর উপহাসে।
নিজ ধন অছইত নহি উপভোগব
কেবল পরহিক আশে ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি শুন মথুরাপতি
ই থিক অনুচিত কাজে।
মাগি লারব বিত সে যদি হো নিত
অপন করব কোন কাজে ॥ ৪ ॥

৫৫

মদন কুঞ্জ পর বৈসল নাগর
বৃন্দা সখী মুখ চাহি।
যোড়ি যুগল কর বিনতি করত কত
তোরিত মিলায়ব রাহি ॥ ১ ॥
হম পর রোখি বিমুখ ভই সুন্দরী
যবহু চললি নিজ গেহা।
মদন হুতাশনে মঝু মন জারল
জীবনে ন বান্ধই থেহা ॥ ২ ॥
তুহু অতি চতুর শিরোমণি নাগরী
তোহে কি শিখাওব বাণী।
তুহু বিমু হমর মরম নহি জানত
কইসে মিলায়ব আনি ॥ ৩ ॥
চন্দন চাঁদ পবন ভেল রিপু সম
বৃন্দাবন বন ভেল।
ময়ূর কোকিল কত ঝঙ্কার দেত
মঝু মনে মনমথ শেল ॥ ৪ ॥
ছল ছল নয়ান বয়ান ভরি রোয়ত
চরণ পকড়ি গড়ি যাব।
হা হা সে ধনী হমে না হেরব
সিংহ ভূপতি রস গাব ॥ ৫ ॥

৫৬

বিরহ বেয়াকুল বকুল তরুতলে
পেখল নন্দকুমার রে।
নীল নীরজ নয়ন সঞো সখি
ঢরই নীর অপার রে ॥ ১ ॥

১। আরতি—অনুরাগ। আপ—আপনি। পবার—প্রবাল। সন্তাবহ—সন্তপ্ত কর।
২। নিশঙ্ক—নিঃশঙ্ক। যে—যাহাতে।
৩। নিরবন্ধ—নির্ব্বন্ধ।
৪। তথিহু—সেখানে। চির—দীর্ঘকাল।
১। সনি—সদৃশ। কিয়—কি।
২। প্রাণহু—প্রাণের অপেক্ষা। তাহি—তাহাকে। পরিযুকুতি—প্রযুক্তি। আনকে—অপরের। থিক—হয়। গেয়ানে—জ্ঞানে।
৩। অছইত—থাকিতে। উপভোগব—উপভোগ করিবে। পরহিক—পরেরই।
৪। বিত—বিত্ত। নিত—নিত্য।
১। বৈসল—বসিল। তোরিত—ত্বরিত, শীঘ্র।
২। হম পর—আমার উপর। রোখি—রাগ করিয়া। গেহা—গৃহ। জারল—দগ্ধ করিল। থেহা—স্থৈর্য্য।

পেখি মলয়জ পঙ্ক মৃগমদ
তামরস ঘনসার রে।
নিজ পাণিপল্লবে মুদি লোচন
ধরণী পড়ু অসম্ভার রে॥ ২ ॥
বহই মন্দ সুসন্ধি শীতল
মন্দ মলয় সমীর রে।
জনি প্রলয় কালক প্রবল পাবক
দহই দুন শরীর রে ॥ ৩ ॥
অধিক বেপথু টুটি পড়ু ক্ষিতি
মসৃণ মুকুতা মাল রে।
অনিল তরল তমাল তরুবর
মুঞ্চ সুমনস জাল রে ॥ ৪ ॥
মান মণি তেজি সুদতী চলু যঁহি
রায় রসিক সুজান রে।
সুখদ শ্রুতি অতি সরস দণ্ডক
সুকবি ভণথি কণ্ঠহার রে ॥ ৫ ॥

৫৭

শুন শুন গুণবতী রাই।
তো বিনু আকুল কানাই ॥ ১ ॥
কিশলয় শয়ন উপেখি।
ভূমি উপরে নখ লেখি ॥ ২ ॥
তেজ ধনি অসময় মান।
কানুক তুহু সে নিদান ॥ ৩ ॥
তুয় মুখ হৃদি অবগাই।
বিলপয় অবধি ন পাই ॥ ৪ ॥
যে জগ জীবন জান।
তকর জলত পরাণ ॥ ৫ ॥
ভূপতি কি কহব তোয়।
তোখে সে পুরুখ বধ হোয় ॥ ৬ ॥

৫৮

নয়নক নীর নিঝর ঝরয়
চান্দ নিরখয় তাব।
তোহার বদন সুমরি তৈখন
মুরছি পড়ি যাব ॥ ১ ॥
রামা হে তেজহ কঠিন মান।
পুরুখ বিরহ দুসহ দারুণ
ই বেরি রাখ পরাণ ॥ ২ ॥
কুসুমলতা ধরি আলিঙ্গয়
তুয় কলেবর ভানে।
পরশে বিরস ভই গেল মাধব
মুরছি মদনবাণে ॥ ৩ ॥
শিরীষ কুসুম শেষ বিছাবএ
কামশরে অগেয়ান।
গরল অধিক চন্দন লেপন
তেজইতে চাহ পরাণ ॥ ৪ ॥

৫৯

উমগল জগ ভম কাহু ন কুসুম রম
পরিমল কর পরিহার।
জকরি যতএ রীতি তে বিনু নহি থিতি
নেহ ন বিষম বিচার ॥ ১ ॥
মালতি তোহি বিনু ভমর সদন্দ।
বহুত কুসুম বন সবহি বিরত মন
কতহু ন পিব মকরন্দ ॥ ২ ॥
বিমল কমলমধু সুধা সরিশ বিধু
নেহ ন মধুপ বিচার।
হৃদয় সরিশ জন ন দেখিয় যতি খণ
ততি খণ সগর অঁধার ॥ ৩ ॥

৬০

রামা হে কি আর বোলসি আন।
তোহর চরণে শরণ সে হরি
অবহুঁ ন মিটে মান ॥ ১ ॥
গোবর্দ্ধন গিরি বাম করে ধরি
যে কয়ল গোকুল পার।
বিরহে সে খীণ করক কঙ্কণ
মানয় গরুয় ভার ॥ ২ ॥
কালিয়দমন করল যে জন
চরণ যুগল বরে।
অব সে ভুজঙ্গ ভরমে ভুলল
হৃদয়ে ন ধর হারে ॥ ৩ ॥

২। তামরস—পদ্ম। ঘনসার—কর্পূর। অসম্ভার—অবশ। ৩। দুন—দ্বিগুণ।
৪। বেপথু—কম্প। সুমনস—পুষ্প।
৫। সুদতী—সুন্দরী। যঁহি—যেখানে।
২। উপেখি—উপেক্ষা করিয়া।
৪। অবগাই—অবগাঢ়, অন্তঃপ্রবিষ্ট।
১। নিঝর—অজস্র। তাব—তাপ। সুমরি—স্মরণ করিয়া। তৈখন—তখন। যাব—যায়।

৩। ভানে—জ্ঞানে। ৪। বিছাবএ—বিছায়।
১। উমগল—দ্রুত। রম—উপভোগ। থিতি—স্থিতি। বিষম—সঙ্কট।
২। সদন্দ—কাতর। মালতি—রাধার সম্বোধন।
৩। সরিশ—সদৃশ। সগর অঁধার—সকল অন্ধকার।
১। অবহুঁ—এখনও।

সহজে চাতক ন ছাড়য় বরত
 ন বইসে নদীতীরে।
নব জলধর বরিখণ বিনু ন পিয়ে
 তাহেরি নীরে ॥ ৪ ॥
যদি দৈববশে অধিক পিয়াস
 পিবয় হেরয় থোর।
তবহুঁ তোহর নাম সুমরি
 গলয় শতগুণ নোর ॥ ৫ ॥

৬১

যাবে সরস পিয়া বোলএ হসি।
তাবে সে বালভু তোঞে পেয়সী ॥ ১ ॥
যদি পএ বোলএ বোল নিঠুর।
তঞো পুনু সকল পেম যায় দূর ॥ ২ ॥
এ সখি অপরূপ রীতি।
কঁহাহু ন দেখিয় অইসনি পিরীতি ॥ ৩ ॥
যে পিয়া মানএ দোসরি পরাণ।
তকরাহু বচনে অইসন অভিমান ॥ ৪ ॥
তৈসন সিনেহ যে থির উপতাপ।
কে নহি বস হো মধুর অলাপ ॥ ৫ ॥
হঠে পরিহর নিজ দোষহি জানি।
হসি ন বোলহ মধুরিম দুই বাণী ॥ ৬ ॥
সুরত নিঠুর মিলি ভজসি ন নাহ।
কা লাগি বঢ়াবসি পিশুন উছাহ ॥ ৭ ॥

৬২

গগনমণ্ডল উগ কলানিধি
 কতে নেবারবি দিঠি।
জখনে যে রহ তেঁহি গমাইঅ
 যে বহত দিয় পিঠি ॥ ১ ॥
সাজনি বড় বথু উপকার।
যাহেরি বচনে পরহিত হো
 তাহেরি জীবন সার ॥
সাধু জন কাঁ পরহিত লাগি
 ন গুন ধন পরাণ।
রাহু পিয়াসল চান্দ গরাসএ
 ন হো খীণ মলান ॥ ৩ ॥
ন থির জীবন ন থির যৌবন
 ন থির এহে সংসার।
গেল অবসর পুনু ন পাইঅ
 কীরিতি অমর সার ॥ ৪ ॥
কতএ রাঘবরায় ঘরিণী
 কতএ লঙ্কাপুর বাস।
কতে হনুমতে সাগর লাঁঘল
 কিছু ন গুনু তরাস ॥ ৫ ॥
যখনে যকর বাঙ্ক বিধাতা
 সব কলা অনুমান।
অধিক আপদ ধৈরয করব
 কবি বিদ্যাপতি ভাণ ॥ ৬ ॥

৬৩

চাঁদ সুধাসম বচন বিলাস।
ভল জন ততহি যায়েত বিশবাস ॥ ১ ॥
মন্দামন্দ বোলএ সবে কোয়।
পিবইতে নিম বাঁক মুহ হোয় ॥ ২ ॥
এ সখি সুমুখি বচন শুন সার।
সে কি হোইতি ভলি যে মুহ খার ॥ ৩ ॥
যে যত যৈসন হৃদয় ধর গোএ।
তকর তৈসন তত গৌরব হোএ ॥ ৪ ॥
গৌরব এ সখি ধৈরয সাধ।
পহু নহি ধরএ শতও অপরাধ ॥ ৫ ॥

৪। বরত—ব্রত। বরিখণ—বরিষণ।
৫। সুমরি—স্মরণ করিয়া।
১। যাবে—যতক্ষণ। তাবে—ততক্ষণ। বালভু—বল্লভ। তোঞে—তুমি।
২। তঞো—তাহা হইলে।
৩। কঁহাহু—কোথাও। ৪। তকরাহু—তাহার।
৫। থির—স্থির, নিবৃত্ত। উপতাপ—সন্তাপ।
৭। সুরত—অত্যন্ত অনুরক্ত। বঢ়াবসি—বাড়াও। উছাহ—উৎসাহ।
১। উগ—উদয় হইলে। নেবারবি—নিবারিবে। দিঠি—দৃষ্টি। যে—যেমন। রহ—থাকিবে। তেঁহি—তেমনি। গমাইঅ—কাটাইবে। যে—যেমন। বহত—বহিবে। পিঠি—পৃষ্ঠ।

২। বথু—বস্তু। যাহেরি—যাহার। তাহেরি—তাহার।
৩। পিয়াসল—পিপাসিত।
৪। গেল—গত। কীরিতি—কীর্তি। অমর সার—অমরত্বের সার।
৫। কতএ—কোথায়। রাঘবরায় ঘরিণী—সীতা। হনুমতে—হনুমান্।
৬। বাঙ্ক—বাম। কলা—লীলা।
২। মন্দামন্দ—ভালমন্দ। বাঁক—বিকৃত।
৩। মুহ খার—কটুভাষিণী।

জোঁ অছ হৃদয়া মিলত সমাজ।
অবশও রহব উলটি ভই লাজ ॥ ৬ ॥
কাচ ঘটী অনুগত জন জেম।
নাগর লখত হৃদয়গত পেম ॥ ৭ ॥
মধুর বচন হে সবহু তহ সার।
বিদ্যাপতি ভণ কবিকণ্ঠহার।

৬৪

দুরজন দুরনয় পরিণতি মন্দ।
তা লাগি অবশ করিয় নহি দন্দ ॥ ১ ॥
হঠে যদি করবহ সিনেহক ওল।
ফুটল ফটিক বলয় কে জোল ॥ ২ ॥
সাজনি অপনে মন অবধার।
নখ ছেদন কে লয় কুঠার ॥ ৩ ॥
যতনে রতন পএ রাখব গোএ।
তেঁ পরি জেঁ পরবশ নহি হোএ ॥ ৪ ॥
পরগট করব ন সুপহুক দোষ।
রাখব অনুনয় অপন ভরোস ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি পরিহরি ধন্ধ।
অনুখণ নহি রহ সুপহু অনুবন্ধ ॥ ৬ ॥

৬৫

অতি নাগর বোলি সিনেহ বঢ়াওল
অবসর বুঝলি বড়াই।
তেলি বলদ থান ভল দেখিয়
পালঙ্ক নহি উজিয়াই ॥ ১ ॥
দূতি বুঝল তোহর বেবহার।
নগর সগর ভ্রমি জোহল নাগর
ভেটল নিছহু গমার ॥ ২ ॥
গুঞ্জ আনি মুকুতা তোহে গাঁথল
কয়েলহ মন্দি পরিপাটী।
কঞ্চন চাহি অধিক কয় কএলহ
কাচহু তহ ভেল ঘাটী ॥ ৩ ॥

সব গুণ আগর সব তহু শুনল
তেঁ হমে লাওল নেহে।
ফল কারণে তরু অবলম্বল
ছায়া ভেল সন্দেহে ॥ ৪ ॥

৬৬

হৃদয় কুসুম সম মধুরিম বাণী।
নিয়র অএলাহু তুয় সুপুরুষ জানি ॥ ১ ॥
অবে ককে যতন করহ ইথি লাগি।
কএোন মুগুধি আলিঙ্গতি আগি ॥ ২ ॥
চল চল দূতি কি বোলব লাজে।
পুনু পুনু জনু আবহ অইসন কাজে ॥ ৩ ॥
নয়ন তরঙ্গে অনঙ্গ জগাই।
অবলা মারণ জান উপাই ॥ ৪ ॥
দৃঢ় আশা দয় মন বিঘটাবে।
গেলে অচিরহি লাঘব পাবে ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি শুনহ সয়ানী।
নাগর লাঘব ন করিয় জানি ॥ ৬ ॥

৬৭

প্রেমক গুণ কহই সব কোই।
যে প্রেমে কুলবতী কুলটা হোই ॥ ১ ॥
হম যদি জানিয়ে পিরীতি দুরন্ত।
তব কিয়ে যাওব পাপক অন্ত ॥ ২ ॥
অব সব বিষসম লাগয় মোই।
হরি হরি পিরীতি করয়ে জনু কোই ॥ ৩ ॥
বিদ্যাপতি কহ শুন বরনারি।
পানি পিয়ে পিছে জাতি বিচারি ॥ ৪ ॥

৬৮

কত গুরু গঞ্জন দুরজন বোল।
মনে কিছু ন গণল ও রসে ভোল ॥ ১ ॥

৬। উলটি—উল্টাইয়া। অবশ—অবশ্য।
৭। জেম—ভোজন।
১। দুরনয়—দুর্নয়, দুর্নীতি।
২। করবহ—করিবে। ওল—ওর, সীমা। ফুটল—ভাঙ্গা। জোল—জোড়া দেয়।
৪। তেঁ পরি—সেইরূপে। ৫। পরগট—প্রকট।
১। তেলি—কলু। থান—গোয়াল ঘর। উজিয়াই—শোভা পায়।
২। ভেটল—মিলল। গমার—গ্রামবাসী মূর্খ।
৩। কএলহ—করিলি। চাহি—চাহিয়া। কয়—করিয়া। তহ—হইতে। ঘাটী—নিকৃষ্ট, অল্পমূল্য।

৪। সব তহু—সকলের নিকট। লাওল—ঘটাইলাম। নেহে—স্নেহে। অবলম্বল—অবলম্বন করিলাম।
১। নিয়র—নিকটে।
২। আগি—অগ্নি।
৩। জনু—না।
৪। জগাই—জাগাইয়া।
৫। বিঘটাবে—ব্যাঘাত জন্মায়।
২। অবে ককে—এখন কেন।
৩। মোই—আমাকে।
১। ভোল—ভোর, বিহ্বল।

কুলজা রীতি ছোড়ল যন্নু লাগি।
সে অব বিসরল হমর অভাগি ॥ ২ ॥
সুমরি সুমরি সখি কহব মুরারি।
সুপুরুখ পরিহর দোখ বিচারি ॥ ৩ ॥
যে পুন্নু সহচরি হোয় মতিমান।
করয় পিশুন বচন অবধান ॥ ৪ ॥
নারী অবলা হম কি বোলব আন।
তুহ রসনানন্দ গুণক নিধান ॥ ৫ ॥
মধুর বচন কহি কানুকে বুঝাই।
এহি কর রোখ দোখ অবগাই ॥ ৬ ॥
তুহ বর চতুরী হম কিয় জান।
ভণই বিদ্যাপতি ইহ রস গান ॥ ৭ ॥

৬৯

সে বর শঠগুণ গুরুগণ গুরুতর
অছু গুণ জলনিধি সার।
হম অবলা জাতি তাহি দুখমতি
কইসে পাইঅ পার ॥ ১ ॥
সজনি অরু কত কর পরলাপ।
সে মঝু যইসন করলহি অপমান
সে বড় হৃদয়ক তাপ ॥ ২ ॥
যে বর নারী সার করি লেল
সে পদ সেবহু আনন্দে।
তকর লাগি জাগি দিন রোঅউ
পীবহু সে মকরন্দে ॥ ৩ ॥
তাহি লাগি অনপানি সব তেজউ
জপ করু তকর নাম।
চম্পতি পতি কহ সেহে যুবতীবর
গাবউ তসু গুণগাম ॥ ৪ ॥

৭০

মধু সম বচন কুলিশ সম মানস
প্রথমহি জানি ন ভেলা।
অপন চতুরপণ পিশুন হাথে দেল
গরুয় গরব দূর গেলা ॥ ১ ॥

সখি হে মন্দ পেম পরিণামা।
বড় কয় জীবন কয়ল পরাধীন
নহি উপচর এক ঠামা ॥ ২ ॥
ঝাপল কূপ দেখহি নহি পারল
আরতি চললহু ধাই।
তখনুক লঘু গুরু কিছু নহি গুণলে
আবে পচতাবকে যাই ॥ ৩ ॥
এত দিন অছলাহু আন ভানে হমে
আবে বুঝল অবগাহি।
অপন মূর অপনে হম চাঁছল
দোখ দেব গএ কাহি ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি শুন বর যৌবতি
চিতে নহি গণব আনে।
পেমক কারণে জীউ উপেখিয়
জগজন কে নহি জানে ॥ ৫ ॥

৭১

পহিলহি চান্দ কলা দেল আনি।
ঝাপল শৈল শিখর এক পানি ॥ ১ ॥
অব বিপরীত ভেল সে সব কাল।
বাসি কুসুম কিএ গাঁথয় মাল ॥ ২ ॥
ন বোলহ সজনি ন বোলহ আন।
কি ফল অছয় ভেটব কান ॥ ৩ ॥
অন্তর বাহির সম নহ রীতি।
পানি তৈল নহ নিবিড় পিরীতি ॥ ৪ ॥
হিয় সম কুলিশ বচন মধুধার।
বিষঘট উপর দুধ উপহার ॥ ৫ ॥
চাতুরী বেচহ গাহক ঠাম।
গোপত পেম সুখ ইহ পরিণাম ॥ ৬ ॥
তুহ কি ন জানসি কি বোলব তোয়।
বিদ্যাপতি কহ সমুচিত হোয় ॥ ৭ ॥

৭২

দূতিক বচন ন শুনল রাহি।
অপন মনহি বিচারল তাহি ॥ ১ ॥

২। কুলজা রীতি—সদ্বংশজার ব্যবহার। বিসরল—বিস্মৃত হইল। অভাগি—দুর্ভাগ্য।
৬। অবগাই—অবগাহি, অবধারণ করিয়া।
১। গুরুতর—বিরক্ত।
২। অরু—আর। পরলাপ—প্রলাপ।
৩। রোঅউ—রোদন করুক। পীবহু—পান করুক।
৪। অনপানি—অন্নজল। গুণগাম—গুণগ্রাম। গাবউ—গান করুক।
১। ভেলা—হইল। গরব—গর্ব্ব।

২। উপচর—শান্তি। ঠামা—স্থান।
৩। ঝাপল—ঢাকা দেওয়া। ধাই—ধাবিত। গুণলে—গণনা করিলাম। পচতাবকে—পশ্চাত্তাপ।
৪। অছলাহু—ছিলাম। ভান—জ্ঞান। অবগাহি—উত্তম রূপে। মূর—মস্তক। চাঁছল—মুড়াইলাম। গএ—গিয়া। কাহি—কাহাকে।
১। পহিলহি—প্রথমেই। ঝাপল—ঢাকা দিল।
১। রাহি—রাধা। তাহি—তাহার।

কাঞ্চুক তৃণ কেশ ধরু তসু আগে।
তবহুঁ সুধামুখী নহি অনুরাগে ॥ ২ ॥
কত কত বিনতি কয় কহ বাণী।
মানিনী চরণে পসারল পানি ॥ ৩ ॥
সুন্দরি দূর কর অসময় মান।
ইহ সুখ সময় মিলল বর কান ॥ ৪ ॥
তেজি নাগর ও সুখপুঞ্জে।
তুয় লাগি লুঠই কেলি নিকুঞ্জে ॥ ৫ ॥
খেম অপরাধ চলহ সোই ঠাম।
ইহ সুখ জানি সময় অনুপাম ॥ ৬ ॥

৭৩

গেলাঁহু পুরুব পেমে উতরো ন দেই।
দাহিন বচন বাম করি লেই ॥ ১ ॥
এ হরি রস দয় রুষলি রমণী।
হম তহ ন আউতি কুঞ্জরগমনী ॥ ২ ॥
গইয়ে মনাবহ রহও সমাজে।
সব তহ বড় থিক আঁখিক লাজে ॥ ৩ ॥
যে কিছু কহলক সে অছি লেলে।
ভল করি বুঝব অপহি গেলে ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি নারী সোভাবে।
রুষিল রমণী পুনু পুণমত পাবে ॥ ৫ ॥

৭৪

মাধব দুর্জ্জয় মানিনী মানি।
বিপরীত চরিত পেখি চকিত ভেল
ন পুছল আধ বাণী ॥ ১ ॥

তুয় রূপ শাম আখর নহি শুনত
তুয় রূপ রিপু সম মানি।
তুয় জন সঞে সম্ভাষ ন করই
কইসে মিলায়ব আনি ॥ ২ ॥
নীল বসন বর কাঁচক চুরি কর
পৌতিক মাল উতারি।
করিরদ চুরি কর মোতি মাল বর
পহিরণ অরুণিম সারি ॥ ৩ ॥
অসিত চিত্র উর পর ছল
মেটল মলয়জ দেই লগাই।
মৃগমদ তিলক ধোই দৃগঞ্চল
কচ মুখ সঞো লএ ছপাই ॥ ৪ ॥
এক তিল ছিল চারু চিবুক পর
নিন্দি মধুপসুত শামা।
তৃণ অগ্রে করি মলয়জ রঞ্জল
তাহি ছপাওল রামা ॥ ৫ ॥
জলধর দেখি চন্দ্রাতপ ঝাঁপল
শামরি সখী নহি পাশ।
তমাল তরুগণ চুণে লেপল
শিখী পিক দূরে নিবাস ॥ ৬ ॥
মধুকরডরে ধনী চম্পক তরুতল
লোচন জল ভরি পূর।
শামর চিকুর হেরি মুকুর পটকল
টুটি ভৈ গেল শত চুর ॥ ৭ ॥
তুয় গুণগাম কহ এক শুক পণ্ডিত
শুনিতহি উঠত রোষাই।
পিঞ্জর ছটকি ফটিক পর পটকত
ধাএ ধয়ল তহি যাই ॥ ৮ ॥

২। তসু—তাহার।

৬। খেম—ক্ষমা কর।

১। গেলাঁহু—গমন করিলাম। উতরো—উত্তরও। দাহিন—অনুকূল। বাম—বিপরীত।

২। রস দয়—রস দিয়া অর্থাৎ প্রেম দেখাইয়া। তহ—হইতে। আউতি—আসিবে।

৩। গইয়ে—গিয়া। মনাবহ—মানভঙ্গ কর। সমাজে—নিকটে। থিক—হয়।

৪। কহলক—কহিল। অছি লেলে—লইয়া আছি। ৫। পুণমত—পুণ্যবান্।

১। মানি—স্বীকার করি। পেখি—দেখিয়া। ভেল—হইলাম।

২। আখর— অক্ষর।

৩। কাঁচক—কাচের। চুরি—চুড়ী। পৌতিক—পীতবর্ণ রত্ন। উতারি—খুলিয়া ফেলিয়া। করিরদ—হস্তিদন্ত।

৪। অসিত—কৃষ্ণবর্ণ। উর—বক্ষ। মেটল—ঢাকিল। দৃগঞ্চল—চক্ষুর প্রান্ত। কচ—কেশ। সঞো—হইতে। ছপাই—ঢাকা দিল।

৫। মধুপসুত—ভ্রমরশিশু। শামা—কৃষ্ণবর্ণ।

৬। শামরি—শ্যামবর্ণ। শিখী—ময়ুর।

৭। পটকল—আছারিয়া ফেলিল। শতচুর—শতখণ্ড।

৮। শুক পণ্ডিত—শিক্ষিত শুকপক্ষী। রোষাই—রাগিয়া। ছটকি—আছাড়িয়া। ফটিক—স্ফটিক-নির্ম্মিত হর্ম্ম্যতল।

মেরু সম মান কোপ সুমেরু সম
দেখি ভেল রেণু সমান।
কবি চম্পতি কহ রাহি মনাইতে
আপ সিধারহ কান ॥ ৯ ॥

৭৫

নহি কিছু পুছলি রহলি ধনী বইগি
নই সেও আইলি বাহরে।
পরম বিরুহি ভএ নহি নহি নহি কএ
গেলি দূর কয় মোর করে ॥ ১ ॥

৯। ভেল—হইলাম। রেণু—ধূলা। রাহি মনাইতে—রাধার মান ভাঙ্গিতে। সিধারহ—গমন কর।

মাধব, রাধার দুর্জ্জয় মান হইয়াছে জানি। তাহার বিপরীত চরিত্র দেখিয়া চকিত হইলাম, আধখানা কথাও আমাকে জিজ্ঞাসা করিল না। তোমার কালোরূপ এবং শ্যাম নামের অক্ষর পর্য্যন্ত শুনিতেছে না। তোমার রূপ (কালো) শত্রুর ন্যায় মনে করিতেছে। তোমার লোকের সঙ্গে কথাই কহিতেছে না, তবে আমি কি করিয়া তাহাকে আনিয়া তোমার সহিত মিলাইব! সুন্দর নীল বসন, হাতের কৃষ্ণবর্ণ চূড়ী, পীতবর্ণ রত্নের মালা খুলিয়া ফেলিয়া হস্তিদন্ত-নির্মিত সাদা চুড়ী, মুক্তার মালা এবং লোহিত বর্ণ বস্ত্র পরিধান করিয়াছে। বক্ষের উপর কৃষ্ণবর্ণ একটি চিত্র ছিল, চন্দন দিয়া তাহা ঢাকা দিয়াছে। মৃগমদের তিলক চক্ষুর প্রান্তে ছিল, তাহা ধুইয়া ফেলিয়াছে এবং মুখের নিকট হইতে কেশগুচ্ছ সরাইয়া ঢাকা দিয়াছে। ভ্রমরসুতবিনিন্দিত একটি তিল তাহার চারু চিবুকের উপর ছিল,তাহাও তৃণাগ্রে চন্দন লইয়া ঢাকা দিয়াছে। মেঘ দেখিয়া চন্দ্রাতপ আচ্ছাদন করিয়াছে। শ্যামবর্ণ কোনও সখীকে সে নিকটে রাখে নাই। তমাল তরুগণকে চূণ দিয়া শাদা করিয়াছে; ময়ূর এবং কোকিলকে দূর করিয়া দিয়াছে। কৃষ্ণবর্ণ ভ্রমরকে দেখিবার ভয়ে চম্পকতরুর তলায় গিয়া রোদন করিতেছে। (ভ্রমর চম্পক পুষ্পের মধু পান করে না, ইহাই প্রসিদ্ধি)। মুকুরে কৃষ্ণবর্ণ চিকুর দেখিয়া মুকুর ছুড়িয়া ফেলিয়া দিল, তাহা শতখণ্ডে চূর্ণ হইয়া গেল। এক শিক্ষিত শুকপক্ষী তোমার গুণগ্রাম গাহিতেছিল, রাধা রাগে উঠিয়া পিঞ্জর সমেত শুকপক্ষীকে স্ফটিক-নির্মিত হর্ম্ম্যতলে আছড়াইয়া ফেলিল, আমি দৌড়াইয়া তাহাকে ধরিয়া ফেলিলাম। তাহার মান মেরুর মত এবং কোপ সুমেরুর মত, তাহা দেখিয়া আমি রেণুর সমান হইয়া গেলাম। চম্পতি (বিদ্যাপতি) কবি বলিতেছে, কানাই, রাধার মান ভাঙ্গিতে নিজেই যাও।

১। বিরুহি—বিরোধী। ভএ—হইয়া।

মাধব কহ কাহে রুষলি রমণী।
কত যতনে পেয়সী পরিবোধলি
ন ভেলি নিয়রেও আনি ॥ ২ ॥
গোর কলেবর তনু মুখ শশধর
রোষে অনরুচি ভেলা।
রূপ দরশন ছলে জনি নব রতোপলে
কামে কনকবল্লী দেলা ॥ ৩ ॥
নয়ন নীরধারে জনি টুটল হারে
কুচগিরি পহরি পরলা।
কনক কলস করু মদনে অমিয় ভরু
অধিক কি উভরি পললা ॥ ৪ ॥

৭৬

গগনক চাঁদ হাত ধরি দেল
কত সমুঝাল নীত।
যত কিছু কহল সবহু ঐসন ভেল
চিতপুতরি সম রীত ॥ ১ ॥
মাধব বোধ ন মানয় রাহি।
বুঝইতে অবুঝ অবুঝ মানিয়
কতএ বুঝাওব তাহি ॥ ২ ॥
তোহর মধুর গুণ কত পয় অলাপল
সবহু কঠিন কয় মান।
যৈসন তুহিন বরিখে রজনীকর
কমলিনী ন সহ পরাণ ॥ ৩ ॥

৭৭

সজনি ন বুঝিয় ই মঝু ভাগ।
আকুল চিত মঝু তাহি সজাগ ॥ ১ ॥
বচনহু নিজ কয় ন বোলয় রাহি।
মোর জীবন বিনু ন বোলহি তাহি ॥ ২ ॥
মঝু পরসঙ্গে সে ন দয় কান।
সেহ বিনু মঝু মুখ ন ফুরয় আন ॥ ৩ ॥

২। পরিবোধলি—প্রবোধ দিলাম।
৩। অনরুচি—অন্য প্রকার। রতোপল—রক্তোৎপল।
৪। পহরি—প্রহত হইয়া। পরলা—পড়িল। উভরি—উবছিয়া। পললা—পড়িল।
১। চিতপুতরি—চিত্রপুত্তলী।
২। বোধ—প্রবোধ। মানয়—মানে।
৩। অলাপল—আলাপ করিলাম। মান—মানে।
২। নিজ কয়—আপনার মনে করিয়া।

সমধান চাহি ন হোয় সমধান।
তে অতিরেক হানয় পচবাণ॥ ৪॥
কহ কবিশেখর মন কর থির।
সহজহি নাগরী ভাব গভীর॥ ৫॥

৭৮

যমুনাতীর যুবতী কেলি কর
উঠি উগল সানন্দা।
চিকুর সেমার হার অরুঝাএল
যুথে যুথে উগ চন্দা॥ ১॥
মানিনি অপুরুব তুয় নিরমাণে।
পাঁচবাণে যনি সেনা সাজলি
অইসন উপজু মোহি ভানে॥ ২॥
আনি পুণিম শশী কনক থোএ কসি
সিরিজল তুয় মুখ সারা।
যে সবে উবরল কাটি নড়াওল
সে সবে উপজল তারা॥ ৩॥
উবরল কনক উবটি বটুরাওল
সিরিজল তুই আরম্ভা।
শীতল ছায়া রসিক ছুই ছাড়ল
ছাড়ি গেল সবে দম্ভা॥ ৪॥

৭৯

সজল নলিনীদল শেষ বিছাইঅ
পরসে যা অসিলাএ।
চন্দনে নহি হিত চান্দ বিপরীত
করব কওন উপাএ॥ ১॥
সজনি সুদৃঢ় কইয়ে জান।
তোহি বিহু দিনে দিনে তনু ক্ষীণ
বিরহে বিমুখ কান॥ ২॥

কারণ বৈদে নিরসি তেজলি
আন নহি উপচার।
এহি বেয়াধি ঔষধ তোহর
অধর অমিয় ধার॥ ৩॥

৮০

নারঙ্গি ছোলঙ্গি কোরি কি বেলি।
কামে পসাহলি আচর ফেলি॥ ১॥
আবে ভেলি তাল ফল তুলে।
কঁহা লএ যাইতি অলপ মূলে॥ ২॥
সে কানু সে হমে সে ধনী রাধা।
পুরুব পেম ন করিয় বাধা॥ ৩॥
জাতকী কেতকী সরস মালা।
তুয় গুণ গাঁহি গাঁথয় হারা॥ ৪॥
সরস নীরস তোহ কে বুঝ আনে।
কহা লএ চলতি ভেলি বিমাসে॥ ৫॥
সরস কবি বিদ্যাপতি গাবে।
নাগর নেহ পুণমতি পাবে॥ ৬॥

৮১

একে তুহ নাগরী সব গুণ আগরি
বইসসি চতুরি সমাজ।
অপন বাত আপু নহি সমুঝসি
হঠে নট কয়ল সব কাজ॥ ১॥
সুন্দরি নাহ কিয় করসি রোষ।
নিয়র আনি বাত তুই পুছহ
জানহ গুণ কিয় দোষ॥ ২॥
অপরাধ জানি গারি দশ দেবই
পিরীত ভাঙ্গল কাঁ লাগি।
পিরীতি ভ‍ঁগইতে যে উপদেশল
তকর মুখে দিয় আগি॥ ৩॥

৪। তে অতিরেক—তাহার অতিরিক্ত।
১। সেমার—সাজাইতে। অরুঝাএল—জড়াইয়া গেল।
২। অপুরুব—অপূর্ব্ব। নিরমাণ—নির্ম্মাণ। যনি—যেন। ভান—জ্ঞান।
৩। থোএ—থুইয়া, রাখিয়া। কসি—কষিয়া। উবরল—উদবৃত্ত হইল। নড়াওল—ফেলিয়া দিল।
৪। উবটি—ফিরিয়া। বটুরাওল—সঞ্চয় করিল। আরম্ভা—আরম্ভ, গর্ব্বের সামগ্রী অর্থাৎ পয়োধর।
৪। ছুই—ছুঁইয়া। দম্ভা—দম্ভ।
১। বিছাইঅ—বিছায়। অসিলাএ—ম্রিয়মাণ, শুষ্ক।
৩। নিরসি—নিবারণ করিয়া।
১। নারঙ্গি—নারাঙ্গা লেবু। ছোলঙ্গি—লেবু বিশেষ। কোরি—কোরা, নবীন। বেলি—সময়। পসাহলি—সাজাইল। ফেলি—ফেলিয়া।
১। বইসসি—বাস কর। আপু—আপনি। সমুঝসি—বুঝ। নট—নষ্ট।
২। নাহ—নাথ। কিয়—কিংবা।
৩। দেবই—দিবে। কাঁ লাগি—কিসের জন্য। ভ‍ঁগইতে—ভাঙ্গিতে। আগি—আগুন।

৮২

কোকিলকুল কলরব কাহল
বাহর রাব।
মঞ্জরীকুল মধুকর গুঞ্জরয়
সে জনি গুজর গাব ॥ ১ ॥
মনে মলান পরাণ দিগন্তর
এহু কিয়ে ন লাজ।
বিরহিণী জন মরণ কারণ
বেকত ভই বিধুরাজ ॥ ২ ॥
সুন্দরি অবহু তেজিয় রোষ।
তু বর কামিনী ই মধু যামিনী
অপদ ন দিয় দোষ ॥ ৩ ॥
কমল চাহি কলেবর কোমল
বেদন সহএ ন পার।
চান্দন চন্দ কুন্দ তনু তাপয়
ভাব ন মোতিম হার ॥ ৪ ॥
শিরীষ কুসুম শেষ ওছাওল
তইও ন আবএ নিন্দ।
আকুল চিকুর চীর ন সম্বর
সুমর দেব গোবিন্দ ॥ ৫ ॥

৮৩

মধুর মধুর পিক রব তরু তরু সব
করু করু লতিকা সঙ্গ।
ঐসন শোহাওন সুরতি সময় বন
পুণমতী রচ রতিরঙ্গ ॥ ১ ॥
দখিণ পবন বহ শীতল সবহু তহ
মলয়জ রজ লয় আব।
কওন যুবতী মন মনসিজ নহি হন
সবে কর রস পরথাব ॥ ২ ॥
হরি হরি কোনে পরি রহ হৃদয় ধরি
হরি পরিহরি এহি রাতি।
দেখি সুপহু নতি রতিরঙ্গ ন করতি
কোন কলাবতী জাতি ॥ ৩ ॥
বিদ্যাপতি কহ সুন্দর সব তহ
কর পরসন মন আজ।
গুণ গণি সুবদনি মিলহ রসিকমণি
পুণবলে সুপহু সমাজ ॥ ৪ ॥

৮৪

মানিনি আব উচিত নহি মান।
এখনুক রঙ্গ এহন সন লগইছ
জাগল পএ পচবাণ ॥ ১ ॥
জুড়ি রয়নী চকমক কর চাঁদনী
এহন সময় নহি আন।
এহি অবসর পিয় মিলন যেহন সুখ
যকরহি হো সে জান ॥ ২ ॥
রভসি রভসি অলি বিলসি বিলসি করি
যে কর অধরমধু পান।
অপন অপন পহু সবহু জেমাওল
ভুখল তুয় যজমান ॥ ৩ ॥
ত্রিবলী তরঙ্গ সিতাসিতসঙ্গম
উরজ শম্ভু নিরমাণ।
আরতি পতি মগইছে পরতিগ্রহ
করু ধনি সরবস দান ॥ ৪ ॥

১। কাহল—ঢক্কা। বাহর—বাহির। রাব—রব। গুজর—গুর্জ্জরী, গান বিশেষ। গাব—গায়।

২। মলান—মালিন্য।

৩। অবহু—এখনই। অপদ—অস্থানে, অকারণে।

৪। চাহি—হইতেও। তাপয়—সন্তাপিত করে। ভাব—শোভা পায়।

৫। ওছাওল—বিছাইল। সুমর—স্মরণ কর।

১। শোহাওন—শোভন।

২। তহ—তাহা হইতে। আব—আসিতেছে। হন—হানে। পরথাব—প্রতাপ।

৩। হরি হরি—আক্ষেপসূচক শব্দ। কোনে পরি—কিরূপে। সুপহু—সুপ্রভু। নতি—বিনতি।

৪। পরসন—প্রসন্ন। গুণ গণি—গুণ বিচার করিয়া। সমাজ—নিকট।

১। আব—এখন। এখনুক—এখনকার। রঙ্গ—সৌন্দর্য্য। সন—যেন। লগইছ—লাগিতেছে। পএ—অব্যয়।

২। জুড়ি—জুড়ান, শীতল। চাঁদনী—জ্যোৎস্না। আন—অন্য। এহি—এই। যকরহি—যাহারই।

৩। রভসি—আনন্দিত হইয়া। বিলসি—বিলাস করিয়া। করি—করাইল। সবহু—সকলে। জেমাওল—ভোজন করাইল। ভুখল—অভুক্ত, অতৃপ্ত।

৪। সিতাসিতসঙ্গম—প্রয়াগ, হার ও নাভি-রোমাবলীর মিলন-স্থান। আরতি—অনুরাগাতিশয্য। পতি—বল্লভ। মগইছে—মাগিতেছে। পরতিগ্রহ—প্রতিগ্রহ। সরবস—সর্ব্বস্ব।

গঙ্গার জল সাদা, যমুনার জল কালো, ইহা প্রসিদ্ধ। এখানে হারকে সাদা বলা হইতেছে এবং

দীপ দীপক দেখি থির ন রহয় মন
দৃঢ় করু অপন গেয়ান।
সঙ্কিত মদন বেদন অতি দারুণ
বিদ্যাপতি কবি ভাণ ॥ ৫ ॥

৮৭

বিমল কমলমুখি ন করিয় মানে।
পাওত বদন তুয় চাঁদ সমানে ॥ ১ ॥
কামে কপট কনকাচল আনি।
হৃদয়ে বইসাওল দুই করে জানি ॥ ২ ॥
তেঁ পাতকে তোহি মাঝহি খীণী।
লঘু গতি হংসহু তহ অতি হীনি ॥ ৩ ॥
এঁ ধনে সুখিত হোয়ত যুবরাজে।
বসনে ঝপাবহ কি তোর কাজে ॥ ৪ ॥
হসি পরিরম্ভি অধরমধু দানে।
কখনে ফুজলি নীবি কেও নহি জানে ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি রসিক সুজানে।
রুক্মিণী দেবীপতি সুন্দর কানে ॥ ৬ ॥

৮৮

কা কুচ অঞ্চলে রাখহ গোএ।
উপচিত কতএ তিরোহিত হোএ ॥ ১ ॥
উপজলি প্রীতি হঠহি দূর গেলি।
নয়নক কাজরে মুখ মসি ভেলি ॥ ২ ॥
তেঁ অবসাদে অবশ ভেল দেহ।
খত খরিয়া সন ভেল সিনেহ ॥ ৩ ॥
জএো বাজলি তএো সংশয় গেলি।
আনি নবও নিধি জনি দেলি ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি এহু রস জান।
রাজা শিবসিংহ রূপনরায়ণ
লখিমা দেবী রমাণ ॥ ৫ ॥

৮৯

মানিনি হম কহিয় তুয় লাগি।
নাহ নিকটে পাই যে জন বঞ্চয়
তাকর বড়হি অভাগি ॥ ১ ॥
দিনকর বন্ধু কমল সব জানয়
জল তহি জীবন হোই।
পঙ্কবিহীন তনু ভানু শুখায়ত
জলহি পটাওত সোই ॥ ২ ॥
নাহ সমীপে সুখদ জত বৈভব
অনুকূল হোয়ত যোই।
তকর বিরহে সকল সুখ সম্পদ
খণে খণে দগধয় সোই ॥ ৩ ॥
তুহু ধনি গুণমতী বুঝি করহ রীতি
পরিজন ঐসন ভাষ।
শুনইতে রাহি হৃদয় ভেল গদ গদ
অনুমতি কয়ল পরকাশ ॥ ৪ ॥

৯০

অবয়ব সবহি নয়ন পএ ভাস।
অহনিশি ঝাখএ পাওব পাশ ॥ ১ ॥
লাজে ন কহএ হৃদয় অনুমান।
পেম অধিক লঘু জনিতহু আন ॥ ২ ॥

নাভি-লোমাবলী স্বভাবতই কালো, সুতরাং এতদুভয়ের মিলনস্থানকে সিতাসিত সঙ্গম বলা হইয়াছে, ত্রিবলী তরঙ্গ সদৃশ এবং উরজ অর্থাৎ কুচ শম্ভু সদৃশ, এই তীর্থ স্থানে প্রভু সাগ্রহে প্রতিগ্রহ চাহিতেছে; অতএব ধনি, তুমি সর্ব্বস্ব দান কর।

৫। দীপ—অপ্রজ্বলিত প্রদীপ। দীপক—উত্তেজক, প্রজ্বালক আলোক। গেয়ান—চিত্তবৃত্তি।

১। পাওত বদন—তোমার বদন চন্দ্রতুল্য হইবে অর্থাৎ তোমার নির্ম্মল মুখচন্দ্র মান-কলঙ্ক-যুক্ত হইবে।

২। আনি—আনিয়া। জানি—ইচ্ছা করিয়া।

৩। তেঁ পাতক—সেই পাপে অর্থাৎ কাম-স্পর্শরূপ পাপে। মাঝহি—মাঝ, কটি। খীণী—ক্ষীণ।

৪। যুবরাজ—মাধব। ঝপাবহ—ঢাকিতেছে।

৫। পরিরম্ভি—আলিঙ্গন করিয়া। ফুজলি—খুলিয়া যাইবে।

৬। সুজান—সুজন।

১। উপচিত—বর্দ্ধিত।

২। উপজলি—সমুৎপন্ন। হঠহি—বলপূর্ব্বক।

৩। খত খরিয়া—ক্ষতস্থানে লবণ দেওয়া।

৪। জএো—যদি। বাজলি—কথা কওয়া।

১। বঞ্চয়—বঞ্চিত করে। অভাগি—অভাগ্য।

২। তহি—তাহার। শুখায়ত—শুকায়। পটাওত—পাট করে, সিঞ্চন করে।

৩। দগধয়—দগ্ধ করে।

১। ভাস—শোভা পায়। ঝাখএ—শোক করে। পাওব পাশ—নিকটে যাইবে অর্থাৎ মিলন হইবে।

সাজনি কি কহব তোর গেয়ান।
পানি পাএ শিকর ভেল কান ॥ ৩ ॥
বাহর হোই আনহি কহিঅ সমাদ।
হোএতও হে সুমুখি পেম পরমাদ ॥ ৪।
জঞো তহিকে জীবনে তোর কাজ।
গুরুজন পরিজন পরিহরি লাজ ॥ ৫ ॥
দণ্ড দিবস দিবসহি হো মাস।
মাস পাব গএ বরসক পাশ ॥ ৬ ॥
তোহর জুড়াই তোহরে মান।
গেল বুঝায় কেও আন পরাণ ॥ ৭ ॥

৯১

সৌরভ লোভে ভমর ভমি আয়ল
পুরুব পেম বিশবাসে।
বহুত কুসুমমধু পান পিয়াসল
যাএত তুয় উপাসে ॥ ১ ॥
মালতি করিয় হৃদয় পরকাশে।
কত দিন ভমর পরাভব পাওব
ভল নহি অধিক উদাসে ॥ ২ ॥
কঞোনক অভিমত কে নহি রাখএ
জীবও দএ জগ হেরি।
কি করব তেঁ ধন অরু জীবনে
যে নহি বিলসএ বেরি ॥ ৩ ॥
সবহি কুসুম মধুপান ভমর কর
সুকবি বিদ্যাপতি ভাণে।
রাজা শিবসিংহ রূপনরায়ণ
লখিমা দেবী রমাণে ॥ ৪ ॥

৯২

সিনেহ বঢ়াওব ই ছল ভাণ।
তোহর সোয়াধীন করব পরাণ ॥ ১ ॥
ভল ভেল মালতি ভেলি হে উদাস।
পুনু ন আওব মধুকরে তুয় পাশ ॥ ২ ॥
এতবা হম অনুতাপক ভেল।
গিরি সম গৌরব অপদহি গেল ॥ ৩ ॥
অলপে বুঝওলহ নিজ বেবহার।
দেখিতহি নিজ পরিণাম অসার ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি মন দএ সেব।
হাসিনী দেবীপতি গজসিংহ দেব ॥ ৫ ॥

৯৩

মদন কুঞ্জ তেজি চললি চতুর দূতী
পবনক গতি সম গেল।
ক্ষিতি নখে লিখি দেখি মুখ ঝাঁপল
রাহি উতর নহি দেল ॥ ১ ॥
চতুর দূতী তব মনহি বিচারল
কহত ললিতা সঞো বাত।
কাহে বিমুখ ভই বৈসলি দুবরী
কি ভেল আজুক বাত ॥ ২ ॥
হেরি ললিতা সখী মৃদু মৃদু বোলত
হমরি করম মন্দ ভেল।
নাগর কিশোর কুঞ্জে নিশি বঞ্চল
চন্দ্রাবলীসঞো কেল ॥ ৩ ॥
হসি হসি নিয়রে যাই দূতী বৈসল
কহতহি মধুরিম বাণী।
ইহ লঘু দোখে রোখ যব মানসি
কে কহ তোহে সয়ানী ॥ ৪ ॥
উঠ উঠ সুন্দরি মান দূর করি
বাহু পসারি করু কোর।
ফটকি হাত বাত নহি শুনল
কোপে ভরল তনু জোর ॥ ৫ ॥
রাহিক নিঠুর বচন শুনি সহচরী
কোপে ভরল সব গাত।
ভূপতিনাথ কহ রোখে তব বোলত
যবহি ফটকল হাত ॥ ৬ ॥

৩। পাএ—পাইতে, চাহিয়া। শিকর—জলকণা।
৪। বাহর—বাহিরে। সমাদ—সম্বাদ।
৭। জুড়াই—শীতল।
১। বিশবাসে—বিশ্বাসে। পিয়াসল—পিপাসিত। উপাসে—উপবাসী।
২। পরকাশে—প্রকাশ। উদাস—উপেক্ষা।
৩। কঞোনক—কাহার। জীবও—জীবনে। অরু—আর। বিলসএ—বিলাস করে। বেরি—সময়।
১। ভাণ—জ্ঞান। সোয়াধীন—অধীন, আয়ত্ত। করব—করিবে।
৩। এতবা—এইমাত্র। অপদহি—অস্থানে।
৪। বুঝওলহ—বুঝাইয়াছ। দেখিতহি—দেখাইতেছে।
১। উতর—উত্তর। দুবরী—দুর্ব্বলা।
৪। দোখে—দোষে। রোখ—রোষ। মানসি—মানিতেছ। সয়ানী—চতুরা।
৫। পসারি—প্রসারিত করিয়া। কোর—ক্রোড়। ফটকি—আছাড়িয়া।
৬। গাত—গাত্র।

৯৪

অখিললোচন তম তাপ বিমোচন
উদয়তি আনন্দ কন্দে।
এক নলিনী মুখ মলিন করয় জনি
ইথে লাগি নিন্দহ চন্দে ॥ ১ ॥
সুন্দরি বুঝল তুয় প্রতিভাতি।
গুণগণ তেজি দোষ এক ঘোষসি
অন্তে অহিরিণী জাতি ॥ ২ ॥
সকল জীব জন জীব সমীরণ
মন্দ সুগন্ধ সুশীতে।
দীপক জোতি পরশে যদি নাশয়
ইথে লাগি নিন্দহ মারুতে ॥ ৩ ॥
স্থাবর জঙ্গম কীট পতঙ্গম
সুখদ যে সকল শরীরে।
কাগদ পত্র পরশে জঞো নাশয়
ইথে লাগি নিন্দহ নীরে ॥ ৪ ॥
খণে খণে সকল কুসুম মন তোষয়
নিশি রহু কমলিনী সঙ্গে।
চম্পক এক যইও নহি চুম্বয়
ইথে লাগি নিন্দহ ভৃঙ্গে ॥ ৫ ॥
পাঁচ পঞ্চ গুণ দশ গুণ চৌগুণ
আট দ্বিগুণ সখী মাঝে।
কবি চম্পতি কহ কান্থ আকুল তো বিনু
বিষাদ ন পাবসি লাজে ॥ ৬ ॥

১। আনন্দ কন্দ—আনন্দ মূল।
২। প্রতিভাতি—বুদ্ধি। অন্তে—শেষে, ফলে।
৩। দীপক—প্রদীপের।
৪। কাগদ—কাগজ।
৬। পাঁচ পঞ্চ ইত্যাদি—পাঁচকে ৫ দিয়া গুণ করিলে ২৫ হয়, ২৫ × ১০ = ২৫০ হইল, ২৫০ × ৪ = ১০০০ হইল, ১০০০ × ৮ = ৮০০০ হইল, ৮০০০ × ২ = ১৬০০০।

মাধব পূর্ব্বরাত্রে চন্দ্রাবলীর কুঞ্জে যাপন করিয়াছিলেন বলিয়া শ্রীমতীর কুঞ্জে আসিতে পারেন নাই, তজ্জন্য শ্রীমতী মান করিয়া বসিয়া আছেন। দূতী রাধাকে ইহার পূর্ব্ব পদে কুপিত দেখিয়া রাগিয়া বলিতেছে :—অখিললোচন, তম এবং তাপবিমোচনকারী আনন্দকন্দ চন্দ্রদেব উদিত হইলে একমাত্র নলিনী মুখ মলিন করিয়া থাকে, তজ্জন্য তুমি চন্দ্রের নিন্দা করিতেছ! সুন্দরি, তোমার বুদ্ধি বুঝিতে পারা গিয়াছে। তাঁহার গুণগ্রাম ত্যাগ করিয়া একমাত্র দোষ ঘোষণা করিতেছ! তুমি ফলে জাতিতে গোয়ালিনী কি না, তাই এরূপ বলিতেছ। যে সমীরণে সমস্ত জীব জীবন ধারণ করে এবং সুগন্ধাদি আঘ্রাণ করিয়া থাকে, যদি সেই সমীরণ-স্পর্শে দীপ নিবিয়া যায়, তাই বলিয়া কি সমীরণের নিন্দা করিবে। স্থাবর জঙ্গম, কীট পতঙ্গাদি শরীরী যে জলে সুখ লাভ করিয়া থাকে, সেই জল-স্পর্শে যদি কাগজ-পত্র নষ্ট হয়, তাই বলিয়া কি জলের নিন্দা করিবে! সমস্তক্ষণ সকল কুসুমের মনস্তুষ্টি করিয়া ভৃঙ্গ রাত্রিতে কুমুদিনীর সহিত যাপন করে, সে যদি একমাত্র চম্পককে চুম্বন না করে, তাই বলিয়া কি তুমি ভৃঙ্গের নিন্দা করিবে! কবি চম্পতি (বিদ্যাপতি) বলিতেছে, কানাই তোমার বিষাদে আকুল হইয়াছে, এই ষোড়শ সহস্র সখীর মাঝে সে জন্য তোমার লজ্জা হইতেছে না!

৯৫

তোহর বচন অমিয় ঐসন
তেঁ মতি ভুললি মোরি।
কতএ দেখল ভল মন্দ হোয়
সাধু ন ফাবয়ে চোরি ॥ ১ ॥
সাজনি আবে কি বোলব আও।
আগে গুণি যে কাজ ন করব
পাছে হো পচতাও ॥ ২ ॥
অপনি হানি যে কুলক লাঘব
কিছু ন গুণল তবে।
মনে মনরথ বাণহি লাগল
আওব গমাওল হমে ॥ ৩ ॥
যতনে কত ন কে ন বেসাহএ
গুঞ্জা কে দহ কিন
পরক বচনে কূপ ধস দেয়
তৈসন কে মতিহীন ॥ ৪ ॥
নাগর ভমর সবে কেও বোলএ
মনে ধনী জানল মোর।
পঢ়ি গুণি হমে সব বিসরল
দোষ নহি কিছু তোর ॥ ৫ ॥

১। তেঁ—তাহাতে।
২। আবে—এখন। আগে—ভবিষ্যৎ। গুণি—গণিয়া। পচতাও—পশ্চাত্তাপ।
৩। তবে—তখন। আওব—যাহা আসিবে, ভবিষ্যৎ।
৪। বেসাহএ—বিক্রয় করে। কিন—কেনে, ক্রয় করে। ধস দেয়—ঝাঁপ দেয়।

ভণে বিদ্যাপতি শুন তোঞে যুবতি
হৃদয় ন কর মন্দ।
রাজা রূপনরায়ণ নাগর
জনি উগল নব চন্দ ॥ ৬ ॥

৯৫

ষোড়শ সহস গোপী মহ রাণী।
পাট মহাদেবী করবি হে আনি ॥ ১ ॥
বোলি পঠওলহি যত অতিরেক।
উচিতহু ন রহল তহিক বিবেক ॥ ২ ॥
সাজনি কি কহব কান্থ পরোখ।
বোলি ন করিঅ বড়াকাঁ দোখ ॥ ৩ ॥
অব নীত মতি যদি হরলহি মোরি।
জনলা ছোরে করব কি চোরি ॥ ৪ ॥
পূরবাপরে নাগরকাঁ বোল।
দূতী মতি পাওল গএ ওল ॥ ৫ ॥

৯৭

প্রথমক আদরে পুলক ভেল যত
ন গুণল দাহিন বামে।
মধুর বচন মধু ভমরহি পীউল
বিষ সম ভেল পরিণামে ॥ ১ ॥
কতনে মনোরথে অছলহু সুন্দরি
নাগর ভমর হমারে।
যাবে পাব রস তাবে রহএ বস
বিনু দোষে কর পরিহারে ॥ ২ ॥
রভসক অবসরে কি নহি অঙ্গিরএ
কত ন করএ পরবন্ধে।
অবসর বেরি হেরি নহি হেরএ
ফলে জানিয় ধন্ধে ॥ ৩ ॥

৯৮

বুঝহি ন পারল কপটক দীশ।
অমিয় ভরমে খায়ল হম বিষ ১ ॥
আবে পরতীতি করত বহু কোয়।
শামর নহি সরলাশয় হোয় ॥ ২ ॥
এ সখি কি পরশংসহ কান।
বচন সুধা সম হৃদয় পখাণ ॥ ৩ ॥
মোহন জাল মদনশরে ভোলি।
আরতি কি ন পঠলওহি বোলি ॥ ৪ ॥
বোলহিক ভল সখি মাধব নাম।
বড় বোল ছড় পরযন্তক ঠাম ॥ ৫ ॥
অনুভবি দূর কয়ল অনুবন্ধ।
ভুগুতল কুসুম ভমর অনুসন্ধ ॥ ৬ ॥
ভণই বিদ্যাপতি তোহেঁ সখি ভোরি।
চেতন হাথ কহাঁ রহ চোরি ॥ ৭ ॥

৯৯

চন্দন ভরমে সেবলি হম সজনি
পূরত সকল মনকাম।
কন্তক দরশ পরশ ভেল সজনি
শিমর ভেল পরিণাম ॥ ১ ॥

৬। মন্দ—দুঃখ।

১। মহ—মাঝে।

২। পঠওলহি—পাঠাইলেন। অতিরেক—অতিরিক্ত। উচিতহু—ন্যায়সঙ্গতও।

৩। পরোখ—পরোক্ষ। বড়াকাঁ—বড় লোকের। দোখ—দোষ।

৪। নীত—নীতি, ভাল। জনলা—জানা।

৫। পুরবাপর—পূর্ব্বাপর। গএ—গিয়া। ওল—ওর, সীমা।

১। দাহিন—ভাল। বাম—মন্দ।

৩। অঙ্গিরএ—অঙ্গীকার করে। পরবন্ধে—প্রবন্ধ, সাকাঙ্ক্ষ বাক্যাবলী।

১। কপটক—কপটের। দীশ—উদ্দেশ্য। খায়ল—খাইলাম।

২। আবে—এখন। পরতীতি—প্রতীতি। কোয়—কেহ। শামর—শ্যামবর্ণ। সরলাশয়—সরলচিত্ত।

৩। কি—কেন, কি। পরশংসহ—প্রশংসা করিতেছ। পখাণ—পাষাণ।

৪। ভোলি—ভোলা, মুগ্ধ। আরতি—আর্ত্তি, অনুরাগের সময়। পঠওলহি—পাঠাইলেন। বোলি—বলিয়া।

৫। বোলহিক—বলিতেই। বড়—মহৎ ব্যক্তি। বোল—কথা। ছড়—ছাড়ে। পরযন্তক—পর্য্যন্ত, শেষকালে। ঠাম—স্থান।

৬। ভুগুতল—ভুক্ত। অনুসন্ধ—অনুসন্ধান করে।

৭। ভোরি—ভোলা, বিহ্বল। চেতন—চতুর। হাথ—হাত, নিকট।

১। ভরমে—ভ্রমে। সেবলি—সেবা করিলাম। মনকাম—মনস্কাম। শিমর—শিমুল গাছ।

একহি নগর বসু মাধব সজনি
পরভাবিনী বশ ভেল।
হম ধনী এহন কলাবতী সজনি
গুণ গৌরব দূর গেল ॥ ২ ॥
অভিনব এক কমল ফুল সজনি
দোনা নিমক ডার।
সেহো ফুল ওতহি শুখায়ল সজনি
রসময় ফুলল নেবার ॥ ৩ ॥
বিধিবশ আজ আয়ল ছথি সজনি
এত দিন ওতহি গমায়।
কোন পরি করব সমাগম সজনি
মোর মন নহি পতিয়ায় ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি গাওল সজনি
উচিত আওত গুণসাহ।
উঠি বধাব করু মন ভরি সজনি
আজ আওত ঘর নাহ ॥ ৫ ॥

১০০

সজনি অপদ ন মোহি পরবোধ।
তোড়ি জোড়িয় যাঁহা গেঁঠে পএ পড় তাঁহ
তেজ তম পরম বিরোধ ॥ ১ ॥
সলিল সিনেহ সহজ থিক শীতল
ই জানএ সবে কোই।
সে যদি তপত করি যতনে জুড়াইঅ
তইঅও বিরত রস হোই ॥ ২ ॥
গেল সহজ হে কি রীতি উপযাইয়
কুলশশী নীলী রঙ্গ।
অনুভবি পুনু অনুভবএ অচেতন
পড়য়ে হুতাশ পতঙ্গ ॥ ৩ ॥

১০১

পহিলহি কয়লহ হৃদয়ক হার।
বোলিতহ তোঁহে মোরি জীবন অধার ॥ ১ ॥
অইসনেও হঠে বিঘটওলহ পেম।
যইসন চতরিয়া হাথক হেম ॥ ২ ॥
এ সখি হরি সঞো সিনেহ বঢ়াএ।
যত অনুশয় তত কহহি ন যাএ ॥ ৩ ॥
দুরজনী দূতী তহ ই ভেল।
অপদহি গিরি সম গৌরব গেল ॥ ৪ ॥
আবে কি কহব মতিদূষণ মোর।
চিহ্নল চটাইল বোলি পরোর ॥ ৫ ॥

১০২

পরিমল লোভে ধাওল
পাওল নহি পাশ।
মধুসিন্ধু বিন্দু ন দেখল
অব জন উপহাস ॥ ১ ॥
অব সখি ভমরা ভেল পরবশ
কেহো ন করয় বিচার।
ভলে ভলে বুঝল অলপে চিহ্নল
হিয়া তসু কুলিশক সার ॥ ২ ॥
কমলিনী এঁড়ি কেতকী
গেলা বহু সৌরভ হেরি।
কণ্টকে পীড়ল কলেবর
মুখ মাখল ধূরি ॥ ৩ ॥

২। বসু—বাস করিয়া। পরভাবিনী—অপর রমণী।

৩। দোনা—পাতার ঠোঙ্গা। নিমক—নিমের। ডার—নিক্ষেপ। ওতহি—সেইখানেই। রসময়—রসযুক্ত। ফুলল—প্রস্ফুটিত হইল। নেবার—ধান্যবিশেষ।

৪। আয়ল ছথি—আসিয়াছে। গমায়—কাটাইয়া। পতিয়ায়—বিশ্বাস করে।

৫। গুণসাহ—গুণরাজ। বধাব—বধাই, আনন্দ প্রকাশ।

১। অপদ—বৃথা বাক্যে। পরবোধ—প্রবোধ। তোড়ি—ভাঙ্গিয়া। জোড়িয়—জোড়া যায়। যাঁহা—যেখানে। গেঁঠে—গ্রন্থি, গাঁইট। তেজ—আলোক। তম—অন্ধকার।

২। সিনেহ—স্নেহ বস্তু, তৈল। জুড়াইঅ—জোড়া যায়। তইঅও—তথাপি।

৩। উপযাইয়—উৎপন্ন করা যায়। কুলশশী—কুলরূপ চন্দ্র। নীল—কৃষ্ণবর্ণ। রঙ্গ—রং। অচেতন—বুদ্ধিহীন। হুতাশ—হুতাশন।

১। বোলিতহ—বলিত।

২। অইসনেও—এমনও। হঠে—বলপূর্ব্বক। বিঘটওলহ—প্রতিবন্ধ করিল। হাথক—হাতে।

৪। দুরজনী—দুর্জ্জনী, খল। তহ—হইতে। অপদহি—অস্থানে।

৫। মতিদূষণ—বুদ্ধির দোষ। চটাইল—তেলাকুচা ফল। পরোর—পটল।

১। পাওল নহি পাশ—নিকটে যাইতে পারিল না।

২। চিহ্নল—চিনিলাম। তসু—তাহার।

৩। ধূরি—ধূলি।

ভিন ভিন অনুভবি আবথু
জনি পাবথু খেদ।
এক রস পুরুষ বুঝল নহি
গুণ দূষণ ভেদ ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি শুন গুণমতি
রস বুঝহ রসমন্তা।
রাজা শিবসিংহ সব গুণ গাহক
রাণী লখিমা দেবী কন্তা ॥ ৫ ॥

১০৩

মালতী মধু মধুকর কর পান।
সুপুরুষ জঞো হো গুণক নিধান ॥ ১ ॥
অবুঝ ন বুঝএ ভলাহু বোল মন্দ।
ভেক ন পিবএ কুসুম মকরন্দ ॥ ২ ॥
এ সখি কি কহব অপনুক দন্দ।
স্বপনেহুঁ জনু হো কুপুরুষ সঙ্গ ॥ ৩ ॥
দুধে পটাইঅ সিচিয় নিত।
সহজ ন তেজ করইলা তিত ॥ ৪ ॥
কতে যতনে উপজাইঅ গুন।
কহল ন বুঝএ হৃদয়ক শূন ॥ ৫ ॥
মন্দা রতন ভেদ নহি জান।
মন্দা বান্দর মুহ ন শোভয় পান ॥ ৬ ॥

১০৪

জলধি মাগয়ে রতন ভণ্ডার।
চাঁদ অমিয় দে সকল সংসার ॥ ১ ॥
নাগর যে হোয় কি করত চাহি।
যকরা যে রহ সে দে তাহি ॥ ২ ॥
সাজনি কি কহব অপন গেয়ান।
পর অনুরোধে কতয় রহ মান ॥ ৩ ॥
বিনু পওলে তকরাহু দূর যায়।
দুহু দিশ পএ অনুতাপ জনায় ॥ ৪ ॥

পওলে অমর হোএ দহ কোএ।
কাঠ কঠিন কুলিশহু শত হোএ ॥ ৫ ॥

১০৫

কি কহব হে সখি পামর বোল।
পাথর ভাসল তল গেল সোল ॥ ১ ॥
ছেদি চম্পক চন্দন রসাল।
রোপল শিমর জিয়ন্তি মন্দাল ॥ ২ ॥
গুণবতী পরিহরি কুরূবতী সঙ্গ।
হীরা হিরণ তেজি রাঙ্গহি রঙ্গ ॥ ৩ ॥
পণ্ডিত গুণিজন দুখ অপার।
অছয় পরম সুখে মূঢ় গমার ॥ ৪ ॥
গিরিহি নিবিহিত রাঙ্ক পরবীণ।
চোর উজোরল সাধু মলিন ॥ ৫ ॥
বিদ্যাপতি কহ বিহি অনুবন্ধ।
শুনইতে গুণিজন মন রহ ধন্ধ ॥ ৬ ॥

১০৬

দশ দিশ শূন সন অধিক পিয়াসল
ভরমৈতে বুল সব ঠামে।
ভাগবিহীন জন আদর নহি লহা
অনুভব ধনিজন ঠামে ॥ ১ ॥
হে সাজনি জনু লেহে ভমিকরি নামে।
বিধিহিক দোখ সন্তোখ উচিত থিক
জগত বিদিত পরিণামে ॥ ২ ॥
আতপে তাপিত শীতল জানিকহু
সেবল মলয় গিরি ছাহে।
ঐসন করম মোর সেহও দূর গেল
কএল দবানলে দাহে ॥ ৩ ॥

২। বোল—বলে।
৩। অপনুক—নিজের। জনু—না।
৪। পটাইঅ—পাট কর। সিচিয়—সিঞ্চন কর। সহজ—স্বভাব। করইলা—করলা উচ্ছা।
৫। উপজাইঅ—উৎপন্ন কর। হৃদয়ক শূন—হৃদয়হীন।
১। জলধি—সমুদ্র। মাগয়ে—প্রার্থনা করে।
২। কি করত চাহি—চাহিয়া কি হইবে?
৩। কতয় রহ—কোথায় থাকে।
৪। বিনু পওলে—না পাইলে।

১। বোল—কথা। সোল—সোলা।
২। জিয়ন্তি—জিবলী গাছ। মন্দাল—মন্দ, গুণহীন।
৫। গিরিহি—গৃহী। নিবিহিত—বিবেকশূন্য। রাঙ্ক—দরিদ্র। পরবীণ—প্রবীণ। উজোরল—উজ্জ্বল।
১। শূন—শূন্য। সন—তুল্য, প্রায়। পিয়াসল—পিপাসিত। ভরমৈতে—ঘুরিয়া ঘুরিয়া। লহ—লয়, পায়।
২। ভমিকরি—ভ্রমণকারী।
৩। জানিকহু—জানিয়া। সেবল—সেবা করিলাম।

কতে দুখে আজ সমুদ্রতীর পাওল
সকল জল ভেল খারে।
এহনা অবসর ধৈরষ পএ হিত
সুকবি ভণতি কণ্ঠহারে॥ ৪॥

১০৭

নাগর হো সে হেরিতহি জান।
চৌষটি কলাক যাহি গেয়ান॥ ১॥
স্বরূপ নিরূপিয় কয় অনুবন্ধ।
কাঠেও রস দে নানা বন্ধ॥ ২॥
কেও বোল মাধব কেও বোল কান।
যঞে অনুমাপল নিছু পখাণ॥ ৩॥
বরসহু দ্বাদশ তুয় অনুরাগ।
দূতী তহ তকরা মন জাগ॥ ৪॥
কতএক হমে ধনী কতএ গোয়ালা।
জল থল কুসুম কৈসন হোয় মালা॥ ৫॥
পবন নহি সহএ দীপক জোতি।
ছুইলে কাচ মলিন হোয় মোতি॥ ৬॥
ই সবে কহিকহু কহিহহ সেবা।
অবসর পাএ উত্তর হমে দেবা॥ ৭॥
পরধন লোভ করএ সব কোই।
করিয় পেম জঞো আইতি হোই॥ ৮॥
নাগরী জনকে বহুল বিলাস।
ককেহু বচনে রাখি গেলি আশ॥ ৯॥

১০৮

কবহু রসিক সঞো দরশন হোয় জনু
দরশনে হোয় জনু নেহ।
নেহ বিছেদ জনু কাহুক উপজয়
বিছেদ ধরয় জনু দেহ॥ ১॥
সজনি দূর কর ও পরসঙ্গ।
পহিলহি উপজইত পেমক অঙ্কুর
দারুণ বিধি দেল ভঙ্গ॥ ২॥
যবহু দৈব দোষে উপজয় পেম
রসিক সঞে জনু হোয়।
কানু সে গোপত নেহ করি অব এক
সবহু শিখাওল মোয়॥ ৩॥
এহন ঔষধ সখি কঁহা নহি পাইয়
জনি যৌবন জরি যাব।
অসমঞ্জস রস সহয় ন পারিয়
ইহ কবিশেখর গাব॥ ৪॥

১০৯

জনম হোয়য়ে জনি জঞো পুনু হোই।
যুবতী ভই জনময় জনু কোই॥ ১॥
হোইহ যুবতী জনু হো রসবতী।
রসও বুঝয় জনু হো কুলবতী॥ ২॥
ই ধন মাগঞো বিহি এক পএ তোহি।
থিরতা দিহহ অবসানহু মোহি॥ ৩॥
মিলি স্বামী নাগর রসধার।
পরবশ ন হোয় হমর পিয়ার॥ ৪॥
হোইহ পরবশ বুঝিহ বিচারি।
পাএ বিচার হার কওোন নারী॥ ৫॥
ভণই বিদ্যাপতি অছু পরকার।
দন্দ সমুদ হোয়েত জীব দয় পার॥ ৬॥

১১০

অপথ কুপথ কএ কহ কত ঝুসি।
খণ মোহেঁ তখনে রহত রুষি॥ ১॥

৪। খারে—ক্ষার, লবণাক্ত।
১। হেরিতহি—দেখিলেই। জান—জানা যায়।
২। বন্ধ—উপায়।
৩। অনুমাপল—অনুমান করিলাম। নিছু—সম্পূর্ণ, নিছক।
৫। জল থল কুসুম—জলকুসুম ও স্থলকুসুম।
৭। কহিকহু—কহিয়া। কহিহহ—কহিও। সেবা—নমস্কার, প্রণাম।
১। কবহু—কখনও। জনু—না। নেহ—স্নেহ। বিছেদ—বিচ্ছেদ। কাহুক—কাহারও। উপজয়—উৎপন্ন হয়।
২। পরসঙ্গ—প্রসঙ্গ। দেল ভঙ্গ—ভাঙ্গিয়া দিল।
৩। গোপত নেহ—গুপ্ত প্রেম।
৪। পাইয়—পাই। জরি—জ্বলিয়া, পুড়িয়া। অসমঞ্জস—অযুক্ত, যাহার সামঞ্জস্য নাই।
৩। বিহি—বিধি। অবসানহু—অন্তিম সময়ে।
৪। পিয়ার—প্রিয়। ৫। পাএ—পাইয়া।
৬। পরকার—প্রকার, উপায়। সমুদ—সমুদ্র। জীব দয়—প্রাণ দিয়া।
১। অপথ কুপথ—মন্দ কর্ম। ঝুসি—মিথ্যা কথা। মোহেঁ—আমার প্রতি। রুষি—রাগ করিয়া।

মোঞে ন যায়ব মাই দুজন সঙ্গ।
নহি সরলাশয় শামরঙ্গ ॥ ২ ॥
অবলোকব নহি তনিক রূপ।
আঁখি অছইতে কইসে খসব কূপ ॥ ৩ ॥
বিদ্যাপতি কবি রভসে গাব।
মলিক বহারদিন বুঝ ই ভাব ॥ ৪ ॥

১১১

অপনহি পেম তরুবর বাড়ল
কারণ কিছু নহি ভেলা।
শাখা পল্লব কুসুমে বেয়াপল
সৌরভ দশ দিশ গেলা ॥ ১ ॥
সখি হে দুরজন দুরনয় পাএ।
মুর জঞো মুড়হি সঞো ভাঁগল
অপদহি গেল শুখাএ ॥ ২ ॥
কুলক ধরম পহিলহি অলি আয়ল
কঞোনে দেব পলটাএ।
চোর জননী নিজঞো মনে মনে ঝাখঞো
রোঞো বদন ঝপাএ ॥ ৩ ॥
অইসনা দেহ গেহ ন শোহাবএ
বাহর বম জনি আগি।
বিদ্যাপতি কহ অপনহি আউতি
শিরী শিবসিংহ লাগি ॥ ৪ ॥

১১২

গগন মণ্ডল দুহুক ভূখণ
একশর উগ চন্দা।
গএ চকোরী অমিয় পিবয়
কুমুদিনী সানন্দা ॥ ১ ॥
মালতি কাঁইএ করিয় রোষ।
একল ভমর বহুত কুসুম
কমন তাহেরি দোষ ॥ ২ ॥
জাতকী কেতকী নবি পদুমিনি
সব সম অনুরাগ।
তাহি অবসর তোহি ন বিসর
এহে তোর বড় ভাগ ॥ ৩ ॥
অভিনব রস রভস পওলে
কওন রহ বিবেক।
ভণে বিদ্যাপতি পর হিত কর
তৈসন হরি পএ এক ॥ ৪ ॥

১১৩

জলধি সুমেরু দুঅও থিক সার।
সব তহ গণিয় অধিক বেবহার ॥ ১ ॥
মালতি তোহে যদি অধিক উদাস।
ভমর যাব আবে কমলিনী পাশ ॥ ২ ॥
লাথ করসি কত অবসর পাএ।
দেহরি ন হোঅএ হাথে ঝপাএ ॥ ৩ ॥
কুচযুগ কঞ্চন কলস সমান।
মুনিজন দরশনে উগয় গেয়ান ॥ ৪ ॥
তঞো বর নাগরী অপনে গুণ।
কঞোনক দেলে হো বড় পুণ ॥ ৫ ॥

১১৪

পছা শুনিয় ভেলি মহাদেবী
কনকে নাবে বোকান।
গগন পরশি রহ সমীরণ
সূপ ভরি কে আন ॥ ১ ॥

২। মাই—মা গো। দুজন—দুর্জ্জন। সঙ্গ—মিলন, সাক্ষাৎ। সরলাশয়—সরলচিত্ত। শামরঙ্গ—কৃষ্ণবর্ণ।

৩। অবলোকব—অবলোকন করিব। তনিক—তাহার। অছইতে—থাকিতে। কইসে—কেমন করিয়া। খসব—পড়িব।

৪। মলিক বহারদিন—দিল্লীর একজন প্রসিদ্ধ মুসলমান গায়ক।

১। বেয়াপল—ব্যাপিল।

২। দুরজন—দুর্জ্জন। দুরনয়—দুর্ণয়, দুষ্ট নীতি। মুর—মূল। মুড়হি—মাথা, শীর্ষ। অপদহি—অস্থানে। শুখাএ—শুখাইয়া।

৩। পলটাএ—ফিরাইয়া। ঝাখঞো—শোক করে। রোঞো—রোদন করে।

৪। শোহাবএ—শোভা পায়, ভাল লাগে। বম—উদ্গিরণ। আগি—অগ্নি। আউতি—আসিবে।

১। মণ্ডল—ভূমণ্ডল। দুহুক—দুইয়ের। ভূখণ—ভূষণ। একশর—একেশ্বর, একা। উগ—উদিত হইলে। পিবয়—পান করে।

২। কাঁইএ—কেন। কমন—কে। তাহেরি—তাহার। কে তাহাকে দোষ দেয়?

৩। বিসর—বিস্মৃত হয়। ভাগ—ভাগ্য।

২। উদাস—উপেক্ষা। ৩। দেহরি—দেউড়ী।

৪। উগয়—উদিত হয়। ৫। পুণ—পুণ্য।

১। পছা শুনিয়—পূর্ব্বশ্রুত। নাবে—নৌকা। বোকান—বোঝা।

সুন্দরি অবে কি দেখহ দেহ।
বিনু হটবই অরথ বিহীন
কৈসন হাটক গেহ ॥ ২ ॥
অপথ পথ পরিচয় ভেলে
বসি দিন তুই চারি।
সুরত রস খণ এক পাবিয়
যাব জীব রহ গারি ॥ ৩ ॥

১১৫

তিণ তুল অরু তা তহ ভএ লহু
মানিয় গরুবি আহি।
অছইতে যে বোল নহি অছয়
সে লহু সবহু চাহি ॥ ১ ॥
সাজনি কইসন তোর গেয়ান।
যৌবন রতন তোর সোয়াধীন
ককে ন করসি দান ॥ ২ ॥
যাবে সে যৌবন তোর সোয়াধীন
তাবে পরবশ হোএ।
যৌবন গেলে বিপদ ভেলে
পুছি ন পুছত কোএ ॥ ৩ ॥
এহি মহী আধ অথির জীবন
যৌবন অলপ কাল।
ইথি যত যত ন বিলসিয়
সে রহ হৃদয় শাল ॥ ৪ ॥
তোর ধন ধনি তোরাহি রহত
নিধন হোএত আন।
দানক ধরম তোরাহি হোএত
কবি বিদ্যাপতি ভাণ ॥ ৫ ॥

১১৬

যখন কানু দেল তোহি আনি।
মনে পাওল ভেল চৌগুণ বানি ॥ ১॥
আবে দিনে দিনে পেম ভেল থোল।
ক এ অপরাধ বোলব কত বোল ॥ ২ ॥
আবে তোহি সুন্দরি মনে নহি লাজ।
হাথক কাকন অরসী কাজ ॥ ৩ ॥
পুরুষক চঞ্চল সহজ স্বভাব।
কএ মধুপান দশও দিশ ধাব ॥ ৪ ॥
একহি বেরি তএ্রে দূর কর আশ।
কূপ ন আবয় পথিকক পাশ ॥ ৫ ॥
গেলে মান অধিক হোয় সঙ্গ।
বড় কএ কি উপজাওব রঙ্গ ॥ ৬ ॥

১১৭

কত খণ বচন বিলাসে।
সুপুরুখ রাখিয় আশা পাশে ॥ ১ ॥
আবে হমে গেলিহু ফেদাই।
অথিরক আতর মধথ লজাই ॥ ২
বোলি বিসরলহ রামা।
সখি অসবৌলি হে কত কত ঠামা ॥ ৩ ॥
পর বিপতে ন রহ রঙ্গে।
কুসুমিত কানন মধুকর সঙ্গে ॥ ৪ ॥
সময় খেপসি কতি ভাঁতি।
বড়ি ছোটি ভেলি মধুমাসক রাতি ॥ ৫ ॥

১১৮

কমল ভমর জগ অছয় অনেক।
সব তহ সে বড় যাহি বিবেক ॥ ১ ॥
মানিনি তোরিত কর অভিসার।
অবসর থোড়হু বহুত উপকার ॥ ২ ॥

২। দেহ—দিবে। হটবই—হট্টপতি, দোকানী। অরথ—অর্থ, প্রয়োজন। হাটক—স্বর্ণ।

৩। বসি—বসিয়া থাকে। যাব জীব—যাবজ্জীবন। গারি—গালি, নিন্দা।

১। তুল—তুল্য। তা তহ—তাহা অপেক্ষা। মানিয়—প্রার্থিত, বাঞ্ছিত। গরুবি—গুর্ব্বী, দুর্লভ। আহি—আছিস্। অছইতে—থাকিতে। বোল—বলে।

৩। যাবে—যাবৎ। তাবে—তাবৎ। হোএ—হইবে। ভেলে—হইলে। পুছত—জিজ্ঞাসা করিবে। কোএ—কেহ।

৪। শাল—শেল।

১। বানি—মূল্য, বান।

২। থোল—থোড়া, অল্প।

৩। কাকন—কঙ্কণ। অরসী—আয়না।

২। ফেদাই—তাড়িত। আতর—অন্তর, চিত্ত।

৩। বিসরলহ—বিস্মৃত হইলে। অসবৌলি—বুঝাইল।

৪। বিপতে—বিপত্তিতে।

৫। খেপসি—ক্ষেপণ করিতেছ। ভাঁতি—রূপ, প্রকার। মধুমাসক—চৈত্রমাসের।

১। তহ—হইতে। যাহি—যাহার।

২। তোরিত—ত্বরিত। থোড়হু—অল্প।

মধু নহি দেলহ রহলি কি খাগি।
সে সম্পতি যে পরহিত লাগি ॥ ৩ ॥
অপূজিত লয়ে তুলনা তুয় দেল।
জাব জীব অনুতাপক ভেল ॥ ৪ ॥
তোঞে নহি মন্দ মন্দ তুয় কাজ।
ভলেও মন্দ হো মন্দা সমাজ ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি দূতী কহ গোএ।
নিজ ক্ষতি বিনু পরহিত নহি হোএ ॥ ৬ ॥

১১৯

থির নহি যৌবন থির নহি দেহ।
থির নহি রহয় বালভু সঞো নেহ ॥ ১ ॥
থির জনু জানহ ইহ সংসার।
এক পএ থির রহ পর উপকার ॥ ২ ॥
শুন শুন সুন্দরি কএলহ মান।
কি পরশংসহ তোহর গেয়ান ॥ ৩ ॥
কউলতি কএ হরি আনল গেহ।
মূর ভাঁগল সন কএলহ সিনেহ ॥ ৪ ॥
আরতি আনল বিঘটিত রঙ্গ।
সূতরিক রাব সরিশ ভেল সঙ্গ ॥ ৫ ॥
বিমুখি চলল হরি বুঝি বেবহার।
আবে কি গাওত কবিকণ্ঠহার ॥ ৬ ॥

১২০

চাহইতে অধর নিয়র নহি লেসি
ধরইতে মোললএ বাঁহি।
সুপহু সিনেহে ন কেলি রতি ভঙ্গলএ
তোহি সনি পাপিনী নাহি ॥ ১ ॥
মানিনি অবহু পলটি চল পিয়াকা পয় পল
মেটও সব অপরাধ ॥ ২ ॥
কৈতবে হাস গোপ তোঞে কএলএ কর্কে
কর্কে তোরি ভঁউহ চড়লি।
পিয়া সঞো পৌরুষ কাহে তোঞে বোললএ
জিহ তোরি টুটি ন পড়লি ॥ ৩ ॥
সুরস লাগি পিয় হিয় অরাহিঅ
বইরস বাস ন করিয়া।
অছিকহু বিষতরু পল্লব মেলব
আঁকুর ভাঁগি হলিয়া ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি শুন শুন গুণমতি
ওর ধরি কে কর মানে।
রাজা শিবসিংহ রূপনরায়ণ
লখিমা দেবী রমাণে ॥ ৫ ॥

১২১

সুখে ন শুতলি কুসুম শয়ন
নয়নে মুঞ্চসি বারি।
তহাঁ কি করব পুরুখ ভুষণ
জহাঁ অসহনী নারী ॥ ১ ॥
রাহি হঠে ন তোড়িয় নেহ।
কানু শরীর দিনে দিনে দূবর
তোরাহু জীব সন্দেহ ॥ ২ ॥
পরক বচন হিত ন মানসি
বুঝসি ন সুরত তন্ত।
মনে তঞো মৌন কবিয়
চোরি আনএ কন্ত ॥ ৩ ॥

৩। খাগি—অভাব। সম্পত্তি—সম্পত্তি।
৪। অপূজিত—অগ্রাহ্য, অবজ্ঞাত। অনু-তাপক—অনুতাপের।
৫। সমাজ—সঙ্গ।
৬। গোএ—গোপনে।
৩। পরশংসহ—প্রশংসা কর।
৪। কউলত—অঙ্গীকার। মূর—মূল।
৫। সূতরিক—দড়ীর। রাব—গুড়। সরিশ—সদৃশ।
১। চাহইতে—চাহিতে। নিয়র—নিকট। লেসি—নাও। ধরইতে—ধরিতে। মোললএ—মুচড়াইলে। বাঁহি—হাত। সুপহু—সুপ্রভু। ভঙ্গলএ—ভাঙ্গিলে। সনি—তুল্য।
২। পয়—পদে, চরণে। পল—পড়। মেটও—মিটুক।
৩। কএলএ—করিলে। চড়লি—উচ্চ হইল। বোললএ—বলিলে। জিহ—জিহ্বা। টুটি—ভাঙ্গিয়া, খসিয়া। পড়লি—পড়িল।
৪। অরাহিঅ—আরাধনা করিবে। বইরস—বিরস। বাস—থাকা, আশ্রয়। করিয়া—করিবে। অছিকহু—হইলেও। মেলব—বিকশিত। ভাঁগি—ভাঙ্গিয়া। হলিয়া—যাইবে, দিবে।
৫। ওর ধরি—শেষ পর্য্যন্ত।
১। শুতলি—শয়ন করিলি। অসহনী—অসহিষ্ণু।
২। তোড়িও—ভাঙ্গিও। দূবর—দুর্ব্বল। জীব সন্দেহ—জীবনে সন্দেহ হইতেছে।
৩। তন্ত—তত্ত্ব। চোরি—গোপনে।

কিছু কিছু পিয় আশা দিহহ
অতি ন করব কোপ।
আধক যতনে বচন বোলব
সঙ্গম করব গোপ ॥ ৪ ॥
নব অনুরাগে কিছু হোএবা
রহ দিন দুই চারি।
প্রথম প্রেম ওর ধরি রাখয়
সেহে কলাবতী নারী ॥ ৫ ॥

১২২

কণ্টক দোষে কেতকী সঞো রুষল
হঠে আএল তুয় পাশে।
ভল ন কয়ল তোহে অপদ অধিক কোহে
ভমর কে বোলল উদাসে ॥ ১ ॥
জাতকী অনুচিত এক বড় ভেলা।
নিজ মধুসার সাঁচি তোহে রাখল
ভমর পিয়াসল গেলা ॥ ২ ॥
ওহও ভমর মধুসার বিবেচক
গুরু অভিমানক গেহা।
গুরুপদ ছাড়ি পুনু নহি আওত
দেখবাহু ভেল সন্দেহা ॥ ৩ ॥
সেহও সুচেতন গুণক নিকেতন
সবহি কুসুম রস লেই।
যেহে নাগরী বুঝ তকর চতুরপণ
সেহে ন পরিহরি দেই ॥ ৪ ॥

১২৩

ভমইতে ভমর ভরমে জঞো ভুললাহে
আন লতা নহি পাশে।
এতবা রোষ দোষ বশ ভএ রহু
দূর কর হৃদয় উদাসে ॥ ১ ॥
যইঅও সরোবর হিমকর নিজ করে
পরশয় সবহু সমানে।
কুমুদিনীকাঁ শশী শশীকাঁ কুমুদিনী
জীবন কে নহি জানে ॥ ২ ॥
যেহন তোহার মন তহিকো তইসন
কত পতিঅউবি হে ভাখী।
জগত বিদিত থিক সবকা সবতহু
মনকা মন থিক সাখী ॥ ৩ ॥

১২৪

তুহু মান ধএলি অবিচারে।
আব কি করব প্রতিকারে ॥ ১ ॥
তুহু এড়াওলি রতনে।
মান হৃদয় করি ধরলি যতনে ॥ ২ ॥
মান গরুয় কিয় ধরলি।
কানুক করুণা করনে নহি শুনলি ॥ ৩ ॥
বঞ্চিত ভৈ পহু চললা।
কলিযুগ পাপ সভত তোহে ফললা ॥ ৪ ॥
ন শুনলি মহাজন মুখকাঁ।
যাচত বাঘ ন খায়েত বনকাঁ ॥ ৫ ॥
মানিনী মান ভুজঙ্গে।
জারল বিখ ভরল সব অঙ্গে ॥ ৬ ॥
সুকবি বিদ্যাপতি গাওল।
পূরুবকৃত ফল পাওল ॥ ৭ ॥

১২৫

দূতী :—পুনু চলি আবসি পুনু চলি যাসি।
বোলও চাহিসি কিছু বোলইতে লজাসি ॥১॥
আশা দইএ হরিকহু কিএ লেসি।
অধরাও বচনে উতরো ন দেসি ॥ ২ ॥
রাধা :—শুন দূতি তোঞে স্বরূপ কহু মোহি।
সঙ্গ সঞো কপট হমর ভেল তোহি ॥ ৩ ॥

৪। আধক—অর্দ্ধেক। সঙ্গম—মিলন। গোপ—গোপন।
৫। হোএবা—হইবে। রহ—রহিয়া, পরে। ওর—শেষ। রাখয়—রক্ষা করে।
১। রুষল—রোষ করিল। অপদ—অস্থানে। কোহে—ক্রোধে।
২। সাঁচি—সঞ্চয় করিয়া। পিয়াসল—পিপাসিত।
৩। ওহও—সেও। বিবেচক—জ্ঞাতা। গুরুপদ—অভিমানজনিত গুরু পদ। অভিমানক গেহা—অভিমানের ঘর। দেখবাহু দেখাও।
১। ভমইতে—ভ্রমণ করিতে করিতে।
২। যইঅও—যদিও।
৩। যেহন—যেমন। পতিঅউবি—বিশ্বাস করাইব। ভাখী—বলিয়া। সবতহু—সকলের অপেক্ষা।
২। এড়াওলি—ঘৃণা পূর্ব্বক ত্যাগ করিলি।
৩। কিয়—কেন। করনে—কর্ণে।
৬। জারল—দগ্ধ করিল।
১। আবসি—আসিস্। যাসি—যাস্।
২। হরিকহু—হরণ করিয়া। কিয়—কেন। লেসি—নিস্। অধরাও—অর্দ্ধও।

তহ্নিক কথা কহ্হসি কাঁ লাগি।
জুড়িহ্ হৃদয় পজারসি আগি ॥ ৪ ॥
তহ্নিক কৌশল মোরা পঅ দোষ।
কহলেও কহিনী বাঢ়য় রোষ ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি এহু রস ভাণ।
রাজা শিবসিংহ লখিমা দেবী রমাণ ॥ ৬ ॥

১২৬

কূপক পানি অধিক হোয় কাঢ়ি।
নাগর গুণে নাগরী রতি বাঢ়ি ॥ ১ ॥
কোকিল কানন আনিয় সার।
বরষা দাতুর করয় বিহার ॥ ২ ॥
অহনিশি সজনি পরিহর রোষ।
মঞে নহি জানসি তোরে দোষ ॥ ৩ ॥
ছবও বারহ মাসক মেলি।
নাগর চাহয়ে রঙ্গহি কেলি ॥ ৪ ॥
তে পরি তকর করও পরিণাম।
বিরস বোল জনু হোএ বিরাম ॥ ৫ ॥
মোরে বোলে দূর কর রোষ।
হৃদয় ফুজি কর হরি পরিতোষ ॥ ৬ ॥

১২৭

জঞো দিঠিকা ওল এহি মতি তোরি।
পুনু হেরসি কিএ পরি গোরী ॥ ১ ॥
অইসনা সুমুখি করিয় ককে রোষ।
মঞে কি বোলিবো সখি তোরে দোষ ॥ ২ ॥
এহম অবথ রে ই বেবহার।
পর পীড়াএ জীবন থিক ছার ॥ ৩ ॥

৪। তহ্নিক—তাঁহার। জুড়িহ্—শীতল। পজারসি—প্রজ্জলিত করিস।

১। কাঢ়ি—বাহির করিলে। রতি—অনুরাগ।

২। দাতুর—দর্দুর, ব্যাঙ,।

৪। ছবও—ছয়ও।

৫। তে পরি—সেইরূপে। বিরস—মন্দ।

৬। ফুজি—খুলিয়া।

১। দিঠিকা—দৃষ্টির। ওল—সীমা। কিএ পরি—কেমন করিয়া। গোরী—সুন্দরী।

২। ককে—কেন।

৩। অবথ—অবস্থা। পর পীড়াএ—পরকে পীড়া দিলে।

ভল কএ পুছলএ ঘুরি সংসার।
তর সুতে গঢ়ি কাট কুম্ভার ॥ ৪ ॥
গুণ জঞো রহ গুণনিধি সঞো সঙ্গ।
বিদ্যাপতি কহ ই বড় রঙ্গ ॥ ৫ ॥

১২৮

কি কহব অগে সখি মোর অগেয়ানে।
সগরিও রয়নী গমাওল মানে ॥ ১ ॥
যখনে মোর মন পরসন ভেলা।
দারুণ অরুণ তখনে উগি গেলা ॥ ২ ॥
গুরুজন জাগল কি করব কেলি।
তনু ঝঁপইতে হমে আকুল ভেলি ॥ ৩ ॥
অধিক চতুরপণে ভেলাহুঁ অয়ানী।
লাভক লোভে মূলহু ভেল হানি ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি নিজ মতি দোষে।
অবসর কাল উচিত নহি রোষে ॥ ৫ ॥

১২৯

ঝাঁখি ঝাঁখি ন খিণ কর তনু।
ভমর ন রহ মালতী বিনু ॥ ১ ॥
তাহি তোহি রীতি বাঢ়তি পুনু।
টুটলি বচন বোলহ জনু ॥ ২ ॥
এহে রাধে ধৈরয ধরু।
বল্লভ অওতাহ উছাহ করু ॥ ৩ ॥
পিশুন বচনে বাঢ়ত রোষ।
বারয় ন পারিয় দিবস দোষ ॥ ৪ ॥
সুজন বচন টুট ন নেহা।
হাথে ন মেট পথাণক রেহা ॥ ৫ ॥

৪। পুছলএ—জিজ্ঞাসা করিলে। তর—তলা। কুম্ভকার গড়িয়া তলায় সুতা দিয়া কাটে।

১। অগেয়ানে—অজ্ঞানে। অগে—ওগো। সগরিও—সমগ্র। গমাওল—কাটাইলাম।

২। পরসন—প্রসন্ন। উগি গেলা—উদয় হইয়া গেল।

৩। ঝঁপইতে—ঝাঁপিতে।

৪। অয়ানী—অজ্ঞানী। লাভক—লাভে।

১। ঝাঁখি—শোক করিয়া।

২। জনু—না।

৩। অওতাহ—আসিবে। উছাহ—উৎসাহ।

৪। বাঢ়ত—বাড়ে। বারয়—নিবারণ করিতে। দিবস দোষ—কালের দোষ।

৫। মেট—মুছে। পথাণক—পাষাণের।

১৩০

যে ছল সে নহি রহলে ভাব।
বোললি বোল পলটি নহি আব ॥ ১ ॥
রোষ ছড়ায়ে বঢ়াওল হাস।
রুষল বঞোসব বড় পরয়াস ॥ ২ ॥
কওনে পরি সে হরি বহুড়ত
মাই হে কওনে পরি ॥ ৩ ॥
নারীস্বভাব কয়ল হমে মান।
পুরুষ বিচখণ কে নহি জান ॥ ৪ ॥
আদরে মোরা হানি গয়ে ভেল।
বচনক দোষে পেম টুটি গেল ॥ ৫ ॥
নাগর নাগরী হৃদয়ক মেলি।
পাঁচবাণ বলে বহুড়ত কেলি ॥ ৬ ॥
অনুনয় মোরি বুঝাউবি রোএ।
বচনক কৌশলে কি নহি হোএ ॥ ৭ ॥

১৩১

তুয় পিয় সহচরি বুঝলিহুঁ হমে হরি
তেঁ মোহি পঠওলহি আজ রে।
সুজনে বিনয় যত কহল কহব কত
তোঁহু উত্তর কিছু বাজ রে ॥ ১ ॥
সুহিত বচন লইহ মানি রে।
শুন শুন গুণবতি মিলহ মধুরপতি
অথির যৌবন ধন জানি রে ॥ ২ ॥
অপন অপন গুণ সবে সব তহ শুন
নিজু কাচহু কহ হেম রে।
সে পুনু সবহু চহি গুরুবি গণিয় মহী
যে কর পরক গুণ পেম রে ॥ ৩ ॥
কত উপদেশিয় কত পরবোধিয়
তইঅও ন মানয়ে বোধ রে।
তোহহি কহহ সখি ফুললি মালতী লখি
কে করত ভমর নিরোধ রে ॥ ৪ ॥
দূতিক বচন শুনি পিয় গুণগণ গুণি
তসু তনু পসরল ভাব রে।
পুলকে উত্তর দএ রহিল লাজ কএ
কবি বিদ্যাপতি গাব রে ॥ ৫ ॥

১৩২

ধনী ভেলি মানিনী সখীগণ মাঝ।
অনুনয় করইতে উপজয় লাজ ॥ ১ ॥
পিরীতিক আরতি বিরতি ন সহই।
ইঙ্গিত ভঙ্গীএ তুহু সব কহই ॥ ২ ॥
রাহি সুচেতনী কানু সেয়ান।
মনহি সমাধল মন অভিমান ॥ ৩ ॥
অধরে মুরলী জোঁ ধয়ল মুরারি।
ফোই কবরী ধনী বাঁধি সমারি ॥ ৪ ॥
জোঁ নিজ পুর ধয়ল মুরারি।
সখি লখি অনতয় চলু বরনারী ॥ ৫ ॥
হরি যব ছায়া কর ধনী পায়।
ধনী সম্রমে বইসলি কর লায় ॥ ৬ ॥
কহ কবিশেখর বুঝয় সেয়ান।
ইঙ্গিতে রস পসারল পচবাণ ॥ ৭ ॥

১৩৩

সবে সবতহু কহ সহলে নহিঅ।
জীব জঞো যতনে জোগওলে রহিঅ ॥ ১ ॥

১। বোললি বোল—বলা কথা। আব—আসে।
২। রুষল—রুষ্ট। বঞোসব—মান ভাঙ্গিবে। পরয়াস—প্রয়াস।
১। বুঝলিহু—বুঝিলেন। তেঁ—সেই জন্য। মোহি—আমাকে। পঠওলহি—পাঠাইলেন। বাজ—বলা।
২। সুহিত—প্রকৃত হিত। লইহ—লও।
৩। চহি—চেয়ে, অপেক্ষা গুরুবি—গৌরবতী।
৪। উপদেশিয়—উপদেশ দিতেছি। পরবোধিয়—প্রবোধ দিতেছি। তইঅও—তথাপি। বোধ—প্রবোধ। তোহহি—তুমিই। কহই—কহ। ফুললি—প্রস্ফুটিত। লখি—লক্ষ্য করিয়া। নিরোধ—নিবারণ।
৫। গণ—গ্রাম, সমূহ। তসু—তাহার। ভাব—সাত্ত্বিক ভাব।
২। আরতি—আর্ত্তি।
৩। সুচেতনী—সুচতুরা। সেয়ান—চতুর।
৪। জোঁ—যখন। ধয়ল—রাখিল। ফোই—খুলিয়া। সমারি—সামলাইল, সাজাইল।
৫। পুর—গৃহ। অনতয়—অন্যত্র।
৬। যখন হরির ছায়া ধনীর পায়ে পড়িল অর্থাৎ মাধব যখন মাথা নীচু করিয়া রাধার চরণ ধরিলেন।
১। সহলে—সহিতে। নহিঅ—পার না। জোগওলে—জোগাইয়া।

পরশি হলহ জনু পিশুনক বোল।
সুপুরুষ পেম জীব রহ ওল ॥ ২ ॥
মঞে স্বপনেহু নহি সুমরঞো দেও।
অইসন পেম তোড়ি হল জনু কেও ॥ ৩ ॥
রহিঅ সুকওলে অপনা গেহ।
খল কৌশলে টুটি যায়ত সিনেহ ॥ ৪ ॥
বিমুখ বুঝাএ ন করিঅএ বোল।
মুখ সুখে ধেঙ্গুর কাট পটোর ॥ ৫ ॥

১৩৪

এত দিন ছল পিয়া তোহ হম ষেহে হিয়া
শীতল শীল কলাপে।
তোহে ন কান ধরু বিনতি দূর করু
দুরজন দুরিত অলাপে ॥ ১ ॥
মোহি পতি ভল ভেল ওতহি ওহও গেল
কি ফল বিকল ক এ দেহে।
করিয় ষতন পএ জঞো পুনু জোলি হো
টুটল সরস সিনেহে ॥ ২ ॥
শুনু কানু হে যতনে রতন দহ পরিহর কে।
দিন দশ যৌবন তেহি অনায়ত
মন তহু পুছু পরকারে।
তুয় পরসাদ বিখাদ নয়ন জল
কাজরে মোর উপকারে ॥ ৩ ॥
তেঁ তঞো করবি মসি মদন পাশ বৈসি
লিখি লিখি দেখবাসি তোহি।
তার হার ঘনসার রে সেওলব
সন্তাওত মোহি ॥ ৪ ॥

কামিনী কেলি ভান থিক মাধব
আও কুমুদিনী সঞো চাঁদে।
দুরহু দুরহু তোহেঁ পহু তঞো বুঝহ দহ
দরশনে কত আনন্দে ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি অরে বর যৌবতি
মেদিনী মদন সমানে।
লখিমা দেবীপতি রূপনরায়ণ
সুখমা দেবী রমাণে ॥ ৬ ॥

১৩৫

বদন সরোরুহ হাসি মুকাওসি
তাহে লুবুধ মন মোরা।
উদিতহু চান্দ অমিয় নহি বরিখয়ে
কি পিয়ে জীব চকোরা ॥ ১ ॥
সুন্দরি দেহি পলটি দিঠি মেরা।
সকল রজনী যদি কোপে গমাউবি
কেলি রভস কোন বেরা ॥ ২ ॥
আধ পয়োধর দরশি লুকাওসি
কঞ্চন কলস সমানে।
মদন ভণ্ডার স্বরূপহি জানল
তাহি লাগি লেল শরণে ॥ ৩ ॥
করিবর কুম্ভ নিতম্ব পুন ঝাপসি
যতনে বাঁধলি নীবি পাশে।
ভণই বিদ্যাপতি রজনীক ইহ রীতি
বঞ্চবি কোন বিলাসে ॥ ৪ ॥*

১৩৬

আজু পরল মোর কোন অপরাধে।
কিয় ন হেরিয় হরি লোচন আধে ॥ ১ ॥
আন দিন গহি গীম লাবিয় গেহা।
বহুবিধ বচন বুঝাবএ নেহা ॥ ২ ॥
মন দএ রুষি রহল পহু সোই।
পুরুষক হৃদয় এহন নহি হোই ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি শুন পরমাণ।
বাঢ়ল প্রেম উগরি গেল মান ॥ ৪ ॥

২। হলহ—যাইও।
৩। সুমরঞো—স্মরণ করি। দেও—দেব। তোড়ি—ভাঙ্গিয়া। কেও—কেহ।
৫। ধেঙ্গুর—ঝিল্লী। পটোর—পট্টবস্ত্র।
১। দুরিত—পাপ, অনিষ্টকর।
২। পতি—প্রতি। ওতহি—অন্তরালে। ওহও—উহাও। জোলি—জুড়ি।
৩। অনায়ত—অনায়ত্ত। বিখাদ—বিষাদ।
৪। দেখবাসি—দেখাইবে।
৪। তার—দীপ্তিযুক্ত। ঘনসার—চন্দন। সেওলব—সেবন করিলাম। সন্তাওত—সন্তাপিত করে।

৫। ভান থিক—মনে হয়। তঞো—তথাপি।
* এই পর্য্যন্ত রাধাপক্ষের মান। অতঃপর মাধবপক্ষের মান আরম্ভ হইল।
১। পরল—পড়িল। কিয়—কেন। হেরিয় —দেখিল।
২। আন—অন্য। গহি—গ্রহণ করিয়া। গীম গ্রীবা। লাবিয়—লইয়া আসে। গেহা—গৃহ।
৩। মন দএ—মনে হইতেছে। রুষি—রাগ করিয়া। সোই—সে। ৪। উগরি—লুপ্ত হইয়া।

১৩৭

কানু বিরস কথি লাগি।
কিয়ে ভেল হমর অভাগি ॥ ১ ॥
যব হম গেল পিয়া পাশ।
তেজই দীঘল নিশাস ॥ ২ ॥
যবহুঁ পুছল বেরি বেরি।
সজল নয়নে রহু হেরি ॥ ৩ ॥
যব হম রহল নিহার।
লোচন ঝরু অনিবার ॥ ৪ ॥
তবধরি বুঝল বিচারি।
কঠিন জীবন বরনারী ॥ ৫ ॥
কবিশেখর পরমাণ।
ন যায়ত পাপ পরাণ ॥ ৬ ॥

১৩৮

শুনি শিরীখণ্ড তরু সে শুনি গমন করু
ছাড়ত মদন তনু তাপে।
আরতি অইলিহু তেঁ কুণ্ডিলইলিহু
কে জানে পুরুবকের পাপে ॥ ১ ॥
মাধব তুয় মুখ দরশন লাগি।
বেরি বেরি আবও উতর ন পাবও
ভেলাহু বিরহ রস ভাগি ॥ ২ ॥
যখনে তেজল গেহ সুমরি তোহর নেহ
গুরুজন জানল তাবে।
তোহেঁ সুপুরুষ পহু হমে তএো ভেলিহু লহু
কতহু আদর নহি আবে ॥ ৩ ॥

১৩৯

সে কাহ্নু সে হম সে পচবাণ।
পাছিল ছাড়ি রঙ্গ আবে আন ॥ ১ ॥
পাছিলাহু পেমক কি কহব সাধ।
আগিলাহু পেম দেখিয় অবে আধ ॥ ২ ॥
বোলি বিসরলহু দয় বিশবাস।
সে অনুরাগল হৃদয় উদাস ॥ ৩ ॥

১। কথি লাগি—কিসের জন্য। অভাগি—মন্দভাগ্য।

১। শিরীখণ্ড—শ্রীখণ্ড, চন্দনকাষ্ঠ। কুণ্ডিলইলিহু—ম্রিয়মাণ হইলাম। পুরুবকের—পূর্ব্বের।

২। বেরি বেরি—বার বার। আবও—আগমন করি। ন পাবও—পাই না। ভেলাহু—হইলাম।

৩। সুমরি—স্মরণ করিয়া। তএো—সেইজন্য। লহু—লঘু, হীন।

১। পাছিল—অতীত। ৩। বোলি—বলিয়া, কথা দিয়া। বিসরলহু—বিস্মৃত হইলে। বিশবাস—বিশ্বাস।

কবি বিদ্যাপতি ইহো রস ভাণ।
বিরল রসিক জন ই রস জান ॥ ৪ ॥

১৪০

মাধব বচন করিয় প্রতিপালে
বড় জন জানি শরণ অবলম্বলি
সাগর হোয়ত সতালে ॥ ১ ॥
ভুবন ভমিয়ে ভমি তুয় যশ পাওলি
চৌদিশি তোহর বড়াই।
চিত্ত অনুমানি বুঝি গুণগৌরব
মহিমা কহলো ন যাই ॥ ২ ॥
আগ সভ কেও শীল নিবেদয়
ফল জানিয় পরিণামে।
বড়াক বচন কবহু নহি বিচলয়
নিশিপতি হরিণ উপামে ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি শুনু বরযৌবতি
এহ গুণ কোই ন আনে।
রায় শিবসিংহ রূপনরায়ণ
লখিমা দেবীপতি জানে ॥ ৪ ॥

১৪১

মাধব কি কহব তোহরো গেয়ানে।
সুপহু কহলি যব রোষ কয়ল তব
কর মুদল দুহু কানে ॥ ১ ॥
আয়ল গমনক বেরি ন নিদ টরু
তই কিছু পুছিও ন ভেলা।
এহন করমহীনী হম সনি কে ধনী
কর সে পরশমণি গেলা ॥ ২ ॥

১। প্রতিপালে—প্রতিপালন। অবলম্বলি—অবলম্বন করিলাম। সতালে—স্থির জল।

২। বড়াই—মহত্ত্ব।

৩। আগ—আগে। সভ কেও—সকলেই। শীল—নম্রতা। নিবেদয়—জানায়, বলে। বড়াক—বড়লোকের। হরিণ—মৃগ, কলঙ্ক। উপামে—উপমা।

৪। কোই—কাহারও। আনে—অপর।

১ কর মুদল দুহু কানে—দুই কান হস্ত দ্বারা ঢাকিলে।

২। গমনক—যাইবার। বেরি—সময়। নিদ—নিদ্রা। টরু—টলিল। পুছিও—জিজ্ঞাসা। করমহীনী—ভাগ্যহীনা। সনি—মত, তুল্য। কর সে—হাত হইতে।

জঞো হম জনিতহু এহন নিঠুর পহু
কুচ কঞ্চনগিরি সাঁধি।
কৌশল করতল বাহুলতা লয়
দৃঢ় কএ রখিতহু কাঁধি ॥ ৩ ॥
ই সুমরিয় যব জঞো মরিয়ে তব
বুঝি পড় হৃদয় পষাণে।
হেমগিরিকুমরীচরণ হৃদয়ে ধরি
কবি বিদ্যাপতি ভাণে ॥ ৪ ॥

১৪২

রোপলহু পহু লহু লতিকা আনি।
পরতহু যতনে পটবিতহু পানি ॥ ১ ॥
তঁই অরথিত উপচিত ভেল সে।
তোহেঁ বিসরলি তজ বোলত ক ॥ ২ ॥
মাধব বুঝল তোহর অনুরোধ।
হেরিতহুঁ কমলহ নয়ন নিরোধ ॥ ৩ ॥
একহু ভবন বসি দরশন বাধ।
কিছু ন বুঝিয় পহু কি অপরাধ ॥ ৪ ॥
সুপুরুষ বচন সবহুঁ বিধি পুর।
অমরখে বিমরখ ন করিয় দূর ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি এহো রস জান।
রস বুঝ শিবসিংহ লখিমা দেবী রমাণ ॥ ৬ ॥

১৪৩

যতহি পেম রস ততহি দুরন্ত।
পুন কর পলটি পিরীতি গুণমন্ত ॥ ১ ॥
সবতহু শুনিয় অইসন বেবহার।
পুনু টুটয় পুনু গাঁথয় হার ॥ ২ ॥
এ কাহ্নু এ কাহ্নু তোহিঁহি সয়ান।
বিসরিও কোপ করিয় সমধান ॥ ৩ ॥
পেমক আঁকুর তোহেঁ জল দেল।
দিনে দিনে বাঢ়ি মহাতরু ভেল ॥ ৪ ॥
তুয় গুণে ন গুণল সতিনী আছ।
রোপি ন কাটিয় বিষহুক গাছ ॥ ৫ ॥
যে নেহ উপজল প্রাণক ওল।
সে ন করিয় দূর দুরজন বোল ৬ ॥
জগতে বিদিত ভেল তোহ হম নেহ।
এক পরাণ কয়ল দুই দেহ ॥ ৭ ॥
ভণই বিদ্যাপতি করব উদাস।
বড়াক বচনে করিয় বিশবাস ॥ ৮ ॥

১৪৪

গগন গরজ মেঘা যামিনী ঘোর।
রতনহুঁ লাগি ন সঞ্চরু চোর ॥ ১ ॥
এহনা তেজি অএলাহুঁ নিজ গেহ।
অপনহু ন দেখিয় অপহুক দেহ ॥ ২ ॥
তিল এক মাধব পরিহর মান।
তুয় লাগি সংশয় পড়ল পরাণ ॥ ৩ ॥
দুসহ যমুনা নরী অইলিহু ভাগি।
কুচযুগ তরল তরণী তঁা লাগি ॥ ৪ ॥
দেহ অনুমতি হে বুঝও পাঁচবাণ।
তোঁহে সম নগর নাগর নহি আন ॥ ৫ ॥

৩। সাঁধি—সন্ধি।

৪। ই—এই কথা। সুমরিয়—স্মরণ করিয়া। মরিয়ে—মরি। পড়—পড়ে। হেমগিরিকুমরী—মৈনাককন্তা, গৌরী।

১। রোপলহু—রোপণ করিলে। লহু—লঘু, ছোট। পরতহু—প্রত্যহ। পটবিতহু পানি—জল দিতে।

২। তঁই—সেই, তাহাতে। অরথিত—অর্থিত, হেতু। উপচিত—উপচিত হইল। তোঁহে—তোমা হইতে। বিসরলি—বিস্মৃত হইলে। বোলত—বলিবে।

৩। অনুরোধ—অনুরাগ।

৪। একহু—একই। বসি—বাস করিয়া। বাধ—বাধা।

৫। পুর—পূর্ণ। অমরখ—অমর্ষ, ক্রোধ। বিমরখ—বিমর্ষ।

১। যতহি—যেখানেই। ততহি—সেখানেই। দুরন্ত—দৌরাত্ম্য। কর—করে। গুণমন্ত—গুণবান্।

২। সবতহু—সকলের কাছে।

৩। বিসরিও—ভুলিয়া যাও। সয়ান—চতুর।

৪। আঁকুর—অঙ্কুর।

৫। বিষহুক—বিষেরও। বিষের গাছও রোপণ করিয়া কাটে না।

৬। ওল—ওর, সীমা। বোল—কথা।

৮। উদাস—উদাসীনতা। বড়াক—মহৎ লোকের।

১। লাগি—লাগিয়া, জন্ত। ন সঞ্চরু—সঞ্চরণ করিতেছে না, বাহির হয় নাই।

২। এহনা—এমন সময়। অপনহু—আপনিই। দেখিয়—দেখি। অপহুক—আপনার।

৩। তিল এক—এক তিল, এক নিমিষের জন্ত।

৪। নরী—নদী। ভাগি—ভাগ্যে। তরল—উত্তীর্ণ হইলাম। তরণী—ভেলা। তঁা—সে।

৫। বুঝও—বুদ্ধ কর।

ভণই বিদ্যাপতি নারীসোভাব।
অপনুক অভিমত উকুতি জনাব ॥ ৬ ॥
রাজা রূপনরায়ণ জান।
রাজা শিবসিংহ লখিমা দেবী রমাণ ॥ ৭ ॥

১৪৫

সবে পরিহরি অয়লাহু তুয় পাশ।
বিসরি ন হলবে দএ বিশবাস ॥ ১ ॥
অপনে সুচেতন কি কহব গোএ;
তইসন করব উপহাস ন হোএ ॥ ২ ॥
এ কনুহাই তোহর বচন অমোল।
যাব জীব প্রতিপালব বোল ॥ ৩ ॥
ভল জন বচন দুঅও সমতুল।
বহুল ন জানএ রতনক মূল ॥ ৪ ॥
হমে অবলা তুয় হৃদয় অগাধ।
বড় ভএ খেমিয় সকল অপরাধ ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি গোচর গোএ।
সুপুরুষ সিনেহ অন্ত নহি হোএ ॥ ৬ ॥

১৪৬

পএর পড়ি বিনবঞো সাজনা রে
যত অনুচিত পড়ু মোর।
জনু বিঘটাবহ নেহরা রে
জীবন যৌবন থোর ॥ ১ ॥
পলটহ গুণনিধি তোহে গুণরসিয়া
জীবে করহ বরু শাতি ॥ ২ ॥
পুছলেহু ই তরুণ আপহি রে
অইসনা লাগএ মোহি ভান।
কি তুয় মন লাগলা রে
কিএ কুশল পঁচবাণ ॥ ৩ ॥
কাঠ কঠিন হিয় তোহরা রে
দীনহু দয়া নহি তোহি।
কংসনরায়ণ গাবিহা রে
নিরমম কাহুহি মোহি ॥ ৪ ॥

১৪৭

তোঁহে কুল ঠাকুর হমে কুলনারী।
অধিপক অনুচিতে কিছু ন গোহারি ॥ ১ ॥
পিশুনে হসব পুনু মাথ ডোলায়।
বড়াক কহিনী বড়ি দূর যায় ॥ ২ ॥
শুন শুন সাজনা বচন হমার।
অপদ ন অংগিরিয় অপযশ ভার ॥ ৩ ॥
পরতহ পরতীতি আবিঅ পাশ।
বড় বোলি হমহু কএল বিশবাস ॥ ৪ ॥
সে আবে মনে গুণি ভল নহি কাজ।
বাজু রাখএ আঁখিক লাজ ॥ ৫ ॥

৬। উকুতি—উক্তি।

গভীর রাত্রি, আকাশে মেঘ গর্জ্জন করিতেছে, এমন সময় চোরও রত্নের জন্য পথে বাহির হয় না। এমন সময় নিজের গৃহ ত্যাগ করিয়া আসিলাম, (এরূপ অন্ধকার) যে নিজেই নিজের দেহ দেখিতে পাই না। মাধব, এক নিমিষের জন্য মান ত্যাগ কর, তোমার জন্য আমার প্রাণ সংশয় হইয়াছে। কুচযুগলকে তরণী (ভেলা) করিয়া ভাগ্যে এই দুঃসহ যমুনা নদী পার হইয়া আসিয়াছি। হে মাধব, তুমি অনুমতি কর, কন্দর্পের সহিত যুদ্ধ কর। এ নগরে তোমার মত নাগর আর নাই। বিদ্যাপতি বলিতেছে, নারীর স্বভাব যে, নিজের মনোভাব বাক্যের দ্বারা প্রকাশ করে।

১। অয়লাহু—আসিলাম।

২। সুচেতন—সুচতুর। গোএ—গুপ্তকথা। তইসন—তেমন। হোএ—হয়।

৩। অমোল—অমূল্য। যাব—যাবৎ। বোল—কথা।

৪। বহুল—বহুত, অনেক লোক।

৫। খেমিয়—ক্ষমা করিও।

৬। গোচর গোএ—প্রকাশ্য কথা গোপন করিয়া।

১। পএরে—পদে, পায়ে। বিনবঞো—মিনতি করি। সাজনা—সখা। বিঘটাবহ—ব্যাঘাত করিও। নেহরা—স্নেহ।

২। পলটহ—ফের। গুণরসিয়া—গুণরসিক। শাতি—শাস্তি।

৪। দীনহু—দীনেও। গাবিহা—গায়িতেছে।

১। ঠাকুর—শ্রেষ্ঠ। অধিপক—রাজার। গোহারি—অভিযোগ, চীৎকার করিয়া নালিস করা।

২। ডোলায়—নাড়িয়া। বড়াক—বড় লোকের।

৩। অপদ—অযথা প্রস্তাবে। অংগিরিয়—অঙ্গীকার করিও।

৪। পরতীতি—প্রতীতি। আবিঅ—আইস।

৫। বাজু—পাশে।

১৪৮

আশা দইয়ে উপেখহ আজ।
হৃদয় বিচারহ কএোনক লাজ ॥ ১ ॥
হমে অবলা থিক অলপ গেয়ান।
তোহার ছৈলপণ নিন্দত আন ॥ ২ ॥
সুপহু জানি হমে সেওল পাও।
আবে মোর প্রাণ রহত কি যাও ॥ ৩ ॥
কএল বিচারি অমিয়কে পান।
হোএত হলাহল ই কে জান ॥ ৪ ॥
কতহু ন শুনলে অইসন বাত।
সাঁকর খাইতে ভাঙ্গয়ে দাঁত ॥ ৫ ॥

১৪৯

বারিষ নিশা মঞে চলি অএলিহু
সুন্দর মন্দির তোর।
কত মহী অছি দেহে দমসল
চরণে তিমির ঘোর ॥ ১ ॥
নিজ সখী মুখ শুনি শুনি
কহবসি পেম তোহার।
হমে অবলা সহয় ন পারল
পচশর পরহার ॥ ২ ॥
নাগর মোহি মনে অনুতাপ।
কএলাহু সাহস সিধি ন পাবিঅ
অইসন হমর পাপ ॥ ৩ ॥
তোহ সন পহু নিকেতন
কএলহ মোর নিকার।
হমহু নাগরী সবে শিখাউবি
জনু কর অভিসার ॥ ৪ ॥

কত ন নাগর গুণক সাগর
সবে ন গুণক গেহ
তোহ সন জগ দোসর নহি
তেঁ হমে লাওল নেহ ॥ ৫ ॥
কেলি কুতূহল দূরহি রহও
দরশনহু সন্দেহ।
যামিনী চারিম পহর পাওল
আবে যাওঁ নিজ গেহ ॥ ৬ ॥
মোরিও সব সহচরী জানতি
হোইতি ই বড়ি সাটি।
বিহি নিকারুণ পরম দারুণ
মরও হৃদয় ফাটি ॥ ৭ ॥
ভণে বিদ্যাপতি শুনহ যুবতি
আশা ন অবসান।
সুচিরে জীবও রায় শিবসিংহ
লখিমা দেবী রমাণ ॥ ৮ ॥

১৫০

হে মাধব ভল ভেল কএলহ কুলে।
কাচ কঞ্চন দুহু সম কয় লেখলহ
ন জানহ রতনক মূলে ॥ ১ ॥
তোঁহ হম পেম যতে দূরে উপজল
সুমরহ সে আবে ঠামে।
আবে পররমণী রঙ্গে তোঁহে ভুললাহে
বিহুসিহ হসি হের বামে ॥ ২ ॥
ঐসন করম মোর তেঁ তোহে যদি ভোর
হমে অবলা কুলনারী।
পিশুনক বচন কান যদি ধএলহ
শাতি ন কএলহ বিচারি ॥ ৩ ॥

১। উপেখহ—উপেক্ষা কর। কএোনক—কাহার।
২। ছৈলপণ—রসিকতা, চাতুরী।
৩। সেওল—সেবা করিলাম। পাও—পদ।
৫। সাঁকর—শর্করা।
১। বারিষ নিশা—বর্ষার রাত্রিতে। দমসল—দলিত করিলাম।
২। কহবসি—কহিতে। অবলা আমি, পঞ্চশরের প্রহার সহিতে পারিলাম না। ৩। সিধি—সিদ্ধি।
৪। নিকার—ন্থক্কার, অবজ্ঞা। জনু—না। তোমার মতন গুণনিকেতন প্রভু যখন আমাকে অবজ্ঞা করিল, তখন আমি সকল নাগরীকে শিখাইব, যেন কেহ অভিসার না করে।

৫। গুণক গেহ—গুণধাম। লাওল—ঘটাইলাম। নেহ—স্নেহ, প্রেম।
৬। চারিম—চতুর্থ। পহর—প্রহর। কেলি-কুতূহল দূরে থাকুক, দেখাও সন্দেহ হইয়াছে।
৭। সাটি—শাস্তি। নিকারুণ—করুণাহীন। মরও—মরুক।
১। কএলহ—করিয়াছ। কুলে—ক্রূরতা, কপটতা। লেখলহ—দেখিলে। মূলে—মূল্য।
২। সুমরহ—স্মরণ কর। বিহুসিহু—স্মিত হাস্য করিয়া। বামে—মুখ ফিরাইয়া।
৩। ঐসন—এমন। তেঁ—তাহাতে, সেই কারণে। ভোর—ভোলা, ভুলিয়া। ধএলহ—রাখিলে। শাতি—শাস্তি।

ভণই বিদ্যাপতি শুনহ সুন্দরি
চিতে জনু মানহ শঙ্কা
দিবস বাম সখি সবে খণ ন রহএ
চাঁদহু লাগু কলঙ্কা ॥ ৪ ॥

১৫১

তোহ হম পেম যতে দূরে উপজল
সুমরবি সে পরিপাটী।
আবে পররমণীরঙ্গরস ভুললা হে
কওনে কলা হম ঘাটী ॥ ১ ॥
ভমরবর মোরে বোলব কনাই।
বিরহ তন্ত যদি বুঝথি মনোভব
কি ফল অধিক বুঝাই ॥ ২ ॥
তুলএ সুমেরু সাধু জন তুলনা
সবকা ধৈরজ ধনে।
তাঁহে নিজ লোভে বচন আবে চুকলা হে
গরিমা ধরবি কওনে ॥ ৩ ॥
পুরুষহৃদয় জল দুখও সহজে চল
অনুবন্ধে বাঁধ থিরাই।
সে যদি ফুটল রহ সহস ধারে বহ
উচেও নীচ পথে যাই ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি নব কবিশেখর
পৃথিবী দোসর কহাঁ।
সাহ হুসেন ভৃঙ্গ সম নাগর
মালতী সেনিক জঁহা ॥ ৫ ॥

১৫২

সখী।—কুন্তলকুসুম নিমাল ন ভেল।
নয়নক কাজর অধর ন গেল ॥ ১ ॥
কনক ধরাধর নহি শশিরেহ।
কোনে পরি কামে প্রকাশল নেহ ॥ ২ ॥
রাধা :—এ সখি এ সখি পুরুষ অজ্ঞান।
ভুজঁগ ভণাবথি রঙ্গ ন জান ॥ ৩ ॥
দুর সৌঁ শুনিয় সময় পচবাণ।
পরতখ চাহি নহি কে অনুমান ॥ ৪ ॥
উপগতি ভেলিহ ই ভেলি শাতি।
অনুশয় ছিতহি পোহাইলি রাতি ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি এহু রস ভাণে।
রাজা শিবসিংহ লখিমা দেবী রমাণে ॥ ৬ ॥

১৫৩

আদরি অনলহ ধএলহ বারি।
আঁচর ন ছড়লহ বদন নিহারি ॥ ১ ॥
সুদৃঢ়েও কেশ ন বঁধলহ ফোএ।
সব রস সুন্দরি ধএলহ গোএ ॥ ২ ॥
আবে কি পুছসি রাহি ভল নহি ভেল।
যতনে আনল কাহ্নু তোরে দোষে গেল ॥ ৩
গুণিগণ পথ সহ লগলউহে ভোর।
আঁচর হীরা হরায়ল মোর ॥ ৪ ॥
সখীজন সোঁপইতে ভেলউ হে রাগ।
গেল পাইঅ জোঁ হো বড় ভাগ ॥ ৫ ॥

১৫৪

এত দিন ছলি নব রীতি রে।
জল মীন যেহন পিরীতি রে ॥ ১ ॥
এক হি বচন বীচ ভেল রে।
হসি পহু উতরো ন দেল রে ॥ ২ ॥
একহি পলঙ্গ পর কাহ্নু রে।
মোর লেখ দূর দেশ ভান রে ॥ ৩ ॥

৪। চিতে—চিত্তে। জনু—না।

১। সুমরবি—স্মরণ করিবে। ঘাটী—ন্যূন, হীন।

২। বোলে—কথায়।

৩। তুলএ—তুল্য। চুকলা—চুকিয়াছ, ভুল করিয়াছ।

৪। চল—চঞ্চল। থিরাই—স্থির করিতে হয়।

৫। দোসর—দ্বিতীয়। সাহ হুসেন—বাঙ্গালার তদানীন্তন শাসনকর্ত্তা। সেনিক—শ্রেণী।

১। নিমাল—নির্ম্মাল্য, বাসি।

২। কনক ধরাধর—পয়োধর। শশিরেহ—শশিরেখা, নখচিহ্ন। কোনে পরি—কেমন করিয়া। কামে—কামের প্রতি। নেহ—স্নেহ

৩। ভণাবথি—বলায়, কহায়।

৪। দুর সৌঁ—দূর হইতে। পরতখ—প্রত্যক্ষ।

৫। উপগতি—নিকটবর্ত্তী। ই—এই। শাতি—শাস্তি। অনুশয়—অনুতাপ। ছিতহি—থাকিতেই।

১। অনলহ—আনিলে। ধএলহ—রাখিলে। বারি—নিবারণ করিয়া।

২। ফোএ—খুলিয়া। গোএ—গোপন করিয়া।

৪। লগলউহে—থাকিয়াও। ভোর—ভুলিয়া গেলাম।

৫। গেল পাইঅ জো' হো বড় ভাগ—যাহা হারাইয়া যায়, তাহা বড় ভাগ্যে ফিরাইয়া পাওয়া যায়।

২। বীচ—মধ্যে। উতরো—উত্তরও।

৩। ভান—মনে হওয়া।

যাহি বন কেও ন ডোল রে।
তাহি বন পিয়া হসি বোল রে ॥ ৪ ॥
ধরব যোগিয়াক বেশ রে।
করব মঞ্রে পহুক উদেশ রে ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি ভান রে।
সুপুরুষ ন কর নিদান রে ॥ ৬ ॥

১৫৫

বচন অমিয় সম মনে অনুমানি।
নিয়র অএলাহু তুয় সুপুরুষ জানি ॥ ১ ॥
তসু পরিণতি কিছু কহহি ন যাএ।
শুতি রহল পহু দীপ মিঝাএ ॥ ২ ॥
এ সখি পহু অবলেপ সহি।
কুলিশ অইসন হিয় ফাট নহি ॥ ৩ ॥
কর যুগে পরশি জগাওল ভাব।
তইঅও ন তেজ পহু নিন্দ স্বভাব ॥ ৪ ॥
হাত ঝপাএ রহল মুহ লাএ।
জগইতে নিন্দ গেল ন হোঅ জগাএ ॥ ৫ ॥

১৫৬

অপনেহি অইলিহু কয়ল অকাজ।
মান গমাওল অরজল লাজ ॥ ১ ॥
আদর হরল বহল মুখ শোভ।
রাঙ্ক ন শোভয় মাণিক লোভ ২।
এ সখি এ সখি কি কহিবও তোহি।
দিবসক দোষে দুযশ ভেল মোহি ॥ ৩ ॥
হরি ন হেরল মুখ শয়ন সমীপ।
রোষে বসাওল চরণহি দীপ ॥ ৪ ॥
বইসি গমাওল যামিনী যাম।
কি করব ভাবি বিধাতা বাম ॥ ৫ ॥

১৫৭

দিনে দিনে বাঢ়য় সুপুরুষ নেহা।
ঝোরিরে কাটিয়ে মূষ জটা কাটি জীবে।
শিরমে বৈসল সুরসরি জল পীবে ॥ ২ ॥
বেটারে কাত্তিক এক পোষল ময়ূর।
সেহো দেখি ডর মোর ফণিপতি ঝুর ॥ ৩ ॥
তোহ যে পোষল গৌরি সিংহ বড় মোটা।
সেহ দেখি ডর মোর বসহ গোটা ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি বাঁশক সিঙ্গা।
তপবন নাচথি ধতিঙ্গা তিঙ্গা ॥ ৫ ॥

৩৭

বুঢ়হু বয়স হর বেসন ন ছড়লে
কি ফল বসহ ধবাই।
ভাগ ভেল শিব চোট ন লগলে
কে জান কে হোই আই ॥ ১ ॥
বসহ পলায়ল কে জান কতয় গেল
হাড় মাল কি ভেলা।
ফুটি গেল ডমরু ভসম ভিড়িয়ায়ল
অপথে সঁপতি দূর গেলা ॥ ২ ॥
হমর হটল শিব তোঁহহি ন মানহ
অপনা হঠ বেবহারে।
সকল জগত সবহুকাঁয় শুনিয়
ঘরণীক বোল নহি টারে ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি শুনহ মহেশর
ই জানি ঐলাহু তুয় পাশে।
তোহরা লগ শিব বিঘনি বিনাশব
আনক কোন তরাসে ॥ ৪ ॥

৩৮

শিবঃ—নিতে মোঞে জাঞো ভিখি আনও মাগি।
কবহু ন গেল মোরা সঙ্গহ লাগি ॥ ১ ॥
ঝোরি আহু লেবাকে নহি উসাস।
উপোসি হোয়ত পরতরক আশ ॥ ২ ॥
এহে গউরি মোর কঞোন দোষ।
বইসলে জেম গণ কঞোন ভরোস ॥ ৩ ॥

১। আই তাঁ—আজি তো। শুনিয়—শুনিলাম। পরিপাটী—পূর্ব্বাপর। উমগল—দৌড়াদৌড়ি করিয়া। মূষ—মূষিক। ঝোরী—ঝুলি।

২। জীবে—প্রাণ ধারণ করে। শিরমে—শিরে, মাথায়। বৈসল—বসিয়া।

৩। ঝুর—অবসন্ন হইয়া।

৪। গোটা—নিরীহ।

৫। বাঁশক—বাঁশের। নাচথি—নৃত্য করেন। ধতিঙ্গা তিঙ্গা—ধেই ধেই করিয়া।

উমা, আজতো ভাল (আচ্ছা) পূর্ব্বাপর ঘটনা শুনিতেছি। ইন্দুর আমার ঝুলি কাটিয়া চারিদিকে দৌড়াদৌড়ি করিয়া বেড়াইতেছে। সে প্রথমে আমার ঝুলি কাটে, পরে জটা কাটিয়া প্রাণধারণ করে; মাথায় বসিয়া গঙ্গার জল পান করে। কার্ত্তিক বেটা একটা ময়ূর পুষিয়াছে; তাহাকে দেখিয়া আমার ফণিপতি ভয়ে অবসন্ন হইয়াছে। গৌরি, তুমিও যে একটা মোটা সিংহ পুষিয়াছ, তাহা দেখিয়া আমার নিরীহ ষাঁড় ভয় পায়। বিদ্যাপতি বলিতেছে, মহাদেব তপোবনে বাঁশের শিঙ্গা বাজাইয়া ধেই ধেই করিয়া নৃত্য করিতেছেন।

১। বুঢ়হু—বৃদ্ধ। বেসন—ব্যসন। ছড়লে—ছাড়িলে। ধবাই—ধাবিত করিয়া, দৌড় করাইয়া। ভাগ—ভাগ্য। চোট—আঘাত। আই—আজি।

২। পলায়ল—পলায়ন করিল। সঁপতি—সম্পতি।

৩। হটল—বারণ, নিষেধ। হঠ—জিদ। সবহুকাঁয়—সকলের কাছে। ঘরণীক—ঘরণীর, স্ত্রীর। বোল—কথা। টারে—ঠেলে, উপেক্ষা করে।

৪। লগ—নিকটে। শিব—মঙ্গল।

হে মহাদেব, বুড়া বয়সেও ব্যসন ছাড়িতে পারিলে না, ষাঁড়কে দৌড় করাইয়া কি ফল? শিব, ভাগ্যক্রমে আঘাত লাগে নাই, তাহা হইলে আজ কি হইত কে জানে! ষাঁড় পলাইয়া কোথায় গেল, হাড়ের মালা কি হইল, ডমরু ভাঙ্গিয়া গিয়াছে, ভস্ম ছড়াইয়া পড়িয়াছে; অকারণ সম্পত্তি দূর হইয়া গেল। শিব, তোমার ব্যবহারে নিজের জিদ, আমার নিষেধ তুমি মান না। সমস্ত জগতে সকলের নিকটেই শুনি যে, সব লোকই নিজের স্ত্রীর কথা উপেক্ষা করে না। বিদ্যাপতি বলিতেছে, হে মহেশ্বর, শুন, আমি ইহা জানিয়া আসিয়াছি যে, তোমার নিকটে মঙ্গল; বিঘ্ন বিনাশিত হইবে, অপরের কি আশঙ্কা?

১। নিতে—নিত্য। মোঞে—আমি। জঞো—যাই। ভিখি—ভিক্ষা।

২। ঝোরি—ঝুলি। উসাস—উৎসাহ। উপোসি—উপবাসী। পরতরক—পরকালের।

৩। জেম—ভোজন। গণ—গণেশ। ভরোস—ভরসা।

গৌরী :—থুল পেট ভুমি লড়য় ন পার।
শিব দেখয় ন পারহ হমর বার ॥ ৪ ॥
খেদি দেহে বরু নিকলি যাউ।
মোরে নামে ভিখি মাগি খাউ ॥ ৫ ॥
দেখহ লোক হে অইসনি জোয়।
মনুস উপরি কইসে মাউগ হোয় ॥ ৬ ॥
অপনা পূত কে ন জানয় কাজ।
নিঠুর ভই কত মোহ সঞো বাজ ॥ ৭ ॥
ভণই বিদ্যাপতি দেবহি দেও।
করিয় করম যইসে হস ন কেও ॥ ৮ ॥
গণপতি দেখলে হোয় কাজ।
রাজা শিবসিংহ একছত্র রাজ ॥ ৯ ॥

৩৯

গৌরী :—আনে বোলব কুল অথিকহ হীন।
তেঁহি কুমার অছল এত দিন ॥ ১ ॥

৪। থুল—স্থূল, মোটা। বার—বালক, বাছা, পুত্র।

৫। খেদি—তাড়াইয়া। নিকলি—বাহির হইয়া।

৬। জোয়—খুঁজিয়া।

৭। মোহ সঞো—আমার সহিত। বাজ—কথা।

৮। দেবহি দেও—দেবতার দেবতা।

ভিক্ষা হইতে প্রত্যাবৃত্ত হইয়া বিরক্তভাবে মহাদেব গৌরীকে বলিতেছেন, আমি প্রত্যহ ভিক্ষা মাগিয়া আনিতে যাই, গণেশ আমার সহিত কখনও গমন করে না; তাহার ঝুলি লইবার উৎসাহ নাই, পরকালের আশায় কি উপবাসী থাকিবে? হে গৌরি, তাহাতে আমার কি দোষ? গণেশ কেবল বসিয়া বসিয়া ভোজন করিবে। তবে তাহার আর ভরসা কি? গৌরী উত্তর দিতেছেন :—গণেশের মোটা পেট ভূমিতে ঠেকিয়াছে, তাই সে নড়িতে পারে না; শিব, তুমি আমার বাছাকে দেখিতে পার না, বরং তাহাকে তাড়াইয়া দাও, সে বাহির হইয়া যাক ও আমার নাম করিয়া ভিক্ষা করিয়া থাক। হে লোকসকল, তোমরা দেখ, খুঁজিয়া এইরূপ (স্বামী) পাইয়াছি; মানুষ ভিক্ষুক হইলে কি হয়, নিজের পুত্র যখন কাজ জানে না, তখন নিষ্ঠুর হইয়া তুমি আমাকে অত কথা বলিতেছ কেন? বিদ্যাপতি বলিতেছে, হে দেবতার দেবতা, এরূপ কাজ করিবে, যাহাতে কেহ না হাসে। গণপতিকে দেখিলে কার্য্যসিদ্ধি হয়, রাজা শিবসিংহ একচ্ছত্র রাজা।

১। অথিকহ—হয়।

তোহর হমর শিব বয়স ভেল আয়।
আবহু ন চিন্তহ বিআহ উপায় ॥ ২ ॥
ভল শিব ভল শিব ভল বেবহার।
চিতে চিন্তা নহি বেটা কুমার ॥ ৩ ॥
হর:—হসি হর বোলথি শুনহ ভবানি।
কাহে জনিতহু দেবী হোহ অগেয়ানী ॥ ৪ ॥
দেশ বুলিয়ে বুলি খোজঞো কুমারী।
হুহ্নিক সরিশ মোহি ন মিলয় নারী ॥ ৫ ॥
কার্ত্তিক :—এত শুনি কাতিক মনে ভেল লাজ।
হম ন হে মায় বিবাহক কাজ ॥ ৬ ॥
নহি বিবাহব হম রহব কুমার।
ন কর কন্দল অমা শপথ হমার ॥ ৭ ॥
ভণই বিদ্যাপতি এহে ভল ভেল।
কাতিক বচনে কন্দল দূর গেল ॥ ৮ ॥
হে হর জগত বুলিয়ে দিয় অভয় বর।
জগ জনি জীবথু মহথ মহেশ্বর ॥ ৯ ॥

৪০

খেলে লখমী ভবানী ঋতু বসন্ত।
গৌরী ভ্রুকুটিল দেবী করে অনন্ত ॥ ১ ॥
লক্ষ্মী :—ঈশ্বর নাম ধরু কোন অজ্ঞান।
ছাড়ি তুরগ বসহা পলান ॥ ২ ॥
জটা ভুজঙ্গম অঙ্গ চাহ।
এহন উমত গৌরী তোহর নাহ ॥ ৩ ॥
গৌরী :—মাছ কছ বাধা বরাহ।
বামন কুবড়া তোহর নাহ ॥ ৪ ॥
দছিণা যাচথি বলিক থান।
তব ন বরজলহ অপন কাহু ॥ ৫ ॥

২। বয়স ভেল আয়ে—অধিক বয়স হইল। আবহু—এখনও।

৪। জনিতহু—জানিয়াও, বুঝিয়াও। হোহ—হও।

৫। বুলিয়ে বুলি—খুঁজিয়া। হুহ্নিক—তাহার, কার্ত্তিকেয়ের।

৬। কাতিক—কার্ত্তিকেয়।

১। খেলে—খেলিতেছেন, বসন্তকালে হোরি খেলা। লখমী—লক্ষ্মী। অনন্ত—অনবরত।

২। পলান—আরোহণ।

৪। কছ—কচ্ছপ। বাধা—ব্যাধ। কুবড়া—কুব্জ।

৫। দছিণা—দক্ষিণা। যাচথি—যাচ্ঞা করে। বলিক থান—বলির নিকট। বরজলহ—বর্জ্জন করিলে, ত্যাগ করিলে।

লক্ষ্মী ঃ—কুলবিহীন তপসীক বেশ।
সঙ্গ লাগি গৌরি ফিরহ দেশ ॥ ৬ ॥
তোহরা নহি সুর মুনিক লাজ।
স্বামী নচৌলহ কোন কাজ ॥ ৭ ॥
গৌরী ঃ—উদধিতনয়া হরু তোহর জ্ঞান।
খোঁজি বিয়হলহ অহীর কান ॥ ৮ ॥
সদা বসথি যমুনাক তীর।
পরযুবতীকের হরথি চীর ॥ ৯ ॥
হস শিবশঙ্কর ও মুরারি।
দুহু জনিকে ভল হোইছ গারি ॥ ১০ ॥
ভণ জগদেব হরিহরক দাস।
নীলকণ্ঠ হরি পুরথু আশ ॥ ১১ ॥

৪১

কঞ্চনে ঝোরি সিন্দুর ভরলি
ভসমে ভরু বোকান।
বসহা কেশরী ময়ুর মুষা
চারিহু পলু পলান ॥ ১ ॥
ডিমিকি ডিমিকি ডমরু বাজই
ঈশ্বর খেলই ফাগু।
ভসমে সিন্দুরে দুয়ও খেলা
একহি দিবস লাগু ॥ ২ ॥
সঞ্চায় সিন্দুর ভরু সরস্বতী
লছিহি ভরসি গৌরী।
ঈসর ভসমে ভরু নরায়ণ
পীত বসন বোরি ॥ ৩ ॥
এক তৌ নাঁগট অওকে তৌ উমত
ইসর ধুথুর খায়।
অওকে উমতি খেলিখেলাবয়
কিছু ন বোলই যায় ॥ ৪ ॥
গরুড়বাহন দেব নরায়ণ
বসহা চঢ়ু মহেশ।
ভণই বিদ্যাপতি কৌতুক গাওল
সঙ্গহি ফিরথু দেশ ॥ ৫ ॥

৪২

তোঁহ প্রভু ত্রিভুবন নাথ।
হে হর হম নিরুদেশ অনাথ ॥ ১ ॥
করম ধরম তপহীনে।
পড়লহ পাপ অধীনে ॥ ২ ॥
বেড় ভাসল মাঝ ধারে।
ভৈরব ধরু করুয়ারে ॥ ৩ ॥
সায়র সম দুখভারে।
অবহু করিয় প্রতিকারে ॥ ৪ ॥
ভণহি বিদ্যাপতি ভানে।
সঙ্কট করিয় তরাণে ॥ ৫ ॥

৪৩

শিব শঙ্কর হে
ভলি অনুগতি ফল ভেলা।
এতয়ে সঙ্গতি এতি পরতর কোন গতি
মনোরথ মনহি রহলা ॥ ১ ॥
তোঁহে হোয়ব পরসন পাওব অমোল ধন
জনম বহলি এহি আশে।
যমহু সঙ্কট পুহু উপেখি হলহ শম্ভু
সেওলা হে বড়ে পরয়াসে ॥ ২ ॥
শ্রবণ নয়ন গেল তনু অবসন ভেল
যদি তোহে হোয়ব পরসনে।
কি করব তহিখণে হয় গজ মণি ধনে
ঝখইতে বেয়াকুল মনে ॥ ৩ ॥

৭। সুর—দেবতা। নচৌলহ—নাচাইলে।
৮। উদধিতনয়া—লক্ষ্মী। বিয়হলহ—বিবাহ করিলে। অহীর—গোপ।
৯। বসথি—বাস করে। হরথি—হরণ করে।
১১। পুরথু—পূর্ণ করুন।
১। কঞ্চনে ঝোরি—কাঞ্চনখচিত ঝুলি। বোকান—ব্যাঘ্রচর্ম্ম-নির্ম্মিত থলি। পলু পলান—পৃষ্ঠে জিন কষিল।
৩। সঞ্চায়—সন্ধ্যার সময়। লছিহি—লক্ষ্মী।
৪। এক তৌ—একে ত। নাঁগট—ন্যাংটা। অওকে তৌ—তাহাতে আবার। ধুথুর—ধুতুরা।
৪। উমতি—উন্মত্ত হইয়া। খেলি খেলাবয়—খেলিয়া খেলায়।
১। নিরুদেশ—নিরুদ্দেশ।
৩। বেড়—ভেড়া, নৌকা। ধার—স্রোত। ভৈরব—হে মহাদেব। করুয়ার—নৌকার হাল।
১। এতয়ে—এখানে। সঙ্গতি—সম্বন্ধ। এতি—এত। পরতর—পরকাল। কোন গতি—কোন উপায়।
২। পরসন—প্রসন্ন। বহলি—বহিল। যমহু সঙ্কটে অর্থাৎ মৃত্যুকালে হলহ—যাইও। সেওলা—সেবা করিলাম। পরয়াসে—প্রয়াসে।
৩। তহিখণে—তখন, সে সময়। মণি ধনে—সম্পদে। ঝখইতে—শোক করিতে।

ইন্দ্র চাঁদ গণ হরি কমলাসন
সবে পরিহরি হমে দেবা।
ভকত বছল প্রভু বাণ মহেশ্বর
ই জানি কইলি তুয় সেবা ॥ ৪ ॥
বিদ্যাপতি ভণ পুরহ হমর মন
ছাড়ও যমক তরাসে।
হরহ হমর দুখ তথিহু তোহর সুখ
সব হোয়ও তুয় পরসাদে ॥ ৫ ॥

চরিত চাতর মন বেয়াকুল
ঘোর মোর অনুবন্ধা।
পুত কলত্র সহোদর বন্ধব
অন্তকাল সবে ধন্ধা। ৫ ॥
ভণ বিদ্যাপতি শুনহু শঙ্কর
কইলি তোহরি সেবা।
এততয়ে যে বরু সে বরু করব
ওততয়ে শরণ দেবা ॥ ৬ ॥

৪৪

এ হর গোসাঞে নাথ তোহর
শরণ কয়েলঞো।
কিছু ন ধরব সবে বিসরব
পছা যে যত কয়েলঞো ॥ ১ ॥
কপট মহ পড়ু কলেবর
গিলল মদন গোহে।
ভল মন্দ সবে কিছু ন গুণল
জনম বহল মোহে ॥ ২ ॥
কয়েল উচিত ভেল অনুচিত
মনে মনে পচতাবে।
আবে কি করব শির পয় ধুনব
গেল দিন নহি আবে ॥ ৩ ॥
অপথ পথে চরণ চলাওল
ভকতি মন ন দেলা।
পরধনী ধন মানস বাঢ়ল
জনম নিফলে গেলা ॥ ৪ ॥

গঙ্গা-গীত

বড় সুখ সাধে পাওল তুয় তীরে।
ছাড়ইতে নিকট নয়ন বহ নীরে ॥ ১ ॥
কর জোড়ি বিনমও বিমলতরঙ্গে।
পুন দরশন হোইহ পুনমতি গঙ্গে ॥ ২ ॥
এক অপরাধ খেমব মোর জানি।
পরশল মাতা পায়ে তুয় পানি ॥ ৩ ॥
কি করব জপ তপ যোগ ধেয়ানে।
জনম কৃতারথ একহি সিনানে ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি সমদও তোহি।
অন্তকাল জনু বিসরহ মোহি ॥ ৫ ॥

সুরসরি সেবি মোরা কিছুও ন ভেলা।
পুণমতি গঙ্গা ভগীরথ লয় গেলা ॥ ১ ॥
যখন মহাদেব গঙ্গা কয়ল দানে।
শূন ভেল জটা ও মলিন ভেল চানে ॥ ২ ॥

৪। গণ—গণপতি। দেবা—দেবতা। বছল—বৎসল। বাণ মহেশ্বর—বাণেশ্বর মহাদেব।

৫। ছাড়ও—ছাড়ুক। যমক—যমের। তথিহু—তাহাতে।

১। গোসাঞে—গোঁসাই। কয়েলঞো—করিলাম। ন ধরব—ধরিবে না। সবে বিসরব—সব বিস্মৃত হইবে। পছা—পূর্ব্বে। কয়েলঞো—করিয়াছি।

২। মহ—মধ্যে। গিলল—গিলিয়া ফেলিল। মদন গোহে—মদনরূপ গ্রাহে, হাঙরে। বহল—বহিয়া গেল।

৩। কয়েল—করিলাম। পচতাবে—পশ্চাত্তাপ। ধুনব—খুঁড়িব।

৪। চলাওল—চালাইলাম। ভকতি—ভক্তিতে। পরধনী—পরস্ত্রী। ধন—পরধন।

৫। চরিত—চরিত্র। চাতর—চাতুরীতে। অনুবন্ধা—চেষ্টা। পুত—পুত্র। কলত্র—কলত্র। ধন্ধা—সংশয়।

৬। এততয়ে—এখানে, ইহকালে। যে বরু সে বরু করব—যাহা ইচ্ছা হয় তাহা করিও। ওততয়ে—ওখানে, পরকালে।

২। বিনমও—নিবেদন করি।

৪। কৃতারথ—কৃতার্থ। সিনানে—স্নানে।

৫। সমদও—প্রার্থনা করি, নিবেদন করি। জনু—না।

১। সুরসরি—সুরসরিৎ, গঙ্গা। সেবি—সেবা।

২। কয়ল—করিলেন। শূন—শূন্য। চানে—চন্দ্র।

উঠবহ বণিয়াঁ তেঁ হাট বজারে।
এহি পথ আয়োত সুরসরিধারে ॥ ৩ ॥
ছোট মোট ভগীরথ ছিতনী কপারে।
সে কোনা লওতাহ সুরসরিধারে ॥ ৪ ॥
বিদ্যাপতি ভণ বিমলতরঙ্গে।
অন্তে শরণ দেব পুণমতি গঙ্গে ॥ ৫ ॥

৩

ব্রহ্মকমণ্ডলুবাসসুবাসিনি
সাগরনাগর গৃহবালে।
পাতকমহিষবিদারণকারণ
ধৃতকরবালবীচিনালে ॥ ১ ॥
জয় গঙ্গে জয় গঙ্গে।
শরণাগত ভয়ভঙ্গে ॥ ২ ॥
সুরমুনিমনুজরচিতপূজোচিত
কুসুমাবচিত্রিততীরে।
ত্রিনয়নমৌলিজটাচয়চুম্বন
ভূতিভূষিত সিতনীরে ॥ ৩ ॥
হরিপদকমলগলিতমধুসোদর
পুণ্যপুণিতসুরলোকে।
প্রবিলসদমরপুরীপদদান
বিধানবিনাশিতশোকে ॥ ৪ ॥
সহজদয়ালুতয়া পাতকিজন
নরকবিনাশনিপুণে।
রুদ্রসিংহনরপতি বরদায়ক
বিদ্যাপতিকবিভণিতগুণে ॥ ৫ ॥

বিবিধ

১

তাতবচনে বেকলে খেপল
জনম দুখহি দুখে গেলা।
স্ত্রীয়ক শোকে স্বামী সন্তাপল
বিরহে বিখিণ তনু ভেলা ॥ ১ ॥
মনে রাঘব জাগে।
রামচরণ চিত লাগে ॥ ২ ॥

কনক মিরিগ মারি বিরাধ বধল বালি
বানর সেনা বটুরাই।
সেতুবন্ধ দিয় রাম লঙ্কা লিয়
রাবণ মারি নড়াই ॥ ৩ ॥
দশরথনন্দন দশশিরখণ্ডন
তিভুবন কে নহি জানে।
সীতা দেবীপতি রামচরণ গতি
কবি বিদ্যাপতি ভাণে ॥ ৪ ॥

২

কুসুমরস অতি মোদিত মধুকর
কোকিল পঞ্চম গাব।
ঋতু বসন্ত বিদেশে বল্লভ
মানস দশো দিশ ধাব সাজনিআ ॥ ১ ॥
তেজল তেল তাম্বুল তাপন
স্বপন নিশি সুখরঙ্গ।
হেমন্ত বিরহ অনন্ত পাবিয়
সুমরি সুমরি পিয়া সঙ্গ সাজনিআ ॥ ২ ॥
মোর দাদুর সোর অহোনিশি
বরিষ বুঁদ সবুন্দ।
বিষম বারিষ বিনা রঘুবর
বিরহিণী জীবন অন্ত সাজনিআ ॥ ৩ ॥
সুমুখি ধৈরয সকল সিধি মিল
শুনহ কত সুবাণী।
শিশির শুভ দিন রাম রঘুবর আওব
তুয় গুণ জানি সাজনিআ ॥ ৪ ॥

৩

কীর কুটিল মুখ ন বুঝ বেদন দুখ
বোল বচন পরমাণে।
বিরহবেদন দহ কোক করুণ সহ
স্বরূপ কহত কে আনে ॥ ১ ॥

৩। উঠবহ—উঠাও। বণিয়াঁ—বণিক্। আয়োত—আসিবে। ধারে—ধারা।

৪। ছিতনী কপারে—ধুচুনীর মত মাথা। লওতাহ—লইয়া আসিবে।

১। বেকলে—বল্কল পরিধান করিয়া। স্ত্রীয়ক—স্ত্রীর।

৩। মিরিগ—মৃগ। বটুরাই—সঞ্চয় করিল। লিয়—লইল। নড়াই—ফেলিল।

২। তাপন—অগ্নির উত্তাপ। পাবিয়—পাই। সুমরি—স্মরণ করিয়া।

৩। মোর—ময়ূর। দাদুর—দর্দুর, ভেক। বুঁদ সবুন্দ—বিন্দু বিন্দু। সোর—রব।

৪। সুমুখি—সুন্দরি। সিধি—সিদ্ধি।

১। কীর—শুকপক্ষী। পরমাণে—প্রামাণ্য, সত্য। কোক—চক্রবাক।

হরি হরি মোরি উরবশী কি ভেলি।
জোহইতে ধাবও কতহু ন পাবও
মুরছি খসও কত বেলি ॥ ২ ॥
গিরি নদী তরুবর কোকিল ভ্রমরবর
হরিণ হাতী হিমধামা।
সভক পরও পয় সবে ভেল নিরদয়
কেও ন কহে তসু নামা ॥ ৩ ॥
মধুর মধুর ধুনি নেপুর রব শুনি
ভমও তরঙ্গিণীতীরে।
মোরে করমে কলহংস নাদ ভেল
নয়ন বিমুঞ্চোঁ নীরে ॥ ৪ ॥
হরি হরি কোন পরি মিলতি সে পরসনি
কবি বিদ্যাপতি ভাণে।
লখিমা দেবিপতি সকল সুজনগতি
নৃপ শিবসিংহ রস জানে ॥ ৫ ॥

৪

কুন্দ পরিমল সঙ্গ সুন্দর
নব্য পল্লব পূজিতে।
কামদৈবত কর্ম্মনির্ম্মিত
কোকিলাকলকূজিতে ॥ ১ ॥
দেহি নবীন দেব দৈব সমীর
বিভ্রতি বোধতি বিভ্রমে।
মাধবীলতয়া সমং
পরিনৃত্যতীব বনক্রমে ॥ ২ ॥
মাধবমাস মধুসময়ে।
রাজতি রাধা রভসময়ে ॥ ৩ ॥
বিরহিচিত্তবিভেদলক্ষণ
চূতমুকুল ভয়ঙ্করে।
পাটলা মধুলব্ধ মধুকরনিকর
নাদ মনোহরে ॥ ৪ ॥
চন্দ্র চন্দন কুঙ্কুমাগুরুহার
কুন্তলমণ্ডিতা।
হার ভার বিলাসকৌশল
নিধুবনক্ষণপণ্ডিতা ॥ ৫ ॥

কুলিশকঠিন কঠিন মানস
সাবসীদতি সুন্দরী।
দুর্ব্বলা'তি দুরাশয়া বরবেদি
মধ্য কৃশোদরী ॥ ৬ ॥
গচ্ছ গচ্ছ বদন্তি কিন্তব
সানুজীবতি কামিনী।
পদ্মমিবা মধুপাবলী নব শস্ত্র
মিবা মধুযামিনী ॥ ৭ ॥
অন্যথা সা শরণমেষ্যতি
বিরহিখেদনিবারণম্।
দেবসিংহ নরেন্দ্রনন্দন
সিদ্ধমিদ্ধমিবারণম্ ॥ ৮ ॥
ভূমিপতি শিবসিংহ বেদমনন্ত
বিক্রমসাহসম্।
সুকবি বিদ্যাপতি নিবেদিত
মুদিত কাম কলারসম্ ॥ ৯ ॥

৫

মাই হে বল্লভ অবহু ন আব।
যাহি দেশ সখি ন মনোভব ভাব ॥ ১ ॥
তরুণ শাল রসাল কানন
কুঞ্জ কুড়্মল-পুষ্পিতে।
পদ্ম পাটলি পরম পরিমল
বকুল সঙ্কুল বিকশিতে ॥ ২ ॥
অরুণ কিসলয় রাগ মুদ্রিত
মঞ্জরীভর লম্বিতে।
মধুলুব্ধ মধুকরনিকর মুদ্রিত
লোভ চুম্বন চুম্বিতে ॥ ৩ ॥
চুম্বতি মধুকর কুসুমপরাগ।
কোরকপরশে বাঢ়ল অনুরাগ ॥ ৪ ॥
চৌদিশ করয়ে ভৃঙ্গ ঝঙ্কার।
সে শুনি বাঢ়য় মদন বিকার ॥ ৫ ॥
চীর চন্দন চন্দ্রতারক
পাবকো সম মানসে।
হার কালভুজঙ্গমেব হি বিষ সরস
ঘন রসচয় বিষে ॥ ৬ ॥
মানিনী মন মানহারক
কোকিলারব কলকলে।
বহয় মারুত মলয় সংযুত
সরল সৌরভ শীতলে ॥ ৭ ॥

২। হরি হরি—আপেক্ষে। উরবশী—উর্ব্বশী। জোহইতে—খুঁজিতে। বেলি—বার।

৩। সভক—সকলেই। পরও পয়—পায়ে পড়ি।

৪। ভম—ভ্রমণ করি।

৫। পরসনি—প্রসন্না।

১। মাই হে—সখীসম্বোধনে। অবহু—এখন। ন আব—আসিল না।

শীতল দখিণ পবন বহ মন্দ।
তা তনু তাবয় চন্দন চন্দ ॥ ৮ ॥
হৃদয়হার ভেল ভুজগ সমান।
কোকিল কলরবে পীড়ল পরাণ ॥ ৯ ॥
শরদ নির্ম্মল পূর্ণচন্দ্র সুবক্ত্র
সুন্দরলোচনী।
কথং সীদতি সুন্দরী
প্রিয়বিরহদুঃখবিমোচিনী ॥ ১০ ॥
তাহি তব তরুণ পয়োধর ধনী।
ওজা শঙ্কর কৃষ্ণজনী ॥ ১১ ॥
অবসর পাউতি এভি খণে।
বিদ্যাপতি কবি সুদৃঢ় ভণে ॥ ১২ ॥

৬

গোর পয়োধর নখরেখ সুন্দর
মৃগমদপঙ্কে লেপলা।
জনি সুমেরু শশিখণ্ড উদিত ভেল
জলধরজালে ঝপলা ॥ ১ ॥
অভিসারিণি হে কপট করহ কাঁ লাগি।
কোন পুরুষগুণে লুবুধ তোহর মন
রয়নী গমউলহ জাগি ॥ ২ ॥
কারণে কোন অধর ভেল ধূসর
পুনু কোনে আরতি দেলা।
ডুধক পরশ পবার ধরল ভেল
অরুণ মজিঠ ভই গেলা ॥ ৩ ॥
নবি পঞোনারি গজে গজি নড়াইলি
পরশলি স্থরকিরণে।
অইসন দেখিয় তনু কপট করহ জনু
বেকত নুকাওব কোনে ॥ ৪ ॥
দশ অবধান ভন পুরুষ পেম গুনি
প্রথম সমাগম ভেলা।
আলম শাহ পহু ভাবিনী ভজি রহু
কমলিনী ভমর ভুললা ॥ ৫ ॥

৭

সাজনি নিহুরি ফুকু আগি।
তোহর কমল ভ্রমর দেখল
মদন উঠল জাগি ॥ ১ ॥
জোঁ তোঁহ ভাবিনি ভবন যৈবহ
ঐবহ কোনহু বেলা।
জোঁ ই সঙ্কট সোঁ জী বাঁচত
হোয়ত লোচন মেলা ॥ ২ ॥
ভণ বিদ্যাপতি চাহথি যে বিধি
করথি সে সে লীলা।
রাজা শিবসিংহ বন্ধন মোচন
তখন সুকবি জীলা ॥ ৩ ॥

৮

নীল কলেবর পীতবসন ধর
চন্দন তিলক ধবলা।
শামর মেঘ সৌদামিনী মণ্ডিত
তথিহি উদিত শশিকলা ॥ ১ ॥
হরি হরি অনতয় জনু পরচার।
স্বপনে মোয়ে দেখল নন্দকুমার ॥ ২ ।
পূরুব দেখল পয় স্বপনে ন দেখিয়
ঐসন ন করবি বুধা।
রস শিঙ্গার পার কে পাওত
অমোল মনোভব সিধা ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি অরে বরযৌবতি
জানল সকল মরমে।
শিবসিংহ রায় তোরা মন জাগল
কানু কানু করসি ভরমে ॥ ৪ ॥

৯

(শিবসিংহের সিংহাসনারোহণ)

অনল রন্ধ্র কর লক্ষ্মণ নরবর
শক সমুদ্র কর অগিনি শশী।

১। গোর—গৌরবর্ণ। লেপলা—লিপ্ত রহিয়াছে। ঝপলা—ঢাকিয়াছে। শশিখণ্ড—চন্দ্রকলা।
২। গমউলহ—কাটাইয়াছে।
৪। নবি—নূতন। পঞোনারি—পদ্মনাল, মৃণাল। গজে—গজ দ্বারা। নড়াইলি—প্রক্ষিপ্ত হইলি।
৫ দশ অবধান—বিদ্যাপতি। আমল শাহ পহু—দিল্লীর বাদসাহ।

১। নিহুরি—নীচু হইয়া। ফুকু—ফুঁ দিতেছে।
২। যৈবহ যাইবে। ঐবহ—আসিবে। জী—জীবন।
৩। চাহথি—চাহেন, ইচ্ছা করেন। করথি—করেন। জীলা—বাঁচিলেন।
২। অনতয়—অন্যত্র। জনু—না। পরচার—প্রচার। ৩। বুধা—বুদ্ধি। সিধা—সিদ্ধ।
১। অনল—৩। রন্ধ্র—৯। কর—২। অঙ্কস্য বামা গতিঃ, সুতরাং ২৯৩ লক্ষ্মণাব্দ। সমুদ্র—৭। কর—২। অগিনি—অগ্নি—৩। শশী—১।

চৈতকারী ছঠি জেঠা মিলিও
বার বৃহস্পতি যাউলসি ॥ ১ ॥
দেবসিংহ জং পুহবী ছড্ডিয়
অর্দ্ধাসন সুররাজ সরু।
দুহু সুরুতান নীন্দে অবে শোয়উ
তপনহীন জগ তিমিরে ভরু ॥ ২ ॥
দেখহু ও পৃথিমীকে রাজা
পৌরুষ মাঝ পুন্ন বলিও।
শতবলে গঙ্গা মিলিত কলেবর
দেবসিংহ সুরপুর চলিও ॥ ৩ ॥
এক দিশ সকল যবন বল চলিও
ওকা দিশ সে যম রাজা বরু।
দুয়ও দলটি মনোরথ পূরও
গরুয় দাপ শিবসিংহে করু ॥ ৪ ॥
সুরতরুকুসুম খালি দিস পূরেও
দুন্দভি সুন্দর সাদ ধরু।
বীরছত্র দেখনকো কারণ
সুরগণ শতে গগন ভরু ॥ ৫ ॥
আরম্ভিয় অন্তেষ্টি মহামখ
রাজসূয় অসমেধ যঁহা।
পণ্ডিত ঘর আচার বখানিয়
যাচককাঁ ঘর দান কঁহা ॥ ৬ ॥
বিদ্যাপতি কবিবর এহু গাবয়
মানব মন আনন্দ ভয়ও।
সিংহাসন শিবসিংহ বইঠঠো
উচ্ছবে বৈরস বিসরি গয়েও ॥ ৭ ॥

১০

(শিবসিংহের যুদ্ধ)

দূর দুগ্গম দমসি ভঞ্জেও
গাঢ় গঢ় গূঢ়ীয় গঞ্জেও
পাতিসাহ সসীম সীমা
সমর দরসেও রে ॥ ১ ॥
ঢোল তরল নিশান শব্দহি
ভেরি কাহল শঙ্খ নদ্দহি
তিনী ভুঅন নিকেত
কেতকী সম ভরিও রে ॥ ২ ॥
কোহে নীরে পয়ান চলিও
বায়ু মধ্যে রায় গরুও
তরণি তেজ তুলাধার
পরতাপ গহিও রে ॥ ৩ ॥
মেরু কনক সুমেরু কম্পিয়
ধরণী পূরিয় গগন ঝম্পিয়
হাতী তুরয় পদাতি পয়ভর
কমন সহিও রে ॥ ৪ ॥
তরল তর তরবারি রঙ্গে
বিজ্জুদাম ছটা তরঙ্গে
ঘোর ঘন সজ্ঘাত
বারিস কাল দরশেও রে ॥ ৫ ॥
তুরয় কোটি চাপ চুরিয়
চার দিশ চৌ বিদিশ পূরিয়
বিষম সার আসার
ধারা ধোরণী ভরিও ॥ ৬ ॥
অন্ধকূপ কবন্ধ লাইয়
ফেরবি ফফ্‌ফরিস গাইয়
রুধির মত্ত পরেত ভূত
বেতাল বিছলিও ॥ ৭ ॥
পার ভই পরিপন্থি গঞ্জিয়
ভূমিমণ্ডল মুণ্ডে মণ্ডিয়
চারুচন্দ্র কলেব কীর্ত্তি
সুকেত কি তুলিও ॥ ৮ ॥
রামরূপে স্বধম্ম রখ্‌খিয়
দানদপ্পে দধচি থিখ্‌য়
সুকবি নব জয়দেব
ভণিও রে ॥ ৯ ॥
দেবসিংহ নরেন্দ্রনন্দন
শক্র নরপতিকুলনিকন্দন
সিংহ সম শিবসিংহ রাজা
সকল গুণক নিধান গণিও রে ॥ ১০ ॥

অতএব উক্ত নিয়মানুসারে ১৩২৭ শকাব্দে চৈত্র মাসের কৃষ্ণ পক্ষে ষষ্ঠী তিথি, জ্যেষ্ঠা নক্ষত্র। যাউলসি—শেষ সময়, সন্ধ্যার সময়।

২। সরু—গ্রহণ করা।

৬। মহামখ—মহাযজ্ঞ।

১। দমসি—আঘাত করিয়া। গূঢ়ীয়—কঠিন। গঞ্জেও—তাচ্ছিল্য করিল।

২। শব্দহি—শব্দে। নদ্দহি—নিনাদিত হইল।

৩। কোহে—পর্ব্বত। তরণি—সূর্য্য। তুলাধার—তুল্য। গহিও—গ্রহণ করিল।

৭। লাইয়—নিক্ষেপ করিল। ফেরবি—শৃগাল। ফফ্‌ফরিস—ফেউ, শৃগালরব।

১১

স্বপন দেখল হম শিবসিংহ ভূপ।
বতিশ বরস পর শামর রূপ ॥ ১ ॥
বহুত দেখল গুরুজন প্রাচান।
আব ভেলহু হম আয়ুবিহীন ॥ ২ ॥
সমটু সমটু নিজ লোচননীর।
ককরহু কাল ন রাখথি থির ॥ ৩ ॥
বিদ্যাপতি সুগতিক প্রস্তাব।
ত্যাগ কে করুণা রসক স্বভাব ॥ ৪ ॥

১২

দুল্লহি তোহর কতয় ছথি মায়।
কহু ন ও আবথু এখন নহায় ॥ ১ ॥
বৃথা বুঝথু সংসার বিলাস।
পল পল নানা তরহক ত্রাস ॥ ২ ॥
মায় বাপ জোঁ সদগতি পাব।
সন্ততি কাঁ অনুপম সুখ আব ॥ ৩ ॥
বিদ্যাপতি আয়ু অবসান।
কাতিক ধবল ত্রয়োদশী জান ॥ ৪ ॥

১৩

তোঁহেঁ জলধর সহজহি জলরাজ।
হম চাতক জলবিন্দুক কাজ ॥ ১ ॥
জল দয় জলদ জীব মোর রাখ।
অবসর দেলে সহস হো লাখ ॥ ২ ॥
তনু দেয় চাঁদ রাহু কর পান।
কবহু কলা নহি হোয় মলান ॥ ৩ ॥
বৈভব গেলে রহয় বিবেক।
তইসন পুরুখ লাখ থিক এক ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি দূতী সে।
দুই মন মেল করাবয় যে ॥ ৫ ॥

১৪

অপার পয়োধি মগন ভেল সূর।
নখিকুলে সঙ্কুল বাট বিদূর ॥ ১ ॥
নদী পরিহরি নাবিক ঘর গেল।
পথিক গমনপথ সংশয় ভেল ॥ ২ ॥
অনতয় পথিক করিয় পরবাস।
হমে ধনী একলি কন্ত নহি পাশ ॥ ৩ ॥
একে চিন্তা অওকে মনমথ শোষ।
দশমী দশা মোহি কওোনক দোষ ॥ ৪ ॥
রজনী ন জাগ সখীজন মোর।
অনুখন সগর নগর ভম চোর ॥ ৫ ॥
তোহেঁ তরুণত হমে বিরহিণী নারী।
উচিতহু বচন উপজ কুলগারি ॥ ৬ ॥
বামা বচন বাম পথ ধাব।
অপন মনোরথ উকুতি বুঝাব ॥ ৭ ॥
ভণই বিদ্যাপতি নারী সঞানি।
ভল কয় রখলক দুহু অনুমানি ॥ ৮ ॥

১৫

অপনা মন্দির বৈসলি অছলহু
ঘর নহি দোসর কেবা।
তহিখণে পহিয়া পাহুন আয়ল
বরিষয় লাগল দেবা ॥ ১ ॥
কে জান কি বোলতি পিসুন পরৌসিনী
বচনক ভেল অবকাশে ॥ ২ ॥
ঘর অন্ধার নিরন্তর ধারা
দিবসহি রজনী ভানে।
কওোনক কহব হমে কে পতিয়ায়ত
জগত বিদিত পচবাণে ॥ ৩ ॥

১৬

পরতহু পরদেশ পরহিক আশ।
বিমুখ ন করিয়া অবশ দিয় বাস ॥ ১ ॥

১। বতিশ—বত্রিশ। বরস—বৎসর।
৩। সমটু—মুছিয়া। ককরহু—কাহারও।
১। দুল্লহি—বিবাহিতা কন্যা। মায়—মাতা। আবথু—আসিতেছে। নহায়—স্নান করিয়া।
২। তরহক—প্রকার।
৪। কাতিক—কার্ত্তিক। ধবল—শুক্ল।
১। মগন ভেল—অস্তগমন করিল। সূর—সূর্য্য। নখিকুলে—হিংস্র প্রাণী দ্বারা। বাট—পথ। বিদূর—অধিক দূর।
৩। অনতয়—অন্যত্র। পরবাস—প্রবাস। শোষ—শোষণ।
৫। সগর—সকল।
৬। তরুণত—তরুণ, যুবক। উপজ—উৎপন্ন।
১। অছলহু—ছিলাম। পাহুন—অতিথি। বরিষয়ে—বর্ষণ করিতে।
২। পরৌসিনী—প্রতিবাসিনী।
৩। পতিয়ায়ত—প্রত্যয় করিবে।
১। পরতহু—প্রত্যহ। অবশ—অবশ্য

এতহি জানিয় সখি পিয়তম কথা।
ভল মন্দ ননন্দ হে মনে অনুমানি।
পথিককে ন বোলিয় টুটলি বাণী ॥ ২ ॥
চরণ পখালল আসন দান।
মধুরহি বচনে করিয় সমধান ॥ ৩ ॥
এ সখি অনুচিত এতে দূর যাই।
আব করিয় যত অধিক বড়াই ॥ ৪ ॥

১৭

কমল মিলল দল মধুপ চলল ঘর
বিহগে গহল নিজ ঠামে।
অরে রে পথিক জন থির রে করিয় মন
বড় পাঁতর দূর গামে ॥ ১ ॥
ননদি রুষিয়ে রহ পরদেশ বস পহু
শাশুহি ন সুঝ সমাজে।
নিঠুর সমাজ পুছার উদাসীন
আওর কি কহব বেয়াজে ॥ ২ ॥
চন্দন চারু চম্প ঘন চামর
অগর কুঙ্কুম ঘরবাসে।
পরিমল লোভে পথিক নিত সঞ্চর
তেঁই নহি বোলয় উদাসে ॥ ৩ ॥
বিদ্যাপতি ভণ পথিক বচন শুন
চিত বুঝি কর অবধানে।
রাজা শিবসিংহ রূপনরায়ণ
লখিমা দেবী রমাণে ॥ ৪ ॥

১৮

অনত পথিক জনু যাহে।
দূর দেশান্তর বস মোর নাহে ॥ ১ ॥
হমে অনুগতি সবে কেরি।
কতয় যায়ব তেঁহে সাঁঝক বেরি ॥ ২ ॥
নিভরম ঐসন ঠামা।
সবে পরদেশিয়া বসে এহি গামা ॥ ৩ ॥

ভমি ভমি ভম কোতোয়ারে।
পয়লহু লোথ ন নৃপতি বিচারে ॥ ৪ ॥
হমরা কোন তরঙ্গে।
পুর পরিজন সব হমরে অঙ্গে ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি গাবে।
ভমি ভমি অবলা উকুতি বুঝাবে ॥ ৬ ॥

১৯

হমে যুবতী পতি গেলাহে বিদেশে।
লগ নহি বসয় পড়োসিয়াক লেশে ॥ ১ ॥
শাশু দোসরি কিছুও নহি জান।
আখি রতৌঁধী শুনয় নই কান ॥ ২ ॥
জাগহ পথিক যাহ জনু ভোর।
রাতি অঁধার গাম বড় চোর ॥ ৩ ॥
ভরমহু ভাউরি ন দেয় কোতোয়ার।
কাহুক কেও নহি করয় বিচার ॥ ৪ ॥
অধিপ ন কর অপরাধহুঁ শাতি।
পুরুষ মহতে সব হমর সজাতি ॥ ৫ ॥
বিদ্যাপতি কবি এহ রস গাব।
উকতিহি অবলা ভাব জনাব ॥ ৬ ॥

২০

বালম নিঠুর বসয় পরবাস।
চেতন পড়োসিয়া নহি মোর পাশ ॥ ১ ॥
ননদী বালক বোলউ ন বুঝ।
পহিলহি সাঁঝ শাশু নহি সুঝ ॥ ২ ॥
হমে ভরে যৌবতী রজনী অন্ধার।
স্বপনেহুঁ নহি পুর ভম কোটবার ॥ ৩ ॥

২। টুটলি বাণী—মন্দ কথা।
১। গহল—গ্রহণ করিল। পাঁতর—প্রান্তর।
২। রুষিয়—রোষ করিয়া। সুঝ—দেখ।
৩। অগর—অগুরু। বোলয়—বলি।
১। অনত—অন্যত্র। জনু—না। যাহে—যাইও। নাহে—নাথ।
২। সবে কেরি—সবাকার।
৩। নিভরম—ভ্রমশূন্য, বাধাশূন্য।

৪। কোতোয়ারে—কোতোয়াল। পঁয়লহুঁ—পাইলেও। লোথ—বামাল, চোরাই মাল।
১। লগ—নিকট। বসয়—বাস করে। পড়োসিয়াক—প্রতিবাসিনীর, পড়শীর।
২। শাশু—শ্বশ্রূ। দোসরি—দ্বিতীয়। রতৌঁধী—রাতকাণা।
৩। যাহ—যাইও। ভোর—ভুলিয়া।
৪। ভরমহু—ভ্রমেও। ভাউরি—ঘুরা-ফেরা।
৫। শাতি—শাস্তি।
১। বসয়—বাস করে। পরবাস—প্রবাস। চেতন—চতুর। পড়োসিনা—পড়শী।
২। বালক—বালিকা। বোলউ—কথাও। পহিলহি—প্রথম হইতেই। সুঝ—দেখিতে পায়।

পথিক বাস অনতয় ভমি লেহ।
হমরা তৈসন দোসর নহি গেহ ॥ ৪ ॥
একশরী জানি আয়োত চলি চোর।
মোরা সঁপতি মোরা অগোর ॥ ৫ ॥
সুকবি বিদ্যাপতি কহথি বিচারি।
পথিক বুঝাবয় বিরহিণী নারী ॥ ৬ ॥

২১

শাশু জরাতুলি ভেলি।
ননদী ছলি সেও শ্বাশুর গেলি ॥ ১ ॥
তৈসন ন দেখিয় কোই।
রজনী জগায় সঁভাষণ হোই ॥ ২ ॥
এহি পুর এহি বেবহারে।
কাহুক কেও নহি করয় পুছারে ॥ ৩ ॥
প্রাণনাথ কে কহবা।
হম একশরী ধনী কত দিন রহবা ॥ ৪ ॥
পথিক কহব মঝু কন্তা।
হম সনি রমণী ন তেজ রসমন্তা ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি গাবে।
ভমি ভরি বিরহিণী পথিক বুঝাবে ॥ ৬ ॥

২২

হমে একশরী পিয়তম নহি গাম।
তেঁ মোহি তরতম দেইতে ঠাম ॥ ১ ॥
অনতহু কতহু দেয়ইতহু বাস।
জৌঁ কেও দোসরি পড়উসিনী পাশ ॥ ২ ॥
চল চল পথিক চলহ পথ মাহ।
বাস নগর বোলি অনতহু যাহ ॥ ৩ ॥

আঁতর পাঁতর সাঁঝক বেরি।
পরদেশ বসিয় অনাগত হেরি ॥ ৪ ॥
ঘোর পয়োধর যামিনী ভেদ।
জেকর রহ তাকর পরিছেদ ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি নাগরী রীতি।
ব্যাজ বচনে উপজাব পিরীতি ॥ ৬ ॥

২৩

হমরাহু ঘর নহি ঘরিনীক লেশ।
তেঁ কারণে গুণিয় পরদেশ ॥ ১ ॥
নানা রতন অছয় মঝু হাথ।
সেবক চাকর কেও নহি সাথ ॥ ২ ॥
সহজক ভীরু থিকাহু মতিভোর।
রজনী জগায় কে করত অগোর ॥ ৩ ॥
বৈসি গমাওব কওনক মাঝ।
অবগুণ অছয় রতউঁধী সাঁঝ ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি ছইল স্বভাব।
নাগর পথিক উকুতি বিরমাব ॥ ৫ ॥

২৪

পথিক :—সুন্দরি হে তোঁ সুবুধি সেয়ানী।
মরি পিয়াস পিয়াবহ পানি ॥ ১ ॥
নায়িকা :—কে তোঁ থিকাহ ককর কুল জানি।
বিনু পরিচয় নহি দেব পিড়ি পানি ॥ ২ ॥
পথিক :—থিকহু পথিকজন রাজকুমার।
ধনীকে বিয়োগে ভরমি সংসার ॥ ৩ ॥

৪। অনতয়—অন্যত্র।
৫। একশরী—একেশ্বরী, একাকিনী। আয়োত—আসিবে। সঁপতি—সম্পত্তি। অগোর—আগলান, রক্ষা করা।
১। জরাতুলি—জরাতুরা। ছলি—ছিল। শ্বাশুর—শ্বশুরালয়।
৪। কহবা—কহিবে। রহবা—রহিবে।
১। গাম—গ্রাম। মোহি—আমার। তরতম—তারতম্য, দ্বিধা।
২। অনতহু—অন্যত্র। কতহু—কোথাও। দেয়ইতহু—দেওয়াইতাম। জৌঁ—যদি। পড়উসিনী—পড়সী। ২। চল চল—যাও যাও।

৪। আঁতর—অন্তর। পাঁতর—প্রান্তর।
৫। পয়োধর—মেঘ। যামিনী—রাত্রি। পরিছেদ—পরিচ্ছেদ, সীমা।
৬। ব্যাজ—ছল। উপজাব—উৎপন্ন করে।
১। ঘরিনীক—ঘরণীর, স্ত্রীর। তেঁ—সেই। গুণিয়—গণনা করি, মনে হয়।
৩। থিকাহু—আছি। মতিভোর—ভোলা-মন।
৪। কওনমাঝ—কাহাদের মধ্যে। রতউঁধী—রাতকানা।
৫। ছইল—চতুর। বিরমান—করিল।
১। তোঁ—তুমি। সুবুধি—সুবুদ্ধি। সেয়ানী,—সেয়ানা, চতুরা। পিয়াবহ—পান করাও।
২। থিকাহ—হও।
৩। থিকহু—হই। ধনীকে—স্ত্রীর। ভরমি—ভ্রমণ করি।

নায়িকা :—আবহ বৈসহ পিব লহ পানি।
যে তোঁ খোজবহ সে দেব আনি ॥ ৪ ॥
শ্বশুর ভৈসুর মোর গেলাহ বিদেশ।
স্বামিনাথ গেল ছথি তনিক উদেশ ॥ ৫ ॥
শাশু ঘর আন্ধরী নয়ন নহি সুঝ।
বালক মোর বচন নহি বুঝ ॥ ৬ ॥
ভণই বিদ্যাপতি অপরূপ নেহ।
যেঁহন বিরহ হো তেহন সিনেহ ॥ ৭ ॥

২৪

পিয়া মোর বালক হম তরুণী।
কোন তপ চুকলৌঁহ ভেলৌঁহ জননী ॥ ১ ॥
পহির লেল সখি এক দখিণক চীর।
পিয়া কে দেখৈতি মোর দগধ শরীর ॥ ২ ॥
পিয়া লেলি কোরে চললি বজার।
হটিয়াক লোক পুছে কে লাগু তোহার ॥ ৩ ॥
নহি মোর দেওর কি নহি ছোট ভাই।
পূরব লিখল ছল স্বামী হমার ॥ ৪ ॥
বাটরে বটোহিয়া কি তোঁহি মোর ভাই।
হমরো সমাদ নৈহর লেনে যাই ॥ ৫ ॥
কহিহন বাবা কিনয় ধেনু গাই।
দুধবা পিলায়কঁ পোষত জমাই ॥ ৬ ॥
নহি মোরা টকা অছি নহি ধেনু গাই।
কওনই বিধি পোষব বালক জমাই ॥ ৭ ॥
ভণই বিদ্যাপতি শুন ব্রজনারি।
ধৈরয ধরি রহু মিলত মুরারি ॥ ৮ ॥

২৫

মোরাহিরে অঙ্গনা পাকড়ী শুনু বালহিয়া।
পটেবা আউয় বাস পরম হরি বালহিয়া ॥ ১ ॥
পটেবা ভইয়া হিত নীত শুন বালহিয়'।
কোলরি এক বিনি দেহি পরম হরি বালহিয়া ২ ॥
জঞো হমে চোলরি বিনহি শুন বালহিয়া।
কাহ বিনঞুনী দেহ পরম হরি বালহিয়া ॥ ৩ ॥
লহুড়ী দেউ রাতাসনা শুন বালহিয়া।
ননদ বিনঞুনী দেঞ পরন হরি বালহিয়া ॥ ৪ ॥
চোলরি পহিরি হমে হাটগঞে শুন বালহিয়া।
চোর পরীখন লাগু পরম হরি বালহিয়া ॥ ৫ ॥
বিদ্যাপতি কবি গাবিয়া শুন বালহিয়া।
রাজা শিবসিংহ গুণ জান পরম হরি বালহিয়া ॥৬॥

২৬

মোরাহি যে অঁগনা চঁদনকের গাছে।
সৌরভে আবয় ভমর পচাশে ॥ ১ ॥
অরে অরে ভমর ন ফেরু কবারে।
আঁচর শুতল অছ পদুমকুমারে ॥ ২ ॥
সঙ্গহি সখিয়ে শুভ দেহরি ভইসুরে।
কইসে করি বাহর হোয়ব বাজত নেপুরে ॥৩॥
গোড়হুক নেপুর ভেল জীব কালে।
লহু লহু পয়ের দওঁ উঠ ঝঁঝকারে ॥ ৪ ॥
মাই বাপে দয়ে হলু নেপুর গঢ়াই।
নেপুর ভঁগবইতে জীব অঁকুরাই ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি এহু রস জানে।
রায় শিবসিংহ লখিমা দেবী রমাণে ॥ ৬ ॥

৪। আবহ—আইস। পিব—পান কর। খোজবহ—খুঁজিবে।

৫। গেল ছথি—গিয়াছেন। তনিক—তাঁহাদের।

৬। শাশু—শাশুড়ী, শ্বশ্রূ। আন্ধরী—অন্ধ। নহি সুঝ—দেখিতে পায় না।

১। তপ চুকলৌঁহ—তপোভ্রষ্ট। ভেলৌঁহ—হইয়াছি।

২। পহির লেল—পরিধান করিলাম। দখিণক—দক্ষিণ দেশের। দেখৈতি—দেখিয়া।

৩। কোরে—কোলে। হটিয়াক—হাটের। লাগু—হয়।

৫। বটোহিয়া—পথিক। তোঁহি—তুমি। সমাদ—সম্বাদ। নৈহর—বাপের বাড়ী। লেনে—লইয়া। যাই—যাও।

৬। কহিহন—কহিও। কিনয়—ক্রয় কর। পিলায়কঁ—পান করাইয়া। পোষত—পোষণ করে।

১। পাকড়ী—পাকুড় গাছ। বালহিয়া—বাল্যসখী। ২। পটেবা—পটুয়া, যাহারা বুনন করে।

২। চোলরি—চোলি, কাঁচুলী।

৩। বিনঞুনী—বুনিবার পারিশ্রমিক।

৪। লহুড়ী—লাড়ু। রাতাসনা—রাত্রের খাদ্য।

১। অঁগনা—অঙ্গন। চঁদনকের—চন্দনের। পচাশে—পঞ্চাশ।

২। ফেরু—ফেরাও। কবারে—কবাট। শুতল অছ—শয়ন করিয়া আছে। পদুমকুমারে—পদ্মকুমার।

৩। শুত—শয়ন করে। দেহরি—দেউড়ি। ভইসুর—ভাসুর। কইসে করি—কেমন করিয়া।

৪। গোড়হুক—পায়ের। দও—দিলে। পয়ের—পা। ঝঁঝকারে—ঝমঝম শব্দ।

৫। দয়ে হলু—দিয়াছেন। গঢ়াই—গড়াইয়া। ভঁগবইতে—ভাঙ্গিতে। অঁকুরাই—আকুল হয়।

২৭

হমে ধনী কুটনী পরিণতি নারী।
বয়স বাস ন কহোঁ বিচারি ॥ ১ ॥
কাহুকে পান কাহু দিয় সান।
কত ন হকারি কয়ল অপমান ॥ ২ ॥
কত পরমাদ ধিয়া মোর ভেল।
আহে যৌবন কতয় চলি গেল ॥ ৩ ॥
ভাঙ্গল কপোল অলোক ভরি সাজু।
সঙ্কুল লোচনে কাজর আজু ॥ ৪ ॥
ধবলা কেশ কুসুম করু বাস।
অধিক সিঙ্গারে অধিক উপহাস ॥ ৫ ॥
থোথর থৈয়া থন দুও ভেল।
গরুয় নিতম্ব কঁহা চলি গেল ॥ ৬ ॥
যৌবন শেষ শুখায়ল অঙ্গ।
পাছু হেরি বিলুলইতে উমত অনঙ্গ ॥ ৭ ॥
খণে খস ঘোঘট বিঘট সমাজ।
খণে খণে আব হকারলি লাজ ॥ ৮ ॥
ভণহি বিদ্যাপতি রস নহি ছেও।
হাসিনী দেবীপতি দেবসিংহ দেও ॥ ৯ ॥

১। কুটনী—কুট্‌নী। পরিণতি—বৃদ্ধা।
২। সান—সঙ্কেত করিয়া ডাকা। হকারি—হাঁক দিয়া ডাকিয়া।
৩। ধিয়া—কন্যা। আহে—হায়।
৪। ভাঙ্গল—ভগ্ন, কোটরগত। সঙ্কুল—নিস্তেজ।
৬। থোথর থৈয়া—থোঁতা, লম্ববান্‌। থন—স্তন।
৮। ঘোঘট—ঘোমটা। ৯। ছেও—ছিটাও।

আমি বুড়ো কুট্‌নী, বয়স বা বাসস্থান বিচার করিয়া বলিতে পারি না। কাহাকেও পান দিয়াছি, কাহাকেও ইঙ্গিতে ডাকিয়াছি, আবার কত লোককে ডাকিয়া অপমান করিয়াছি। আমার কত জারজ কন্যা হইয়াছিল; হায়, আমার যৌবন কোথায় চলিয়া গিয়াছে! কপোল ভাঙ্গিয়াছে অর্থাৎ ঢুকিয়া গিয়াছে, কিন্তু অলকদাম সজ্জিত, নিস্তেজ চক্ষুতে আজও কাজল দিতেছি; চুল সাদা হইয়া গিয়াছে, তথাপি তাহাতে কুসুম দিয়াছি, এ বয়সে অধিক সজ্জায় লোক অধিক উপহাস করে। স্তন দুইটি লম্ববান হইয়াছে, গুরু নিতম্ব কোথায় চলিয়া গিয়াছে। যৌবন গিয়াছে, দেহ শুকাইয়াছে, পশ্চাদ্দিকে দেখি, পাগলা মদন উপহাস করিয়া গড়াগড়ি দিতেছে! কখন লোকসাক্ষাতে ঘোমটা খসিয়া পড়ে—আবার মুহুর্ম্মুহু ডাকিলে লজ্জা আসিয়া উপস্থিত হয়। বিদ্যাপতি বলিতেছে, আর ছিটা মাত্র রস নাই।

প্রহেলিকা *

১

কুসুমিত কানন কুঞ্জ বসি।
নয়নক কাজর ঘোরি মসি ॥ ১ ॥
নখসোঁ লিখল নলিনী দল পাত।
লীখি পঠাওল আখর সাত ॥ ২ ॥
পহিলহি লিখলনি পহিল বসন্ত।
দোসরে লিখলনি তেসরক অন্ত ॥ ৩ ॥
লিখি নহি শকলি অনুজ বসন্ত।
পহিলহি পদ অছি জীবক অন্ত ॥ ৪ ॥

১। ঘোরি—গুলিয়া। কুসুমিত কানন কুঞ্জে বসিয়া (রাধা) নয়নের কাজল গুলিয়া কালি (করিল)।
২। নখ দিয়া নলিনীপত্রে লিখিল, সাতটি অক্ষর লিখিয়া (মাধবকে) পাঠাইল।
৩। তেসরক—তৃতীয়ের। প্রথমে লিখিলেন, প্রথম বসন্ত। (বসন্তের প্রথম মাস চৈত্র, চৈত্র মাসের নামান্তর মধু। 'মধু' এই দুইটি অক্ষর প্রথমে লিখিলেন)। দ্বিতীয় (তাহার পর) তৃতীয়ের অন্ত লিখিলেন (বসন্তের পর তৃতীয় ঋতু বর্ষা, শেষে হস্তা নক্ষত্র; কর অর্থে হস্ত। 'মধু'র পর 'কর' লিখিলেন, 'মধুকর' শব্দ হইল)।
৪। শকলি—পারিল। বসন্তের অনুজ (চৈত্রের পর বৈশাখ মাস, বৈশাখের নামান্তর মাধব) লিখিতে পারিলেন না, (হয় মাধবের নাম লিখিতে লজ্জা

* প্রহেলিকা পদ মাত্রেরই অর্থ করা যায়। দৃষ্টান্তস্বরূপ কয়েকটি পদের অর্থ প্রকাশিত হইল। পদকল্পতরুতেও দুই একটি এরূপ পদ আছে। এই সঙ্কলনে প্রকাশিত অধিক সংখ্যক প্রহেলিকাই তালপত্রের পুঁথি হইতে সংগৃহীত।

ভনহি বিদ্যাপতি আখর লেখ।
বুঁধ জন হো সে কহয় বিশেখ ॥ ৫ ॥

২

প্রথম একাদশ দই পহু গেল।
সেহো রে বিতল কতে দিন ভেল ॥ ১ ॥
ঋতু অবতার বয়স মোর ভেল।
তইও ন পহু মোর দরশন দেল ॥ ২ ॥
চান্ কিরণ মোহি সহলো নই যায়।
চানন শীতল মোহি ন শোহায় ॥ ৩ ॥
ভনই বিদ্যাপতি শুনু ব্রজনারি।
ধৈরজ ধৈরহু মিলত মুরারি ॥ ৪ ॥

৩

সিন্ধু সুতাপতি ছুতি গেল মাই হে
নিরধিনী বাপুরে।
কেবা বিগলিত পুলকিত মাই হে
সে দেখি হিঅরা ঝুরে ॥ ১ ॥
মোর পিআর গগন-ভরি আএল
ন অএলে মোর পিআরা ॥ ২ ॥
মালি মউলি হস বালন্তু বিদেস বস
অহি ভোঅনে মহি পূরে।
সরঅ সরোজ বন্ধু কর বঞ্চিত
কুমুদ মুদ দিনকরে ॥ ৩ ॥
সখি হে কমলনয়ন পরদেস।
হমে অবলা অতি দীন দুখিত মতি
শ্রবনে ন সুনিঅ সন্দেস ॥ ৪ ॥
চাতক পোতক হরখিত নাচথি
সুখে সিখি নাচথি রঙ্গে।
কন্ত কোর পইসি চপলা বিলসথি
সে দেখি ঝামর অঙ্গে ॥ ৫ ॥
নলিনী নীরে লুকাইলি মাই হে
কন্ত ন আএল পাস।
ভমর চরন পঞ্চাসে অধিক অধ
বসু তেজি করতি গরাস ॥ ৬ ॥

৪

নব হরি তিলক বৈরা সখ যামিনী
কামিনী কোমল কাঁতি।
যমুনা-জনক তনয় রিপু ঘরণী
সোদর সুয় কর শাতি ॥ ১ ॥
মাধব তুয় গুণে লুবধলী রমনী।
অনুদিনে খীন তনু দনুজ দমন ধনী
ভবনজ বাহন গমনী ॥ ২ ॥
দাহিন হরিতহ পাব পরাভব
এত সবে সহ তুয় লাগী।
বেরি এক সর সাগর গুনি খাইতি
বধক হোয়ব তোহেঁ ভাগী ॥ ৩ ॥

অথবা মাধব লক্ষ্মীপতি বলিয়া ঈর্ষা বশতঃ সে নাম লিখিলেন না)।

প্রথম পদ (অক্ষর) জীবনের অন্ত ('ম' প্রথম অক্ষর, 'মরণ' শব্দের আদ্যক্ষর)। ('মধুকর আয়াহি' অথবা মিথিলা ভাষায় 'মধুকর আইছ' রাধা এই ৭টি অক্ষর লিখিলেন)। মাধব লিখিতে না পারিয়া তাঁহাকে মধুকর বলিয়া সম্বোধন করিলেন।

৫। বিদ্যাপতি বলে, আখর লেখা (সঙ্কেত রচনা) যে পণ্ডিত সে বিশেষ (অর্থ করিয়া) কহে।

১। প্রথম—ব্যঞ্জন বর্ণের প্রথম অক্ষর, ক; একাদশ—একাদশ অক্ষর, ট; কট—কথা, প্রতিশ্রুতি। দই—দিয়া। সেহো। বিতল—অতীত হইল; কতে—কত।

প্রভু (আমাকে) কথা (ফিরিয়া আসিবার সময় নির্দ্দেশ) দিয়া গেল, তাহাও কত দিন অতীত হইল।

২। ঋতু—৬ [ঋতু]; অবতার—১০ (অবতার); ৬+১০=১৬। আমার ষোড়শ (বর্ষ) বয়স হইল, তথাপি প্রভু আমাকে দর্শন দিল না।

৩। সহলো—সহ্য করাও। শোহায়—(শোভা পায়), ভাল লাগে, আনন্দ দান করে। চন্দ্রকিরণ আমার (দ্বারা) সহ্য করা যায় না, শীতল চন্দন আমাকে ভাল লাগে না।

৪। বিদ্যাপতি কহিতেছে, শুন ব্রজনারি, ধৈর্য্য ধর, মুরারি মিলিবে।

১। নব—নবীন। হরি—চন্দ্র। নবীনচন্দ্র-তিলক—মহাদেব। বৈরী—কাম। সখ—বসন্ত, বসন্ত-যামিনী। বসন্তরাত্রি (ও) কামিনী কোমল কান্তি। যমুন-জনক—সূর্য্য। তনয়—কর্ণ। রিপু—অর্জ্জুন। ঘরণী—সুভদ্রা। সোদর—কৃষ্ণ। সুয় (সুত)—কাম। কাম শান্তি করিতেছে। বসন্তকালের রাত্রে কাম কোমলকান্তি কামিনীকে পীড়ন করিতেছে।

২। দনুজ—রাক্ষস। দমন—বিষ্ণু। ধনী—লক্ষ্মী। ভবনজ—ভবন, কমল; কমলে যাহার জন্ম, কমলযোনি, ব্রহ্মা। বাহন—ব্রহ্মার বাহন হংস। হংসগমনী। মাধব, রমণী তোর গুণে লুব্ধ হইয়াছে, মরালগামিনীর তনু অনুদিন ক্ষীণ হইতেছে।

৩। দাহিন—দক্ষিণ। হরিতহ—পবন হইতে। পাব—পায়। পরাভব—যাতনা। দক্ষিণ পবন হইতে (বহিলে) যাতনা পায়, এই সকল তোর জন্য সহ্য করে।

বেরি—বার। সর—পাঁচ। সাগর—চার (সপ্ত

সারঙ্গ সাদ বিষাদ বঢ়াবয়
পিক ধুনি শুনি পছতাবে।
অদিতিতনয় ভোঅন রুচি সুন্দর
দশমী দশা লগ আবে ॥ ৪ ॥
বিদ্যাপতি ভন গুনি অবলা জন
সমুচিত চলু নিঅ গেহা।
রাজা শিবসিংহ রূপনরায়ন
লখিমা লখমী দেহা ॥ ৫ ॥

৫

হরি সম আনন হরি সম লোচন
হরি তহ হরি বর আগী।
হরিহি চাহি হরি হরি ন সোহাবএ
হরি হরি কএ উঠ জাগী ॥ ১ ॥
মাধব হরি রহু জলধর ছাই।
হরি নয়নী ধনী হরি ঘরিনী জনি
হরি হেরইতে দিন জাই ॥ ২ ॥
হরি ভেল ভার হার ভেল হরি সম
হরিক বচন ন সোহাবে।
হরিহি পইসি জে হরি জে নুকাএল
হরি চঢ়ি মোর বুঝাবে ॥ ৩ ॥
হরিহি বচনে পুনু হরি সঞো দরসন
সুকবি বিদ্যাপতি ভানে।
রাজা শিবসিংহ রূপনরাঅন
লখিমা দেবী রমানে ॥ ৪ ॥

৬

দখিন পবন বহ মদন ধনুষি গহ
তেজল সখী জন মেরী।
হরি রিপু রিপু তাসু তনয় রিপু
কএ রহু তাহেরি সেরী ॥ ১ ॥
মাধব তুঅ বিনু ধনি বড়ি খিনী।
বচন ধরব মন বহুত খেদ কর
অদবুদ তাহেরি কহিনী ॥ ২ ॥
মলয়ানিল হার তনু পীবএ
মনমথ তাহি ডরাই।
আতুর ভএ জত ডরহি নিবারব
তুঅ বিনু বিরহ ন জাই ॥ ৩ ॥

৭

মাধব আবে বুঝল তুঅ সাজে।
পঞ্চ দুন দহ গুন সাএ গুন
সে দেলহ কোন কাজে ॥ ১ ॥
চালিস চারি কাটি চৌঠাই
সে হম সে পিআ মোরা।
সে নিরখত মুখ পেখত
করত জনমকে ওরা ॥ ২ ॥
সাঠিহু মহ দহ বিন্দু বিবরজিত
কে সে সহত উপহাসে।
হমে অবলা পহুক দোসে
দুই বিন্দু করব গরাসে ॥ ৩ ॥
নব বুঁদা দএ নবএ বাম কএ
সে উর হমর পরানে।
কপটী বালভু হেরি ন হেরএ
কারন কে নহি জানে ॥ ৪ ॥
ভনই বিদ্যাপতি সুন বর জৌবতি
তাহি করথি কেঅ বাধা।
অপন জীব দয় পরকে বুঝাবিঅ
কমল নাল দুই আধা ॥ ৫ ॥

৮

কুবলঅ কুমুদিনি চউদিস ফুল।
কোকিল কলরবে দহ দিস ভুল ॥ ১ ॥
আএল বসন্ত সময় রিতুরাজ।
বিরহে ভমরি চলু ভমর সমাজ ॥ ২ ॥
উরি উরি পরেবা বহু গোপি মেলি।
কাহ্নু পইসল বন কর জল কেলি ॥ ৩ ॥
রাধা হসলি অপন মুখ হেরি।
চাঁদ পড়াএল হরিনক সেরি ॥ ৪ ॥
খনে কর সাসা খনে কর খেদ।
বইসল বিসধর পঢ় জনি বেদ ॥ ৫ ॥
ভোগী অছল মহেসর ভেল।
পান তমোর হাথ কএ দেল ॥ ৬ ॥
মধুএ পিবিএ পিকি সুতলা হে সেজ।
ধএল সুধাকরে অরুনক তেজ ॥ ৭ ॥

সমুদ্রের গণনা বিদ্যাপতির রচনায় পাওয়া যায় না)। গুনি—গুণ করিয়া। চার পাঁচ গুণ করিয়া বিশ (বিষ)। একবার বিষ খাইবে, তুই বধের ভাগী হইবি।

৪। সারঙ্গ—ভ্রমর। সাদ—শব্দ। বঢ়াবয়—বাঢ়ায়। পছতাবে—পশ্চাত্তাপ হয়। ভ্রমরের শব্দ শুনিয়া বিষাদ বাড়ে, পিকধ্বনিতে অনুতাপ হয়। অদিতিতনয়—দেবতা। ভোঅন (ভোজন)—অমৃত। অমৃততুল্য সুন্দর রুচি দশমী দশার নিকট আসিল (তাহার মৃত্যু আসন্ন)।

বিদ্যাপতি কহে, অবলার গুণ সমুচিত স্মরণ করিয়া নিজ গৃহে চল। রাজা শিবসিংহ রূপ-নারায়ণ, লখিমা লক্ষ্মীর দেহ (লক্ষ্মীরূপিণী)।

ভণই বিদ্যাপতি সময়ক অন্ত।
ন থিকএ বরসা ন থিক বসন্ত ॥ ৮ ॥

৯

জননী অসন বাহন কে ভাগ্যা
সারগ অরি কর সাদে।
তে দুহু মিলিত নাম এক দুরজন
তেঁ মোহি পরম বিষাদে ॥ ১ ॥
সখি হে রমন ভবন পরবাসী।
ঋতুপতি রাএ আএ সংপ্রাপত
তেঁ ভউ পরম উদাসী ॥ ২ ॥
সুর অরি গুরু বাহন রিপু তা রিপু
তা রিপু অনুখনে তাবে।
হরি কপট নপতি তাসু অনুজ হিত
সে মোহি ন অবহু ন আবে ॥ ৩ ॥

১০

হরি পতি বৈরি সখা সম তামসী
রহসি গমাবসি রোই।
সমন পিতা সুত রিপু ঘরিনী সখ
সুত তনু বেদন হোই ॥ ১ ॥
মাধব তুয় গুণে ধনি বড়ি খীনী।
পুররিপু তিথি রজনী রজনীকর
তাহু তহ বড়ি হীনী ॥ ২ ॥
দিবিষদ পতি সুঅ সুঅ রিপু বাহন
ভখ ভখ দাহিন মন্দা।
ব্রহ্মনাদ সর গুনি কিছু খাইতি
ছাড়ি জাএত সবে দন্দা ॥ ৩ ॥
সারঙ্গ সাদ কুলিস কএ মানএ
বিদ্যাপতি কবি ভানে।
রাজা সিবসিংহ রূপ নরাএন
লখিমা দেবি রমানে ॥ ৪ ॥

১১

অজর ধুনী জনি রিপু সুঅ ঘরিনী
তা বন্ধু ন দেঅএ রাহী।
তেসর দিগপতি পতনে সতাবএ
বড় বেদন হরি চাহী ॥ ১ ॥
মাধব তুঅ গুণে ধনি বড়ি খীনী।
মহিখাতনঅ ভান ছিল তা বিধু
দেহ তুবরি তা জীনী ॥ ২ ॥
রাজাভসন দরদ কণ্ঠীরব
অছিক দহিন সতাবে।
লাএ তমোর জীবে তবে খাইতি
জদি ন আওব পরথাবে ॥ ৩ ॥
কাকোদর প্রভু রিপু ধ্বজ কিঙ্কর
বিদ্যাপতি কবি ভানে।
রাজা সিবসিংহ রূপনরাঅন
লখিমা দেবি রমানে ॥ ৪ ॥

১২

দ্বিজ আহর আহর সুত নন্দন
সুত আহর সুত রামা।
বনজ বন্ধু সুত সুত দএ সুন্দরি
চললি সঙ্কেতক ঠামা ॥ ১ ॥
মাধব বুঝল কলা বিশেখী।
তুঅ গুণ লুবুধলি প্রেম পিআসলি
সাধব আইলি উপেখী ॥ ২ ॥
হরি অরি অরি পতি তা সুঅ বাহন
জুবতি নাম তসু হোই।
গোপতি পতি অরি সহ মিলু বাহন
বিরমতি কবহু ন হোই ॥ ৩ ॥
নাগরি নাম জোগ ধনি আব
হরি অরি অরিপতি জানে।
নউমি দসাহে একে মিলু কামিনি
সুকবি বিদ্যাপতি ভানে ॥ ৪ ॥

১৩

হরি রিপু রিপু প্রভু তনয়
সে ঘরিনী।
বিবুধাসন সম বচন সোহাওন
কমলাসন সম গমনী ॥ ১ ॥
সাএ সাএ জাইতে দেখলি মগ
জিনএ আইলি জগ
বিবুধাধিপ পুর গোরী ॥ ২ ॥
ঘটজ অসন সুত তাহেরি তইসন মুখ
চঞ্চল নয়ন চকোরা।
হেরিতহি সুন্দরি হরি জনি লএ গেলি
হররিপুবাহন মোরা ॥ ৩ ॥
উদধিতনয় সুত সিন্দুরে লোটাএল
হাসে দেখলি রদকাঁতি।
খটপদবাহন কোষ বইসাওল
বিহিলিহু সিখরক পাঁতী ॥ ৪ ॥
রবিসুততনঅ দইএ গেলি সুন্দরি
বিদ্যাপতি কবি ভানে।
রাজা সিবসিংহ রূপনরাঅন
লখিমা দেবি রমানে ॥ ৫ ॥

১৪

হরি রিপু রিপু সুঅ অরি ভূষন
তা ভোজন অছ ঠামে।

পাঁচবদন অরি বাহন তা প্রভু
তা প্রভু লেই অছ নামে ॥ ১ ॥
মাধব কত পরবোধলি রামা।
সুরভি তনয় পতি ভূষণ সিরোমনি
রহত জনম ভরি ঠামা ॥ ২ ॥
কত দিন রাখতি আসে।
শঙ্কর বান বেদ গুনি খাইতি
যদি ন আওব তোঁহে পাসে ॥ ৩ ॥
সুরতনআঁ সুত দএ পরবোধলি
বাঢ়তি কঞোন বড়াই।
অম্বর সেখ লেখি কএ ছাড়তি
বিহি হলু ছঝগর ছড়াই ॥ ৪ ॥
ভনই বিদ্যাপতি সুন বর জউবতি
তোঁহ অছ জীবন অধারে।
রাজা সিবসিংহ রূপনরাএন
একাদস অবতারে ॥ ৫ ॥

১৫

বিরহ অনল আনি জুড়াবএ
সীতল সীকর আনি।
সৈলবত্তী সুত দরসনে
মুরুছি খস সয়ানি ॥ ১ ॥
মাধব কহ কি করতি নারি।
গিরি সুতা পতি হার বিরোধী
গামী তনয় ধারি ॥ ২ ॥
অতি জে বিকলি চিত ন চেতএ
দুরে পরীহর হার।
বিহগবল্লভ অসন অসন
সে সখি সহএ ন পার ॥ ৩ ॥
দরসে চন্দন মিড়ি নড়াবএ
করে ন কুসুম লেয়।
হরি ভগিনী নন্দন বালহি
সোদর কিছু ন দেয় ॥ ৪ ॥
অধিক আধি বেআধি বঢ়াউলি
দিনহু দুবর কাএ।
আজে জয়পুর সগর নগর
উজর দেতি বসাএ ॥ ৫ ॥

১৬

পঙ্কজবন্ধুবৈরিকো বন্ধব
তসু সম আনন সোভে।
নয়ন চকোর জোড় জনি সঞ্চর
তথিহু সুধারস লোভে ॥ ১ ॥
সখি হে জাইতে দেখলি বর রমণী।
হরকঙ্কন আনন সম লোচন
তসু বরবাহন গমনী ॥ ২ ॥
সৈসব দসা দোনে পরিপাললি
তসু সম বোলইতে বানী।
গিরিজাপতি রিপু রূপ মনোহর
বিহি নিরমাউলি সআনী ॥ ৩ ॥
সিন্ধু বন্ধু গিরি তাত সহোদর
পীন পয়োধর ভারা।
দুই পথ ছাড়ি তেসর নহি সঞ্চর
হারা সুরসরি ধারা ॥ ৪ ॥
অপরুব রূপে জে বিহি নিরমাউলি
বিদ্যাপতি কবি ভানে।
রাজা সিবসিংহ রূপনরাঅন
লখিমা দেই বিরমানে ॥ ৫ ॥

১৭

হর রিপু তনয় তাত রিপু ভূষণ
তা চিন্তা মোহি লাগী।
তাসু তনঅ সুত তা সুত বন্ধব
উঠলি চতুর ধনি জাগী ॥ ১ ॥
মাধব তেঁ তসু খিনি ভেলি বালা।
হরি হেরইতে চিন্তাঞে মনে আকুলি
কঠিন মদন সর সালা ॥ ২ ॥
পুনু চিন্তহ হরি সারঙ্গ সবদ সুনি
তা রিপু লএ পএ নামা।
তাসু তনঅ সুত তা সুত বন্ধব
অপজস রহ নিজ ঠামা ॥ ৩ ॥
তরণি তনঅ সুত তা সুত বন্ধব
বিদ্যাপতি কবি ভানে।
রাজা সিবসিংহ রূপনরাঅন
লখিমা দেবী রমানে ॥ ৪ ॥

১৮

এ হরি এ হরি কর অবধান।
তুঅ বিনু করতি ভূঅন ঋতু পান ॥ ১ ॥
পচিস অঠারহ হরি তসু জার।
ক্ষিতি সুত তেসর নাম বঙ্ক মার ॥ ২ ॥
ছও অঠারহ হরি সম লাগ।
খতখরিয়া জকে মলয়জ জাগ ॥ ৩ ॥
পহিল পচিস অঠাইস লেব।
তাসু বদন হেম হরি দেব ॥ ৪ ॥
হরি বাহন ভখ তইসন হার।
কুচজুগ ভেল মহীধর ভার ॥ ৫ ॥

অছল হীত জত তত কর দন্দ।
বিধি বিপরীত সবএ ভউ মন্দ ॥ ৬ ॥
নয়ন সিগার বাহু লিখি রাখ।
করতি বরত রবি শিব শিব রাখ ॥ ৭ ॥
ভনই বিদ্যাপতি আখর লেখ।
বুধ জন হো সে কহএ বিসেখ ॥ ৮ ॥

১৯

মাধব দেখলি মোঞে সা অনুরাগী।
মলয়জ রজ লএ সম্ভু উকুতি কএ
উরজ পুজএ তুঅ লাগী ॥ ১ ॥
ভব হিত অরি ভগিনী পতি জননী
তনয় তাত বন্ধু রূপে।
নাগসিরজ সির সোভে দুখজ সম
দেখল বদন সরূপে ॥ ২ ॥
খগপতি পতিপ্রিয় জনক তনয় সম
বচনে নিরূপলি রমনী।
সুরপতি অরি দুহিতা বরবাহন
তসু অগন সম গমনী ॥ ৩ ॥
তুঅ দরসন লাগি উপজল বিষধর
সুকবি বিদ্যাপতি ভানে।
রাজা সিবসিংহ রূপনরাঅন
লখিমা দেবী রমানে ॥ ৪ ॥

২০

বসু বিস পাবে হরল পিআ মোর।
অন্ধ তনঅ প্রিয় সেও ভেল থোর ॥ ১ ॥
জিবসঞো পঞ্চম সে তনু জার।
মধুপুরি মলয় পবন পিক মার ॥ ২ ॥
পহিলুক দোসর আইতি গেল।
আদিক তেসর অনাএত ভেল ॥ ৩ ॥
সুর প্রিয়া সুত তহিকর তাত।
দিনে দিনে রখইতে খিন ভেল গাত ॥ ৪ ॥
আবে জাএত জিব পাতক তোহি।
বড় কএ মদনে হনব জিব মোহি ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি সুন বরনারি।
চতুর চতুরভুজ মিলত মুরারি ॥ ৬ ॥

পরিশিষ্ট

১

কাঁ লাগি সজনি দরশন ভেল।
বর কয় অপন জীউ পরহাথে দেল ॥ ১ ॥
এত রস আদর গেও দরশাই।
যত বিসরয় তত বিসর ন যাই ॥ ২ ॥
ন জানিয় কিয়ে করু মোহন চোর।
হেরইতে চিত হরি লে গেও মোর ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি শুন বরনারি।
পেখল তুয় লাগি আকুল মুরারি ॥ ৪ ॥

২

চাঁচর চিকুর কুসুম ভরি লেল।
জনু অন্ধিয়ারে তারা উগি গেল ॥ ১ ॥
তাহে অধিক মুখমণ্ডল গোরা।
পূর্ণমিক চন্দ কিয়ে কয়ল উজোরা ॥ ২ ॥
তড়িতলতা সম তসু তনু দেখলি।
জনু দশ দিশ দৈবে নিহলি ॥ ৩ ॥
মঝু মনে মনমথ রাখলি গোরী।
বিসরিতে চাহি নহি হোয় বিসরি ॥ ৪ ॥
দেখলুঁ কামিনী কহন ন যায়।
পুন দরশন লাগি রচহ উপায় ॥ ৫ ॥
বয়ন উজোর তহি নয়ন সানন্দা।
নীল নলিনী দউ পূজল চন্দা ॥ ৬ ॥
পীন পয়োধর রোচি উজোরি।
শ্রীফল ফললি কনক মুজোরি ॥ ৭ ॥
ভণই বিদ্যাপতি কানুক সহায়।
যে গুণবন্ত সে পুন পায় ॥ ৮ ॥

১। কাঁ লাগি—কিসের জন্য। বর কয়—শ্রেষ্ঠ বিবেচনা করিয়া। জীউ—জীবন।
২। গেও—গেল। দরশাই—দেখাইয়া। বিসরয় - বিস্মৃত হইতে যাই। বিসর—বিস্মৃত।
২। উজোরা—উজ্জ্বল।

৩। জনু—যেন। তসু—তাহার। দৈবে—দৈবাৎ। নিহলি—দেখিলাম।
৪। গোরী—গৌরী, রাধা। বিসরিতে—বিস্মৃত হইতে।
৫। রচহ—রচনা কর, স্থির কর।
৬। দউ—দিয়া।

৩

সখী হে তোহে কহু আজুক ভাখি।
সিনানক বেরি যৈসে হম পেখল
কি কহব নহ তুখ লাখি ॥ ১ ॥
যমুনা কিনারে সোই রামা।
সিনায়ত গোরী হম রহু দূর
কটাখে নিহারত হামা ॥ ২ ॥
হেরইতে মঝু জীউ তুল ধুনন গেও
মুরতি রহল তহি ঠাঢ়ি।
তিরিজগ ভরমি উপমা নহি পাইয়
পুন জীউ মুরতে সঞ্চারি ॥ ৩ ॥
তৈখনে দেখল সমাধল সিনান
চলব করত অনুমানি।
অপরশ বিরহ সহই নহি পারই
আশু তরঙ্গিত পানি ॥ ৪ ॥
তনু সঞে মিলি গেও সজল নীলাম্বর
বিন্দু বিন্দু ঝরু বারি।
রোয়ত শাটী মোহে ধনী তেজব
পহিরব আনহি সাড়ী ॥ ৫ ॥
তকর দুখ দেখি মঝু আঁখি দোন
রোই চলি গেও তসু সঙ্গে।
অপন দুখ মিটব যব পেখব
কহ কবিরঞ্জন রঙ্গে ॥ ৬ ॥

৪

ভাবিনি শুন কিছু কর অবধান।
রাধা নাম কহই যব পন্থিক
শুনইতে আকুল কান ॥ ১ ॥
কি রসে রিঝায়লি সে বর নাগর
অনুখণ তোহারি ধেয়ান।
রমণীশিরোমণি জানল তুহু ধনী
কথি লাগি সাধসি মান ॥ ২ ॥

১। ভাখি—ভাষা, কথা। সিনানক বেরি—স্নানের সময়। লাখি—লক্ষ। ২। সিনায়ত গোরী—গৌরী অর্থাৎ রাধা স্নান করিতেছিল। কটাখে—কটাক্ষে। নিহারত—দেখিতেছিল।

৩। জীউ—জীবন, প্রাণ। তুল—তুলা। ধুনন—ধোনা। গেও—গেল। ঠাঢ়ি—দাঁড়াইয়া রহিল। তিরিজগ—ত্রিজগৎ। মুরতে—দেহে। সঞ্চারি—সঞ্চারিত হইল, ফিরিয়া আসিল।

৪। অপরশ বিরহ—অস্পৃশ্য বিরহ।

৬। দোন—দুটি। ১। পন্থিক—পথিক।

২। রিঝায়লি—আনন্দিত করিলে।

কত কত নাগরী গৌরী অরাধই
যে পদ করইতে লাভ।
সে জন আকুল তুয় লাগি সুন্দরি
কি ফল কঠিন স্বভাব ॥ ৩ ॥
অপন পীতাম্বর হেরি চমকিত মন
নোহর ভরম দেই কোর।
বিদ্যাপতি কহ শুন দেবি মাধবি
রাখবি রাই ইহ বোল ॥ ৪ ॥

৫

সুন্দরি মাধব তোহে অনুরাগী।
তুহু ধনী ঐসন ভেলি কথি লাগি ॥ ১ ॥
যব ধরি তো সঞে ভেল সম্ভাষি।
তব ধরি সব সুখ ভেল উদাসী ॥ ২ ॥
তোহরি কহিনী বিনু ন শুনয় আন।
তুয় গুণে বান্ধল প্রেম পরাণ ॥ ৩ ॥
খণে খণে রাহি বোলি তেজয় নিশাস।
মুন্দল নয়ন ন কর পরকাশ ॥ ৪ ॥
চৌদিগে উছলি উছলি পড়ু নোর।
অন্তর বেদন কে কহু ওর ॥ ৫ ॥
লাখ কলাবতী অছু উহ ঠাম।
স্বপনেহ কাহুক ন করয় নাম ॥ ৬ ॥
এক তুয় নাম কর তেজব পরাণ।
বড়কা প্রেম বড়হি ভল জান ॥ ৭ ॥
বিদ্যাপতি কহ প্রেম অগেয়ান।
তনু সঞে পরবশ করত পয়াণ ॥ ৮ ॥

৬

দখিণ মলয়ানিল বহই অনুকূল
কুসুমিত কানন সাজ।
তৈখন মধু ঋতু সকল শুভহেতু
সমুখে আয়ল দ্বিজরাজ ॥ ১ ॥
মাধব সুশুভ করহ পয়াণ।
মেলি মধুকর সমুখে শঙ্খ-পুর
কোকিল মঙ্গল গান ॥ ২ ॥
তুয় মানস জনু বিপিন দেশ তহি
পূরব তুয় সব কামে।
হমরি মিনতি লেহ তুয় পদে রাখবি
তোহে করিয়ে পরণামে ॥ ৩ ॥

১। তোহে—তোমাতে। কথি লাগি—কিসের জন্য।

৪। মুন্দল—মুদিত। পরকাশ—প্রকাশ।

৫। ওর—সীমা। ৬। উহ ঠাম—সেইখানে।

১। মধু ঋতু—বসন্তকাল। দ্বিজরাজ—চন্দ্র।

বিদ্যাপতি কহ নায়র শুনি শুনি
চিতক পুতলী জনু ভেল।
নয়ন নোরে ধনী ডুবইতে অছলহ
হরি পরি তিরিবধ দেল ॥ ৪ ॥

৭

রসবতী নাগরী অভিনব কান।
রাইক মন্দিরে কয়ল পয়ান ॥ ১ ॥
রস পরিবন্ধে বিদগধ রমণী।
কপটে ঘুমাওল শুতি রহু ধরণী ॥ ২ ॥
তহি এক রভসে রভস ভই গেল।
কানু কুচ উপর করাঘাত দেল ॥ ৩ ॥
পুথি পড়াওল-আলিঙ্গন দান।
বিরতি পড়াওল অধরক পান ॥ ৪ ॥
স্বস্তি পঢ়াওল খোলি নীবিবন্ধ।
বেদ পঢ়াওল সুরতি তরঙ্গ ॥ ৫ ॥
হসি কহয় ধনী পরিহরি লাজ।
গুরু করি কান কহবি মোরে আজ ॥ ৬ ॥
ভণই বিদ্যাপতি অপরূপ মেলি।
প্রেম সরোবর দক্ষিণা দেলি ॥ ৭ ॥

৮

দেখ দেখ রে সখি অপরূপ রঙ্গ।
কিয়ে কিয়ে ন কর মদন তরঙ্গ ॥ ১ ॥
নাহ আরতি যত কহল ন হোয়।
ধনী রহু নিচলে আঁচরে গোয় ॥ ২ ॥
কত কত আদর করতহি কান।
করে ধরি চিবুক চুম্বয় বয়ান ॥ ৩ ॥
সঘন আলিঙ্গন হরখহি দেল।
নবঘনে হেরিয়ে বিজুরিক খেল ॥ ৪ ॥
কবি বিদ্যাপতি হেরি রহু ধন্দ।
চান্দ কমলে কিয়ে ভাঙ্গল দন্দ ॥ ৫ ॥

৯

চাতুরি পরিহর নাগর চোর।
সাখী দেয়ত সব অঙ্গহি তোর ॥ ১ ॥
ভালে বিরাজিত সিন্দুররেখ।
মুকুর করে ধরি দেখ পরতেখ ॥ ২ ॥
লোহিত লোচন পঙ্কজ ভাঁতি।
মলিন বয়ানে অধর করু কাঁতি ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি শুনহ মুরারি।
তাহি চলহ যঁহা বৈঠে বরনারী ॥ ৪ ॥

১০

কাহে এত কহ হরি তুহু হম এক।
এত দিনে সে সব ভেল পরতেক ॥ ১ ॥
নোরে খসল যত অঞ্জন মোর।
সে সব অধরে লাগি রহু তোর ॥ ২ ॥
তোহর অধরে সে দশনক্ষত দেল।
হমর হৃদয়ে শাল রহি গেল ॥ ৩ ॥
অতয়ে সে তুহু হম একহি পরাণ।
বিদ্যাপতি কহ ইথে নহি আন ॥ ৪ ॥

১১

ন কর দোখ ন বোল অনুচিত।
গমনক গৌণ নিশাপতি ভীত ॥ ১ ॥
ধনী মান করহ সঞ্জাত।
তুয় কুচ হেমঘট হার ভুজঙ্গম
তাহি উপর দেউ হাত ॥২ ॥
তুয় বিনু আন রমণী যদি ছোয়।
এহি ভুজঙ্গমে দংশব মোয় ॥ ৩ ॥
ভুজযুগ পাশ সঘনে দেহ হার।
পয়োধর পাথর বুকে দেহ ভার ॥ ৪ ॥
গলে গলে বান্ধই রাখই চিত।
ভণই বিদ্যাপতি এহি সে উচিত ॥ ৫ ॥

১২

সখীগণ গণইতে তুহু সে সেয়ানী।
তোহে কি শিখায়ব চতুরিম বাণী ॥ ১ ॥
যাই বৈঠবি তুহুঁ শ্যাম করি বামা।
ইঙ্গিতে জনাওবি মঝু পরণামা ॥ ২ ॥

৪। চিতক পুতলী—চিত্রপুত্তলী। জনু—যেন, মত। হরি পরি—হরির উপর। তিরিবধ—স্ত্রীবধজনিত পাতক।

২। রস পরিবন্ধে—অনুরাগ কৌশলে। বিদগধ-রমণী—রসিকা রমণী। ৩। রভসে—রহস্যে। রভস—আনন্দ।

১। কিয়ে—কি। ২। নাহ আরতি—নাথের আর্তি। নিচলে—নিশ্চল।

৪। হরখহি—সহর্ষে। বিজুরিক—বিদ্যুতের।

১। সাখী—সাক্ষী।

২। পরতেখ—প্রত্যক্ষ।

৩। ভাঁতি—রূপ, শোভা। কাঁতি—কান্তি।

১। পরতেক—প্রত্যক্ষ। ২। নোরে—নয়নাশ্রুতে। ১। দোখ—দোষ। গৌণ—বিলম্ব। নিশাপতি ভীত—চন্দ্রোদয়ে চারিদিক্ আলোকিত হইয়াছিল ; তজ্জন্য ভীত হইয়াছিলাম অর্থাৎ পাছে আমার কুঞ্জে আগমন কেহ দেখিতে পায়, তজ্জন্য ভীত হইয়াছিলাম।

২। সঞ্জাত—সংযত। তুয় কুচ ইত্যাদি—তোমার হেমঘট সদৃশ কুচের উপর যে হাররূপ ভুজঙ্গম রহিয়াছে, তাহার উপর আমি হাত দিই।

২। পরণামা—প্রণাম।

বাত কহবি পুন আনন ফেরি।
চন্দ্রাবলীনাথ কহবি বেরি বেরি ॥ ৩ ॥
মিনতি করবি দূতী ন ধরবি পায়।
মান গরব ধন জনি মিটি যায় ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি চতুর সুজান।
মান রাখবি পুন আনবি কান ॥ ৫ ॥

১৪

হার উর মরকত মুকুরক জ্যোতি।
তাহি পেখলি ধনি অপন মুরতি ॥ ১ ॥
গরুয় দুখ কিছু ফুরয় ন বোল।
বৈঠলি সুধামুখী পাণি কপোল ॥ ২ ॥
ঢর ঢর ঢরকত নয়নক নোর।
নখ দই লিখত ধরণীক ওর ॥ ৩ ॥
কহ কবিরঞ্জন দৈবক রীত।
সাজল মনমথ দৈবহি কীত ॥ ৪ ॥

১৫

বদন সরোরুহই হাসি মুকায়সি
তাহে লুবুধ মন মোরা।
উদিধহু চান্দ অমিয় নহি বরিখয়ে
কি পিয়ে জীয়ে চকোরা ॥ ১ ॥
সুন্দরি দেহি পলটি দিঠি মেরা।
সকলি রজনি ধনি কোপে গমাউলি
কেলি করবি কোন বেরা ॥ ২ ॥
আধ পয়োধর দরশি লুকায়সি
কঞ্চনকলস সমানে।
মদনভণ্ডার স্বরূপহি জানল
তাহি লাগি লেল শরণে ॥ ৩ ॥
করিবর কুম্ভ নিতম্ব পুন ঝাপসি
যতনে বাঁধলি নিবিপাশে।
ভণই বিদ্যাপতি রজনীক ইহ রীতি
বঞ্চবি কোন বিলাসে ॥ ৪ ॥

১৬

আলসে আঙ্গিনা শুতলি রাই।
দোঁহ আকুল বদন চাই ॥ ১ ॥
চকোর ভ্রমরে লাগল দন্দ।
ও বোল কমল ও বোল চন্দ ॥ ২ ॥
বিহি কৈল তাহে উত্তম কাজ।
সীমা বাঁটি দেল ভুরুক মাঝ ॥ ৩ ॥

৩। ফেরি—ফিরাইয়া।
২। ফুরয়—স্ফূর্তি হয়, ফোটে। ৪। কীত—কৃত।
১। বরিখয়ে—বর্ষণ করে।
১। শুতলি—শয়ন করিল। ৩। বিহি—বিধি।

বাঁটল সীমা ভাঙ্গল দন্দ।
আধ কমল আধ চন্দ ॥ ৪ ॥
কহ বিদ্যাপতি বুঝব কে।
যে জন রসিক বুঝব সে ॥ ৫ ॥

১৭

শ্রীমতী :—দূতী স্বরূপ কহবি তুহু মোহে।
মোঞে নিজ কাজে সাজি তুয় ভূখণ
বিরচি পঠাওল তোহে ॥ ১ ॥
মুখজ তাম্বুল দেই অধর সুরঙ্গ লেই
সে কাহে ভেল ধুমেলা।
দূতী :—তুয়া গুণ কহইতে রসনা ফিরাইতে
তহিঁহু মলিন ভৈ গেলা ॥ ২ ॥
শ্রীমতী :—মোঞে নিজ কর দেই সীমন্ত সমারল
সে কাহে ভেল কুবেশা।
দূতী :—তুয় ইথে লাগি পাও দুহু পড়ইতে
ততহি উধসি ভৈ কেশা ॥ ৩ ॥
শ্রীমতী :—বিনহি ছরমে উর ধক ধক ধকি কুরু
উসসি উসসি ভৈ শাসা।
দূতী :—তোহর বচন দয় হুনক বচন লয়
তুরিতে আয়ল তুয় পাশা ॥ ৪ ॥
শ্রীমতী :—অপন বসন দয় হুনক বসন লয়
আয়লি কোন চরিতে।
দূতী :—গেলি ন গেলি যবহি উপযায়ব
আনল তুয়া পরতীতে ॥ ৫ ॥
ভণহ বিদ্যাপতি শুন বর যৌবতি
কহইতে হোয়ে খখেরা।

৩। সমারল—সাজাইলাম। উধসি—উস্ক-খুস্ক।
৪। ছরমে—শ্রমে। উসসি উসসি ভৈ শাসা—তোমার নিশ্বাস অত দ্রুত পড়িতেছে কেন ? হুনক—তাঁহার, মাধবের।
৫। চরিতে—চরিত্র, ব্যবহার। পরতীতে—প্রতীতি। ৬। খখেরা—কলঙ্ক।

অভিসার-প্রত্যাগতা দূতীকে দেখিয়া শ্রীমতী তাহাকে জিজ্ঞাসা করিতেছেন, "দূতি, তুই আমাকে সত্য বলিবি। আমি নিজের কাজের জন্য ভূষণ দ্বারা সাজাইয়া ও বেশ রচনা করিয়া তোকে পাঠাইয়াছিলাম। আমি তোর মুখে তাম্বুল দিয়া যে সুন্দর রং করিয়া দিয়াছিলাম, তাহা ধূম্রবর্ণ অর্থাৎ মলিন হইল কেন ?"

দূতী :—তোমার গুণবর্ণনা করিতে করিতে রসনা ফিরাইয়াছিলাম, তাই মলিন হইয়া গিয়াছে।

শ্রীমতী :—আমি নিজ হাতে তোর সীমন্ত সাজাইয়াছিলাম, তাহা কেন বিশৃঙ্খল হইল ?

রাজা শিবসিংহ রূপনরায়ণ
দূতীক ইহ উপচারা ॥ ৬ ॥

১৮

যকর মুকুলিত অরুণ নয়নযুগ
তকর ঢল ঢল পাতি।
নিরমল রাতা উতপল অন্তর
ভমর রহল জনু মাতি ॥ ১ ॥
মাধব কৈসে ছপায়সি মোয়।
অঙ্গক সাখী অঙ্গ অনুরঞ্জই
বেকত জগভরি হোয় ॥ ২ ॥
তনু ভেল অতি ক্ষীণ পিঠে কঙ্কন চিন
তাড় নিশান তুহু পাশ।
নিবিড় আলিঙ্গনে হারক নিশানহি
শোভিত কণ্ঠক মাঝ ॥ ৩ ॥
বেকত বিভূষণ অঙ্গ পসারল
অধরে মিলায়ই বোল।
বিদ্যাপতি কহ অরু কি বিচারহ
সিন্ধে ধরলি জনু চোর ॥ ৪ ॥

১৯

শুন শুন সুন্দরি কর অবধান।
নহি অপরাধ ন ভাবিহ আন ॥ ১ ॥
পূজল ভগবতী যামিনী জাগি।
গমন বিলম্বন ভেল তথি লাগি ॥ ২ ॥
তুয় কুচ কুম্ভ হার ফণিরাজ।
কহইতে হাত দিয়ে তথি মাঝ ॥ ৩ ॥
তুয় বিনু স্বপনে আন যদি হোয়।
ওহি ভুজঙ্গিনী দংশব মোয় ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি কি কহব তোয়।
শপথি করহ যদি সম্মতি হোয় ॥ ৫ ॥

২০

সজনি ছোড়ল জীবন আশা।
দারুণ বরিখা জীউ ভেল অন্তর
নাহ রহল দূরদেশা ॥ ১ ॥
বাদর দর দর নহি দিন অবসর
গর গর গরজই রাতি।
অনিল অথির থির নহ অন্তর
দমকত দামিনী পাঁতি ॥ ২ ॥
ঘন ঘন ডাহুকী ডহ ডহ ডাকই
চাতক পিউ পিউ বোল।
নাচত মত্ত শিখণ্ডক মণ্ডল
নিশি দিশি দাদুরী রোল ॥ ৩ ॥
কোন কলাবতী কঠিন হৃদয় অতি
পিয়া বিনে রাখব পরাণ।
বিদ্যাপতি কহ ধনী উতপত নহ
তুরতহি মিলব কান ॥ ৪ ॥

২১

অরু কত আশা দেই ধরব হিয়া।
যৌবনকালে বিদেশে রহু পিয়া ॥ ১ ॥
সে যব আগে নিয়রে মঝু অছলা।
মনে কিছু ভল মন্দ হম নহি গণলা ॥ ২ ॥
অব সে সবহু পরিচয় ভেল।
কানু নিঠুর মোহে পরিহরি গেল ॥ ৩ ॥
অব মদনানলে দগধে শরীর।
শীতল শশধর ভেল মিহির ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি শুন বিনোদিনি।
নিয়রে মিলব অব শ্যাম গুণমণি ॥ ৫ ॥

২২

সখি হে বৈরী ভেল মোর নিন্দ।
মদন খরশরে দেহ জরজর
ছাড়ি চলল গোবিন্দ ॥ ১ ॥
যে পথ গেল মোর প্রাণবল্লভ
সে পথ বলিহারি যাও।
চাঁপা নাগেশ্বর কি ফুল ফুটল
কোকিল ঘন কর রাও ॥ ২ ॥

দূতী :—তোমার জন্য মাধবের দুটি পায়ে পড়িয়াছিলাম, তাই চুল উস্ক-খুস্ক হইয়াছে।

শ্রীমতী :—বিনা পরিশ্রমে তোর বুক ধক্ ধক্ করিতেছে এবং তোর নিশ্বাস অত দ্রুত পড়িতেছে কেন?

দূতী। তোমার কথা তাঁহাকে বলিয়া এবং তাঁহার নিকট হইতে উত্তর লইয়া তাড়াতাড়ি আসিয়াছি, তাই এরূপ হইয়াছে।

শ্রীমতী :—নিজের কাপড় তাঁহাকে দিয়াছিস্, তাঁহার কাপড় নিজে লইয়াছিস্, এ তোর কিরূপ ব্যবহার?

দূতী :—আমি গিয়াছিলাম কি না-গিয়াছিলাম, তাহার প্রতীতির জন্য এরূপ করিয়াছি।

১। পাতি—পত্র। রাতা—রক্তবর্ণ। উতপল—উৎপল।

২। ছপায়সি—লুকাইতেছে। সাখী—সাক্ষী। অনুরঞ্জই—অনুরঞ্জিত হয়। ৩। তাড়—বাহুর অলঙ্কার বিশেষ, তাগা। নিশান—চিহ্ন। ৪। পসারল—প্রসারিত হইল। সিন্ধে—সন্ধি, সিঁদপথে।

২। গর গর—ঘর্ঘর শব্দ। গরজই—গর্জ্জন করে।
৩। দাদুরী রোল—ভেকদিগের ডাক।
৪। উতপত—উত্তপ্ত, সন্তাপিত।
১। নিন্দ—নিদ্রা

ই কূল গঙ্গা ও কুল যমুনা
মাঝে চন্দন কোক।
যে কানুক গুণে হিয়া জরজর
সে কানু সে দেল শোক ॥ ৩ ॥
ভণে বিদ্যাপতি শুনহ যুবতি
মনে ন করিহ রোখ।
রাজা শিবসিংহ রূপনরায়ণ
যঁহা গুণ তঁহা দোখ ॥ ৪ ॥

২৩

শুনহ এক অবধান মাধব
গহনে পড়ু ধনী জীব রে।
গরুয় বিরহে সে বিকল শশিমুখী
লখই জনু দিন দীপ রে ॥ ১ ॥
ধরণী ধামিনী ধূলি ধূসর
ধনী ন সম্বর চীর রে।
মাহ শাঙণ বরখি যৈসন
ঐসন নয়নক নীর রে ॥ ২ ॥
শ্বাসভরে কুচকুম্ভ উপর
চীর থির নহি থেহ রে।
পবনে কম্পিত কনক ভূধর
শিখরে শারদ মেহ রে ॥ ৩ ॥
শুনহ নাগর বিরহ সাগর
পান কর একবার রে।
কুসুমশর শরে দেহ জরজর
মুরছি পড় বরনারী রে ॥ ৪ ॥
কুমুদিনী দল কিরণে তাপিত
ঐসন ঝামর দেহ রে।
ভরমে বিষধর হার তেজল
জীবনে পড়ল সন্দেহ রে ॥ ৫ ॥
এতহু সখীগণ সিঁচই চন্দন
গরল সম উঠে তীত রে।
কে কহ সাধক কে কহ বাধক
শেখর কহ বিপরীত রে ॥ ৬ ॥

৩। কোক—চক্রবাক।
৪। রোখ—রোষ। দোখ—দোষ।
১। ধনী জীব—ধনীর অর্থাৎ রাধার প্রাণ। দিন দীপ—দিবার প্রদীপের ন্যায় নিষ্প্রভ।
২। ধরণী ধাবিনী—মাটিতে অবস্থিতা। চীর—বস্ত্র।
৩। থেহ—স্থির। মেহ—মেঘ।
৪। বর নারী—নারীশ্রেষ্ঠা।
৫। ভরমে—ভ্রমে। ৬। সিঁচই—সিঞ্চন, লেপন।

২৪

হিম হিমকর পেখি কাঁপয়ে ঘন ঘন
অনুখণ ঝরয় নয়ান।
হরি হরি বোলি ধরণী ধরি লুঠই
সখী বোধে ন পাতয় কান ॥ ১ ॥
মাধব পেখল তৈসন রাই।
সবিষম খরশরে অঙ্গ ভেল জরজর
কহইতে কে পতিয়াই ॥ ২ ॥
বিগলিত কেশ শ্বাস বহ খরতর
ন রহ নীবিনিবন্ধ।
কম্বু কন্ধর ধরই ন পারই
টুটল পঞ্জর বন্ধ ॥ ৩ ॥
নব কিশলয় রচি শয়নে শুতায়ই
অধিক ভেল জনু আগি।
কিয়ে ঘর বাহির পড়য়ে নিরন্তর
অহনিশি খেপয় জাগি ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি শুনহ রসিকবর
তুরিতে মিলহ ধনী পাশে।
সকল সখীগণ হেরত বিনোদিনী
দশমী দশা পরকাশে ॥ ৫ ॥

২৫

সুন্দরি বিদগধ সুপুরুষ সোই।
কানুক হৃদয় সকল হম জানল
তিলেক ন বিসরয় তোই ॥ ১ ॥
ওহি দিবস হম মথুরা সমাগম
পন্থহি দরশন ভেল।
তোহর কুশল হরি পুছই বেরি বেরি
নোরে লোচন ভরি গেল ॥ ২ ॥
পীত বসনে লোচনযুগ মোছই
তুয় বিনু আন ন হেরি।
উর পর পাণি হানি ক্ষিতি লুঠই
ফুকরি রোয়ে কত বেরি ॥ ৩ ॥
তুয় বিনে রাতি দিবস নহি জানত
অতয়ে বুঝল অনুমানে।
তোহে বিসরব ধনী কবহু ন বোলবি
সুকবি বিদ্যাপতি ভাণে ॥ ৪ ॥

১। সখী বোলে—সখীর কথায়।
২। পতিয়াই—প্রত্যয় করিবে।
১। বিদগধ—রসিক। বিসরয়—বিস্মৃত হয়।
২। পন্থহি—রাস্তায়।
৪। তোহে—তোমাকে॥ বিসরব—বিস্মৃত হইব। কবহু—কখনও।

সমাপ্ত